জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

উদ্‌যোগপর্ব্ব

১৬

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন

শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম

বিশ্ববাণী প্রকাশনী

কলিকাতা-৭০০০০৯

প্রথম প্রকাশ : ১৩৯২ বঙ্গাব্দ

প্রকাশক :
বিশ্ববাণী প্রকাশনী
ব্রজকিশোর মণ্ডল
৭৯/১বি, মহাত্মা গান্ধী রোড
কলিকাতা-৭০০০০৯

মুদ্রক :
রবীন্দ্রনাথ ঘোষ
নিউ মানস প্রিন্টিং
১/বি, গোয়াবাগান স্ট্রীট
কলিকাতা-৭০০০০৬

মূল্য : ৩৫·০০

পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———:*:———

বৈশম্পায়ন উবাচ।

অসিদ্ধানুনয়ে কৃষ্ণে কুরুভ্যঃ পাণ্ডবান্ গতে।
অভিগম্য পৃথাং ক্ষত্তা শনৈঃ শোচন্নিবাব্রবীৎ ॥১॥
জানাসি মে জীবপুত্রি ! ভাবং নিত্যমবিগ্রহে।
ক্রোশতো ন চ গৃহ্লাতি বচনং মে সুযোধনঃ ॥২॥
উপপন্নো হ্যসৌ রাজা চেদিপাঞ্চালকেকয়ৈঃ।
ভীমার্জ্জুনাভ্যাং কৃষ্ণেন যুযুধানযমৈরপি ॥৩॥
উপপ্লব্যে নিবিষ্টোঽপি ধর্ম্মমেব যুধিষ্ঠিরঃ।
কাঙ্ক্ষতে জ্ঞাতিসৌহার্দ্দাদ্বলবান্ দুর্ব্বলো যথা ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অসিদ্ধেতি। অসিদ্ধো নিষ্ফলঃ অনুনয়ঃ অনুনয়েন সন্ধিপ্রস্তাবো যস্য তস্মিন্ ॥১॥

জানাসীতি। ভাবং চেষ্টাম্, অবিগ্রহে অযুদ্ধে। ক্রোশত উচ্চৈর্ব্বদতোঽপি ॥২॥

উপেতি। অসৌ রাজা যুধিষ্ঠিরঃ, চেদিপাঞ্চালকেকয়ৈঃ, ভীমার্জ্জুনাভ্যাম্, কৃষ্ণেন, যুযুধানঃ সাত্যকিঃ যমৌ নকুলসহদেবৌ তৈঃ, উপপন্নো যুক্তোঽপি, অতএব বলবানপি, উপপ্লব্যে নিরাপদি বিরাটনগরবিশেষে, নিবিষ্টোঽপি সন্, যথা দুর্ব্বলো জনস্তথৈব, জ্ঞাতিসৌহার্দ্দাৎ, ধর্ম্মমেব ধর্ম্মেণ সন্ধিমেব কাঙ্ক্ষতে ॥৩—৪॥

বৈশম্পায়ন কহিলেন—অনুনয়ের সহিত সন্ধির প্রস্তাব নিষ্ফল হওয়ায় কৃষ্ণ কৌরবগণের নিকট হইতে পাণ্ডবগণের নিকটে চলিয়া গেলে, বিদুর শোক করিতে করিতেই যেন কুন্তীদেবীর নিকটে যাইয়া বলিতে লাগিলেন—॥১॥

'জীবপুত্রি ! আপনি ত জানেনই যে, যাহাতে যুদ্ধ না হয়, সেই জন্যই আমি চেষ্টা করি এবং যুদ্ধ করিতে উচ্চস্বরে নিষেধ করি ; তথাপি দুর্য্যোধন আমার কথা গ্রাহ্য করে না ॥২॥

ওদিকে চেদি, পাঞ্চাল ও কেকয়েরা এবং ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব, কৃষ্ণ ও সাত্যকি মিলিত হওয়ায় রাজা যুধিষ্ঠির যথেষ্ট বলশালী হইয়াছেন এবং তিনি নিরাপদ্ উপপ্লব্যনগরেই রহিয়াছেন ; তথাপি তিনি জ্ঞাতিসৌহার্দ্দবশতঃ ধর্ম্ম অনুসারে দুর্ব্বলের ন্যায় সন্ধিরই কামনা করিতেছেন ॥৩—৪॥

---

(২)···ক্রোশতো ন চ গৃহ্নীতে···বা ব য় নি।

রাজা তু ধৃতরাষ্ট্রোঽয়ং বয়োবৃদ্ধো ন শাম্যতি।
মত্তঃ পুত্রমদেনৈব বিধর্ম্মে পথি বর্ত্ততে ॥৫॥
জয়দ্রথস্য কর্ণস্য তথা দুঃশাসনস্য চ।
সৌবলস্য চ দুর্বুদ্ধ্যা মিথো ভেদঃ প্রপৎস্যতে ॥৬॥
অধর্ম্মেণ হি ধর্ম্মিষ্ঠং হৃতং বৈ রাজ্যমীদৃশম্।
যেষাং তেষাময়ং ধর্ম্মঃ সানুবন্ধো ভবিষ্যতি ॥৭॥
ক্রিয়মাণে বলাদ্ধর্ম্মে কুরুভিঃ কো ন সংজ্বরেৎ।
অসাম্না কেশবে যাতে সমুদ্যোক্ষ্যন্তি পাণ্ডবাঃ ॥৮॥

ভারতকৌমুদী

রাজেতি। বিধর্ম্মে ধর্মশূন্যে, পথি পররাজ্যাঙ্গীকরণরূপে মার্গে ॥৫॥

জয়দ্রথস্যেতি। সৌবলস্য শকুনেঃ। মিথঃ পরস্পরং কুরুপাণ্ডবয়োর্ভেদঃ ॥৬॥

অধর্ম্মেণেতি। যুধিষ্ঠিরে ধর্ম্মিষ্ঠেঽপি, যেষাং ধার্ত্তরাষ্ট্রাণাং গণেন, অধর্ম্মেণ কপটদ্যূতেন, ঈদৃশং তস্য রাজ্যং হৃতম্, তেষাং ধার্ত্তরাষ্ট্রাণাম্, অয়ং সন্ধানস্বীকাররূপো ধর্ম্মো ব্যবহারঃ, সানুবন্ধঃ সফলো ধ্বংসজনকো ভবিষ্যতি ॥৭॥

ক্রিয়েতি। ধর্ম্মে ঈদৃশব্যবহারে, সংজ্বরেৎ সন্তপ্যেত। সমুদ্যোক্ষ্যন্তি যুদ্ধায় ॥৮॥

ভারতভাবদীপঃ

অসিদ্ধেতি। অসিদ্ধাঞ্জনয়ে বিফলবিনয়ে ॥১॥ ক্রোশতে ইত্যানাদরে ষষ্ঠী ॥২—৩॥ উপপ্লব্যে বিরাটনগরে ॥৪॥ বিধর্ম্মে ধর্ম্মহীনে ॥৫—৬॥ অধর্ম্মেণেতি। হি যস্মাৎ যেষাম্ অধর্ম্মেণ কৃতমপি বৈকার্য্যং বিকারজনকং বৈরম্ ঈদৃশং চতুর্দ্দশে বর্ষে স্বং রাজ্যং প্রাপ্স্যামেতি প্রতিজ্ঞায়া অযথাকরণরূপং ধর্ম্মিষ্ঠং ধর্ম্মযুক্তমেব ভবতি যেষামধর্ম্মকৃতমেব বৈরং ধর্ম্মবদ্ভাতীত্যর্থঃ তেষাম্ অয়ং বিকৃতো ধর্ম্মঃ সানুবন্ধঃ সফলো ভবিষ্যতি অধর্ম্মফলং বিনাশস্তেষাং ভবিষ্যতোবেত্যর্থঃ ॥৭॥ বলাদ্ধর্ম্মে পাণ্ডবানাং পারদার্য্যম্ উভয়সন্তোষকরমিতি দ্বয়োরপি ধর্ম্মহেতুরিতি বলাৎকল্পনা

কিন্তু এদিকে রাজা ধৃতরাষ্ট্র বয়োবৃদ্ধ হইয়াও শান্তিস্থাপন করিতেছেন না; বরং তিনি পুত্রমদেই মত্ত হইয়া অধর্ম্মের পথে চলিয়াছেন ॥৫॥

অতএব জয়দ্রথ, কর্ণ, দুঃশাসন ও শকুনির দুর্বুদ্ধিতে অবশ্যই কুরু-পাণ্ডবদের মধ্যে পরস্পর ভেদ ঘটিবে ॥৬॥

যুধিষ্ঠির ধার্ম্মিক হইলেও, যাহারা অধর্ম্ম অনুসারে তাঁহার এইরূপ রাজ্য হরণ করিয়াছে, সেই ধার্ত্তরাষ্ট্রগণের এই ব্যবহার অবশ্যই অনর্থ ঘটাইবে ॥৭॥

কৌরবেরা বলপূর্ব্বক এইরূপ ব্যবহার করায় কোন্ লোক দুঃখিত না

(৭) অধর্ম্মেণ হি ধর্ম্মিষ্ঠং কৃতং বৈকার্য্যমীদৃশম্...ব্য ব য়া, অধর্ম্মেণ হি ধর্ম্মিষ্ঠং ক্রিয়তে রাজ্যমীদৃশম্...নি।

ততঃ কুরূণামনয়ো ভবিতা বীরনাশনঃ।
চিন্তয়ন্ ন লভে নিদ্রামহঃসু চ নিশাসু চ ॥৯॥
শ্রুত্বা তু কুন্তী তদ্বাক্যমর্থকামেন ভাষিতম্।
সা নিশ্বসন্তী দুঃখার্ত্তা মনসা বিমমর্শ হ ॥১০॥
ধিগস্ত্বর্থং যৎকৃতেঽয়ং মহান্ জ্ঞাতিবধঃ কৃতঃ।
বৎস্যতে সুহৃদাং চৈব যুদ্ধেঽস্মিন্ বৈ পরাভবঃ ॥১১॥
পাণ্ডবাশ্চেদিপাঞ্চালা যাদবাশ্চ সমাগতাঃ।
ভারতৈঃ সহ যোৎস্যন্তি কিং নু দুঃখমতঃ পরম্ ॥১২॥
পশ্যে দোষং ধ্রুবং যুদ্ধে তথাঽযুদ্ধে পরাভবম্।
অধনস্য মৃতং শ্রেয়ো নহি জ্ঞাতিক্ষয়ো জয়ঃ।
ইতি মে চিন্তয়ন্ত্যা বৈ হৃদি দুঃখং প্রবর্ত্ততে ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। অনয়ঃ দুর্নীতিনিবন্ধনঃ সমরঃ ॥৯॥
শ্রুত্বেতি। অর্থকামেন হিতৈষিণা বিদুরেণ। বিমমর্শ আলোচয়ামাস ॥১০॥
ধিগিতি। যৎকৃতে যন্নিমিত্তে। বৎস্যতে ভবিষ্যতি। পরাভবোঽপি বৎস্যতে ॥১১॥
পাণ্ডবা ইতি। ভারতৈঃ কৌরবৈঃ। আত্মীয়ৈঃ সহ যুদ্ধং দুঃখকরমেবেত্যর্থঃ ॥১২॥
পশ্য ইতি। পশ্যে পশ্যামি। অযুদ্ধে পরাভবঃ পাণ্ডবানাং ক্ষতিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

হইবে? আর কৃষ্ণ অসন্তুষ্ট চিত্তে যাইয়া উপস্থিত হইলেই পাণ্ডবেরা যুদ্ধের উদ্‌যোগ করিবেন ॥৮॥

তাহার পরই কৌরবগণের এই দুর্নীতি বীরগণের বিনাশ ঘটাইবে; আমি এইরূপ চিন্তা করিতে থাকিয়া দিনে বা রাত্রিতে নিদ্রালাভই করিতে পারি না' ॥৯॥

কুন্তীদেবী হিতৈষী বিদুরের সেই কথা শুনিয়া দুঃখার্ত্ত হইয়া নিশ্বাস ত্যাগ করিয়া মনে মনে আলোচনা করিতে লাগিলেন— ॥১০॥

যাহার জন্য এই যুদ্ধে জ্ঞাতিবধ করা হইবে এবং বন্ধুবর্গের পরাভব ঘটিবে, আমি সেই অর্থের প্রতি ধিক্কার করি ॥১১॥

হায়! পাণ্ডবগণ, চেদিগণ, পাঞ্চালগণ ও যাদবগণ সম্মিলিত হইয়া কৌরবগণের সহিত যুদ্ধ করিবেন, ইহা অপেক্ষা আর অধিক দুঃখ কি আছে? ॥১২॥

---

(১১)…সুমহান্ জ্ঞাতিসংক্ষয়ঃ…নি।

পিতামহঃ শান্তনব আচার্য্যশ্চ যুধাং পতিঃ।
কর্ণশ্চ ধার্ত্তরাষ্ট্রার্থং বর্দ্ধয়ন্তি ভয়ং মম ॥১৪॥
নাচার্য্যঃ কামবান্ শিষ্যৈর্দ্রোণো যুধ্যেত জাতুচিৎ।
পাণ্ডবেষু কথং হার্দ্দং কুর্য্যান্ন চ পিতামহঃ ॥১৫॥
অয়ং ত্বেকো বৃথাদৃষ্টির্ধার্ত্তরাষ্ট্রস্য দুর্মতেঃ।
মোহানুবর্ত্তী সততং পাপো দ্বেষ্টি চ পাণ্ডবান্ ॥১৬॥
মহত্যনর্থে নির্বন্ধী বলবাংশ্চ বিশেষতঃ।
কর্ণঃ সদা পাণ্ডবানাং তন্মে দহতি সম্প্রতি ॥১৭॥
আশংসে ত্বদ্য কর্ণস্য মনোঽহং পাণ্ডবান্ প্রতি।
প্রসাদয়িতুমাসাদ্য দর্শয়ন্তী যথাতথম্ ॥১৮॥

ভারতকৌমুদী

পিতেতি। যুধাং পতির্মহাযোদ্ধা। ধার্ত্তরাষ্ট্রার্থং যুদ্ধায় প্রবর্ত্তমানা ইতি শেষঃ ॥১৪॥
নেতি। কামবান্ শিষ্যাণাং হিতৈষী। জাতুচিৎ কদাচিৎ। হার্দ্দং স্নেহম্ ॥১৫॥
অয়মিতি। অয়ং কর্ণঃ, বৃথাদৃষ্টির্ভ্রান্তঃ, ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য ॥১৬॥
মহতীতি। পাণ্ডবানাং মহত্যনর্থে সদা নির্বন্ধী বিশেষেণাগ্রহবান্ ॥১৭॥
আশংস ইতি। অহমদ্য আসাদ্য গত্বা যথাতথং হেতুং দর্শয়ন্তী সতী, কর্ণস্য মনঃ পাণ্ডবান্ প্রতি প্রসাদয়িতুং প্রসন্নীকর্ত্তুং শক্ষ্যামীতি শেষঃ, ইত্যাশংসে ॥১৮॥

আমি যুদ্ধ হইলেও দোষ দেখিতে পাই, আবার যুদ্ধ না হইলেও পাণ্ডবগণের ক্ষতি দেখিতে পাই। সুতরাং নির্ধনের বরং মরণ ভাল, কিন্তু জ্ঞাতিনাশক জয় ভাল নহে। ইহা চিন্তা করিতে থাকায় আমার মনে অত্যন্ত দুঃখ জন্মিতেছে ॥১৩॥

মহাযোদ্ধা শান্তনুনন্দন ভীষ্ম, আচার্য্য দ্রোণ এবং কর্ণ এই তিন জনই দুর্য্যোধনের জন্য যুদ্ধে প্রবৃত্ত হইবেন বলিয়া আমার ভয়বৃদ্ধি করিতেছেন ॥১৪॥

তাঁহাদের মধ্যে শিষ্যহিতৈষী দ্রোণাচার্য্য কখনও শিষ্যদের সহিত যুদ্ধ করিবেন না, পিতামহ ভীষ্মই বা পৌত্র পাণ্ডবগণের প্রতি স্নেহ না করিবেন কেন? ॥১৫॥

কিন্তু ভ্রান্তদর্শী ও পাপমতি একমাত্র কর্ণই দুর্মতি দুর্য্যোধনের মোহানুবর্ত্তী হইয়া সর্ব্বদা পাণ্ডবগণের প্রতি বিদ্বেষ করে ॥১৬॥

এবং কর্ণ সর্বদাই পাণ্ডবগণের গুরুতর অনর্থের জন্য অত্যন্ত আগ্রহ প্রকাশ করে, আর সে অত্যন্ত বলবান্। তাই কর্ণই এখন আমার উদ্বেগ জন্মায় ॥১৭॥

অতএব আজ আমি কর্ণের নিকটে যাইয়া তাহার মনটাকে পাণ্ডবগণের প্রতি প্রসন্ন করিবার চেষ্টা করিয়া তাহাতে সমর্থ হইব বলিয়া আশা করি ॥১৮॥

তোষিতো ভগবান্ যত্র দুর্বাসা মে বরং দদৌ।
আহ্বানং মন্ত্রসংযুক্তং বসন্ত্যাঃ পিতৃবেশ্মনি ॥১৯॥
সাহমন্তঃপুরে রাজ্ঞঃ কুন্তিভোজপুরস্কৃতা।
চিন্তয়ন্তী বহুবিধং হৃদয়েন বিদূয়তা ॥২০॥
বলাবলঞ্চ মন্ত্রাণাং ব্রাহ্মণস্য চ বাগ্বলম্।
স্ত্রীভাবাদ্বালভাবাচ্চ চিন্তয়ন্তী পুনঃ পুনঃ ॥২১॥
ধাত্র্যা বিস্রব্ধয়া গুপ্তা সখীজনবৃতা তদা।
দোষং পরিহরন্তী চ পিতুশ্চারিত্ররক্ষিণী ॥২২॥
কথং নু সুকৃতং মে স্যান্নাপরাধবতী কথম্।
ভবেয়মিতি সঞ্চিন্ত্য ব্রাহ্মণং তং নমস্য চ ॥২৩॥
কৌতূহলাত্তু তং লব্ধ্বা বালিশ্যাদাচরং তদা।
কন্যা সতী দেবমর্কমাসাদয়মহং ততঃ ॥২৪॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তোষিত ইতি। মন্ত্রসংযুক্তং মন্ত্রপ্রযুক্তম্, আহ্বানং তদ্রূপং বরম্ ॥১৯॥

সেতি। কুন্তিভোজেন পুরস্কৃতা সাদরং রক্ষিতা। বিদূয়তা সংশয়াকুলেন। ব্রাহ্মণস্য দুর্বাসসঃ। চিন্তয়ন্তী পরীক্ষার্থম্। বিস্রব্ধয়া বিশ্বস্তয়া, গুপ্তা রক্ষিতা। দোষং পুরুষসংসর্গম্, পিতুঃ সমীপে, চারিত্ররক্ষিণী সচ্চরিত্রপ্রকাশিনী। সুকৃতং সদ্যঃ দেবাহ্বানং কৃতং স্যাৎ।

ভারতভাবদীপঃ

শাস্ত্রবহির্ভূতা তদ্বদয়নপীতার্থঃ ॥৮—৯॥ অর্দ্ধকালেন চিত্রকামেন ॥১০॥ কৃতঃ নিশ্চিতত্বাৎ কৃত ইব ॥১১—১২॥ পশ্যে পশ্যামি, আর্ষমাত্মনেপদম্। অমুষ্মে সুখাভাবে ॥১৩—২৩॥ তং লব্ধ্বা মন্ত্রং প্রাপ্য আচরং তেন মন্ত্রেণ দেবতাবাহনাখ্যং কার্য্যং কৃতবতী আসাদয়ং লব্ধবতী ॥২৪॥

আমি যখন পিতৃভবনে বাস করিতাম, তখন পরিচর্য্যা করিয়া ভগবান্ দুর্বাসাকে সন্তুষ্ট করিয়াছিলাম ; তাহাতে তিনি আমাকে একটা বর দিয়াছিলেন যে, 'তুমি এই মন্ত্রদ্বারা যে দেবতাকে আহ্বান করিবে, তিনিই আসিবেন' ॥১৯॥

তাহার পর কুন্তিভোজরাজ আমাকে আদর করিয়া অন্তঃপুরে রাখিলেন, আমিও সন্দেহাকুল চিত্তে নানাবিধ চিন্তা করিতে লাগিলাম। ক্রমে স্ত্রীস্বভাব ও বালকস্বভাববশতঃ আমি সেই মন্ত্রের বলাবল এবং দুর্বাসার বাক্যের বল পরীক্ষা করিবার জন্য বার বার তাহার উপায় চিন্তা করিলাম। তখন একজন বিশ্বস্ত ধাত্রী আমাকে রক্ষা করিত এবং সখীরা আমাকে পরিবেষ্টন করিয়া থাকিত ; আমিও সর্বপ্রকার দোষ পরিত্যাগ করিয়া চলিতাম এবং পিতার নিকটে সচ্চরিত্র জানাইতাম। অথচ তখন ভাবিলাম—'কি করিয়া আমার

যোঽসৌ কানীনগর্ভো মে পুত্রবৎ পরিরক্ষিতঃ।
কস্মান্ন কুর্য্যাদ্বচনং পথ্যং ভ্রাতৃহিতং তথা ॥২৫॥
ইতি কুন্তী বিনিশ্চিত্য কার্য্যনিশ্চয়মুত্তমম্।
কার্য্যার্থমভিনিশ্চিত্য যযৌ ভাগীরথীং প্রতি ॥২৬॥
আত্মজস্য ততস্তস্য ঘৃণিনঃ সত্যসঙ্গিনঃ।
গঙ্গাতীরে পৃথাঽশ্রৌষীদ্বেদাধ্যয়ননিস্বনম্ ॥২৭॥
প্রাঙ্মুখস্যোর্দ্ধবাহোঃ সা পর্য্যতিষ্ঠত পৃষ্ঠতঃ।
জপ্যাবসানং কার্য্যার্থং প্রতীক্ষন্তী তপস্বিনী ॥২৮॥

ভারতকৌমুদী

নমস্য নমস্কৃত্য। তং মন্ত্রম্। বালিশ্যাৎ মৌর্খ্যাৎ, আচরং তেন মন্ত্রেণ দেবাহ্বানমকরবম্। অর্কং সূর্য্যম্, আসাদবং প্রাপ্নবতী ॥২০—২৪॥

য ইতি। কানীনঃ কন্যাকালোৎপন্নশ্চাসৌ গর্ভশ্চেতি সঃ। পথ্যং নিজহিতম্ ॥২৫॥

ইতীতি। কার্য্যস্য কর্ত্তব্যস্য নিশ্চয়ম্। কার্য্যার্থং কর্ত্তব্যসম্পাদনার্থম্ ॥২৬॥

আত্মজস্যেতি। তস্য কর্ণস্য, ঘৃণিনো দয়ালোঃ, সত্যসঙ্গিনঃ সত্যনিরতস্য ॥২৭॥

প্রাঙ্মুখস্যেতি। জপ্যাবসানং জপসমাপ্তিম্। তপস্বিনী প্রার্থিতয়া দীনভাবা ॥২৮॥

ভারতভাবদীপঃ

পুত্রবৎ পরিরক্ষিত ইত্যত্র কামক পরিবাসিত ইতি পাঠে সেচ্ছয়া ত্যক্ত ইত্যর্থঃ ॥২৫॥ কার্য্যার্থম্ অবশ্যকর্ত্তব্যং প্রয়োজনম্ ॥২৬॥ ঘৃণিনঃ দয়ালোঃ, সত্যসঙ্গিনঃ সত্যরতস্য ॥২৭—২৮॥

দেবতাহ্বান সুসম্পন্ন হইবে, কি করিয়াই বা আমি অপরাধিনী না হইয়া পারিব' এইরূপ ভাবিয়া সেই ব্রাহ্মণকে (দুর্ব্বাসাকে) নমস্কার করিয়া কৌতুক ও মূর্খতাবশতঃ সেই লব্ধ মন্ত্রদ্বারা তখনই সূর্য্যদেবকে আহ্বান করিলাম। তাহার পর আমি কন্যা হইয়াও সূর্য্যদেবকে পাইলাম (এবং পাইয়া তাঁহার সংসর্গ করিলাম) ॥২০—২৪॥

তৎপরে আমার সেই কন্যাকালে যে গর্ভ হইয়াছিল এবং যাহাকে আমি পুত্রের ন্যায় (দশমাস উদরে) রক্ষা করিয়াছি, সেই কর্ণ এখন নিজের হিতকর ও ভ্রাতৃগণের হিতজনক বাক্য কেন রক্ষা করিবে না?' ॥২৫॥

কুন্তীদেবী এইরূপে উত্তমভাবে কর্ত্তব্য স্থির করিয়া আশার উপরে নির্ভর রাখিয়া কর্ত্তব্যসম্পাদনের নিমিত্ত গঙ্গার দিকে গমন করিতে লাগিলেন ॥২৬॥

তাহার পর কুন্তীদেবী গঙ্গাতীরে সেই দয়ালু ও সত্যপরায়ণ পুত্রের বেদপাঠধ্বনি শুনিতে পাইলেন ॥২৭॥

(২৭)···গঙ্গাতীরে পৃথাঽশৃণ্বজ্জপদ্ধানমত্তবন্ধ—নি।

অতিষ্ঠৎ সূর্য্যতাপার্ত্তা কর্ণস্যোত্তরবাসসি।
কৌরব্যপত্নী বার্ষ্ণেয়ী পদ্মমালেব শুষ্যতী ॥২৯॥
আপৃষ্ঠতাপাজ্জপ্ত্বা স পরিবৃত্য যতব্রতঃ।
দৃষ্ট্বা কুন্তীমুপাতিষ্ঠদভিবাদ্য কৃতাঞ্জলিঃ ॥৩০॥
যথান্যায়ং মহাতেজা মানী ধর্ম্মভৃতাং বরঃ।
উৎস্ময়ন্ প্রণতঃ প্রাহ কুন্তীং বৈকর্ত্তনো বৃষঃ ॥৩১॥

কর্ণ উবাচ।

রাধেয়োঽহমাধিরথিঃ কর্ণস্ত্বামভিবাদয়ে।
প্রাপ্তা কিমর্থং ভবতী ব্রূহি কিং করবাণি তে ॥৩২॥

ভারতকৌমুদী

অতিষ্ঠদিতি। উত্তরবাসসি উত্তরীয়বস্ত্রসমীপে। বার্ষ্ণেয়ী বৃষ্ণিবংশীয়া ॥২৯॥

আপৃষ্ঠেতি। আপৃষ্ঠতাপাৎ পৃষ্ঠতাপপর্য্যন্তং মধ্যাহ্নপর্য্যন্তমিত্যর্থঃ। মধ্যাহ্নাৎ পরং হি সূর্য্যেণ পূর্ব্বমুখস্য জনস্য পৃষ্ঠং তপ্যতে। যতব্রতো নির্দ্দিষ্টনিয়মঃ। উপাতিষ্ঠদবস্থিতঃ ॥৩০॥

যথেতি। উৎস্ময়ন্ অকস্মাদ্দর্শনাদ্বিস্মিতঃ সন্। যথান্যায়ং প্রাহ। বৃষো নাম ॥৩১॥

রাধেয় ইতি। রাধেয়ো রাধায়া গর্ভজাতঃ, আধিরথিঃ অধিরথস্যৌরসঃ। কর্ণেন স্বজন্মবৃত্তান্তাবগমেঽপি লোকপ্রসিদ্ধিমাশ্রিত্যেদমভিহিতং কুন্ত্যা নিন্দানিবারণায় ॥৩২॥

কর্ণ তখন পূর্ব্বমুখ ও ঊর্দ্ধবাহু হইয়া জপ করিতেছিলেন; সেই সময়ে, কুন্তীদেবী আপন কর্ত্তব্যসম্পাদনের জন্য উপস্থিত হইয়া কর্ণের জপসমাপ্তির প্রতীক্ষা করিয়া তাঁহার পিছনে দীনভাবে দাঁড়াইয়া রহিলেন ॥২৮॥

বৃষ্ণিবংশে উৎপন্না এবং কুরুবংশীয় পাণ্ডুর পত্নী কুন্তী তখন সূর্য্যের তাপে পীড়িত এবং পদ্মমালার ন্যায় শুষ্ক হইতে থাকিয়া কর্ণের উত্তরীয়বস্ত্রের নিকটে দাঁড়াইয়া থাকিলেন ॥২৯॥

কিছুকাল পরে কর্ণ, নির্দ্দিষ্ট নিয়ম অনুসারে মধ্যাহ্নপর্য্যন্ত জপ করিয়া পিছন ফিরিয়া কুন্তীকে দেখিয়া অভিবাদনপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইলেন ॥৩০॥

তৎপরে মহাতেজা, অভিমানী ও ধার্ম্মিকশ্রেষ্ঠ সূর্য্যনন্দন কর্ণ বিস্মিত ও অবনত হইয়া ন্যায় অনুসারে (বিনয়ের সহিত) কুন্তীকে বলিলেন ॥৩১॥

কর্ণ কহিলেন—'রাধার গর্ভজাত অধিরথের পুত্র আমি কর্ণ আপনাকে অভিবাদন করিতেছি; আপনি কি জন্য আসিয়াছেন? বলুন, আমি আপনার কি করিব?' ॥৩২॥

---

(৩১) ইতঃ পরম্ '...চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

কুন্ত্যুবাচ।

কৌন্তেয়স্ত্বং ন রাধেয়ো ন তবাধিরথঃ পিতা।
নাসি সূতকুলে জাতঃ কর্ণ! তদ্বিদ্ধি মে বচঃ ॥৩৩॥
কানীনস্ত্বং ময়া জাতঃ পূর্ব্বজঃ কুক্ষিণা ধৃতঃ।
কুন্তিরাজস্য ভবনে পার্থস্ত্বমসি পুত্রক! ॥৩৪॥
প্রকাশকর্ম্মা তপনো যোঽয়ং দেবো বিরোচনঃ।
অজীজনত্ত্বাং ময্যেষ কর্ণ! শস্ত্রভৃতাং বরম্ ॥৩৫॥
কুণ্ডলী বদ্ধকবচো দেবগর্ভশ্রিয়া বৃতঃ।
জাতস্ত্বমসি দুর্দ্ধর্ষ! ময়া পুত্র! পিতুর্গৃহে ॥৩৬॥
স ত্বং ভ্রাতৄনসংবুধ্য মোহাদ্‌যদুপসেবসে।
ধার্ত্তরাষ্ট্রান্ ন তদ্‌যুক্তং ত্বয়ি পুত্র! বিশেষতঃ ॥৩৭॥
এতদ্ধর্ম্মফলং পুত্র! নরাণাং ধর্ম্মনিশ্চয়ে।
যত্তুষ্যন্ত্যস্য পিতরো মাতা চাপ্যেকদর্শিনী ॥৩৮॥

ভারতকৌমুদী

কৌন্তেয় ইতি। কৌন্তেয়ঃ কুন্ত্যা মমৈব পুত্রঃ। কার্য্যসাধনায়েদং স্বকুৎসাপ্রকটনম্ ॥৩৩॥
কানীন ইতি। কানীনঃ কন্যাবস্থায়ামুৎপন্নঃ, ময়া করণেন, পূর্ব্বজঃ প্রথমজঃ ॥৩৪॥
প্রকাশেতি। প্রকাশো জগৎপ্রকটনমেব কর্ম্ম যস্য সঃ তপনস্তাপকর্ত্তা ॥৩৫॥
কুণ্ডলীতি। কুণ্ডলী ধৃতকুণ্ডলঃ। দেবগর্ভস্য দেবশিশোরিব শ্রীঃ কান্তিস্তয়া ॥৩৬॥
স ইতি। অসংবুধ্য ভ্রাতৃত্বেনাবিজ্ঞায়। তদুপসেবনং ন যুক্তম্, শত্রুসেবায়া গর্হিতত্বাৎ ॥৩৭॥

কুন্তী বলিলেন—'তুমি কুন্তীর গর্ভজাত, কিন্তু রাধার গর্ভজাত নহ, কিংবা অধিরথও তোমার পিতা নহেন; এবং তুমি সারথির বংশেও জন্ম গ্রহণ কর নাই। কর্ণ! তুমি সেই বৃত্তান্ত আমার নিকট অবগত হও ॥৩৩॥

পুত্র! তুমি কুন্তিরাজার গৃহে আমার কন্যাবস্থায় জন্মিয়াছিলে, আমি তোমাকে প্রথম গর্ভে ধারণ করিয়াছিলাম। সুতরাং তুমিও পার্থই বট ॥৩৪॥

এই যিনি জগৎপ্রকাশ করেন ও তাপ দান করেন, এই সূর্য্যদেবই তোমাকে আমার গর্ভে উৎপাদন করিয়াছিলেন। এখন তুমি অস্ত্রধারিশ্রেষ্ঠ হইয়াছ ॥৩৫॥

পুত্র! দুর্দ্ধর্ষ! তুমি কুণ্ডল ও কবচ ধারণ করিয়া এবং দেবশিশুর শোভায় শোভিত হইয়া আমার পিতার গৃহে জন্মিয়াছিলে ॥৩৬॥

পুত্র! সেই তুমি ভ্রাতৃগণকে না চিনিয়া মোহবশতঃ ধার্ত্তরাষ্ট্রগণের যে সেবা করিতেছ, তাহা তোমার পক্ষে কোন প্রকারেই সঙ্গত হইতেছে না ॥৩৭॥

(৩৬)...দেবগর্ভঃ শ্রিয়া বৃতঃ...বা ব রা নি।

অর্জ্জুনেনার্জিতাং পূর্ব্বং হৃতাং লোভাদসাধুভিঃ।
আচ্ছিদ্য ধার্ত্তরাষ্ট্রেভ্যো ভুঙ্ক্ষ্ব যৌধিষ্ঠিরীং শ্রিয়ম্ ॥৩৯॥
অদ্য পশ্যন্তু কুরবঃ কর্ণার্জ্জুনসমাগমম্।
সৌভ্রাত্রেণ সমালক্ষ্য সংনমন্ত্বসাধবঃ ॥৪০॥
কর্ণার্জ্জুনৌ বৈ ভবেতাং যথা রামজনার্দ্দনৌ।
অসাধ্যং কিং নু লোকে স্যাদ্যুবয়োঃ সংহিতাত্মনোঃ ॥৪১॥
কর্ণ! শোভিষ্যসে নূনং পঞ্চভির্ভ্রাতৃভির্বৃতঃ।
দেবৈঃ পরিবৃতো ব্রহ্মা বেদ্যামিব মহাধ্বরে ॥৪২॥

ভারতকৌমুদী

এতদিতি। ধর্ম্মফলমুক্তমিতি শেষঃ। ধর্ম্মনিশ্চয়ে ধর্ম্মশাস্ত্রে। একং স্নেহং পশ্য-
তীতি সা ॥৩৮॥

অর্জ্জুনেনেতি। পূর্ব্বং রাজসূয়কালে। অসাধুভির্ধার্ত্তরাষ্ট্রৈঃ। আচ্ছিদ্য বলাদানীয়।
যৌধিষ্ঠিরীং তদ্গামিনীম্, ভুঙ্ক্ষ্ব, ইদানীং ত্বমেব ভোক্তুমর্হসি। কুন্তীবাক্যেন নূতনমেব ভোক্ত-
মিদম্ ॥৩৯॥

অদ্যেতি। সৌভ্রাত্রেণ ভ্রাতৃসৌহার্দ্দেন। সমালক্ষ্য দৃষ্ট্বা, অসাধবঃ কুরবঃ ॥৪০॥

কর্ণেতি। ভবেতাং মিলিতাবিতি শেষঃ। সংহিতাত্মনোঃ মিলিতদেহয়োঃ ॥৪১॥

কর্ণেতি। বেদ্যাং পরিষ্কৃতভূমৌ, "বেদিঃ পরিষ্কৃতা ভূমিঃ" ইত্যমরঃ ॥৪২॥

ভারতভাবদীপঃ

উত্তরবাসিসি উত্তরীয়বস্ত্রাঞ্চলে ॥২৯॥ আপৃচ্ছ্য গমনাদনুজ্ঞাং প্রাপ্যেত্যর্থঃ ॥৩০॥ উৎস্ময়ন্
উদ্ভূতবিস্ময়ঃ ॥৩১—৩৭॥ একং পুত্রস্নেহেন পশ্যতী একদর্শিনী ॥৩৮—৩৯॥ সংনমন্তাং

পুত্র! পিতৃলোক ও স্নেহময়ী মাতা যে সন্তুষ্ট থাকেন, তাহাই মানুষের
পক্ষে ধর্ম্ম; ইহা ধর্ম্মশাস্ত্রে উক্ত আছে ॥৩৮॥

বৎস! পূর্ব্বে অর্জ্জুন অর্জ্জন করিয়াছিলেন, পরে অসাধু ধার্ত্তরাষ্ট্রেরা লোভ-
বশতঃ হরণ করিয়াছে, এখন তুমি আবার বলপূর্ব্বক তাহাদের নিকট হইতে
আনয়ন করিয়া যুধিষ্ঠিরগামিনী রাজ্যসমৃদ্ধি ভোগ কর ॥৩৯॥

আজ কৌরবেরা দেখুক যে, ভ্রাতৃসৌহার্দ্দবশতঃ কর্ণ ও অর্জ্জুন মিলিত
হইয়াছেন এবং তাহা দেখিয়া সেই দুর্জ্জনেরা অবনত হইয়া পড়ুক ॥৪০॥

রাম ও কৃষ্ণের ন্যায় আজ কর্ণ ও অর্জ্জুন মিলিত হউন। বৎস! তোমরা
দুই জনে মিলিত হইলে, জগতে তোমাদের কি অসাধ্য থাকিতে পারে? ॥৪১॥

কর্ণ! তুমি পঞ্চ ভ্রাতৃকর্ত্তৃক পরিবেষ্টিত হইয়া, মহাযজ্ঞবেদিতে দেবগণ-
বেষ্টিত ব্রহ্মার ন্যায় নিশ্চয়ই শোভা পাইবে ॥৪২॥

(৪১) কর্ণার্জ্জুনাবভবতাম্…খি, কর্ণার্জ্জুনৌ বৈ ভবতাম্…নি।

উপপন্নো গুণৈঃ সর্বৈর্জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠেষু বন্ধুষু।
সূতপুত্রেতি মা শব্দঃ পার্থস্ত্বমসি বীর্য্যবান্ ॥৪৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি
ভগবদ্যানে কুন্তীকর্ণসমাগমে পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—— •::• ——

ষট্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—— :•: ——

বৈশম্পায়ন উবাচ।
ততঃ সূর্য্যান্নিশ্চরিতাং কর্ণঃ শুশ্রাব ভারতীম্।
দুরত্যয়াং প্রণয়িনীং পিতৃবদ্ভাস্করেরিতাম্ ॥১॥

ভারতকৌমুদী

উপেতি। উপপন্নো যুক্তস্ত্বম্। শ্রেষ্ঠেষু বন্ধুষু মধ্যে সূতপুত্রেতি শব্দো মা চরতু ॥৪৩॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি ভগবদ্যানে পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

তত ইতি। সূর্য্যাৎ সূর্য্যমণ্ডলাৎ, নিশ্চরিতাং নির্গতাম্। দুরত্যয়াং দুরতিক্রমাম্ ॥১॥

ভারতভাবদীপঃ

প্রস্থা ভবত ॥৪০॥ ভবেতাং বর্দ্ধেতাম্, সংহিতাত্মনোঃ মিলিতচেতসোঃ ॥৪১—৪২॥ সূত-
পুত্রেতিশব্দো মাভূদিতি শেষঃ ॥৪৩॥
ইতি উদ্যোগপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চত্রিংশদাধকশততমোঽধ্যায়ঃ ॥১৩৫॥

বৎস! তুমি সর্বগুণসম্পন্ন এবং সর্বজ্যেষ্ঠ। সুতরাং শ্রেষ্ঠবন্ধুগণের মধ্যে আর যেন তোমার উপরে 'সূতপুত্র-'শব্দ প্রয়োগ না হয়। কেন না, তুমি ত পৃথার পুত্র এবং বলবান্' ॥৪৩॥

—— :•: ——

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর সূর্য্যমণ্ডল হইতে একটী বাক্য নির্গত হইল; সে বাক্যটী সূর্য্যদেবই পিতার ন্যায় বলিয়াছিলেন এবং তাহা দুরতিক্রমণীয় ও স্নেহসূচক ছিল; কর্ণ তাহা শুনিলেন ॥১॥

(৪৩)…মা শব্দম্…পি। * '…পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি।
(১) ততঃ সূর্য্যান্নিসরতীম্…পি। ইতঃ পরম্ 'সূর্য্য উবাচ' নি।

সত্যমাহ পৃথা বাক্যং কর্ণ! মাতৃবচঃ কুরু।
শ্রেয়স্তে স্যান্নরব্যাঘ্র! সর্ব্বমাচরতস্তথা ॥২॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্য মাত্রা চ স্বয়ং পিত্রা চ ভানুনা।
চচাল নৈব কর্ণস্য মতিঃ সত্যধৃতেস্তদা ॥৩॥

কর্ণ উবাচ।

ন চৈতচ্ছ্রদ্দধে বাক্যং ক্ষত্রিয়ে! ভাষিতং ত্বয়া।
ধর্ম্মদ্বারং মমৈতৎ স্যান্নিয়োগকরণং তব ॥৪॥
অকরোন্ময়ি যৎ পাপং ভবতী সুমহাত্যয়ম্।
অপাকীর্ণোঽস্মি যন্মাতঃ! তদ্যশঃকীর্ত্তিনাশনম্ ॥৫॥
অহঞ্চেৎ ক্ষত্রিয়ো জাতো ন প্রাপ্তঃ ক্ষত্রসৎক্রিয়াম্।
ত্বৎকৃতে কিং নু পাপীয়ঃ শত্রুঃ কুর্য্যান্মমাহিতম্ ॥৬॥

ভারতকৌমুদী

অথ কাসৌ ভারতীত্যাহ সত্যমিতি। তথা আচরতস্তে সর্ব্বং শ্রেয়ঃ স্যাদিতি সম্বন্ধঃ ॥২॥

এবমিতি। সত্যা ধৃতিঃ কৌরবপক্ষ এবাহং স্থাস্যামীতি ধারণা যস্য তস্য ॥৩॥

নেতি। শ্রদ্দধে আদ্রিয়ে। ধর্ম্মস্য দ্বারং হেতুঃ, তব নিয়োগস্য আজ্ঞায়াঃ করণম্ ॥৪॥

অকরোদিতি। সুমহান্ অত্যয়ঃ কষ্টং যস্মিন্ তৎ। অপাকীর্ণস্ত্যক্তঃ। "শৌর্য্যাদিপ্রভবা কীর্ত্তির্দানাদিপ্রভবং যশঃ" ইতি মহাজনঃ, তয়োস্তয়োরেব নাশনম্ ॥৫॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৩॥ ন শ্রদ্দধে কর্ত্তব্যত্বেন ন মন্যে। ধর্ম্মদ্বারং ধর্ম্মাপগমদ্বারং তব নিয়োগকরণং স্বধর্ম্মপ্রত্যর্থানুষ্ঠানম্ ॥৪॥ সুমহাত্যয়ং সুমহান্ অত্যয়ো জাতিভ্রংশাখ্যো বিনাশো যস্মাৎ অপাকীর্ণস্ত্যক্তঃ, যশো মাহাত্ম্যখ্যাতিঃ কীর্ত্তিঃ সদ্গুণানাং কীর্ত্তনম্ ॥৫॥ ত্বৎ-

'নরশ্রেষ্ঠ কর্ণ! কুন্তীদেবী সত্যই বলিয়াছেন; তুমি সেই মাতৃবাক্য পালন কর; তুমি তদনুরূপ আচরণ করিলে, তোমার সর্ব্বপ্রকার মঙ্গল হইবে' ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—মাতা কুন্তী এবং পিতা স্বয়ং সূর্য্যদেব এইরূপ বলিলেও সত্যধারণাশালী কর্ণের বুদ্ধি বিচলিত হইল না ॥৩॥

কর্ণ বলিলেন—'ক্ষত্রিয়ে! আমি আপনার বাক্যের আদর করি না এবং আপনার আদেশ পালন করাও যে আমার ধর্ম্মের কারণ হইবে, তাহা স্বীকার করি না ॥৪॥

যে হেতু আপনি আমার উপরে অত্যন্তকষ্টজনক অন্যায় ব্যবহার করিয়াছেন। জননি! আপনি যে আমাকে ত্যাগ করিয়াছিলেন, তাহাই আমার যশ ও কীর্ত্তি নষ্ট করিয়াছে ॥৫॥

ক্রিয়াকালে ত্বনুক্রোশমকৃত্বা ত্বমিমং মম।
হীনসংস্কারসময়মদ্য মাং সমচূচুদঃ ॥৭॥
ন বৈ মম হিতং পূর্ব্বং মাতৃবচ্চেষ্টিতং ত্বয়া।
সা মাং সংবোধয়স্যদ্য কেবলাত্মহিতৈষিণী ॥৮॥
কৃষ্ণেন সহিতাৎ কো বৈ ন ব্যথেত ধনঞ্জয়াৎ।
কোঽদ্য ভীতং ন মাং বিদ্যাৎ পার্থানাং সমিতিং গতম্ ॥৯॥
অভ্রাতা বিদিতঃ পূর্ব্বং যুদ্ধকালে প্রকাশিতঃ।
পাণ্ডবান্ যদি গচ্ছামি কিং মাং ক্ষত্রং বদিষ্যতি ॥১০॥

ভারতকৌমুদী

অহমিতি। সূতসংক্রিয়া ক্ষত্রিয়বৎ সংস্কারঃ সমাজে সমাদরো বা, ত্বৎকৃতে ত্বন্নিমিত্তে ন প্রাপ্তঃ। শক্রঃ ইতঃ পাপীয়ঃ অধিকং মম কিমহিতং কুর্য্যাৎ ॥৬॥

ক্রিয়েতি। ক্রিয়ায়াঃ কালে দয়ায়াঃ করণসময়ে, ইমমনুক্রোশং দয়াম্ অকৃত্বা, অদ্য ইদানীং ত্বম্, হীনো গতঃ সংস্কারসময়ো যস্য তং মাম্, সমচূচুদঃ ধর্ম্মে প্রেরিতবতী ॥৭॥

নেতি। চেষ্টিতং চেষ্টয়া বিহিতম্। সংবোধয়সি হিতং জ্ঞাপয়সি ॥৮॥

কৃষ্ণেনেতি। ব্যথেত বিভীয়াৎ। সমিতিং সভাম্, গতং তৎপক্ষাবলম্বনেন ॥৯॥

অভ্রাতেতি। অভ্রাতা পাণ্ডবানাম্। প্রকাশিতো ভ্রাতৃত্বেন। ক্ষত্রং ক্ষত্রিয়গণঃ ॥১০॥

আমি যদিও ক্ষত্রিয় হইয়াই জন্মিয়া থাকি, তথাপি আপনার জন্যই ক্ষত্রিয়ের যোগ্য সংস্কার লাভ করি নাই। অতএব শক্র ইহা অপেক্ষা অধিক অহিত আমার কি করিবে ॥৬॥

আপনি দয়া করিবার সময়ে এ দয়া না করিয়া—এখন সংস্কারের কাল অতীত হইয়াছে, এখন (দয়া করিয়া) আমাকে ধর্ম্মে প্রেরণ করিতে আসিয়াছেন! ॥৭॥

এবং আপনি পূর্ব্বে মাতার ন্যায় আমার হিতসাধনের চেষ্টা করেন নাই; কিন্তু আজ সেই আপনিই কেবল নিজের হিতের জন্যই আমাকে হিতের উপদেশ দিতেছেন ॥৮॥

কোন্ লোক কৃষ্ণের সহিত মিলিত অর্জ্জুনকে ভয় না করে? অতএব আমি পাণ্ডবদের সভায় গেলে, কোন্ লোক আমাকে ভীত বলিয়া মনে না করিবে? ॥৯॥

আমি পূর্ব্বে পাণ্ডবগণের ভ্রাতা বলিয়া পরিচিত ছিলাম না, এখন যুদ্ধকালে ভ্রাতা বলিয়া পরিচিত হইয়া যদি পাণ্ডবগণের পক্ষে যাই, তবে ক্ষত্রিয়গণ আমাকে কি বলিবেন ॥১০॥

সর্বকামৈঃ সংবিভক্তঃ পূজিতশ্চ যথাসুখম্।
অহং বৈ ধার্তরাষ্ট্রাণাং কুর্য্যাং তদফলং কথম্ ॥১১॥
উপনহ্য পরৈর্বৈরং যে মাং নিত্যমুপাসতে।
নমস্কুর্বন্তি চ সদা বসবো বাসবং যথা ॥১২॥
মম প্রাণেন যে শত্রূন্ শক্তাঃ প্রতি সমাসিতুম্।
মন্যন্তে তে কথং তেষামহং ছিন্দ্যাং মনোরথম্ ॥১৩॥ (যুগ্মকম্)
ময়া প্লবেন সংগ্রামং তিতীর্ষন্তি দুরত্যয়ম্।
অপারে পারকামা যে ত্যজেয়ং তানহং কথম্ ॥১৪॥
অয়ং হি কালঃ সংপ্রাপ্তো ধার্তরাষ্ট্রোপজীবিনাম্।
নির্বেষ্টব্যং ময়া তত্র প্রাণানপরিরক্ষতা ॥১৫॥

ভারতকৌমুদী

সর্বৈরিতি। সর্বকামৈঃ সংবিভক্তঃ ধার্তরাষ্ট্রৈঃ সংবিভজ্য সর্বকামবস্তুদানপাত্রীকৃতঃ ॥১১॥

উপেতি। উপনহ্য বদ্ধা বিনাশ্য। প্রাণেন বলেন। শত্রূন্ প্রতি সমাসিতুং যাতুম্, তে শক্তা ইতি মন্যন্তে আশংসন্তে। ছিন্দ্যাং পাণ্ডবপক্ষাশ্রয়েণ ॥১২—১৩॥

ময়েতি। প্লবেন উডুপেন, সংগ্রামং সংগ্রামসাগরম্। অপারে সংগ্রামসাগরে ॥১৪॥

ভারতভাবদীপঃ

কৃতে তৎসুখার্থং কার্য্যে, নতঃ প্রকটো মাতৃদিতি হেতোরহং কৃতসংক্রিয়াং চেৎ প্রাণস্তু হি স্বদৃষ্ট্বা কঃ শত্রুঃ কিং সমাহিতং পাপায় ইতি ইতোঽপি পাপতরং কুর্য্যাম্ কোঽপীত্যর্থঃ ॥৬॥ ক্রিয়াকালে কৃতিয়োঃ চিত্তসংস্কারকালে অগ্রকোপং দর্শ্যঃ সমুচ্চয়ঃ স্বকার্য্যার্থং প্রেরিতবন্তোঽসি ॥৭—১১॥ উপনহ্য বদ্ধা ॥১২॥ প্রতিসমাসিতুং জেতুম্ ॥১৩—১৪॥ নির্বেষ্টব্যং ভুক্তস্য

ধার্তরাষ্ট্রেরা আমার সুখ অনুসারে সর্ব্বপ্রকার অভীষ্ট বস্তু বিভাগ করিয়া আমাকে দিয়াছেন এবং আমার সম্মান করিয়াছেন, এখন আমি তাঁহাদের সেই কার্য্যগুলিকে কি করিয়া নিষ্ফল করিতে পারি ? ॥১১॥

যাঁহারা পরের সহিত শত্রুতা ঘটাইয়া সর্বদা আমার আনুগত্য করেন এবং বসুগণ যেমন ইন্দ্রের নিকট অবনত থাকেন, সেইরূপ যাঁহারা সর্ব্বদা আমার নিকট অবনত থাকেন, আর যাঁহারা আমার শক্তির উপর নির্ভর করিয়াই শত্রুদের সমক্ষে অবস্থান করিবেন বলিয়া আশা করেন, আমি আজ সেই ধার্ত্ত-রাষ্ট্রগণের সেই সকল আশা কি করিয়া ছিন্ন করি ? ॥১২—১৩॥

যাঁহারা অকূল যুদ্ধসাগরের কূলে যাইবার ইচ্ছা করিয়া আমারূপ ভেলা-দ্বারাই সেই দুস্তর যুদ্ধসাগর উত্তীর্ণ হইবার ইচ্ছা করিতেছেন, আমি কি করিয়া তাঁহাদিগকে ত্যাগ করি ? ॥১৪॥

কৃতার্থাঃ সুভৃতা যে হি কৃত্যকালে হ্যপস্থিতে।
অনবেক্ষ্য কৃতং পাপা বিকুর্বন্ত্যনবস্থিতাঃ ॥১৬॥
রাজকিল্বিষিণাং তেষাং ভর্তৃপিণ্ডাপহারিণাম্।
নৈবায়ং ন পরো লোকো বিদ্যতে পাপকর্ম্মণাম্ ॥১৭॥ (যুগ্মকম্)
ধৃতরাষ্ট্রস্য পুত্রাণামর্থে যোৎস্যামি তে সুতৈঃ।
বলঞ্চ শক্তিঞ্চাস্থায় ন বৈ ত্বয্যনৃতং বদে ॥১৮॥
আনৃশংস্যমথো বৃত্তং রক্ষন্ সৎপুরুষোচিতম্।
অতোঽর্থকরমপ্যেতন্ন করোম্যদ্য তে বচঃ ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অয়মিতি। কালঃ প্রত্যুপকারসময়ঃ। তত্র ধার্ত্তরাষ্ট্রোপজীবিষু নির্ব্বেষ্টব্যং প্রবেষ্টব্যম্ ॥১৫॥

নম্ন সুপোপনতং রাজ্যলাভং কথং পরিহরণীয়্যাহ কৃতার্থা ইতি। অনবস্থিতা অস্থিরচিত্তবৃত্তয়ঃ, যে হি পাপাঃ পাপিষ্ঠা জনাঃ, সুভৃতা রাজ্ঞা সুপোষিতাঃ, অতএব কৃতার্থাঃ সন্তঃ, কৃত্যকালে উপস্থিতে হি, কৃতং প্রত্যুপকারমনবেক্ষ্য, বিকুর্ব্বন্তি অন্যথাচরন্তি, ভর্তৃপিণ্ডাপহারিণাং রাজকিল্বিষিণাং পাপকর্ম্মণাং তেষাম্, অয়ং লোকো নৈব পরো লোকোঽপি ন বিদ্যতে, পাপাপহতত্বাদিত্যাশয়ঃ ॥১৬—১৭॥

ইদানীং স্বমতং স্পষ্টমাহ ধৃতেতি। শক্তিং শিক্ষানৈপুণ্যম্। আনৃশংস্যং দয়াম্, বৃত্তং চরিত্রঞ্চ। অর্থকরং রাজ্যলাভসূচকতয়া হিতসাধকমপি এতত্তে বচঃ ন করোমি।

অহো! ধন্যঃ কর্ণঃ। যেন পরমসৌ চারিত্ররক্ষার্থমেব পাণ্ডবরাজ্যং জীবনকোপেক্ষ্য অবশ্যমবধারিতং মৃত্যুং বৃণীতে স্ম ॥১৮—১৯॥

সে যাহা হউক, ধার্ত্তরাষ্ট্রোপজীবিগণের ইহাই প্রত্যুপকার করিবার প্রকৃত সময় উপস্থিত হইয়াছে। সুতরাং প্রাণের আশা পরিত্যাগ করিয়াও আমি তাহার মধ্যে প্রবেশ করিব ॥১৫॥

কারণ, অনবস্থিতচিত্ত ও পাপিষ্ঠ যে সকল লোক রাজার অনুগ্রহে পরিপুষ্ট ও কৃতার্থ হইয়া রাজার কার্য্যকাল উপস্থিত হইলে সে দিকে দৃক্‌পাত না করিয়া বিকৃত হইয়া যায়, সেই ভর্তৃপিণ্ডাপহারী (নেমক হারাম), রাজার বিষয়ে অন্যায্যকারী ও কৃতঘ্নদিগের ইহলোকও থাকে না, পরলোকও থাকে না ॥১৬—১৭॥

অতএব আমি সমগ্র শক্তি ও শিক্ষানৈপুণ্য অবলম্বন করিয়া এবং সৎপুরুষোচিত দয়া ও চরিত্র রক্ষা করিতে থাকিয়া ধৃতরাষ্ট্রের পুত্রদের জন্য আপনার পুত্রদের সহিত যুদ্ধ করিব; ইহা আমি আপনার নিকট মিথ্যা বলিলাম না। সুতরাং আপনার এই সকল বাক্য আমার হিতকারী হইলেও এখন আমি এগুলি রক্ষা করিতে পারিব না ॥১৮—১৯॥

ন চ তেঽয়ং সমারম্ভো ময়ি মোঘো ভবিষ্যতি।
বধ্যান্ বিষহ্যান্ সংগ্রামে ন হনিষ্যামি তে সুতান্ ॥২০॥
যুধিষ্ঠিরঞ্চ ভীমঞ্চ যমৌ চৈবার্জ্জুনাদৃতে।
অর্জ্জুনেন সমং যুদ্ধমপি যৌধিষ্ঠিরে বলে ॥২১॥ (যুগ্মকম্)
অর্জ্জুনং হি নিহত্যাজৌ সংপ্রাপ্তং স্যাৎ ফলং ময়া।
যশসা চাপি যুজ্যেয়ং নিহতঃ সব্যসাচিনা ॥২২॥
ন তে জাতু নশিষ্যন্তি পুত্রাঃ পঞ্চ যশস্বিনি।।
নিরর্জ্জুনাঃ সকর্ণা বা সার্জ্জুনা বা হতে ময়ি ॥২৩॥
ইতি কর্ণবচঃ শ্রুত্বা কুন্তী দুঃখাৎ প্রবেপতী।
উবাচ পুত্রমাশ্লিষ্য কর্ণং ধৈর্য্যাদকম্পনম্ ॥২৪॥

ভারতকৌমুদী

মাতুঃ সন্মানরক্ষার্থং প্রতিজানীতে নেতি। সমারম্ভঃ অভীষ্টসাধনোদ্যমঃ, মোঘো ব্যর্থঃ। বধ্যান্ অপরাধেন বধযোগ্যানপি, বিষহ্যান্ হন্তুং শক্যানপি। সুতানিতি কিং সর্ব্বানিত্যাহ যুধীতি। যমৌ নকুলসহদেবৌ। কিন্তু অর্জ্জুনাদৃতে বিনা। যুদ্ধং করিষ্যামি ॥২০—২১॥

অর্জুনমিতি। আজৌ যুদ্ধে। ফলং যুদ্ধশিক্ষায়াঃ। যশসা অর্জুনেন সহ যোধাৎ ॥২২॥

নেতি। জাতু কদাচিৎ, নশিষ্যন্তি ময়া। নিরর্জুনা নিহতার্জুনাঃ ॥২৩॥

ইতীতি। প্রবেপতী প্রবেপমানা কম্পমানা। অকম্পনম্ অবিচলিতম্ ॥২৪॥

তবে, আপনার এই উদ্যম আমার নিকটে ব্যর্থ হইবে না। কারণ, আপনার পুত্রদের মধ্যে এক অর্জ্জুন ব্যতীত যুধিষ্ঠির, ভীম, নকুল ও সহদেব যুদ্ধে আমার নিকটে বধ্য হইলেও কিংবা তাহাদিগকে বধ করিতে পারিলেও তাহা আমি করিব না। কিন্তু যুধিষ্ঠিরের সৈন্যের মধ্যে অর্জ্জুনের সহিত আমি (প্রাণপণে) যুদ্ধ করিব ॥২০—২১॥

কারণ, আমি যুদ্ধে অর্জ্জুনকে বধ করিয়া যুদ্ধশিক্ষার ফল লাভ করিব, কিংবা অর্জ্জুনকর্তৃক নিহত হইয়া যশস্বী হইব ॥২২॥

যশস্বিনি! জননি! মোটের উপর আপনার পঞ্চ পুত্র কখনও নষ্ট হইবে না (পাঁচ পুত্র থাকিবেই)। কারণ, অর্জ্জুন নিহত হইলে আমাকে লইয়া পাঁচ পুত্র থাকিবে, কিংবা আমি নিহত হইলে অর্জুনকে লইয়া পাঁচ পুত্র থাকিবে ॥২৩॥

কর্ণের এই কথা শুনিয়া কুন্তী দুঃখে কম্পিত হইতে থাকিয়া অত্যন্তধৈর্য্যশালী পুত্র কর্ণকে আলিঙ্গন করিয়া বলিলেন—॥২৪॥

---

(২৩) ন তে জাতু চ নঙ্ক্ষ্যন্তি…পি।

এবং বৈ ভাব্যমেতেন ক্ষয়ং যাস্যন্তি কৌরবাঃ।
যথা ত্বং ভাষসে কর্ণ! দৈবন্তু বলবত্তরম্ ॥২৫॥
ত্বয়া চতুর্ণাং ভ্রাতৄণামভয়ং শত্রুকর্ষণ!।
দত্তং তৎ প্রতিজানীহি সঙ্গরপ্রতিমোচনম্ ॥২৬॥
অনাময়ং স্বস্তি চেতি পৃথাথো কর্ণমব্রবীৎ।
তাং কর্ণোঽভ্যবদৎ প্রীতস্ততস্তৌ জগ্মতুঃ পৃথক্ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি ভগবদ্যানে কুন্তীকর্ণসমাগমে ষট্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। এতেন যুদ্ধেন। দৈবাদেবায়ং কৌরবক্ষয় ইতি ভাবঃ ॥২৫॥

ত্বয়েতি। সঙ্গরে যুদ্ধে প্রতিমোচনম্ অর্জ্জুনেতরেষাং পাণ্ডবানাং পরিত্যাগম্ ॥২৬॥

অনেতি। অথো পৃথা, তব অনাময়মারোগ্যম্, স্বস্তি মঙ্গলঞ্চ ভবতু, ইতি কর্ণমব্রবীৎ। কর্ণোঽপি প্রীতঃ সন্ তাং পৃথামভ্যবদৎ অভ্যবাদয়ৎ। ততস্তৌ কুন্তীকর্ণৌ, পৃথক্ ভিন্নপথাভ্যাং জগ্মতুঃ। সঙ্গরপ্রতিমোচনপ্রতিজ্ঞা তু শিরশ্চালনেন কৃতেতি বোধ্যম্ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি ভগবদ্যানে ষট্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তদস্মাদেবানৃণ্যং কর্ত্তব্যম্ ॥১৫—১৯॥ বধ্যান্ বধার্হান্ বিষহান্ হন্তুং শক্যানপীত্যর্থঃ ॥২০—২৬॥ সা চ স চ তৌ ধর্ম্মাধর্ম্মৌ ন ত্যক্তো ধর্ম্মাধর্ম্মৈকসংশ্রয়ো। প্রার্থিতাবপি পিত্রাদ্যৈঃ কর্ণদুর্য্যোধনাবিবেতি কৃৎস্নাখ্যায়িকাতাৎপর্য্যম্ ॥২৭॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৬॥

'কর্ণ! তুমি যেরূপ বলিলে, এইরূপই হইবে? এই যুদ্ধেই কৌরবেরা ক্ষয় পাইবেন? হায়! দৈবই প্রবল ॥২৫॥

বৎস শত্রুদমন! তুমি অর্জ্জুনভিন্ন অপর চারি ভ্রাতার অভয় দান করিয়াছ। অতএব প্রতিজ্ঞা কর যে, যুদ্ধে তাহাদিগকে ছাড়িয়া দিবে'। (কর্ণ মস্তককম্পন দ্বারা তাহাই স্বীকার করিলেন) ॥২৬॥

তাহার পর কুন্তী কর্ণকে বলিলেন—'বৎস! তুমি নীরোগ হইয়া থাক এবং তোমার মঙ্গল হউক'। কর্ণও সন্তুষ্ট হইয়া কুন্তীকে অভিবাদন করিলেন। তাহার পর তাঁহারা ভিন্ন ভিন্ন পথে চলিয়া গেলেন ॥২৭॥

---

* '...ষট্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ। *

—:০:—

বৈশম্পায়ন উবাচ।

আগম্য হাস্তিনপুরাদুপপ্লব্যমরিন্দমঃ।
পাণ্ডবানাং যথাবৃত্তং কেশবঃ সর্ব্বমুক্তবান্ ॥১॥
সংভাষ্য সুচিরং কালং মন্ত্রয়িত্বা পুনঃ পুনঃ।
স্বমেব ভবনং শৌরির্বিশ্রামার্থং জগাম হ ॥২॥
বিসৃজ্য সর্ব্বান্ নৃপতীন্ বিরাটপ্রমুখাংস্তদা।
পাণ্ডবা ভ্রাতরঃ পঞ্চ ভানাবস্তং গতে সতি ॥৩॥
সন্ধ্যামুপাস্য ধ্যায়ন্তস্তমেব গতমানসাঃ।
আনায্য কৃষ্ণং দাশার্হং পুনর্মন্ত্রমমন্ত্রয়ন্ ॥৪॥ (যুগ্মকম্)

যুধিষ্ঠির উবাচ।

ত্বয়া নাগপুরং গত্বা সভায়াং ধৃতরাষ্ট্রজঃ।
কিমুক্তঃ পুণ্ডরীকাক্ষ! তন্মঃ শংসিতুমর্হসি ॥৫॥

ভারতকৌমুদী

আগম্যেতি। উপপ্লব্যং তদানীং পাণ্ডবানামাবাসভূতং বিরাটনগরবিশেষম্ ॥১॥
সংভাষ্যেতি। সংভাষ্য আলপ্য। শৌরিঃ কৃষ্ণঃ ॥২॥
বিসৃজ্যেতি। ভানৌ সূর্য্যে। তং কৃষ্ণমেব। অমন্ত্রয়ন্ অকুর্ব্বন্ ॥৩—৪॥
ত্বয়েতি। নাগপুরং হস্তিনানগরম্। ধৃতরাষ্ট্রজো দুর্য্যোধনঃ ॥৫॥

বৈশম্পায়ন কহিলেন—এদিকে অরিন্দম কৃষ্ণ হস্তিনানগর হইতে উপপ্লব্য-নগরে আসিয়া পাণ্ডবগণের নিকটে সমস্ত বৃত্তান্ত যথাযথভাবে বলিলেন ॥১॥

এবং কৃষ্ণ পাণ্ডবগণের সহিত দীর্ঘকাল আলাপ ও বার বার মন্ত্রণা করিয়া বিশ্রাম করিবার জন্য আপন ভবনেই চলিয়া গেলেন ॥২॥

ক্রমে সূর্য্য অস্তমিত হইলে, পাণ্ডবেরা পঞ্চ ভ্রাতা বিরাটপ্রভৃতি সকল রাজাকে বিদায় দিয়া, ধ্যানযোগে সন্ধ্যোপাসনা করিয়া, কৃষ্ণকেই চিন্তা করিতে থাকিয়া, তাঁহাকে আনাইয়া পুনরায় মন্ত্রণা করিতে লাগিলেন ॥৩—৪॥

যুধিষ্ঠির বলিলেন—'কৃষ্ণ! তুমি হস্তিনানগরে যাইয়া রাজসভায় দুর্য্যোধনকে কি বলিয়াছিলে, তাহা আমাদের নিকট বল' ॥৫॥

---

* ইতঃ পূর্ব্বম্ 'সৈন্যনির্য্যাণপর্ব্ব' ইতি পাঠঃ—ব। (১)…উপপ্লাব্যমরিন্দমঃ…নি।

বাসুদেব উবাচ।

ময়া নাগপুরং গত্বা সভায়াং ধৃতরাষ্ট্রজঃ।
তথ্যং পথ্যং হিতঞ্চোক্তো ন চ গৃহ্লাতি দুর্ম্মতিঃ ॥৬॥

যুধিষ্ঠির উবাচ।

তস্মিন্ উৎপথমাপন্নে কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
কিমুক্তবান্ হৃষীকেশ! দুর্য্যোধনমমর্ষণম্ ॥৭॥
আচার্য্যো বা মহাভাগ! ভারদ্বাজঃ কিমব্রবীৎ।
পিতা বা ধৃতরাষ্ট্রস্তং গান্ধারী বা কিমব্রবীৎ ॥৮॥
পিতা যবীয়ানস্মাকং ক্ষত্তা ধর্ম্মবিদাং বরঃ।
পুত্রশোকাভিসন্তপ্তঃ কিমাহ ধৃতরাষ্ট্রজম্ ॥৯॥
কিঞ্চ সর্ব্বে নৃপতয়ঃ সভায়াং যে সমাসতে।
উক্তবন্তো যথাতত্ত্বং তদ্‌ব্রূহি ত্বং জনার্দ্দন! ॥১০॥

ভারতকৌমুদী

ময়েতি। তথ্যং সত্যম্, পথ্যং নীতিপথোচিতম্, হিতমুভয়পক্ষয়োঃ ॥৬॥

তস্মিন্নিতি। তস্মিন্ ধৃতরাষ্ট্রজে, উৎপথং বিপরীতমার্গম্, আপন্নে প্রাপ্তে ॥৭॥

আচার্য্য ইতি। ভারদ্বাজো দ্রোণঃ। গান্ধারী বা মাতেতি তাৎপর্য্যম্ ॥৮॥

পিতেতি। যবীয়ান্ পিতা পিতৃব্যঃ, ক্ষত্তা বিদুরঃ। পুত্রাণাং পুত্রস্থানীয়ানামস্মাকং শোকেন বিরহাদিদুঃখেন অভিসন্তপ্তঃ। ধৃতরাষ্ট্রজং দুর্য্যোধনম্ ॥৯॥

কিমিতি। সমাসতে তিষ্ঠন্তি। তে সর্ব্বে নৃপতয়শ্চ কিমুক্তবন্ত ইতি সম্বন্ধঃ ॥১০॥

কৃষ্ণ বলিলেন—'আমি হস্তিনানগরে যাইয়া রাজসভায় দুর্য্যোধনের নিকটে সত্য, ন্যায়সঙ্গত এবং উভয়পক্ষের হিতকর কথা বলিয়াছিলাম, কিন্তু সে দুর্মতি তাহা গ্রহণ করে নাই' ॥৬॥

যুধিষ্ঠির কহিলেন—'হৃষীকেশ! দুর্য্যোধন বিপরীত পথে চলিলে, কুরুবৃদ্ধ ভীষ্ম সেই অসহিষ্ণুকে কি বলিলেন? ॥৭॥

মহাভাগ! দ্রোণাচার্য্য কি কহিলেন? পিতা ধৃতরাষ্ট্র, কিংবা মাতা গান্ধারীই বা তাহাকে কি বলিলেন? ॥৮॥

আমাদের পিতৃব্য এবং আমাদেরই শোকে সন্তপ্ত ধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ বিদুরই বা দুর্য্যোধনকে কি কহিলেন? ॥৯॥

তদ্ভিন্ন, সেই রাজসভায় যাঁহারা ছিলেন, সেই রাজারা সকলেই বা কি বলিয়াছিলেন? কৃষ্ণ। তুমি যথাযথভাবে সেই সকল কথা বল ॥১০॥

(৮)···মহাভাগো ভারদ্বাজঃ···পি। (১০)···ব্রূহি তত্ত্বং জনার্দ্দন!—পি।

উক্তবান্ হি ভবান্ সর্ব্বং বচনং কুরুমুখ্যয়োঃ।
ধার্ত্তরাষ্ট্রস্তু তেষাং হি বচনং কুরুসংসদি।
কামলোভাভিভূতস্য মন্দস্য প্রাজ্ঞমানিনঃ ॥১১॥
অপ্রিয়ং হৃদয়ে মহ্যং তন্ন তিষ্ঠতি কেশব !।
তেষাং বাক্যানি গোবিন্দ ! শ্রোতুমিচ্ছাম্যহং বিভো ! ॥১২॥ (যুগ্মকম্)
যথা চ নাভিপদ্যেত কালস্তাত ! তথা কুরু।
ভবান্ হি নো গতিঃ কৃষ্ণ ! ভবান্ নাথো ভবান্ গুরুঃ ॥১৩॥

বাসুদেব উবাচ।

শৃণু রাজন্ ! যথা বাক্যমুক্তো রাজা সুযোধনঃ।
মধ্যে কুরূণাং রাজেন্দ্র ! সভায়াং তন্নিবোধ মে ॥১৪॥
ময়া বিশ্রাবিতে বাক্যে জহাস ধৃতরাষ্ট্রজঃ।
অথ ভীষ্মঃ সুসংক্রুদ্ধ ইদং বচনমব্রবীৎ ॥১৫॥

ভারতকৌমুদী

উক্তবানিতি। কুরুমুখ্যয়োঃ ভীষ্মধৃতরাষ্ট্রয়োঃ সমীপে। তেষাং কুরুমুখ্যাদীনাম্, মহ্যং মদ্ধিতং তৎ বচনম্, হৃদয়ে ন তিষ্ঠতীতি সম্বন্ধঃ। পূর্ব্বঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥১১—১২॥

যথেতি। নাভিপদ্যেত নাতীয়াৎ। নঃ অস্মাকম্। নাথো রক্ষকঃ ॥১৩॥

শৃণ্বিতি। নিবোধ শ্রুত্বা তদর্থমবধারয় ॥১৪॥

ময়েতি। বিশ্রাবিতে বিশেষেণ শ্রাবিতে, ধৃতরাষ্ট্রজো দুর্য্যোধনঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

আগম্যেতি। পাণ্ডবানাং পুর ইতি শেষঃ ॥১—৪॥ নাগপুরং হাস্তিনপুরম্ ॥৫॥ পথ্যং ন্যায়োপেতং, হিতং উভয়ত্র অযাবহম্ ॥৬—১০॥ কুরুমুখ্যয়োঃ ভীষ্মধৃতরাষ্ট্রয়োঃ তেষাং রাজ্ঞাঞ্চ বচনং যচ্চ ভবানুক্তবান্ বচনং মহ্যং মদর্থং তৎসর্ব্বং ধার্ত্তরাষ্ট্রস্য হৃদয়ে ন তিষ্ঠতীতি

কৃষ্ণ ! তুমি কৌরবসভায় নিশ্চয়ই কুরুশ্রেষ্ঠ ভীষ্ম ও ধৃতরাষ্ট্রের নিকটে সমস্ত কথাই বলিয়াছিলে। তা'র পর তোমার ও তাঁহাদের সেই কথাগুলি আমারও হিতকর বলিয়া সম্ভবতঃ কাম ও লোভে অভিভূত, মূর্খ, অথচ পণ্ডিতাভিমানী দুর্য্যোধনের হৃদয়ে স্থান পায় নাই। 'সে যাহা হউক, প্রভু গোবিন্দ ! তাঁহাদের কথাগুলি আমি শুনিতে ইচ্ছা করি ॥১১—১২॥

বৎস ! যাহাতে সময় অতীত না হয়, তাহা কর। কারণ, তুমিই আমাদের আশ্রয়, তুমিই আমাদের রক্ষক এবং তুমিই আমাদের উপদেষ্টা' ॥১৩॥

কৃষ্ণ বলিলেন—'রাজশ্রেষ্ঠ রাজা ! শ্রবণ করুন, আমি সভায় কৌরবগণের মধ্যে রাজা দুর্য্যোধনকে যে সকল কথা বলিয়াছিলাম, তাহা শুনিয়া আপনি কর্ত্তব্য স্থির করুন ॥১৪॥

দুর্য্যোধন ! নিবোধেদং কুলার্থে যদ্ব্রবীমি তে ।
তচ্ছ্রুত্বা রাজশার্দ্দূল ! স্বকুলস্য হিতং কুরু ॥১৬॥
মম তাত ! পিতা রাজন্ ! শান্তনুর্লোকবিশ্রুতঃ ।
তস্যাহমেক এবাসং পুত্রঃ পুত্রবতাং বরঃ ॥১৭॥
তস্য বুদ্ধিঃ সমুৎপন্না দ্বিতীয়ঃ স্যাৎ কথং সুতঃ ।
একপুত্রমপুত্রং বৈ প্রবদন্তি মনীষিণঃ ॥১৮॥
ন চোচ্ছেদং কুলং যায়াদ্বিস্তীর্য্যেচ্চ কথং যশঃ ।
তস্যাহমীপ্সিতং বুদ্ধ্বা কালীং মাতরমাবহম্ ।
প্রতিজ্ঞাং দুষ্করাং কৃত্বা পিতুরর্থে কুলস্য চ ॥১৯॥
অরাজা চোর্দ্ধরেতাশ্চ যথা সুবিদিতং তব ।
প্রতীতো নিবসাম্যেষ প্রতিজ্ঞামনুপালয়ন্ ॥২০॥

ভারতকৌমুদী

দুরিতি। ঈদৃশভীষ্মোক্তেস্তত্রালিখিতত্বেঽপি অত্র লিখিতত্বাত্তথাসীদিতি মন্তব্যম্ ॥১৬॥
মমেতি। পুত্রবতাং বরঃ শান্তনুরিতি সম্বন্ধঃ ॥১৭॥
তস্যেতি। অপুত্রং পুত্রাভাবতুল্যম্, একস্য নাশে নির্বংশত্বসাম্যাৎ ॥১৮॥
নেতি। কালীং সত্যবতীম্, আবহম্ দাসগৃহাৎ আনয়ম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥
অরাজেতি। ঊর্দ্ধরেতা ব্রহ্মচারী। প্রতীতঃ এতদবস্থয়ৈব সন্তুষ্টঃ ॥২০॥

আমি হিতের কথাগুলি বিশেষভাবে শুনাইলে, দুর্য্যোধন হাস্য করিয়াছিলেন। তাহার পর ভীষ্ম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া এইরূপ বলিতে লাগিলেন ॥১৫॥

'রাজশ্রেষ্ঠ দুর্য্যোধন ! বংশরক্ষার জন্য আমি তোমাকে যাহা বলিতেছি, তাহা তুমি শ্রবণ কর, এবং তাহা শ্রবণ করিয়া আপন বংশের হিত কর ॥১৬॥

বৎস ! রাজা ! পুত্রবান্‌দিগের মধ্যে শ্রেষ্ঠ ও লোকবিখ্যাত শান্তনু আমার পিতা ছিলেন এবং আমিই তাঁহার একমাত্র পুত্র ছিলাম ॥১৭॥

তখন তাঁহার বুদ্ধি হইল—কি করিয়া আমার দ্বিতীয় পুত্র হয়। কারণ, জ্ঞানীরা বলেন—'একপুত্র, পুত্র না থাকারই মত' ॥১৮॥

কি করিয়া বংশ লোপ না পায়, কি করিয়াই বা যশ বিস্তৃত হয়।' আমি তাঁহার এইরূপ ইচ্ছা বুঝিতে পারিয়া, তাঁহার জন্য ও বংশরক্ষার জন্য দুষ্কর প্রতিজ্ঞা করিয়া মাতা সত্যবতীকে আনয়ন করিলাম ॥১৯॥

তাহার পর আমি প্রতিজ্ঞা রক্ষার জন্য রাজা না হইয়া ব্রহ্মচারী থাকিয়া এই যে সন্তুষ্টচিত্তে বাস করিতেছি, তাহা তোমার ভাল জানা আছে ॥২০॥

(১৯)…বিস্তীর্য্যেত কথং যশঃ…পি,…কালীং মাতরমাহরম্—ব।

তস্যাং জজ্ঞে মহাবাহুঃ শ্রীমান্ কুরুকুলোদ্বহঃ।
বিচিত্রবীর্য্যো ধর্ম্মাত্মা কনীয়ান্ মম পার্থিব! ॥২১॥
স্বর্যাতেঽহং পিতরি তং স্বরাজ্যে সংন্যবেশয়ম্।
বিচিত্রবীর্য্যং রাজানং ভৃত্যো ভূত্বা হ্যধশ্চরঃ ॥২২॥
তস্যাহং সদৃশান্ দারান্ রাজেন্দ্র! সমুপাহরম্।
জিত্বা পার্থিবসংঘাতমপি তে বহুশঃ শ্রুতম্।
ততো রামেণ সমরে দ্বন্দ্বযুদ্ধমুপাগমম্ ॥২৩॥
স হি রামভয়াদেভির্নাগরৈর্বিপ্রবাসিতঃ।
দারেষ্বপ্যতিসক্তশ্চ যক্ষ্মাণং সমপদ্যত ॥২৪॥
যদা ত্বরাজকে রাষ্ট্রে ন ববর্ষ সুরেশ্বরঃ।
তদাভ্যধাবন্ মামেব প্রজাঃ ক্ষুদ্ভয়পীড়িতাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

তস্যামিতি। তস্যাং কাল্যাম্। শ্রীমান্ কান্তিমান্ ॥২১॥

স্বরিতি। পিতরি শান্তনৌ। ভৃত্যো মন্ত্রী, অধশ্চরঃ নিম্নবর্ত্তী ॥২২॥

তস্যেতি। সদৃশান্ যোগ্যান্। পার্থিবসংঘাতং রাজসমূহম্। রামেণ জামদগ্ন্যেন। বিস্তরেণ এতদুপাখ্যানদ্বয়ং পরত্র বক্ষ্যতি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

স ইতি। স বিচিত্রবীর্য্যঃ। বিপ্রবাসিতঃ অপসারিতঃ যক্ষ্মাণং রোগম্ ॥২৪॥

যদেতি। রাষ্ট্রে রাজ্যে, সুরেশ্বর ইন্দ্রঃ ॥২৫॥

রাজা! তৎপরে সেই সত্যবতীর গর্ভে মহাবাহু, সুন্দরমূর্ত্তি ও ধর্ম্মাত্মা আমার কনিষ্ঠ ভ্রাতা কুরুকুলরক্ষক বিচিত্রবীর্য্য জন্ম গ্রহণ করিলেন ॥২১॥

কালক্রমে পিতৃদেব স্বর্গারোহণ করিলে, আমিই সেই বিচিত্রবীর্য্যকে আপন রাজ্যে রাজা করিয়া সংস্থাপন করিলাম; আর আমি তাঁহার ভৃত্য (মন্ত্রী) হইয়া নিম্নে থাকিলাম ॥২২॥

রাজশ্রেষ্ঠ! তদনন্তর আমিই রাজসমূহকে জয় করিয়া বিচিত্রবীর্য্যের জন্য তাঁহার উপযুক্ত ভার্য্যা আনয়ন করিলাম; এই ঘটনা তুমি বহুবার শুনিয়াছ। তৎপরে পরশুরামের সঙ্গে দ্বন্দ্বযুদ্ধে গমন করিলাম ॥২৩॥

এদিকে এই নগরবাসীরা পরশুরামের ভয়ে বিচিত্রবীর্য্যকে অপসারিত করিল; বিচিত্রবীর্য্যও ভার্য্যাবর্গে অত্যন্ত আসক্ত হওয়ায় যক্ষ্মরোগগ্রস্ত হইয়া মৃত্যুমুখে পতিত হইলেন ॥২৪॥

তাহার পর রাজ্য অরাজক হইলে, ইন্দ্র যখন বর্ষা করিতে লাগিলেন না, তখন প্রজারা ক্ষুধায় ও অত্যাচারভয়ে পীড়িত হইয়া আমার নিকটেই উপস্থিত হইল ॥২৫॥

প্রজা ঊচুঃ।

উপক্ষীণাঃ প্রজাঃ সর্ব্বা রাজা ভব ভবায় নঃ।
ঈতীঃ প্রণুদ ভদ্রং তে শান্তনোঃ কুলনন্দন! ॥২৬॥
পীড্যন্তে তে প্রজাঃ সর্ব্বা ব্যাধিভির্ভৃশদারুণৈঃ।
অল্পাবশিষ্টা গাঙ্গেয়! তাঃ পরিত্রাতুমর্হসি ॥২৭॥
ব্যাধীন্ প্রণুদ্য বীর! ত্বং প্রজা ধর্ম্মেণ পালয়।
ত্বয়ি জীবতি মা রাষ্ট্রং বিনাশমুপগচ্ছতু ॥২৮॥

ভীষ্ম উবাচ।

প্রজানাং ক্রোশতীনাং বৈ নৈবাক্ষুভ্যত মে মনঃ।
প্রতিজ্ঞাং রক্ষমাণস্য সদ্বৃত্তং স্মরতস্তথা ॥২৯॥

ভারতকৌমুদী

উপেতি। ভবায় মঙ্গলায়। ঈতীঃ অনাবৃষ্ট্যাদ্যনর্থান্, প্রণুদ দূরীকুরু। ঈতীরাহ রঘুবংশে মল্লিনাথঃ—"অতিবৃষ্টিরনাবৃষ্টিঃ শলভা মূষিকাঃ শুকাঃ। প্রত্যাসন্নাশ্চ রাজানঃ ষড়েতা ঈতয়ঃ স্মৃতাঃ॥" তথাত্বে চ তে তবাপি ভদ্রং মঙ্গলং ভবেদিতি শেষঃ ॥২৬॥

পীড্যন্ত ইতি। পরিত্রাতুমর্হসি, রাজপদগ্রহণেন ব্যাধিকারণাপসারণাদিত্যাশয়ঃ ॥২৭॥

ব্যাধীনিতি। রাষ্ট্রং রাজ্যং কর্তৃ, বিনাশং মা উপগচ্ছতু ন প্রাপ্নোতু ॥২৮॥

প্রজানামিতি। ক্রোশতীনাম্ আর্ত্তোক্তিকারিণীনামুক্তিভিরপি ॥২৯॥

ভারতভাবদীপঃ

ষয়োঃ সখ্যঃ ॥১১—১২॥ নাভিপশ্যেত নাভিকামেত, নোহবাকম্ ॥১৩—১৮॥ কালীং সত্যবতীম্ ॥১৯॥ প্রতীতঃ তুষ্টঃ ॥২০—২৩॥ বিপ্রবাসিতঃ দূরে স্থাপিতঃ রামভয়াৎ স্বয়ং পলায়নেন প্রজাভিস্তদীয়শিবিরস্তঃ শূন্যতাকরণাৎ ॥২৪-২৫॥ ঈতীঃ অনাবৃষ্ট্যাদিরূপাঃ ॥২৬—৪৩॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥১৩৭॥

প্রজারা বলিল—'শান্তনুনন্দন! আপনার প্রজারা সকলে ক্ষয় পাইতে বসিয়াছে। সুতরাং আপনি আমাদের মঙ্গলের জন্য রাজা হউন এবং অনাবৃষ্টি-প্রভৃতি অনর্থ নিবারণ করুন, তাহাতে আপনারও মঙ্গল হইবে ॥২৬॥

গঙ্গানন্দন! আপনার প্রজারা অতিদারুণ রোগসমূহে পীড়িত হইতেছে এবং তাঁহারা এখন অল্পমাত্রই অবশিষ্ট আছে। অতএব আপনি তাহাদিগকে রক্ষা করুন ॥২৭॥

বীর! আপনি রাজ্যের রোগ সকল দূর করিয়া ধর্ম্ম অনুসারে প্রজা পালন করুন; আপনি জীবিত থাকিতে রাজ্যটা যেন বিনষ্ট হয় না।' ॥২৮॥

ভীষ্ম বলিলেন—'আমি সজ্জনের ব্যবহার স্মরণ করিয়া প্রতিজ্ঞা রক্ষা

(২৯)···যদ্বৃত্তং স্মরতস্তথা—পি।

ততঃ পৌরা মহারাজ! মাতা কালী চ মে শুভা।
ভৃত্যাঃ পুরোহিতাচার্য্যা ব্রাহ্মণাশ্চ বহুশ্রুতাঃ।
মামূচুর্ভৃশসন্তপ্তা ভব রাজেতি সন্ততম্ ॥৩০॥
প্রতীপরক্ষিতং রাষ্ট্রং ত্বাং প্রাপ্য বিনশিষ্যতি।
স ত্বমস্মদ্ধিতার্থং বৈ রাজা ভব মহামতে! ॥৩১॥
ইত্যুক্তঃ প্রাঞ্জলির্ভূত্বা দুঃখিতো ভৃশমাতুরঃ।
তেভ্যো হ্যবেদয়ং তত্র প্রতিজ্ঞাপিতৃগৌরবাৎ ॥৩২॥
ঊর্দ্ধরেতা হ্যরাজা চ কুলস্যার্থে পুনঃ পুনঃ।
বিশেষতস্ত্বদর্থঞ্চ ধুরি মা মাং নিযোজয় ॥৩৩॥ (যুগ্মকম্)
ততোঽহং প্রাঞ্জলির্ভূত্বা মাতরং সংপ্রসাদয়ম্।
নাম্ব! শান্তনুনা জাতঃ কৌরবং বংশমুদ্বহন্ ॥৩৪॥

ভারতকৌমুদী

তত ইতি। কালী সত্যবতী। সন্ততমনবরতম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩০॥
প্রতীপেতি। প্রতীপেন তদাখ্যেন শান্তনুপিত্রা রাজ্ঞা রক্ষিতং রাষ্ট্রং রাজ্যম্ ॥৩১॥
ইতীতি। তেভ্যঃ পৌরাদিভ্যঃ। প্রতিজ্ঞায়াঃ পিতুশ্চ গৌরবাৎ বিশেষতঃ, হে মাতঃ! ত্বদর্থকাহম্ ঊর্দ্ধরেতা অরাজা চাভবম্। অতএব কুলস্যার্থে ধুরি রাজ্যভারে চ মাং পুনঃ পুনর্মা নিযোজয় ॥৩২—৩৩॥

করিতেছিলাম। তাই প্রজাদের সেই কাতরোক্তিতেও আমার মন বিচলিত হইল না ॥২৯॥

মহারাজ! তাহার পর পুরবাসীরা, আমার কল্যাণী মাতা সত্যবতী, ভৃত্যেরা, পুরোহিতেরা, আচার্য্যেরা এবং বহুশ্রুত ব্রাহ্মণেরা অত্যন্ত সন্তপ্ত হইয়া অনবরত আমাকে বলিতে লাগিলেন—'রাজা হও, রাজা হও ॥৩০॥

মহারাজ প্রতীপ যে রাজ্য রক্ষা করিয়া গিয়াছেন, সেই রাজ্য তোমার হাতে আসিয়া নষ্ট হইবে। অতএব মহামতি! তুমি আমাদের মঙ্গলের জন্য রাজা হও' ॥৩১॥

তাঁহারা এইরূপ বলিলে, তখন আমি অত্যন্ত দুঃখিত, কাতর ও কৃতাঞ্জলি হইয়া তাঁহাদিগকে জানাইলাম যে, আমি প্রতিজ্ঞা ও পিতার গৌরব রক্ষা করিবার জন্য আর বিশেষভাবে আপনার জন্য ঊর্দ্ধরেতা হইয়াছি এবং রাজা হই নাই। অতএব বংশরক্ষার জন্য এবং রাজ্যভার গ্রহণ করিবার জন্য আপনারা আমাকে বার বার আদেশ করিবেন না ॥৩২—৩৩॥

প্রতিজ্ঞাং বিতথাং কুর্য্যামিতি রাজন্! পুনঃ পুনঃ।
বিশেষতস্ত্বদর্থঞ্চ প্রতিজ্ঞাং কৃতবানহম্ ॥৩৫॥ (যুগ্মকম্)
অহং প্রেষ্যশ্চ শিষ্যশ্চ তবাস্ম সুতবৎসলে!।
এবং তামনুনীয়াহং মাতরং জনমেব চ ॥৩৬॥
অযাচং ভ্রাতৃদারেষু তদা ব্যাসং মহামুনিম্।
সহ মাত্রা মহারাজ! প্রসাদ্য তমৃষিং তদা ॥৩৭॥ (যুগ্মকম্)
অপত্যার্থং মহারাজ! প্রসাদং কৃতবাংশ্চ সঃ।
ত্রীন্ পুত্রান্ জনয়ামাস তদা ভরতসত্তম! ॥৩৮॥
অন্ধঃ করণহীনত্বান্ন বৈ রাজা পিতা তব।
রাজা তু পাণ্ডুরভবন্মহাত্মা লোকবিশ্রুতঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

তত ইতি। সংপ্রসাদয়ং সংপ্রাসাদয়ম্। অড়াগমাভাব আর্ষঃ। হে অম্ব! মাতঃ! প্রতিজ্ঞাং বিতথাং মিথ্যা ন কুর্য্যামিতি সম্বন্ধঃ। রাজন্নিতি দুর্য্যোধনসম্বোধনম্ ॥৩৪—৩৫॥

এবমিতি। জনং পৌরাদিলোকম্। ভ্রাতৃদারেষু সন্তানোৎপাদনমিতি শেষঃ ॥৩৬—৩৭॥

অপত্যেতি। অপত্যার্থং সন্তানোৎপাদনার্থম্। স ব্যাসঃ ॥৩৮॥

অন্ধ ইতি। অন্ধো জন্মান্ধঃ। অতএব করণহীনত্বাচ্চক্ষুরিন্দ্রিয়াভাবাৎ দৃষ্ট্যা রাজকার্য্যকরণাক্ষমতয়া তব পিতা রাজা নাভবৎ, "অনংশৌ ক্লীবপতিতৌ জাত্যন্ধবধিরৌ তথা" ইতি স্মৃতেরিতি ভাবঃ। "করণং সাধকতমং ক্ষেত্রগাত্রেন্দ্রিয়েষ্বপি" ইত্যমরঃ ॥৩৯॥

রাজা! তাহার পর আবার আমি কৃতাঞ্জলি হইয়া মাতা সত্যবতীকে প্রসন্ন করিলাম (এবং বলিলাম—) মা! বিশেষতঃ আমি আপনার জন্যই সে প্রতিজ্ঞা করিয়াছিলাম। সুতরাং শান্তনুর ঔরসে জন্মিয়া কৌরববংশ রক্ষা করিতে থাকিয়া আমি সে প্রতিজ্ঞা মিথ্যা করিতে পারি না। এই কথা আমি বার বার বলিয়াছিলাম ॥৩৪—৩৫॥

পুত্রবৎসলে! আমি আপনার প্রেষ্য ও শিষ্য। মহারাজ! এইভাবে আমি সেই মাতা সত্যবতীর ও উপস্থিত লোকদিগের অনুনয় করিয়া, পরে মাতৃদেবীর সহিত মিলিত হইয়া মহর্ষি বেদব্যাসকে প্রসন্ন করিয়া তাঁহার নিকট ভ্রাতৃভার্য্যাদের গর্ভে সন্তান উৎপাদনের প্রার্থনা করিলাম ॥৩৬—৩৭॥

ভরতশ্রেষ্ঠ মহারাজ! তখন তিনি সন্তান উৎপাদনবিষয়ে অনুগ্রহ করিলেন এবং ভ্রাতৃভার্য্যাদের গর্ভে (ও একজন দাসীর গর্ভে) তিনটী পুত্র উৎপাদন করিলেন ॥৩৮॥

(৩৬) অহং প্রেষ্যশ্চ দাসশ্চ···মাতরং জনসন্নিধৌ—বা ব রা নি। (৩৮)···ত্রীন্ স পুত্রানজনয়ৎ···বা ব রা নি।

স রাজা তস্য তে পুত্রাঃ পিতুর্দায়হারিণঃ।
মা তাত! কলহং কার্ষী রাজ্যস্যার্দ্ধং প্রদীয়তাম্ ॥৪০॥
ময়ি জীবতি রাজ্যং কঃ সংপ্রশাসেৎ পুমানিহ।
মাঽবমংস্থা বচো মহ্যং শমমিচ্ছামি বঃ সদা ॥৪১॥
ন বিশেষোঽস্তি মে পুত্র! ত্বয়ি তেষু চ পার্থিব!।
মতমেতৎ পিতুস্তভ্যং গান্ধার্য্যা বিদুরস্য চ ॥৪২॥
শ্রোতব্যং খলু বৃদ্ধানাং নাভিশঙ্কীর্বচো মম।
নাশয়িষ্যসি মা সর্ব্বমাত্মানং পৃথিবীং তথা ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি
ভগবদ্যানে ভগবদ্বাক্যে সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। তে পাণ্ডবাঃ। মদভাবে মদ্ধনিবন্ধনধনবৎ ধনং দায়ঃ তদাত্মকং ধনং হরন্তীতি তে। তথা চ "পিতুর্দ্ধং গতে পুত্রা বিভজেয়ুর্ধনং পিতুঃ" ইতি মনুঃ। সর্ব্বমেব রাজ্যাদিকং পাণ্ডোর্ধনং পাণ্ডবা এব লব্ধুমর্হন্তীতি ভাবঃ। তথাপি তেভ্যো রাজ্যার্দ্ধমাত্রং প্রদীয়তাম্, তেনৈব সন্ধৌ লাভ এব ভবেদিত্যাশয়ঃ। "পূর্ব্বস্বামিসম্বন্ধাধীনং তৎস্বাম্যোপরমে যত্র দ্রব্যে স্বত্বং তত্র নিরূঢ়ো দায়শব্দঃ" ইতি দায়ভাগঃ ॥৪০॥

ময়ীতি। ময্যেব পাণ্ডুজ্যেষ্ঠপুত্রতয়ৈব সর্ব্বং রাজ্যং ভবিতুমর্হতীতি ভাবঃ। মহ্যং মম ॥৪১॥

মদীয়ধনে চোভয়োরেব পক্ষয়োঃ সমানোঽধিকার ইত্যাহ নেতি। বিশেষো বৈষম্যম্ ॥৪২॥

তাহার মধ্যে তোমার পিতা (জ্যেষ্ঠ হইলেও) জন্মান্ধ বলিয়া নয়ন না থাকায় রাজা হইতে পারেন নাই; কিন্তু লোকবিখ্যাত মহাত্মা পাণ্ডুই রাজা হইয়াছিলেন ॥৩৯॥

তিনি রাজা হইয়াছিলেন, অথচ পাণ্ডবেরা তাঁহারই পুত্র। অতএব ধর্ম্মশাস্ত্র অনুসারে পাণ্ডবেরাই পিতা পাণ্ডুর সমগ্র ধন পাইতে পারেন। এ অবস্থাতেও তুমি তাঁহাদিগকে রাজ্যের অর্দ্ধমাত্রই দান কর, কিন্তু কলহ করিও না ॥৪০॥

দেখ, আমি জীবিত থাকিতে অন্য কোন্ ব্যক্তি রাজ্য লাভ করিয়া শাসন করিতে পারে? অতএব তুমি আমার বাক্যে অবহেলা করিও না; আমি সর্ব্বদাই তোমাদের শান্তি কামনা করি ॥৪১॥

বৎস! রাজা! তোমরা ও পাণ্ডবেরা এ উভয় পক্ষেরই আমার কাছে কোন বৈষম্য নাই। তা'র পর তোমার পিতা, মাতা এবং বিদুর এই তিন জনেরও এ-ই মত ॥৪২॥

---

* '...সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———:*:———

বাসুদেব উবাচ।

ভীষ্মেণোক্তে ততো দ্রোণো দুর্য্যোধনমভাষত।
মধ্যে নৃপাণাং ভদ্রং তে বচনং বচনক্ষমঃ ॥১॥

প্রাতীপঃ শান্তনুস্তাত ! কুলস্যার্থে যথা স্থিতঃ।
যথা দেবব্রতো ভীষ্মঃ কুলস্যার্থে স্থিতোঽভবৎ ॥২॥

তথা পাণ্ডুর্নরপতিঃ সত্যসন্ধো জিতেন্দ্রিয়ঃ।
রাজা কুরূণাং ধর্ম্মাত্মা সুব্রতঃ সুসমাহিতঃ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শ্রোতব্যমিতি। শ্রোতব্যং বাক্যমিতি শেষঃ। নাশিশকীঃ ন নশ্বিহীথাঃ ॥৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি ভগবদ্যানে সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভীষ্মেণেতি। তে তব যুধিষ্ঠিরস্য ভদ্রং ভদ্রজনকং বচনম্, বচনক্ষমো দ্রোণঃ ॥১॥

প্রাতীপ ইতি। প্রতীপস্য রাজ্ঞোঽপত্যমিতি প্রাতীপঃ। দেবেভ্যো ব্রতং পূজাদি-নিয়মো যস্য সঃ। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ। সুসমাহিতঃ কুলস্যার্থে সুনিবিষ্টচিত্ত আসীৎ ॥২—৩॥

আর এক কথা, বৃদ্ধের বাক্য সকলেরই শোনা উচিত। সুতরাং তুমি আমার বাক্যে সন্দেহ করিও না এবং আপনাকে, পৃথিবীটাকে ও সমগ্র সম্পৎকে নষ্ট করিও না' ॥৪৩॥

———•:::•———

কৃষ্ণ বলিলেন—'মহারাজ ! ভীষ্ম ঐরূপ বলিবার পরে, বাগ্মী দ্রোণাচার্য্য কৌরবগণের মধ্যে আপনার মঙ্গলজনক বাক্য সকল দুর্য্যোধনকে বলিতে লাগিলেন— ॥১॥

'বৎস ! প্রতীপনন্দন শান্তনু যেমন বংশের মঙ্গলের জন্য তৎপর ছিলেন এবং তাঁহার পরে দেবব্রত ভীষ্মও যেমন কুলের হিতের নিমিত্ত মনোযোগী ছিলেন, সেইরূপ সত্যপ্রতিজ্ঞ, জিতেন্দ্রিয়, ধর্ম্মাত্মা এবং সুনিয়মশালী পাণ্ডু রাজা হইয়া বংশের মঙ্গলের জন্য বিশেষ মনোযোগী হইয়াছিলেন ॥২—৩॥

---

(২)…ভীষ্মঃ কুলস্যার্থে ব্যবস্থিতঃ—পি।

জ্যেষ্ঠায় রাজ্যমদদদ্ধৃতরাষ্ট্রায় ধীমতে।
যবীয়সে তথা ক্ষত্ত্রে কুরূণাং বংশবর্দ্ধনঃ ॥৪॥
ততঃ সিংহাসনে রাজন্! স্থাপয়িত্বৈনমচ্যুতম্।
বনং জগাম কৌরব্যো ভার্য্যাভ্যাং সহিতো নৃপঃ ॥৫॥
নীচৈঃ স্থিত্বা তু বিদুরস্তমুপাস্তে স্ম নীচবৎ।
প্রেষ্যবৎ পুরুষব্যাঘ্রো বালব্যজনমুৎক্ষিপন্ ॥৬॥
ততঃ সর্ব্বাঃ প্রজাস্তাত! ধৃতরাষ্ট্রং জনেশ্বরম্।
অন্বপশ্যন্ত বিধিবদ্যথা পাণ্ডুং জনাধিপম্ ॥৭॥
বিসৃজ্য ধৃতরাষ্ট্রায় রাজ্যং স বিদুরায় চ।
চচার পৃথিবীং পাণ্ডুঃ সর্ব্বাং পরপুরঞ্জয়ঃ ॥৮॥

ভারতকৌমুদী

জ্যেষ্ঠায়েতি। অন্ধং জ্ঞানচক্ষুষোপাপিতবান্। যবীয়সে কনিষ্ঠায়, ক্ষত্ত্রে বিদুরায়, বংশবর্দ্ধনঃ পাণ্ডুঃ। অন্ধো ধৃতরাষ্ট্রো জ্যেষ্ঠত্বা নিয়োগাধিকা রাজা, ধীমান্ চক্ষুষ্মাংশ্চ যবীয়ান্ বিদুরস্তস্য মন্ত্রী পাণ্ডুনা কৃত ইত্যাশয়ঃ। এতেন পাণ্ডৌ বনগতে ধৃতরাষ্ট্রঃ স্বয়ং রাজ্যোচিতে রাজ্যং শাস্তি চেতি চোদ্যমপাকৃতং বেদিতব্যম্ ॥৪॥

তত ইতি। এনং ধৃতরাষ্ট্রম্, অচ্যুতং ধর্ম্মাদভ্রষ্টম্। কৌরব্যঃ পাণ্ডুঃ ॥৫॥

নীচৈরিতি। নীচৈরধঃ। তং ধৃতরাষ্ট্রম্। প্রেষ্যবৎ দাসবৎ বালব্যজনং চামরম্ ॥৬॥

তত ইতি। অন্বপশ্যন্ত স্বীকৃতবত্যঃ। এতেন বস্তুতো ধৃতরাষ্ট্রো ন রাজা, তৎপুত্রস্তথা স্বমপি চ ন রাজা; রাজানস্তু পাণ্ডুরাজপুত্রস্তথা পাণ্ডবা এবেতি সূচিতম্ ॥৭॥

ভারতভাবদীপঃ

ভীষ্মেণোক্ত ইতি ॥১—৩॥ জ্যেষ্ঠোঽন্ধত্বাদনর্হঃ ক্ষত্তা বিদুরো নিষাদনর্হ ইতি কথম্ যথা জ্যেষ্ঠায়াদদং তথা ক্ষত্ত্রে বিদুরায়াপি জ্ঞানবৃত্তমদদাদিতি ভাবঃ ॥৪—৮॥ পরনরথা-

ক্রমে কৌরববংশবর্দ্ধক পাণ্ডু, অন্ধ হইলেও জ্যেষ্ঠ বলিয়া ধৃতরাষ্ট্রের উপরে এবং কনিষ্ঠ হইলেও বুদ্ধিমান্ বলিয়া বিদুরের উপরে আপন রাজ্য গচ্ছিত রাখিয়াছিলেন ॥৪॥

নরনাথ! তাহার পর পাণ্ডু রাজা ধার্ম্মিক ধৃতরাষ্ট্রকে সিংহাসনে স্থাপন করিয়া দুইটী ভার্য্যার সহিত বনে গমন করিলেন ॥৫॥

এদিকে বিদুর পুরুষশ্রেষ্ঠ হইয়াও নীচে থাকিয়া নীচলোকের ন্যায় এবং ভৃত্যের ন্যায় চামর আন্দোলন করিয়া ধৃতরাষ্ট্রের সেবা করিতে লাগিলেন ॥৬॥

বৎস! তাহার পর প্রজারা সকলে পাণ্ডুর ন্যায়ই ধৃতরাষ্ট্রকে যথানিয়মে রাজা বলিয়া স্বীকার করিয়া লইল ॥৭॥

(৬)···উপাস্তে স্ম বিনীতবৎ···বা ব রা নি।

কোষসংবননে দানে ভৃত্যানাঞ্চাম্ববেক্ষণে।
ভরণে চৈব সর্বস্য বিদুরঃ সত্যসঙ্গরঃ ॥৯॥
সন্ধিবিগ্রহসংযুক্তো রাজ্ঞাং সংবাহনক্রিয়াঃ।
অবৈক্ষত মহাতেজা ভীষ্মঃ পরপুরঞ্জয়ঃ ॥১০॥
সিংহাসনস্থো নৃপতির্ধৃতরাষ্ট্রো মহাবলঃ।
অম্বাস্যমানঃ সততং বিদুরেণ মহাত্মনা ॥১১॥
কথং তস্য কুলে জাতঃ কুলভেদং ব্যবস্যসি।
সম্ভূয় ভ্রাতৃভিঃ সার্দ্ধং ভুঙ্ক্ষ্ব ভোগান্ জনাধিপ ! ॥১২॥
ব্রবীম্যহং ন কার্পণ্যান্নার্থহেতোঃ কথঞ্চন।
ভীষ্মেণ দত্তমিচ্ছামি ন ত্বয়া রাজসত্তম ! ॥১৩॥

ভারতকৌমুদী

বিজয্যেতি। বিজয্য জাগীকৃত্য। চচার বনগমনব্যাপদেশেন ॥৮॥
কোষেতি। কোষস্য সংবননে বর্দ্ধনে। সত্যসঙ্গরঃ সত্যপ্রতিজ্ঞঃ। ব্যাপৃতোঽভূৎ ॥৯॥
সন্ধীতি। সন্ধিবিগ্রহয়োঃ সংযুক্তো ব্যাপৃতঃ। সংবাহনক্রিয়া ব্যবহারব্যাপারান্ ॥১০॥
সিংহেতি। রাজ্যং শাস্তীতি শেষঃ। অম্বাস্যমানঃ অনুবিধীয়মানঃ ॥১১॥
কথমিতি। ব্যবস্যসি বিধাতুং চেষ্টসে। সম্ভূয় মিলিত্বা ॥১২॥
ব্রবীমীতি। কার্পণ্যাৎ পাণ্ডবভয়েন কাতরত্বাৎ, অর্থহেতোঃ স্বার্থসাধনার্থম্। দত্তং জীবনোপায়ং বৃত্তিমিত্যর্থঃ। এতেন স্বদসংস্থাবেঽপি ন মে ভয়মিতি সূচিতম্ ॥১৩॥

ওদিকে শক্রনগরবিজয়ী পাণ্ডু ধৃতরাষ্ট্র ও বিদুরের হাতে রাজ্য গচ্ছিত রাখিয়া সমগ্র পৃথিবী বিচরণ করিতে লাগিলেন ॥৮॥

আর এদিকে সত্যপ্রতিজ্ঞ বিদুর কোষসঞ্চয়ে, দানে, কর্ম্মচারি-পর্য্যবেক্ষণে এবং সকলের ভরণ-পোষণে ব্যাপৃত হইলেন ॥৯॥

এবং মহাতেজা ও শক্রনগরবিজয়ী ভীষ্ম সন্ধি-বিগ্রহবিষয়ে ব্যাপৃত থাকিয়া অন্যান্য রাজাদের ব্যবহার পর্য্যবেক্ষণ করিতে লাগিলেন ॥১০॥

আর মহাবল ধৃতরাষ্ট্র সিংহাসনে থাকিয়া রাজকার্য্য করিতে থাকিলেন এবং মহাত্মা বিদুর সর্ব্বদাই পিছনে থাকিয়া উঁহার সহায়তা করিতে লাগিলেন ॥১১॥

অতএব রাজা! তুমি সেই ধৃতরাষ্ট্রের বংশে জন্মিয়া কেন বংশের মধ্যে ভেদ ঘটাইবার চেষ্টা করিতেছ? ভ্রাতাদের সহিত মিলিত হইয়া ভোগ করিতে থাক ॥১২॥

রাজশ্রেষ্ঠ! ভয়কাতরতাবশতঃ কিংবা কোন প্রকার স্বার্থের জন্য আমি এই

(১) কোষসংজননে দানে...পি।

নাহং ত্বত্তোঽভিকাঙ্ক্ষিষ্যে বৃত্ত্যুপায়ং জনাধিপ ।।
যতো ভীষ্মস্ততো দ্রোণো যদ্ভীষ্মস্ত্বাহ তৎ কুরু ॥১৪॥
দীয়তাং পাণ্ডুপুত্রেভ্যো রাজ্যার্দ্ধমরিমর্দ্দন ।।
সমমাচার্য্যকং তাত ! তব তেষাঞ্চ মে সদা ॥১৫॥
অশ্বত্থামা যথা মহ্যং তথা শ্বেতহয়ো মম ।
বহুনা কিং প্রলাপেন যতো ধর্ম্মস্ততো জয়ঃ ॥১৬॥

বাসুদেব উবাচ।

এবমুক্তে মহারাজ ! দ্রোণেনামিততেজসা ।
ব্যাজহার ততো বাক্যং বিদুরঃ সত্যসঙ্গরঃ ।
পিতুর্বদনমুদ্বীক্ষ্য পরিবৃত্য চ ধর্ম্মবিৎ ॥১৭॥

ভারতকৌমুদী

নেতি। ত্বত্তস্তব সকাশাৎ, বৃত্তের্জীবিকায়া উপায়ম্। যতো যত্র, ততস্তত্র ॥১৪॥

দীয়তামিতি। সমং সমানম্, আচার্য্যকম্ আচার্য্যত্বং শিক্ষকত্বমিতি যাবৎ ॥১৫॥

অশ্বেতি। মহ্যং মম, শ্বেতহয়ঃ অর্জ্জুনঃ। যতো যত্র, ততস্তত্র ॥১৬॥

এবমিতি। ব্যাজহার উবাচ। সত্যসঙ্গরঃ সত্যপ্রতিজ্ঞঃ। পিতুর্ভীষ্মস্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

সকল কথা বলিতেছি না এবং আমি ভীষ্মপ্রদত্ত বৃত্তিই লইতে ইচ্ছা করি, কিন্তু তোমার প্রদত্ত নহে ॥১৩॥

রাজা ! আমি তোমার নিকট হইতে জীবিকানির্ব্বাহের উপায় কামনা করি না ; ভীষ্ম যে দিকে থাকিবেন, দ্রোণও সেই দিকেই থাকিবেন। অতএব ভীষ্ম যাহা বলিলেন, তাহাই কর ॥১৪॥

শত্রুদমন ! পাণ্ডবগণকে রাজ্যের অর্দ্ধ দান কর। বৎস ! আমি তোমাকে ও পাণ্ডবগণকে সর্বদাই সমানভাবে শিক্ষা দিয়াছি ॥১৫॥

তা'র পর আমার নিকটে অশ্বত্থামা যেমন, আমার নিকটে অর্জ্জুনও তেমনই। যা'ক্, অনর্থক বহু বলিয়া কি হইবে ? যে দিকে ধর্ম্ম থাকিবে, সেই দিকেই জয় হইবে' ॥১৬॥

কৃষ্ণ বলিলেন—'মহারাজ ! অমিততেজা দ্রোণ এইরূপ বলিলে, তাহার পর সত্যপ্রতিজ্ঞ ও ধর্ম্মজ্ঞ বিদুর ফিরিয়া ভীষ্মের মুখের দিকে চাহিয়া এই সকল কথা বলিলেন' ॥১৭॥

(১৭)···পিতুর্বদনমবীক্ষ্য···বা ব বা নি।

বিদুর উবাচ।

দেবব্রত ! নিবোধেদং বচনং মম ভারত ।।
প্রনষ্টঃ কৌরবো বংশস্ত্বয়ায়ং পুনরুদ্ধৃতঃ ॥১৮॥
তন্মে বিলপমানস্য বচনং সমুপেক্ষসে।
কোঽয়ং দুর্য্যোধনো নাম কুলেঽস্মিন্ কুলপাংসনঃ ॥১৯॥
যস্য লোভাভিভূতস্য মতিং সমনুবর্ত্তসে।
অনার্য্যস্যাকৃতজ্ঞস্য লোভেন হৃতচেতসঃ।
অতিক্রামতি যঃ শাস্ত্রং পিতুর্ধর্ম্মার্থদর্শিনঃ ॥২০॥
এতে নশ্যন্তি কুরবো দুর্য্যোধনকৃতেন বৈ।
যথা তে ন প্রণশ্যেয়ুর্মহারাজ ! তথা কুরু ॥২১॥

ভারতকৌমুদী

দেবেতি। পুনরুদ্ধৃতঃ, ব্যাসং নিযোজ্য ধৃতরাষ্ট্রাদীনামুৎপাদনাদিতি ভাবঃ ॥১৮॥

তদিতি। কোঽয়ম্, অপি তু কোঽপি ন। যেন কুলপাংসনঃ কুলদূষকঃ ॥১৯॥

যস্যেতি। অনার্য্যস্য অসজ্জনস্য, অকৃতজ্ঞস্য ঘোষযাত্রায়াং কৃতোপকারেষপি পাণ্ডবেষ্ অপচিকীর্ষতঃ। লোভেনেত্যাদিপুনরুক্তিঃ বক্তুঃ ক্রুদ্ধত্বাৎ। শাস্ত্রং শাসনম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

এত ইতি। দুর্য্যোধনকৃতেন কর্ম্মণা। মহারাজেতি ভীষ্মস্যৈব সম্বোধনম্ ॥২১॥

ভারতভাবদীপঃ

ধীরতাকরণম্ ॥৯॥ সংবাহনক্রিয়াঃ সংবাহনং সম্প্রাপণং দানোপদানাদিকং তা এব ক্রিয়াঃ ॥১০—১২॥ কার্পণ্যাদ্দুর্বলত্বাৎ ॥১৩—১৬॥ পিতুর্ভীষ্মস্য ॥১৭—২০॥ শাস্ত্রং আজ্ঞাং দুর্য্যো-

বিদুর বলিলেন—'ভরতনন্দন ! দেবব্রত ! আপনি আমার এই কথাগুলি শুনুন ; কুরুবংশ নষ্ট হইতে বসিয়াছিল, আপনি আবার তাহা রক্ষা করিয়াছিলেন ॥১৮॥

তাহা হইলেও, আমি বিলাপ করিতেছি, অথ চ আপনি আমার বাক্যে উপেক্ষা করিতেছেন।। (আমি জিজ্ঞাসা করি—) এই বংশে বংশদূষক এই দুর্য্যোধনটা কে ? ॥১৯॥

যে লোক লোভে আক্রান্ত, আক্রান্ত কেন—যাহার চিত্ত লোভে আকর্ষণ করিয়া নিয়াছে এবং যে লোক ধর্ম্মার্থদর্শী পিতার শাসন লঙ্ঘন করিতেছে, আপনি সেই দুর্জ্জন ও অকৃতজ্ঞ লোকের বুদ্ধির অনুসরণ করিতেছেন ! ॥২০॥

এই কৌরবেরা এক দুর্য্যোধনের কার্য্যেই নষ্ট হইতে বসিয়াছে। অতএব মহারাজ ! যাহাতে তাঁহারা নষ্ট না হন, আপনি তাহা করুন ॥২১॥

(১৮)···বচনং মম ভারতঃ···বা ব রা নি। (২০)···মতিং গচ্ছথ বদনে···পি।

মাঞ্চৈব ধৃতরাষ্ট্রঞ্চ পূর্ব্বমেব মহামতে।।
চিত্রকার ইবালেখ্যং কৃত্বা স্থাপিতবানসি ॥২২॥
প্রজাপতিঃ প্রজাঃ সৃষ্ট্বা যথা সংহরতে তথা।
নোপেক্ষস্ব মহাবাহো! পশ্যমানঃ কুলক্ষয়ম্ ॥২৩॥
অথ তেঽদ্য মতির্নষ্টা বিনাশে প্রত্যুপস্থিতে।
বনং গচ্ছ ময়া সার্দ্ধং ধৃতরাষ্ট্রেণ চৈব হ ॥২৪॥
বদ্ধ্বা বা নিকৃতিপ্রজ্ঞং ধার্ত্তরাষ্ট্রং সুদুর্মতিম্।
শাধীদং রাজ্যমদ্যাশু পাণ্ডবৈরভিরক্ষিতম্ ॥২৫॥
প্রসীদ রাজশার্দ্দূল! বিনাশো দৃশ্যতে মহান্।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ রাজ্ঞামমিততেজসাম্ ॥২৬॥

ভারতকৌমুদী

মামিতি। আলেখ্যং চিত্রম্, ক্রিয়ানর্হত্বসাম্যাদিতি ভাবঃ ॥২২॥
প্রজেতি। প্রজা লোকান্ সন্তানাংশ্চ। পশ্যমানঃ পশ্যন্ ॥২৩॥
অথেতি। তে তব তীব্রা মতির্নষ্টা, কর্ত্তব্যানবধারণাদিত্যাশয়ঃ ॥২৪॥
বদ্ধেতি। নিকৃতিঃ শাঠ্যং প্রজানাতীতি তম্। শাধি পালয় ॥২৫॥
প্রসীদেতি। প্রসীদ প্রসাদেন রক্ষায়াং চেষ্টস্ব। রাজ্ঞামজেয়ানাম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

ধনকৃত্তেন দুর্য্যোধনকর্ষণা ॥২১—২৩॥ বনং গচ্ছেতি তাবতা ত্বয়া অনর্থপাতিনা দ্রোণেন চ ত্যক্তোঽয়ং হীনপক্ষো দুর্য্যোধনঃ পাণ্ডবেভ্যো ভয়ং প্রাপ্স্যতীত্যাশয়ঃ ॥২৪—৩৮॥
ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৮॥

মহামতি! চিত্রকার যেমন চিত্রকে নিষ্কর্ম্মা করিয়া রাখে, আপনিও তেমন পূর্ব্ব হইতেই আমাকে ও ধৃতরাষ্ট্রকে নিষ্কর্ম্মা করিয়া রাখিয়াছেন ॥২২॥

মহাবাহু! প্রজাপতি যেমন প্রজা সৃষ্টি করিয়া আবার সংহার করেন, আপনিও তেমন এই বংশটাকে সৃষ্টি করিয়া আবার ইহার ধ্বংসে উপেক্ষা করিবেন না ॥২৩॥

বিনাশ উপস্থিত হইয়াছে, এখন আপনার বুদ্ধিটা নষ্ট হইল। অতএব আপনি আমার ও ধৃতরাষ্ট্রের সহিত বনে চলুন ॥২৪॥

অথবা অদ্যই সত্বরই মহাশঠ ও অতিদুর্ব্বুদ্ধি এই দুর্য্যোধনটাকে বন্ধন করিয়া রাখিয়া আপনি নিজেই পাণ্ডবরক্ষিত এই রাজ্যটাকে শাসন করিতে থাকুন ॥২৫॥

---

(২৫)···শাধি ত্বং রাজ্যমব্যগ্র···পি।

বিররামৈবমুক্ত্বা তু বিদুরো দীনমানসঃ।
প্রধ্যায়মানঃ স তদা নিশ্বসংশ্চ পুনঃ পুনঃ ॥২৭॥
ততো হি রাজ্ঞঃ সুবলস্য পুত্রী ধর্ম্মার্থযুক্তং কুলনাশভীতা।
দুর্য্যোধনং পাপমতিং নৃশংসং রাজ্ঞাং সমক্ষং সুতমাহ কোপাৎ ॥২৮॥
যে পার্থিবা রাজসভাং প্রবিষ্টা ব্রহ্মর্ষয়ো যে চ সভাসদোঽন্যে।
শৃণ্বন্তু বক্ষ্যামি তবাপরাধং পাপস্য সামাত্যপরিচ্ছদস্য ॥২৯॥
রাজ্যং কুরূণামনুপূর্বভোজ্যং ক্রমাগতো নঃ কুলধর্ম্ম এষঃ।
ত্বং পাপবুদ্ধেঽতিনৃশংসকর্ম্মা রাজ্যং কুরূণামনয়াদ্বিহংসি ॥৩০॥

ভারতকৌমুদী

বিররামেতি। দীনমানসো বিষণ্ণচিত্তঃ। প্রধ্যায়মানো যুদ্ধনিবৃত্ত্যুপায়ং চিন্তয়ন্ ॥২৭॥

তত ইতি। সুবলস্য পুত্রী গান্ধারী, ধর্ম্মার্থযুক্তং বচনম্, আহ অব্রবীৎ স্ম ॥২৮॥

য ইতি। তে শৃণ্বন্তু। হে দুর্য্যোধন! অমাত্যৈর্মন্ত্রিভিঃ পরিচ্ছদৈঃ পরিজনৈশ্চ সহিতস্য তস্য, পাপস্য তব অপরাধং বক্ষ্যামি ॥২৯॥

রাজ্যমিতি। কুরূণাং রাজ্যম্, অনুপূর্ব্বভোজ্যং পূর্ব্বপূর্ব্বাধিকারিক্রমেণ ভোগ্যম্। এষঃ, নঃ অস্মাকম্, ক্রমাগতঃ কুলধর্ম্মঃ। হে পাপবুদ্ধে! অতিনৃশংসকর্ম্মা ত্বম্, কুরূণাং রাজ্যম্, অনয়াৎ নীতিবৈপরীত্যাৎ, বিহংসি অনধিকারী সন্নপি বিনাশয়সি ॥৩০॥

রাজশ্রেষ্ঠ! প্রসন্ন হউন; কৌরব, পাণ্ডব এবং অমিততেজা অন্যান্য রাজাদের গুরুতর ধ্বংস দেখা যাইতেছে’ ॥২৬॥

বিদুর এইরূপ বলিয়া বিষণ্ণচিত্ত হইয়া, যুদ্ধনিবৃত্তির উপায় চিন্তা করিতে থাকিয়া, বার বার নিশ্বাস ত্যাগ করতঃ বিরত হইলেন ॥২৭॥

তাহার পর গান্ধারী বংশনাশের ভয়ে ভীত হইয়া রাজাদের সমক্ষেই পাপমতি ও নৃশংসপ্রকৃতি পুত্র দুর্য্যোধনকে ক্রোধবশতঃ এই সকল ধর্ম্মার্থযুক্ত বাক্য বলিলেন ॥২৮॥

‘যে সকল রাজা ও ব্রহ্মর্ষি এবং অন্য যে সকল সভাসদ্ এই রাজসভায় প্রবেশ করিয়াছেন, তাঁহারা শ্রবণ করুন। দুর্য্যোধন! তুই পাপাত্মা কি না; তাই মন্ত্রী ও পরিজনবর্গের সহিত তোর অপরাধের বিষয় বলিতেছি ॥২৯॥

আমাদের এই ক্রমাগত কুলধর্ম্ম রহিয়াছে যে, পূর্ব্বপূর্ব্ব অধিকারিক্রমে কুরুরাজ্য ভোগ করিবে; কিন্তু রে পাপবুদ্ধি দুর্য্যোধন! তুই অতিনৃশংসকর্ম্মা

---

(২৮) ততোঽথ রাজ্ঞঃ···বা ব হ্ন, ততোঽস্য রাজ্ঞঃ···নি। (৩০)···রাজ্যং কুরূণামনুক্রমভোজ্যম্···নি,···অতিনৃশংসকর্ম্মন্!···বা ব হ্ন নি।

রাজ্যে স্থিতো ধৃতরাষ্ট্রো মনীষী তস্যানুজো বিদুরো দীর্ঘদর্শী।
এতাবতিক্রম্য কথং নৃপত্বং দুর্য্যোধন! প্রার্থয়সেঽদ্য মোহাৎ ॥৩১॥
রাজা চ ক্ষত্তা চ মহানুভাবৌ ভীষ্মে স্থিতে পরবন্তৌ ভবেতাম্।
অয়ন্তু ধর্ম্মজ্ঞতয়া মহাত্মা ন রাজ্যকামো নৃবরো নদীজঃ ॥৩২॥
রাজ্যন্তু পাণ্ডোরিদমপ্রধৃষ্যং তস্যাদ্য পুত্রাঃ প্রভবন্তি নান্যে।
রাজ্যং তদেতন্নিখিলং পাণ্ডবানাং পৈতামহং পুত্রপৌত্রানুগামি ॥৩৩॥
যদ্বৈ ব্রূতে কুরুমুখ্যো মহাত্মা দেবব্রতঃ সত্যসন্ধো মনীষী।
সর্ব্বং তদস্মাভিরহত্য কার্য্যং রাজ্যং স্বধর্ম্মং পরিপালয়দ্ভিঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

অনধিকারিত্বমেবাহ রাজ্য ইতি। বিদুরশ্চ রাজ্যে স্থিতঃ, উভয়োরপি শাস্ত্রনিয়োগাদিতি ভাবঃ। নৃপত্বাভাবে তব মহামন্ত্রাপেক্ষা নাস্তীত্যাশয়ঃ ॥৩১॥

রাজেতি। ক্ষত্তা বিদুরঃ, মহানুভাবাবেতৌ রাজক্ষত্তারৌ, পরবন্তৌ পরাধীনৌ ভীষ্ম-জীবনকালে ভবেতাম্, যদি ভীষ্ম এব রাজ্যং গৃহ্নীয়াদিতি ভাবঃ। নদীজো গঙ্গাপুত্রঃ ॥৩২॥

রাজ্যমিতি। রাজ্যন্তু পাণ্ডোরধীনং, ভীষ্মোপায়েন, বিচিত্রবীর্য্যস্য মরণাৎ ধৃতরাষ্ট্রস্য চান্ধত্বাদিতি ভাবঃ। প্রভবন্তি রাজ্যং প্রাপ্তুং শক্নুবন্তি। পাণ্ডবানামেব পুত্রপৌত্রানুগামি ভবেৎ ॥৩৩॥

যদিতি। দেবব্রতো ভীষ্মঃ। [illegible] [illegible] স্বধর্ম্মানুসারেণেত্যর্থঃ, কার্য্যং কর্ত্তব্যম্ ॥৩৪॥

বলিয়া (রাজ্যের অধিকারী না হইয়াও) দুর্নীতিনিবন্ধন সেই কুরুরাজ্য গ্রাস করিতে প্রবৃত্ত হইয়াছিস্ ॥৩০॥

দুর্য্যোধন! বুদ্ধিমান্ ধৃতরাষ্ট্র এবং তাঁহার কনিষ্ঠ দূরদর্শী বিদুর ইঁহারাই রাজ্য পরিচালনায় প্রবৃত্ত রহিয়াছেন; তথাপি তুই মোহবশতঃ ইঁহাদিগকে অতিক্রম করিয়া কি প্রকারে সে রাজত্বের প্রার্থনা করিতেছিস্? ॥৩১॥

ভীষ্ম যদি রাজা হইতেন, তবে মহাত্মা ধৃতরাষ্ট্র ও বিদুর ইঁহারাও তাঁহারই অধীন হইতেন। কিন্তু এই মহাত্মা ও নরশ্রেষ্ঠ ভীষ্ম রাজ্য গ্রহণ করিতে ইচ্ছা করেন নাই ॥৩২॥

তাহাতেই এই অনতিক্রমণীয় রাজ্য পাণ্ডুর হইয়াছিল। সুতরাং এখন তাঁহার পুত্রেরাই এই রাজ্যের প্রভু হইতে পারেন; কিন্তু অন্যেরা নহে। অতএব এই পৈতৃক সমগ্র রাজ্যই পাণ্ডবগণের এবং ভবিষ্যতেও ইহা তাঁহাদেরই পুত্রপৌত্রানুগামী হইবে ॥৩৩॥

(৩২)...পরবন্তৌ ভারতানাম্...নি। (৩৪)...স্বধর্ম্মান্ পরিপালয়দ্ভিঃ...বা ব কা নি।

অনুজ্ঞয়া চাথ মহাব্রতস্য ক্রয়ান্ নৃপোঽয়ং বিদুরস্তথৈব।
কার্য্যং ভবেত্তৎ সুহৃদ্ভির্নিয়োজ্যং ধর্ম্মং পুরস্কৃত্য সুদীর্ঘকালম্ ॥৩৫॥
ন্যায়াগতং রাজ্যমিদং কুরূণাং যুধিষ্ঠিরঃ শাস্তু বৈ ধর্ম্মপুত্রঃ।
প্রচোদিতো ধৃতরাষ্ট্রেণ রাজ্ঞা পুরস্কৃতঃ শান্তনবেন চৈব ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি ভগবদ্‌যানে কৃষ্ণবাক্যে অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———০::০———

উনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———:৩:———

বাসুদেব উবাচ।
এবমুক্তে তু গান্ধার্য্যা ধৃতরাষ্ট্রো জনেশ্বরঃ।
দুর্য্যোধনমুবাচেদং রাজমধ্যে জনাধিপ! ॥১॥

ভারতকৌমুদী

অন্বিতি। অথ চ অয়ং নৃপো ধৃতরাষ্ট্রঃ তথৈব বিদুরশ্চ, মহাব্রতস্য ব্রহ্মচারিণো ভীষ্মস্য অনুজ্ঞয়া কার্য্যং কর্ত্তব্যং বিষয়ং ব্রূয়াৎ; সুহৃদ্ভিশ্চান্যৈঃ ধর্ম্মং পুরস্কৃত্য সুদীর্ঘকালং ভীষ্মাদি-স্থিতিপর্য্যন্তং তৎ কার্য্যম্, নিয়োজ্যং বিধেয়ং ভবেৎ ॥৩৫॥

ইদানীং নিষ্কর্ষমভিধায়োপসংহরতি ন্যায়েতি। প্রচোদিত উপদেশেন প্রেরিতঃ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি ভগবদ্‌যানে অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

এবমিতি। জনাধিপেতি যুধিষ্ঠিরসম্বোধনম্, তং প্রত্যেব কৃষ্ণেনাভিধানাৎ ॥১॥

তা'র পর কৌরবশ্রেষ্ঠ, মহাত্মা, সত্যপ্রতিজ্ঞ ও বুদ্ধিমান্ ভীষ্ম যাহা বলিবেন, বিনা বাধায় তাহা আমাদের করিতে হইবে। কেন না, আমরা রাজ্য ও স্বধর্ম্ম রক্ষা করিয়া চলিতেছি ॥৩৪॥

সুতরাং এই রাজা (ধৃতরাষ্ট্র) ও বিদুর ভীষ্মের অনুমতিক্রমে সমস্ত বিষয় বলিবেন এবং অন্য সুহৃদ্‌গণেরও ধর্ম্ম অনুসারে অতিদীর্ঘকাল যাবৎ তাহাই করিতে হইবে ॥৩৫॥

সে যাহা হউক, রাজা ধৃতরাষ্ট্রের ও শান্তনুনন্দন ভীষ্মের উপদেশে এখন হইতে ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরই এই ন্যায়াগত কুরুরাজ্য শাসন করিতে থাকুন' ॥৩৬॥

---

* '...অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

দুর্য্যোধন! নিবোধেদং যত্ত্বাং বক্ষ্যামি পুত্রক!।
তথা ত্বং কুরু ভদ্রং তে যদ্যস্তি পিতৃগৌরবম্ ॥২॥
সোমঃ প্রজাপতিঃ পূর্ব্বং কুরূণাং বংশবর্দ্ধনঃ।
সোমাদ্বভূব ষষ্ঠোঽয়ং যযাতির্নহুষাত্মজঃ ॥৩॥
তস্য পুত্রা বভূবুর্হি পঞ্চ রাজর্ষিসত্তমাঃ।
তেষাং যদুর্মহাতেজা জ্যেষ্ঠঃ সমভবৎ প্রভুঃ ॥৪॥
পূরুর্যবীয়াংশ্চ ততো যোঽস্মাকং বংশবর্দ্ধনঃ।
শর্ম্মিষ্ঠয়া সংপ্রসূতো দুহিত্রা বৃষপর্ব্বণঃ ॥৫॥
যদুশ্চ ভরতশ্রেষ্ঠ! দেবযান্যাঃ সুতোঽভবৎ।
দৌহিত্রস্তাত! শুক্রস্য কাব্যস্যামিততেজসঃ ॥৬॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। তথা তদ্বৎ। তথাত্বে চ তে তব ভদ্রং মঙ্গলং ভবেদিতি শেষঃ ॥২॥
সোম ইতি। আদিপর্ব্বোক্তবৈষম্যন্তু কল্পভেদাঙ্গীকারেণ পরিহার্য্যম্ ॥৩॥
তস্যেতি। প্রভুঃ প্রধান প্রভাবশালী ॥৪॥
পূরুরিতি। যবীয়ান্ কনিষ্ঠঃ। বৃষপর্ব্বণঃ অসুরাধ্যক্ষস্য ॥৫॥
যদুরিতি। শুক্রস্য দৈত্যগুরোঃ। অমিতং তেজো ব্রাহ্মং বলং যস্য তস্য ॥৬॥

কৃষ্ণ বলিলেন—'রাজা! গান্ধারী এইরূপ বলিলে, রাজা ধৃতরাষ্ট্র রাজগণ-মধ্যে দুর্য্যোধনকে এইরূপ বলিতে লাগিলেন—॥১॥

'দুর্য্যোধন! পুত্র! আমি তোমাকে যাহা বলিতেছি, তাহা তুমি শ্রবণ কর এবং আমার প্রতি তোমার যদি পিতৃগৌরব থাকে, তবে তুমি তাহাই কর; তাহা হইলে তোমার মঙ্গল হইবে ॥২॥

কৌরবগণের বংশবৃদ্ধিকারী চন্দ্র পূর্ব্বকালে প্রজাপতি হইয়াছিলেন; সেই চন্দ্র হইতে নহুষপুত্র যযাতি ষষ্ঠ ছিলেন ॥৩॥

সেই যযাতির পাঁচটী পুত্র জন্মিয়াছিল, তাঁহারা সকলেই কালে রাজর্ষি হইয়াছিলেন এবং তাঁহাদের মধ্যে মহাতেজা ও প্রভাবশালী যদু ছিলেন জ্যেষ্ঠ ॥৪॥

আর আমাদের যিনি বংশবর্দ্ধক, সেই পূরু ছিলেন কনিষ্ঠ; তিনি অসুররাজ বৃষপর্ব্বার তনয়া শর্ম্মিষ্ঠার গর্ভে জন্মিয়াছিলেন ॥৫॥

বৎস ভরতশ্রেষ্ঠ! যদু দেবযানীর গর্ভে জন্মিয়াছিলেন এবং তিনি অমিত-তেজা শুক্রাচার্য্যের দৌহিত্র ছিলেন ॥৬॥

(২)···যদ্যস্তি যদি গৌরবম্—পি।

যাদবানাং কুলকরো বলবান্ বীর্য্যসম্মতঃ।
অবমেনে স তু ক্ষত্রং দর্পপূর্ণঃ সুমন্দধীঃ ॥৭॥
ন চাতিষ্ঠৎ পিতুঃ শাস্ত্রে বলদর্পবিমোহিতঃ।
অবমেনে চ পিতরং ভ্রাতৄংশ্চাপ্যপরাজিতঃ ॥৮॥
পৃথিব্যাং চতুরন্তায়াং যদুরেবাভবদ্বলী।
বশে কৃত্বা স নৃপতীন্ ন্যবসন্নাগসাহ্বয়ে ॥৯॥
তং পিতা পরমক্রুদ্ধো যযাতির্নহুষাত্মজঃ।
শশাপ পুত্রং গান্ধারে! রাজ্যাচ্চাপি ব্যরোপয়ৎ ॥১০॥
যে চৈনমন্ববর্ত্তন্ত ভ্রাতরো বলদর্পিতাঃ।
শশাপ তানপি ক্রুদ্ধো যযাতিস্তনয়ানথ ॥১১॥
যবীয়াংসং ততঃ পূরুং পুত্রং স্ববশবর্ত্তিনম্।
রাজ্যে নিবেশয়ামাস বিধেয়ং নৃপসত্তমঃ ॥১২॥

ভারতকৌমুদী

যাদবানামিতি। বীর্য্যেণ সম্মতো বীরত্বেনাভিমতঃ। ক্ষত্রং ক্ষত্রিয়গণম্ ॥৭॥
নেতি। শাস্ত্রে শাসনে ন চাতিষ্ঠৎ, স ইত্যনুবৃত্তিঃ ॥৮॥
পৃথিব্যামিতি। চত্বারঃ সমুদ্রা অন্তে যস্যাস্তস্যাম্। নাগসাহ্বয়ে অস্যাং হস্তিনায়াম্ ॥৯॥
তমিতি। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ বাহ্বাদিত্বাদপত্যার্থে ইণ্ ॥১০॥
য ইতি। শশাপ রাজ্যাদ্ব্যরোপয়ামাস চেতি বোধ্যং পূর্ব্বাপরদর্শনাৎ ॥১১॥
যবীয়াংসমিতি। যবীয়াংসং কনিষ্ঠমপি। বিধেয়ং বচনে স্থিতম্ ॥১২॥

যাদববংশের উৎপাদক, বলবান্, বীর বলিয়া সকলের অভিমত, অতিদর্পিত এবং অত্যন্ত মন্দবুদ্ধি সেই যদু সমস্ত ক্ষত্রিয়কেই অবজ্ঞা করিতেন ॥৭॥

বলে ও দর্পে বিমোহিত এবং অপরাজিত যদু পিতার শাসনে থাকিতেন না এবং পিতাকে ও ভ্রাতৃগণকে অবজ্ঞা করিয়া চলিতেন ॥৮॥

চতুঃসমুদ্রবেষ্টিত পৃথিবীর মধ্যে যদুই বলবান্ ছিলেন; তাই তিনি রাজগণকে বশীভূত করিয়া এই হস্তিনানগরেই বাস করিতেন ॥৯॥

গান্ধারীনন্দন! ক্রমে নহুষপুত্র যযাতি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যদুকে অভিসম্পাত করেন এবং রাজ্য হইতে তাড়াইয়া দেন ॥১০॥

আর বলদর্পিত যে ভ্রাতারা যদুর অনুসরণ করিতেন, যযাতি ক্রুদ্ধ হইয়া সেই পুত্রগণকেও অভিসম্পাত করিয়াছিলেন ॥১১॥

(১) পৃথিব্যাং চতুর্বর্ণায়াম্…পি।

এবং জ্যেষ্ঠোঽপ্যথোৎসিক্তো ন রাজ্যমভিজায়তে।
যবীয়াংসোঽপি জায়ন্তে রাজ্যং বৃদ্ধোপসেবয়া ॥১৩॥
তথৈব সর্ব্বধর্ম্মজ্ঞঃ পিতুর্মম পিতামহঃ।
প্রতীপঃ পৃথিবীপালস্ত্রিষু লোকেষু বিশ্রুতঃ ॥১৪॥
তস্য পার্থিবসিংহস্য রাজ্যং ধর্ম্মেণ শাসতঃ।
ত্রয়ঃ প্রজজ্ঞিরে পুত্রা দেবকল্পা যশস্বিনঃ ॥১৫॥
দেবাপিরভবজ্জ্যেষ্ঠো বাহ্লিকস্তদনন্তরম্।
তৃতীয়ঃ শান্তনুস্তাত! ধৃতিমান্ মে পিতামহঃ ॥১৬॥
দেবাপিস্তু মহাতেজাস্ত্বগ্‌দোষী রাজসত্তমঃ।
ধার্ম্মিকঃ সত্যবাদী চ পিতুঃ শুশ্রূষণে রতঃ ॥১৭॥
পৌরজানপদানাঞ্চ সম্মতঃ সাধুসৎকৃতঃ।
সর্ব্বেষাং বালবৃদ্ধানাং দেবাপির্হৃদয়ঙ্গমঃ ॥১৮॥

ভারতকৌমুদী

এবমিতি। উৎসিক্তো গর্ব্বিতঃ। অভিজায়তে লভতে। জায়ন্তে লভন্তে ॥১৩॥
তথেতি। প্রতীপো নাম পৃথিবীপালো রাজাসীৎ ॥১৪॥
তস্যেতি। পার্থিবসিংহস্য রাজশ্রেষ্ঠস্য। দেবকল্পা দেবতাতুল্যাঃ ॥১৫॥
দেবাপিরিতি। জ্যেষ্ঠঃ জ্যেষ্ঠঃ। ধৃতিমান্ ধৈর্য্যশালী ॥১৬॥
দেবাপিরিতি। ত্বগ্‌দোষী চর্ম্মরোগী। বহুদোষাভাবঃ ॥১৭॥

তাহার পর রাজশ্রেষ্ঠ যযাতি আপন বশবর্ত্তী ও আজ্ঞাবহ কনিষ্ঠ পুত্র পূরুকে রাজপদে স্থাপন করেন ॥১২॥

এইরূপ জ্যেষ্ঠ হইয়াও বলগর্ব্বিত লোক রাজ্য লাভ করিতে পারে না; আর কনিষ্ঠ হইয়াও বৃদ্ধসেবাদ্বারা রাজ্যলাভ করিতে পারেন ॥১৩॥

সেইরূপই সর্ব্বধর্ম্মজ্ঞ ও ত্রিভুবনখ্যাত আমার পিতার পিতামহ প্রতীপ রাজা ছিলেন ॥১৪॥

ধর্ম্ম অনুসারে রাজ্যশাসনকারী ও যশস্বী সেই রাজশ্রেষ্ঠ প্রতীপের কালক্রমে দেবতুল্য তিনটী পুত্র জন্ম গ্রহণ করিল ॥১৫॥

বৎস! তাঁহাদের মধ্যে দেবাপি ছিলেন জ্যেষ্ঠ, তাঁহার পর বাহ্লিক এবং আমার পিতামহ শান্তনু ছিলেন তৃতীয় (কনিষ্ঠ) ॥১৬॥

কিন্তু দেবাপি মহাতেজা, ক্ষত্রিয়শ্রেষ্ঠ, ধার্ম্মিক ও সত্যবাদী হইয়াও চর্ম্মরোগী ছিলেন এবং তিনি পিতার পরিচর্য্যায় নিরত থাকিতেন ॥১৭॥

---

(১৬)···বাহ্লীকস্তদনন্তরম্···বা ব ক নি,···শন্তনুস্তাত!···নি।

বদান্যঃ সত্যসন্ধশ্চ সর্বভূতহিতে রতঃ।
বর্ত্তমানঃ পিতুঃ শাস্ত্রে ব্রাহ্মণানাং তথৈব চ ॥১৯॥
বাহ্লিকস্য প্রিয়ো ভ্রাতা শান্তনোশ্চ মহাত্মনঃ।
সৌভ্রাত্রঞ্চ পরং তেষাং সহিতানাং মহাত্মনাম্ ॥২০॥
অথ কালস্য পর্য্যায়ে বৃদ্ধো নৃপতিসত্তমঃ।
সম্ভারানভিষেকার্থং কারয়ামাস শাস্ত্রতঃ।
কারয়ামাস সর্বাণি মঙ্গলার্থানি বা বিভুঃ ॥২১॥
তং ব্রাহ্মণাশ্চ বৃদ্ধাশ্চ পৌরজানপদৈঃ সহ।
সর্বে নিবারয়ামাসুর্দেবাপেরভিষেচনম্ ॥২২॥
স তচ্ছ্রুত্বা তু নৃপতিরভিষেকনিবারণম্।
অশ্রুকণ্ঠোঽভবদ্রাজা পর্য্যশোচত চাত্মজম্ ॥২৩॥

ভারতকৌমুদী

পৌরেতি। সাধুভিঃ সংকৃত আদৃতঃ। হৃদয়ঙ্গমঃ চিত্তাকর্ষী ॥১৮॥

বদান্য ইতি। বদান্যো দাতা, সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ। শাস্ত্রে শাসনে ॥১৯॥

বাহ্লিকস্যেতি। সৌভ্রাত্রং ভ্রাতৃসৌহার্দ্দম্ ॥২০॥

অথেতি। পর্য্যায়ে অতিক্রমে। সম্ভারান্ সামগ্রীসংগ্রহান্। বা সমুচ্চয়ে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

তমিতি। নিবারয়ামাসুঃ, ত্বগ্‌দোষিত্বেন কুষ্ঠরোগিত্বাদিত্যাশয়ঃ ॥২২॥

আর দেবাপি—পুরবাসী ও দেশবাসীদিগের প্রিয়, সাধুগণের আদৃত এবং বালবৃদ্ধপ্রভৃতি সমস্ত লোকেরই হৃদয়াকর্ষী ছিলেন ॥১৮॥

তা'র পর তিনি দাতা, সত্যপ্রতিজ্ঞ, সকল প্রাণীর হিতে নিরত এবং পিতার ও ব্রাহ্মণগণের শাসনের অধীন ছিলেন ॥১৯॥

বিশেষতঃ তিনি-বাহ্লিক ও মহাত্মা শান্তনুর প্রিয় ভ্রাতা ছিলেন এবং সেই মহাত্মাদের ভ্রাতৃসৌহার্দ্দও অত্যন্ত ছিল ॥২০॥

তাহার পর কিছু কাল অতীত হইলে, রাজশ্রেষ্ঠ বৃদ্ধ প্রতীপ দেবাপির রাজ্যাভিষেকের জন্য শাস্ত্র অনুসারে সামগ্রীসংগ্রহ এবং অন্যান্য মাঙ্গলিক দ্রব্য সংগ্রহ করাইলেন ॥২১॥

কিন্তু তখন ব্রাহ্মণগণ ও বৃদ্ধগণ পুরবাসী ও দেশবাসীদের সহিত মিলিত হইয়া দেবাপিকে রাজ্যে অভিষিক্ত করিতে বারণ করিলেন ॥২২॥

(২০)…শন্তনোশ্চ মহাত্মনঃ…নি। (২১)…মঙ্গলার্থানি বৈ বিভুঃ—বা ব রা নি। (২৩) স তচ্ছ্রুত্বা নরপতিঃ…পি।

এবং বদান্যো ধর্ম্মজ্ঞঃ সত্যসন্ধশ্চ সোঽভবৎ।
প্রিয়ঃ প্রজানামপি সংস্ত্বগ্দোষেণ প্রদূষিতঃ ॥২৪॥
হীনাঙ্গং পৃথিবীপালং নাভিনন্দন্তি দেবতাঃ।
ইতি কৃত্বা নৃপশ্রেষ্ঠং প্রত্যষেধন্ দ্বিজর্ষভাঃ ॥২৫॥
ততঃ প্রব্যথিতাঙ্গোঽসৌ পুত্রশোকসমন্বিতঃ।
মমার তং মৃতং দৃষ্ট্বা দেবাপিঃ সংশ্রিতো বনম্ ॥২৬॥
বাহ্লীকো মাতুলকুলং ত্যক্ত্বা রাজ্যং সমাশ্রিতঃ।
পিতৃভ্রাতৄন্ পরিত্যজ্য প্রাপ্তবান্ পরমর্দ্ধিমৎ ॥২৭॥
বাহ্লীকেনাভ্যনুজ্ঞাতঃ শান্তনুর্লোকবিশ্রুতঃ।
পিতর্য্যুপরতে রাজন্! রাজা রাজ্যমকারয়ৎ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। অশ্রুকণ্ঠো বাষ্পরুদ্ধকণ্ঠঃ। আত্মজং দেবাপিম্ ॥২৩॥
এবমিতি। স দেবাপিঃ। ত্বগ্দোষেণ চর্ম্মরোগেণ, প্রদূষিতো রাজ্যলাভে বঞ্চিতঃ ॥২৪॥
হীনেতি। নৃপশ্রেষ্ঠং প্রতীপম্। দ্বিজর্ষভা ব্রাহ্মণাদয়ঃ ॥২৫॥
তত ইতি। প্রব্যথিতাঙ্গো দুঃখিতচিত্তঃ, অসৌ প্রতীপঃ ॥২৬॥
বাহ্লীক ইতি। পরমর্দ্ধিমৎ বিশেষসমৃদ্ধং রাজ্যম্, মাতুলস্য নিঃসন্তানত্বাৎ ॥২৭॥
বাহ্লীকেনেতি। পিতরি প্রতীপে, উপরতে মৃতে ॥২৮॥

ভারতভাবদীপঃ

এবমুক্ত ইতি ॥১—১২॥ অভিজ্ঞায়াতে প্রাপ্তোতি, কাদম্বে লক্ষ্মে ॥১৩—১৬॥ যশোদা কৃষ্ণী ॥১৭—২০॥ বৃদ্ধঃ প্রতীপঃ ॥২১—২২॥ আত্মজং দেবাপিম্ ॥২৩—২৬॥ রাজ্যং ত্যক্ত্বা।

প্রতীপরাজা পুত্রের রাজ্যাভিষেকের নিষেধ শুনিয়া বাষ্পরুদ্ধকণ্ঠ হইলেন এবং পুত্রের জন্য শোক করিলেন ॥২৩॥

দেবাপি দাতা, ধর্ম্মজ্ঞ ও সত্যপ্রতিজ্ঞ ছিলেন এবং প্রজাদেরও প্রিয় ছিলেন, তথাপি রোগের দোষে রাজ্যলাভে বঞ্চিত হইয়াছিলেন ॥২৪॥

দেবতারা অঙ্গহীন রাজার আদর করেন না, এই জন্যই ব্রাহ্মণপ্রভৃতি লোকেরা প্রতীপরাজাকে নিষেধ করিয়াছিলেন ॥২৫॥

তাহার পর প্রতীপরাজা দুঃখিত ও পুত্রশোকার্ত্ত হইয়া মৃত্যুমুখে পতিত হইলেন, দেবাপিও পিতাকে মৃত দেখিয়া বনে চলিয়া গেলেন ॥২৬॥

এদিকে বাহ্লিক রাজ্য, পিতা ও ভ্রাতাদিগকে পরিত্যাগ করিয়া পূর্ব্বেই মাতুলগৃহে আশ্রয় লইয়াছিলেন; পরে তিনি বিশেষ সমৃদ্ধিযুক্ত মাতুলরাজ্য লাভ করিয়াছিলেন ॥২৭॥

---

(২৩)···নিবারিতং নৃপং দৃষ্ট্বা···পি বা ব রা। (২৭)···পিতৄন্ ভ্রাতৄন্ পরিত্যজ্য···পি।

তথৈবাহং মতিমতা পরিচিন্ত্যেহ পাণ্ডুনা।
জ্যেষ্ঠঃ প্রভ্রংশিতো রাজ্যাদ্ধীনাঙ্গ ইতি ভারত ! ॥২৯॥
পাণ্ডুস্তু রাজ্যং সংপ্রাপ্তঃ কনীয়ানপি সন্ নৃপঃ।
বিনাশে তস্য পুত্রাণামিদং রাজ্যমরিন্দম ! ॥৩০॥
ময্যভাগিনি রাজ্যায় কথং ত্বং রাজ্যমিচ্ছসি।
অরাজপুত্রো হ্যস্বামী পরস্বং হর্ত্তুমিচ্ছসি ॥৩১॥

যুধিষ্ঠিরো রাজপুত্রো মহাত্মা ন্যায়াগতং রাজ্যমিদঞ্চ তস্য।
স কৌরবস্যাস্য কুলস্য ভর্ত্তা প্রশাসিতা চৈব মহানুভাবঃ ॥৩২॥
স সত্যসন্ধঃ সততাপ্রমত্তঃ শাস্ত্রে স্থিতো বন্ধুজনস্য সাধুঃ।
প্রিয়ঃ প্রজানাং সুহৃদোঽনুকম্পী জিতেন্দ্রিয়ঃ সাধুজনস্য ভর্ত্তা ॥৩৩॥

ভারতকৌমুদী

তথেতি। মতিমতা বুদ্ধিমতা। হীনাঙ্গঃ অন্ধঃ ॥২৯॥

পাণ্ডুরিতি। তস্যৈব পুত্রাণামিদং রাজ্যম্, "সংসৃষ্টেষু তদ্গামী হ্যর্থঃ" ইতি স্মৃতেঃ ॥৩০॥

ময়ীতি। ময়ি, রাজ্যায় রাজ্যস্য, অভাগিনি ভাগাপ্রাপিণি সতি ॥৩১॥

যুধীতি। প্রশাসিতা চৈব ভবেৎ রাজ্যস্যেতি শেষঃ ॥৩২॥

ভারতভাবদীপঃ

মাতুলকুলং সমাশ্রিত ইতি সম্বন্ধঃ ॥২৭॥ অকারয়ৎ অকরোৎ ॥২৮—৩২॥ আ সমন্তাৎ অনুকম্পী দয়াবান্ ॥৩৩—৩৬॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৯॥

রাজা ! পিতার মৃত্যু হইলে, লোকবিখ্যাত শান্তনু বাহ্লীকের অনুমতিক্রমে রাজা হইয়া রাজ্যশাসন করিতে লাগিলেন ॥২৮॥

ভরতনন্দন ! আমি জ্যেষ্ঠ হইলেও সেইরূপই হীনাঙ্গ (অন্ধ) ; সুতরাং বুদ্ধিমান্ পাণ্ডু আমাকে রাজ্য হইতে বিচ্যুত রাখিয়াছিলেন ॥২৯॥

কিন্তু অরিন্দম ! পাণ্ডু কনিষ্ঠ হইয়াও রাজ্য লাভ করিয়া রাজা হইয়াছিলেন। সুতরাং তাঁহার মৃত্যুর পরে তাঁহার পুত্রদেরই এই রাজ্য হইবে ॥৩০॥

সুতরাং আমি যখন রাজ্যের অংশ পাই নাই, তখন তুমি কি করিয়া রাজ্য পাইবার ইচ্ছা করিতেছ। তুমি রাজার পুত্রও নহ, রাজ্যের স্বামীও নহ ; কেবল পরস্ব হরণ করিবার ইচ্ছা করিতেছ ॥৩১॥

মহাত্মা যুধিষ্ঠির রাজার পুত্র ; সুতরাং এই রাজ্য ন্যায় অনুসারে তাঁহার উপরেই আসিয়া বর্ত্তিয়াছে। সুতরাং সেই মহানুভাবই এই কুরুবংশের ভরণপোষণ করিবেন এবং রাজ্যশাসন করিবেন ॥৩২॥

(৩৩)…স তথাঽপ্রমত্তঃ…সুহৃদানুকম্পী… বা ব রা নি।

ক্ষমা তিতিক্ষা দম আর্জবঞ্চ সত্যব্রতত্বং শ্রুতমপ্রমাদঃ।
ভূতানুকম্পা হ্যনুশাসনঞ্চ যুধিষ্ঠিরে রাজগুণাঃ সমস্তাঃ ॥৩৪॥
অরাজপুত্রস্ত্বমনার্য্যবৃত্তো লুব্ধঃ সদা বন্ধুষু পাপবুদ্ধিঃ।
ক্রমাগতং রাজ্যমিদং পরেষাং হর্ত্তুং কথং শক্ষ্যসি দুর্বিনীত! ॥৩৫॥
প্রয়চ্ছ রাজ্যার্দ্ধমপেতমোহঃ সবাহনং ত্বং সপরিচ্ছদঞ্চ।
ততোঽবশেষং তব জীবিতস্য সহানুজস্যৈব ভবেন্নরেন্দ্র! ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি
ভগবদ্‌যানে ধৃতরাষ্ট্রবাক্যকথনে উনচত্বারিংশদধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ, সততাপ্রমত্তঃ সর্ব্বদা সাবধানঃ, শাস্তে শাসনে ॥৩৩॥
ক্ষমেতি। তিতিক্ষা সহিষ্ণুতা, দম ইন্দ্রিয়সংযমঃ, আর্জবং সরলতা ॥৩৪॥
অরাজেতি। অনার্য্যবৃত্তো দুর্জনস্বভাবঃ। ক্রমাগতং পৈতৃকম্ ॥৩৫॥
প্রয়চ্ছেতি। পরিচ্ছদৈঃ পীঠপর্য্যঙ্কাদ্যুপকরণৈঃ সহেতি সপরিচ্ছদম্। অবশেষমবশিষ্ট-
মর্দ্ধম্। জীবিতস্য, ন পুনর্যদি মৃতে ত্বৎপুত্রাণাম্, পাণ্ডবৈস্তদ্ভাগমেবাত্মগ্রহণস্যাদিতি ভাবঃ।
সহানুজস্যৈব, ন পুনস্ত্বৈকস্য, পাণ্ডবৈস্তথৈব দত্তত্বাদিত্যাশয়ঃ ॥৩৬॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি ভগবদ্‌যানে উনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

সাধুপ্রকৃতি যুধিষ্ঠির সত্যপ্রতিজ্ঞ, সর্ব্বদা সাবধান, বন্ধুজনের উপদেশের অধীন, প্রজাবর্গের প্রীতিভাজন, সুহৃজ্জনের প্রতি দয়ালু, জিতেন্দ্রিয় এবং সাধুজনের প্রতিপালক ॥৩৩॥

আর ক্ষমা, সহিষ্ণুতা, ইন্দ্রিয়সংযম, সত্য, সরলতা, শাস্ত্রজ্ঞান, সর্বদা সতর্কতা, দয়া এবং রাজ্যশাসনের যোগ্যতা ইত্যাদি রাজার সমস্ত গুণই যুধিষ্ঠিরে আছে ॥৩৪॥

কিন্তু তুই রাজার পুত্র নহিস্, অথ চ দুর্জন, সর্ব্বদা লোভী এবং বন্ধুজনের অহিতৈষী। সুতরাং দুর্বিনীত! তুই এই পরের পৈতৃক রাজ্য কি করিয়া হরণ করিতে পারিবি? ॥৩৫॥

অতএব তুই মোহ পরিত্যাগ করিয়া বাহন ও উপকরণের (আসবাবের) সহিত রাজ্যের অর্দ্ধ যুধিষ্ঠিরকে দান কর্; আর অবশিষ্ট রাজ্যার্দ্ধ ভ্রাতৃবর্গের সহিতই তোর জীবনকালপর্য্যন্ত থাকুক' ॥৩৬॥

* '...একোনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:•:—

বৈশম্পায়ন উবাচ।

ব্যুষ্টায়াং বৈ রজন্যাং হি রাজা দুর্য্যোধনস্ততঃ।
ব্যভজত্তান্যনীকানি দশ চৈকঞ্চ ভারত! ॥১॥
নর-হস্তি-রথাশ্বানাং সারং মধ্যঞ্চ ফল্গু চ।
সর্ব্বেষেতেষনীকেষু সন্দিদেশ নরাধিপঃ ॥২॥
সানুকর্ষাঃ সতূণীরাঃ সবরূথাঃ সতোমরাঃ।
সোপাসঙ্গাঃ সশক্তীকাঃ সনিষঙ্গাঃ সহর্ষ্টয়ঃ ॥৩॥
সধ্বজাঃ সপতাকাশ্চ সশরাসনতোমরাঃ।
রজ্জুভিশ্চ বিচিত্রাভিঃ সপাশাঃ সপরিচ্ছদাঃ ॥৪॥

ভারতকৌমুদী

ব্যুষ্টায়ামিতি। ব্যুষ্টায়াং প্রভাতায়াম্, "ব্যুষ্টং দিনে প্রভাতে চ ফলে পর্য্যুষিতেঽপি চ" ইতি বিশ্বঃ। অনীকানি সৈন্যানি, দশ চ একঞ্চ একাদশাক্ষৌহিণীরিত্যর্থঃ ॥১॥

অথ কেন ক্রমেণ ব্যভজদিত্যাহ নরেতি। সারমুত্তমম্, মধ্যং মধ্যমম্, ফল্গু অসারমধমঞ্চ। সন্দিদেশ অগ্র-মধ্য-পশ্চাদ্ভাগেষু স্থাতুমাদিদেশ ॥২॥

সেতি। আগামিদশমশ্লোকে অন্বয়সমাপ্তিঃ। অনুকৃষ্যন্ত ইত্যনুকর্ষা ভগ্নাবয়বরথশকটাদি-সংস্কারার্থা দারুবিশেষাস্তৈঃ সহেতি তে। তূণীরৈ রথবাহৈর্বৃহদ্বাণকোষৈঃ সহেতি তৈঃ,

ভারতভাবদীপঃ

ব্যুষ্টায়ামিতি। ব্যুষ্টায়াং ব্যতীতায়াম্ ॥১॥ সারং পুরোগামি মধ্যং মধ্যমং ফল্গু পাশ্চাত্যম্ ॥২॥ সানুকর্ষা ইত্যাদীনি নানামণিবিভূষিতা ইত্যন্তানি চিত্রানীকানাং বিশেষণানি। অনুকর্ষঃ যুদ্ধবিমর্দ্দে যস্য কস্যচিদ্রথাবয়বস্য নষ্টস্য প্রতিসমাধানার্থং যদ্রথস্যাধো দারু বধ্যতে তৎ। "অনুকর্ষো রথাধঃস্থদারুণি" ইতি মেদিনী। তূণীরো রথবাহ্যো বাণকোষঃ মহান্ নিষঙ্গ ইতি যাবৎ। বরূথো রথগুপ্তির্ব্যাঘ্রাদিচর্ম্মময়ী। তোমরাঃ হস্তক্ষেপ্যাঃ সশল্যা দণ্ডাঃ। উপাসঙ্গাঃ হয়গজবাহ্যাস্তূণাঃ। নিষঙ্গঃ পত্তিবাহ্যঃ স এব। শক্তির্লৌহদণ্ডঃ। ঋষ্টির্দ্দন্তুরঃ

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন জনমেজয়! তাহার পর রাত্রি প্রভাত হইলে রাজা দুর্য্যোধন প্রথমে এগার অক্ষৌহিণী সৈন্যকে বিভক্ত করিলেন ॥১॥

তৎপরে তিনি—হস্তী, অশ্ব, রথ ও পদাতিসৈন্যদিগকে উত্তম, মধ্যম ও অধমক্রমে সমস্ত সৈন্যেরই অগ্র, মধ্য ও পশ্চাদ্ভাগে থাকিবার আদেশ করিলেন ॥২॥

অক্ষৌহিণ্যো দশৈকা চ কৌরবাণাং সমাগতাঃ।
তাসাং প্রমুখতো ভীষ্মস্তালকেতুর্ব্যরোচত ॥৫॥
যদত্র যুক্তং প্রাপ্তঞ্চ তদ্বিধৎস্ব বিশাংপতে!।
উক্তং ভীষ্মেণ যদ্বাক্যং দ্রোণেন বিদুরেণ চ ॥৬॥
গান্ধার্য্যা ধৃতরাষ্ট্রেণ সমক্ষং মম ভারত!।
এতত্তে কথিতং রাজন্! যদ্বৃত্তং কুরুসংসদি ॥৭॥ (যুগ্মকম্)
সাম চাদৌ প্রযুক্তং মে রাজন্! সৌভ্রাত্রমিচ্ছতা।
অভেদায়াস্য বংশস্য প্রজানাঞ্চ বিবৃদ্ধয়ে ॥৮॥
পুনর্ভেদশ্চ মে যুক্তো যদা সাম ন গৃহ্যতে।
কর্ম্মানুকীর্ত্তনঞ্চৈব দেবমানুষসংহিতম্ ॥৯॥

ভারতকৌমুদী

অক্ষৌহিণ্য ইতি। দশ একা চ একাদশেত্যর্থঃ। তাসামক্ষৌহিণীনাং প্রমুখতঃ সম্মুখে, তালকেতুঃ তালতরুধ্বজঃ। এতদপি সম্ভাবনয়ৈবাভিহিতম্ ॥৫॥

যদিতি। যুক্তং ন্যায়সঙ্গতম্, প্রাপ্তং কালোচিতঞ্চ। বৃত্তং জাতম্ ॥৬—৭॥

সামেতি। মে ময়া, সৌভ্রাত্রং কৌরবপাণ্ডবগণয়োর্ভ্রাতৃসৌহার্দ্দম্ ॥৮॥

ভারতভাবদীপঃ

এবমুক্তে ইতি ॥১—২॥ পুষ্যোঽস্মীতি পুষ্যনক্ষত্রং হি অশ্বিন্যাঃ পৌর্ণমাস্যা উপরি অষ্টম্যাং ভবতি পূর্ব্বমপি সপ্তমাদ্দিবসাদূর্দ্ধমমাবাস্যা ভবিষ্যতি সংগ্রামং যোজয়েৎ তস্যামিত্যুক্তত্বাৎ ॥৩—৭॥ সাম্যং সাম্যো ভাবঃ সামেতি যাবৎ ॥৮॥ পুনর্ভেদশ্চ কর্ণেন সংযোগ-

---

সম্ভবতঃ এতক্ষণে কালপ্রেরিত সেই রাজারা আনন্দিত হইয়া ভীষ্মকে সেনাপতি করিয়া সৈন্যগণের সহিত কুরুক্ষেত্রে যাত্রা করিয়াছেন ॥৪॥

এবং বোধ হয় এতক্ষণে কৌরবগণের এগার অক্ষৌহিণী সৈন্য সমবেত হইয়াছে, আর তালধ্বজ ভীষ্ম তাহাদের সম্মুখে শোভা পাইতেছেন ॥৫॥

অতএব নরনাথ! এখন যাহা ন্যায়সঙ্গত এবং যাহা সময়োচিত, তাহা করুন। ভরতনন্দন! রাজা! আমার সমক্ষে ভীষ্ম, দ্রোণ, বিদুর, গান্ধারী ও ধৃতরাষ্ট্র যে সকল কথা বলিয়াছিলেন এবং কৌরবসভায় যাহা ঘটিয়াছিল, তাহা এই আপনার নিকট বলিলাম ॥৬—৭॥

রাজা! আমি সেখানে যাইয়া কুরুবংশের সম্মেলন এবং প্রজাদের উন্নতির জন্য আপনাদের মধ্যে ভ্রাতৃসৌহার্দ্দ ঘটাইবার ইচ্ছা করিয়া প্রথমে কোমল বাক্য বলিয়াছি ॥৮॥

---

(৮) সাম্যমাদৌ প্রযুক্তং মে···পি বা ব রা।

যদা নাদ্রিয়তে বাক্যং সামপূর্ব্বং সুযোধনঃ।
তদা ময়া সমানীয় ভেদিতাঃ সর্বপার্থিবাঃ ॥১০॥
অদ্ভুতানি চ ঘোরাণি দারুণানি চ ভারত!।
অমানুষাণি কর্ম্মাণি দর্শিতানি ময়া বিভো! ॥১১॥
নির্ভৎসয়িত্বা রাজ্ঞস্তাংস্তৃণীকৃত্য সুযোধনম্।
রাধেয়ং ভীষয়িত্বা চ সৌবলঞ্চ পুনঃ পুনঃ ॥১২॥
দ্যূততো ধার্ত্তরাষ্ট্রাণাং নিন্দাং কৃত্বা তথা পুনঃ।
ভেদয়িত্বা নৃপান্ সর্বান্ বাগ্‌ভির্মন্ত্রেণ চাসকৃৎ ॥১৩॥
পুনঃ সামাভিসংযুক্তং সম্প্রদানমথাব্রুবম্।
অভেদাৎ কুরুবংশস্য কার্য্যযোগাত্তথৈব চ ॥১৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

পুনরিতি। যুক্তঃ প্রযুক্তঃ। অনুকীর্ত্তনঞ্চ কৃতম্ ॥৯॥

যদেতি। ভেদিতা দুর্য্যোধনাৎ পৃথক্ কর্ত্তুমুপদিষ্টাঃ। এতৎ সর্ব্বং হস্তিনায়াং কৃষ্ণেন কৃতমপি গ্রন্থেঽস্মিন্ পূর্ব্বং ন লিখিতমিদানীং প্রদর্শনায়। এবমন্যত্রাপি বোধ্যম্ ॥১০॥

অদ্ভুতানীতি। দারুণানি নিষ্ঠুরাণি। দর্শিতানি মদ্বন্ধনসঙ্কল্পাবসরে ॥১১॥

নিরিতি। তৃণীকৃত্য তৃণবদবজ্ঞায়। দ্যূততো দ্যূতবিষয়ে। মন্ত্রেণ গুপ্তালোচনয়া। সম্প্রদানং রাজ্যার্দ্ধস্য। অভেদাৎ কার্য্যযোগাদিতি ল্যব্‌লোপে পঞ্চমী, তদুভয়মুদ্দিশ্যে-ত্যর্থঃ ॥১২—১৪॥

যখন দুর্য্যোধন সে কোমল বাক্য গ্রাহ্য করিল না, তখন আবার আমি ভেদপ্রয়োগ করিয়াছি এবং দেবতা ও মানুষগণের বহু কার্য্যের উদাহরণ দেখাইয়াছি ॥৯॥

দুর্য্যোধন যখন আমার কোমল বাক্যের আদর করে নাই, তখন আমি সকল রাজাকে আনিয়া তাঁহাদের মধ্যে ভেদ প্রয়োগ করিয়াছি ॥১০॥

ভরতনন্দন! রাজা! (আমাকে বন্ধন করিবার উপক্রমে) আমি সেখানে অদ্ভুত, ভয়ঙ্কর, নিষ্ঠুর ও অলৌকিক কার্য্য সকল দেখাইয়াছি ॥১১॥

রাজগণকে তিরস্কার এবং দুর্য্যোধনকে তৃণের ন্যায় অবজ্ঞা করিয়া, কর্ণ ও শকুনিকে বার বার ভয় দেখাইয়া, দ্যূতক্রীড়ার বিষয়ে ধার্ত্তরাষ্ট্রগণের নিন্দা করিয়া, বাক্য ও গুপ্ত মন্ত্রণাদ্বারা বার বার সকল রাজার নিকটেই ভেদপ্রয়োগ করিয়া, কুরুবংশের সম্মেলন ও কার্য্যসাধনের জন্য আবার কোমল বাক্যে রাজ্যার্দ্ধদানের বিষয় বলিয়াছি ॥১২—১৪॥

(১০) যদা ন ক্রিয়তে বাক্যম্···পি।

তে শূরা ধৃতরাষ্ট্রস্য ভীষ্মস্য বিদুরস্য চ ।
তিষ্ঠেয়ুঃ পাণ্ডবাঃ সর্বে হিত্বা মানমধশ্চরাঃ ॥১৫॥
প্রয়চ্ছন্তু চ তে রাজ্যমনীশাস্তে ভবন্তু চ ।
যথাহ রাজা গাঙ্গেয়ো বিদুরশ্চ হিতং তব ॥১৬॥
সর্বং ভবতু তে রাজ্যং পঞ্চ গ্রামান্ বিসর্জয় ।
অবশ্যং ভরণীয়া হি পিতুস্তে রাজসত্তম ! ॥১৭॥
এবমুক্তোঽপি দুষ্টাত্মা নৈব ভাগং ব্যমুঞ্চত ।
দণ্ডং চতুর্থং পশ্যামি তেষু পাপেষু নান্যথা ॥১৮॥
নির্যাতাশ্চ বিনাশায় কুরুক্ষেত্রং নরাধিপাঃ ।
এতত্তে কথিতং রাজন্ ! যদ্বৃত্তং কুরুসংসদি ॥১৯॥

ভারতকৌমুদী

তত্রোক্তেরনুবাদমাহ ত্রিভিঃ । ত ইতি । অধশ্চরা নিম্নবর্ত্তিনঃ সন্তঃ ॥১৫॥
প্রেতি । প্রয়চ্ছন্তু শাসনায় । অনীশা অপ্রভবঃ । যথা আহ তথা কুরু ॥১৬॥
সর্ব্বমিতি । বিসর্জয় পাণ্ডবেভ্যঃ সমর্পয় । ভরণীয়াঃ পাণ্ডবাঃ, ভ্রাতুষ্পুত্রত্বাৎ ॥১৭॥
এবমিতি । ভাগং রাজ্যাংশম্ । চতুর্থমুপায়ম্ । অন্যথা অন্যমুপায়ম্ ॥১৮॥
সম্ভাব্যাহ নিরিতি । নির্যাতা হস্তিনাপুরাৎ নির্গতাঃ, নরাধিপাঃ দুর্যোধনপক্ষীয়াঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

সংবাদেন ॥৯—১৬॥ পঞ্চগ্রামমাত্রস্বীকারেণ কৃৎস্নরাজ্যসমর্পণরূপং দানমপি প্রযুক্তম্ ॥১৭॥
দণ্ড এবোপায়ো নান্য ইত্যাহ—দণ্ডমিতি ॥১৮—২০॥
ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪০॥

(আরও বলিয়াছি যে, আপনি রাজ্যের অর্দ্ধ ছাড়িয়া দিলেও) 'মহাবীর পাণ্ডবেরা সকলেই অভিমান পরিত্যাগ করিয়া ধৃতরাষ্ট্র, ভীষ্ম ও বিদুরের অধীন হইয়াই থাকিবেন ॥১৫॥

এমন কি তাঁহারা শাসনের জন্য নিজেদের রাজ্যটাও আপনার হাতেই সমর্পণ করিবেন এবং অপ্রভু হইয়াই থাকিবেন। অতএব ধৃতরাষ্ট্র, ভীষ্ম ও বিদুর আপনার যেরূপ হিতের কথা বলিলেন, আপনি তাহাই করুন ॥১৬॥

অথবা, রাজশ্রেষ্ঠ ! সমগ্র রাজ্যই আপনার থাকুক, আপনি পাণ্ডবগণকে পাঁচ খানিমাত্র গ্রাম দান করুন। কারণ, তাঁহারা ত আপনার পিতার অবশ্য ভরণীয়' ॥১৭॥

আমি এইরূপ বলিলেও দুরাত্মা দুর্য্যোধন কিছুতেই রাজ্যের ভাগ দিতে সম্মত হইল না। অতএব সেই পাপাত্মাদের উপরে চতুর্থ উপায় দণ্ড প্রয়োগ ভিন্ন আমি অন্য কোন উপায় দেখি না ॥১৮॥

ন তে রাজ্যং প্রযচ্ছন্তি বিনা যুদ্ধেন পাণ্ডব ।।
বিনাশহেতবঃ সর্ব্বে প্রত্যুপস্থিতমৃত্যবঃ ॥২০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
ভগবদ্‌যানে কৃষ্ণবাক্যে চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

(৬। সৈন্যনির্য্যাণপর্ব্ব।)

একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———:-০-:———

বৈশম্পায়ন উবাচ।

জনার্দ্দনবচঃ শ্রুত্বা ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
ভ্রাতৄনুবাচ ধর্ম্মাত্মা সমক্ষং কেশবস্য হ ॥১॥
শ্রুতং ভবদ্ভির্যদ্‌বৃত্তং সভায়াং কুরুসংসদি।
কেশবস্যাপি যদ্বাক্যং তৎ সর্ব্বমবধারিতম্ ॥২॥

ভারতকৌমুদী

নিষ্কর্ষমাহ নেতি। প্রত্যুপস্থিতো মৃত্যুর্যেষাং তে ॥২০॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি ভগবদ্‌যানে চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

জনেতি। অক্ষোঃ সমীপ ইতি সমক্ষম্। "বা তৃতীয়াসপ্তম্যোঃ" ইতি সপ্তম্যা অম্ ॥১॥
শ্রুতমিতি। সভায়াং যদ্‌বৃত্তম্, কুরুসংসদি কেশবস্যাপি যদ্বাক্যমিত্যপৌনরুক্ত্যম্ ॥২॥

রাজা! বোধ হয়—কৌরবপক্ষীয় রাজারা এতক্ষণে হস্তিনা হইতে কুরুক্ষেত্রের দিকে যাত্রা করিয়াছেন। কৌরবসভায় যাহা যাহা ঘটিয়াছিল, এই আমি সে সকল আপনার নিকট বলিলাম ॥১৯॥

পাণ্ডুনন্দন! মোট কথা, জগতের বিনাশের হেতু ও আসন্নমৃত্যু ধার্ত্তরাষ্ট্রেরা বিনা যুদ্ধে আপনাকে রাজ্য ছাড়িয়া দিবে না' ॥২০॥

-০::০-

বৈশম্পায়ন কহিলেন—ধর্ম্মাত্মা ও ধর্ম্মরাজ যুধিষ্ঠির কৃষ্ণের কথা শুনিয়া তাঁহার সমক্ষে ভ্রাতৃগণকে বলিলেন—॥১॥

* '...পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বা ব য় নি। (১)...সমক্ষে কেশবস্যচ—পি।

তস্মাৎ সেনাবিভাগং মে কুরুধ্বং নরসত্তমাঃ।।
অক্ষৌহিণ্যস্তু সপ্তেতাঃ সমেতা বিজয়ায় বৈ ॥৩॥
তাসাং যে পতয়ঃ সপ্ত বিখ্যাতাস্তান্ নিবোধত।
দ্রুপদশ্চ বিরাটশ্চ ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ ॥৪॥
সাত্যকিশ্চেকিতানশ্চ ভীমসেনশ্চ বীর্য্যবান্।
এতে সেনাপ্রণেতারো বীরাঃ সর্বে তনুত্যজঃ ॥৫॥ (যুগ্মকম্)
সর্বে বেদবিদঃ শূরাঃ সর্বে সুচরিতব্রতাঃ।
হ্রীমন্তো নীতিমন্তশ্চ সর্বে যুদ্ধবিশারদাঃ।
ইষ্বস্ত্রকুশলাঃ সর্ব্বে তথা সর্ব্বাস্ত্রযোধিনঃ ॥৬॥
সপ্তানামপি যো নেতা সেনানাং প্রবিভাগবিৎ।
যঃ সহেত রণে ভীষ্মং শরার্চ্চিঃ পাবকোপমম্ ॥৭॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। সমেতাঃ সমাগতাঃ ॥৩॥

তাসামিতি। তাসামক্ষৌহিণীনাম্। সেনানাং প্রণেতারো নায়কাঃ, তনুত্যজঃ তনুত্যাগার্থিনঃ ॥৪—৫॥

সর্ব ইতি। হ্রীমন্তঃ অকার্য্যকরণে লজ্জাবন্তঃ। ইষ্বস্ত্রকুশলা বাণযুদ্ধনিপুণাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

কৌরবসভায় যাহা ঘটিয়াছিল এবং কৃষ্ণ সেখানে যাহা বলিয়াছিলেন, তাহা তোমরা শুনিলে এবং তাহার মর্ম্মও বুঝিলে ॥২॥

অতএব নরশ্রেষ্ঠগণ! তোমরা এখন আমার সৈন্যবিভাগ কর। এই সাত অক্ষৌহিণী সৈন্য আমার জয়লাভের জন্য আসিয়াছে ॥৩॥

ইহাদের যে সাত জন বিখ্যাত নায়ক আছেন, তাঁহাদের নাম শ্রবণ কর— দ্রুপদ, বিরাট, ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, সাত্যকি, চেকিতান ও বলবান্ ভীমসেন। ইঁহারা সকলেই সৈন্যপরিচালনে নিপুণ, বীর ও দেহত্যাগে উদ্যত ॥৪—৫॥

সকলেই বেদবিৎ, সকলেই বীর, সকলেই যথানিয়মে ব্রতাচরণ করিয়াছেন এবং সকলেই লজ্জাশীল, নীতিজ্ঞ ও যুদ্ধবিশারদ; আর সকলেই বাণযুদ্ধে দক্ষ এবং অন্যান্য অস্ত্রদ্বারাও যুদ্ধ করিতে পারেন ॥৬॥

পুরুষশ্রেষ্ঠ কুরুনন্দন সহদেব! যিনি উক্ত সাত জনেরও পরিচালনা করিতে পারেন, যিনি সৈন্যগণের বিভাগ জানেন এবং যিনি শরশিখায় অগ্নির

(৩)···অক্ষৌহিণ্যশ্চ···বা ব রা নি।

তং তাবৎ সহদেবাত্র প্রব্রূহি কুরুনন্দন ! ।
স্বমতং পুরুষব্যাঘ্র ! কো নঃ সেনাপতিঃ ক্ষমঃ ॥৮॥ (যুগ্মকম্)

সহদেব উবাচ ।

সংযুক্ত একদুঃখশ্চ বীর্য্যবাংশ্চ মহীপতিঃ ।
যং সমাশ্রিত্য ধর্ম্মজ্ঞং স্বমংশমনুযুঞ্জ্মহে ॥৯॥
মৎস্যো বিরাটো বলবান্ কৃতাস্ত্রো যুদ্ধদুর্ম্মদঃ ।
প্রসহিষ্যতি সংগ্রামে ভীষ্মং তাংশ্চ মহারথান্ ॥১০॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ ।

তথোক্তে সহদেবেন বাক্যে বাক্যবিশারদঃ ।
নকুলোঽনন্তরং তস্মাদিদং বচনমাদদে ॥১১॥
বয়সা শাস্ত্রতো ধৈর্য্যাৎ কুলেনাভিজনেন চ ।
হ্রীমান্ বলান্বিতঃ শ্রীমান্ সর্বশাস্ত্রবিশারদঃ ॥১২॥
বেদ চাস্ত্রং ভরদ্বাজাদ্দুর্দ্ধর্ষঃ সত্যসঙ্গরঃ ।
যো নিত্যং স্পর্দ্ধতে দ্রোণং ভীষ্মঞ্চৈব মহাবলম্ ॥১৩॥

ভারতকৌমুদী

সপ্তানামিতি। শখা অর্চ্চিষঃ শিখা ইব তাভিঃ পাবকোপমম্ অগ্নিতুল্যম্। স্বমতং স্বাভিমতম্। নঃ অস্মাকম্, ক্ষমো যোগ্যঃ সেনাপতির্ভবেৎ ॥৭—৮॥

সমিতি। সংযুক্তঃ সম্পর্কী বৈবাহিক ইতি যাবৎ, একদুঃখঃ সমানসুখদুঃখঃ। স্বং রাজ্যস্য অংশম্, অনুযুঞ্জ্মহে উদ্ধরামঃ। তান্ দ্রোণাদীন্ ॥৯—১০॥

তথেতি। তস্মাদ্বচনাৎ, অনন্তরং পরম্। আদদে জগ্রাহ উক্তবানিত্যর্থঃ ॥১১॥

বয়সেতি। শাস্ত্রতঃ শাস্ত্রশিক্ষাতঃ। অভিজনেন পুত্রাদিনা পরিজনেন শ্রেষ্ঠ ইতি

তুল্য ভীষ্মকে যুদ্ধে সহ্য করিতে পারিবেন, তোমার অভিমত সেই ব্যক্তির নাম বল ; 'কে আমাদের যোগ্য সেনাপতি হইবেন ?' ॥৭—৮॥

সহদেব বলিলেন—'যিনি আমাদের বৈবাহিক, সমানসুখদুঃখী, বলবান্ ও রাজা এবং যাহাকে অবলম্বন করিয়া আমরা স্বকীয় রাজ্যাংশ উদ্ধার করিব, মৎস্যদেশের অধিপতি, তেজস্বী, 'অস্ত্রে সুশিক্ষিত এবং যুদ্ধদুর্দ্ধর্ষ সেই বিরাট যুদ্ধে ভীষ্মকে ও অন্যান্য মহারথকে সহ্য করিতে পারিবেন' ॥৯—১০॥

বৈশম্পায়ন কহিলেন—সহদেব সেইরূপ বাক্য বলিলে, তাহার পর বাক্‌পটু নকুল এই কথাগুলি বলিলেন—॥১১॥

'যিনি বয়সে, শাস্ত্রজ্ঞানে, ধৈর্য্যে, বংশে ও পরিজনে শ্রেষ্ঠ, যিনি লজ্জাশীল,

---

(৯)···বীর্য্যবাংশ্চ মহামতিঃ···পি।

শ্লাঘ্যঃ পার্থিববংশস্য প্রমুখে বাহিনীপতিঃ।
পুত্রপৌত্রৈঃ পরিবৃতঃ শতশাখ ইব দ্রুমঃ ॥১৪॥
যস্তেপে তপো ঘোরং সদারঃ পৃথিবীপতিঃ।
রোষাদ্দ্রোণবিনাশায় বীরঃ সমিতিশোভনঃ ॥১৫॥
পিতেবাস্মান্ সমাধত্তে যঃ সদা পার্থিবর্ষভঃ।
শ্বশুরো দ্রুপদোঽস্মাকং সেনাগ্রং স প্রকর্ষতু ॥১৬॥ (কুলকম্)
স দ্রোণভীষ্মাবায়াস্তৌ সহেদিতি মতির্মম।
স হি দিব্যাস্ত্রবিদ্রাজা সখা চাঙ্গিরসো নৃপ! ॥১৭॥
মাদ্রীসুতাভ্যামুক্তে তু স্বমতে কুরুনন্দন!।
বাসবির্বাসবসমঃ সব্যসাচ্যব্রবীদ্বচঃ ॥১৮॥

ভারতকৌমুদী

শেষঃ। হ্রীমান্ অকার্য্যকরণে লজ্জাবান্। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ। পার্থিববংশস্য প্রমুখে অগ্রে বর্ত্ততে। তেপে চকার। সদারঃ সভার্য্যঃ। সমিতিশোভনো যুদ্ধশোভী। সমাধত্তে পর্য্যবেক্ষতে। প্রকর্ষতু আকৃষ্য বিপক্ষব্যূহং প্রতি নয়তু ॥১২—১৬॥

স ইতি। অঙ্গিরসঃ অঙ্গিরঃকুলসম্ভূতস্য দ্রোণস্য, সখা ভূতপূর্ব্বঃ সুহৃৎ ॥১৭॥

মাদ্রীতি। বাসবস্য ইন্দ্রস্যাপত্যমিতি বাসবিঃ, সব্যসাচী অর্জ্জুনঃ ॥১৮॥

বলবান্, সমৃদ্ধিশালী ও সর্বশাস্ত্রে বিশারদ, যিনি ভরদ্বাজের নিকট অস্ত্রশিক্ষা করিয়াছেন, দুর্দ্ধর্ষ ও সত্যপ্রতিজ্ঞ, যিনি সর্বদাই মহাবল ভীষ্ম ও দ্রোণের সহিত স্পর্দ্ধা করিয়া থাকেন, যিনি প্রশংসনীয়, রাজবংশসমূহের অগ্রগণ্য, আপন বাহিনীর অধিপতি এবং শতশাখাযুক্ত বৃক্ষের ন্যায় পুত্র-পৌত্রগণে পরিবেষ্টিত থাকেন, যিনি দ্রোণবধের জন্য ক্রোধবশতঃ ভার্য্যার সহিত মিলিত হইয়া ভয়ঙ্কর তপস্যা করিয়াছেন, যে রাজা বীর ও যুদ্ধশোভী এবং যিনি পিতার ন্যায় আমাদিগকে সর্ব্বদা পর্য্যবেক্ষণ করেন, আমাদের শ্বশুর সেই রাজশ্রেষ্ঠ দ্রুপদ আমাদের সৈন্যের সম্মুখভাগ আকর্ষণ করুন (আমাদের সেনাপতি হউন) ॥১২—১৬॥

রাজা! ভীষ্ম ও দ্রোণ আসিতে লাগিলে, তিনি তাঁহাদিগকে সহ্য করিতে পারিবেন ইহাই আমার ধারণা। কারণ, দ্রোণাচার্য্যের ভূতপূর্ব্ব সখা সেই দ্রুপদরাজা দিব্যাস্ত্র সকল জানেন' ॥১৭॥

কুরুনন্দন জনমেজয়! নকুল ও সহদেব এইভাবে আপন আপন মত বলিলে, ইন্দ্রতুল্য পরাক্রমী ইন্দ্রপুত্র অর্জ্জুন এই কথাগুলি বলিলেন—॥১৮॥

---

(১৬)…সংপ্রকর্ষতু—পি। (১৭)…আয়াস্তৌ…নৃপঃ—বা ব রা নি।

যোঽয়ং তপঃপ্রভাবেণ ঋষিসন্তোষণেন চ।
দিব্যঃ পুরুষ উৎপন্নো জ্বালাবর্ণো মহাভুজঃ ॥১৯॥
ধনুষ্মান্ কবচী খড়্গী রথমারুহ্য দংশিতঃ।
দিব্যৈর্হয়বরৈর্যু ক্তমগ্নিকুণ্ডাৎ সমুত্থিতঃ ॥২০॥
গর্জন্নিব মহামেঘো রথঘোষেণ বীর্য্যবান্।
সিংহসংহননো বীরঃ সিংহতুল্যপরাক্রমঃ ॥২১॥
সিংহোরস্কঃ সিংহভুজঃ সিংহবক্ষা মহাবলঃ।
সিংহপ্রগর্জনো বীরঃ সিংহস্কন্ধো মহাদ্যুতিঃ ॥২২॥
সুভ্রূঃ সুদংষ্ট্রঃ সুহনুঃ সুবাহুঃ সুমুখোঽকৃশঃ।
সুজত্রুঃ সুবিশালাক্ষঃ সুপাদঃ সুপ্রতিষ্ঠিতঃ ॥২৩॥
অভেদ্যঃ সর্বশস্ত্রাণাং প্রভিন্ন ইব বারণঃ।
জজ্ঞে দ্রোণবিনাশায় সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ ॥২৪॥
ধৃষ্টদ্যুম্নমহং মন্যে সহেত্ভীষ্মস্য সায়কান্।
বজ্রাশনিসমস্পর্শান্ দীপ্তাস্যানুরগানিব ॥২৫॥

ভারতকৌমুদী

য ইতি। তপঃপ্রভাবেণ দ্রুপদস্য, ঋষীণাং যজ্ঞে বৃতানাং মুনীনাং সন্তোষণেন দ্রুপদকৈর্ত্তৃকারাধনেন। জ্বালাবর্ণঃ অগ্নিশিখাবর্ণঃ। দংশিতঃ সন্নদ্ধঃ। হয়বরৈরুত্তমাশ্বৈঃ। সিংহস্যেব সংহননং দৃঢ়ং শরীরং যস্য সঃ। সিংহস্যেব উরঃ শ্রেষ্ঠং তেজো যস্য সঃ, বক্ষসঃ পৃথগভিধানাৎ, "উরো বক্ষসি চ শ্রেষ্ঠে" ইতি মেদিনী। শোভনে জত্রুণী স্কন্ধবক্ষসোঃ সন্ধিস্থানদ্বয়ং যস্য সঃ, "স্কন্ধো ভুজশিরোঽংসোঽস্ত্রী সন্ধী তস্যৈব জত্রুণী" ইত্যমরঃ। সুপ্রতিষ্ঠিতঃ সুসমঞ্জসসর্বাঙ্গঃ। প্রভিন্নো মদস্রাবী

'অগ্নিশিখার ন্যায় উজ্জ্বলবর্ণ ও মহাবাহু এই যে অলৌকিক পুরুষ পিতার তপস্যার প্রভাবে ও ঋষিগণের সন্তোষে উৎপন্ন হইয়াছিলেন; যিনি অগ্নিকুণ্ড হইতে সমুত্থিত হইয়াই ধনু, কবচ ও তরবারিধারণপূর্বক দিব্যাশ্বযুক্ত রথে আরোহণ করিয়া সজ্জিত হইয়াছিলেন; যে বীরের রথধ্বনি মহামেঘের ধ্বনির ন্যায় গম্ভীর, সিংহের ন্যায় দৃঢ় শরীর, সিংহের ন্যায় পরাক্রম, সিংহের ন্যায় তেজ, সিংহের ন্যায় বাহু, সিংহের ন্যায় বক্ষ, সিংহের ন্যায় গর্জন, সিংহের ন্যায় স্কন্ধ; যে বীরের বল ও কান্তি অসাধারণ, সুন্দর ভ্রূ, সুন্দর দন্ত, সুন্দর হনু, সুন্দর বাহু, সুন্দর মুখ, অকৃশ দেহ, সুন্দর জত্রু, অতিবিশাল নয়ন, সুন্দর চরণ, এমন কি সকল অঙ্গই সুসংলগ্ন; যিনি মদস্রাবী মত্ত হস্তীর ন্যায় সমস্ত অস্ত্রের অভেদ্য, সত্যবাদী ও জিতেন্দ্রিয় এবং যিনি দ্রোণবধের জন্যই জন্মিয়াছেন; সেই ধৃষ্ট-

যমদূতসমান্ বেগে নিপাতে পাবকোপমান্।
রামেণাজৌ বিষহিতান্ বজ্রনিষ্পেষদারুণান্ ॥২৬॥ (কুলকম্)
পুরুষং তং ন পশ্যামি যঃ সহেত মহাব্রতম্।
ধৃষ্টদ্যুম্নমৃতে রাজন্নিতি মে ধীয়তে মতিঃ ॥২৭॥
ক্ষিপ্রহস্তশ্চিত্রযোধী মতঃ সেনাপতির্মম।
অভেদ্যকবচঃ শ্রীমান্ মাতঙ্গ ইব যূথপঃ ॥২৮॥

ভীম উবাচ। †

বধার্থং যঃ সমুৎপন্নঃ শিখণ্ডী দ্রুপদাত্মজঃ।
বদন্তি সিদ্ধা রাজেন্দ্র! ঋষয়শ্চ সমাগতাঃ ॥২৯॥
যস্য সংগ্রামমধ্যে তু দিব্যমস্ত্রং প্রকুর্বতঃ।
রূপং দ্রক্ষ্যন্তি পুরুষা রামস্যেব মহাত্মনঃ ॥৩০॥
ন তং যুদ্ধে প্রপশ্যামি যো ভিন্দ্যাত্তু শিখণ্ডিনম্।
শস্ত্রেণ সমরে রাজন্! সন্নদ্ধং স্যন্দনে স্থিতম্ ॥৩১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

বারণো হস্তীব। বজ্রঃ কুলিশম্ অশনিশ্চ বিদ্যুৎ তয়োঃ সমস্পর্শান্, "অশনির্বজ্রবিদ্যুতোঃ" ইতি হেমচন্দ্রঃ। রামেণ জামদগ্ন্যেন, আজৌ কাশীরাজকন্যাহরণানন্তরযুদ্ধে ॥১৯—২৬॥

পুরুষমিতি। মহাব্রতং ভীষ্মম্। ঋতে বিনা। ধীয়তে বর্ত্ততে ॥২৭॥

ক্ষিপ্রেতি। ক্ষিপ্রহস্তো দ্রুতাস্ত্রক্ষেপী, চিত্রযোধী বিবিধভাবেন যুদ্ধকারী ॥২৮॥

বধেতি। বধার্থং ভীষ্মস্যেতি শেষঃ। সিদ্ধাস্তপসা লব্ধব্রহ্মসাক্ষাৎকারাঃ। প্রকুর্ব্বতঃ প্রযুঞ্জানস্য। রামস্য জামদগ্ন্যস্য দাশরথের্বা। স্যন্দনে রথে ॥২৯—৩১॥

দ্যুম্নকেই আমি আমাদের উপযুক্ত সেনাপতি মনে করি। কারণ, তিনিই ভীষ্মের বাণ সহ্য করিতে পারিবেন। কেন না, ভীষ্মের বাণগুলি বজ্র ও বিদ্যুতের তুল্য স্পর্শকারী, সর্পের ন্যায় উজ্জ্বলমুখ, বেগে যমদূতের সমান এবং আঘাতে অগ্নির তুল্য। বজ্রের তুল্য দারুণ আঘাতকারী সেই ভীষ্মের বাণ সকল যুদ্ধে পরশুরাম সহ্য করিয়াছিলেন ॥১৯—২৬॥

রাজা। যিনি যুদ্ধে ভীষ্মকে সহ্য করিতে পারেন, এক ধৃষ্টদ্যুম্ন ভিন্ন তেমন অন্য কোন পুরুষকে আমি দেখিতে পাই না এবং সেইরূপই আমার ধারণা ॥২৭॥

অতএব ক্ষিপ্রহস্ত, বিচিত্রযোধী, অভেদ্যকবচ ও যূথপতি হস্তীর ন্যায় বলবান্ ধৃষ্টদ্যুম্নই আমাদের সেনাপতি হউন, ইহাই আমার মত' ॥২৮॥

ভীমসেন বলিলেন—'মহারাজ! সমাগত সিদ্ধগণ ও ঋষিগণ যে দ্রুপদ-

---

† 'ভীমসেন উবাচ—' বা ব রা, 'অর্জ্জুনেনৈবমুক্তে তু ভীমো বাক্যং সমাদদে' নি।

দ্বৈরথে সমরে নান্যো ভীষ্মং হন্যান্মহাব্রতম্।
শিখণ্ডিনমৃতে বীরং স মে সেনাপতির্মতঃ ॥৩২॥

যুধিষ্ঠির উবাচ।

সর্বস্য জগতস্তাত! সারাসারং বলাবলম্।
সর্বং জানাতি ধর্ম্মাত্মা মতমেষাঞ্চ কেশবঃ ॥৩৩॥
যমাহ কৃষ্ণো দাশার্হঃ সোঽস্তু সেনাপতির্মম।
কৃতাস্ত্রোঽপ্যকৃতাস্ত্রো বা বৃদ্ধো বা যদি বা যুবা ॥৩৪॥
এষ নো বিজয়ে মূলমেষ তাত! বিপর্য্যয়ে।
অত্র প্রাণাশ্চ রাজ্যঞ্চ ভাবাভাবৌ সুখাসুখে ॥৩৫॥

ভারতকৌমুদী

দ্বৈরথ ইতি। মহৎ ব্রতং ব্রহ্মচর্য্যনিয়মো যস্য তম্। ঋতে বিনা ॥৩২॥
সর্ব্বস্যেতি। হে তাত! বৎসগণ!। এষাং বিরাটাদীনাম্ ॥৩৩॥
যমিতি। দাশার্হো দাশার্হবংশীয়ঃ। কৃতাস্ত্রঃ শিক্ষিতাস্ত্রঃ ॥৩৪॥
এষ ইতি। নঃ অস্মাকম্। বিপর্য্যয়ে পরাজয়ে। ভাবাভাবৌ শুভাশুভে ॥৩৫॥

নন্দন শিখণ্ডীকে ভীষ্মবধার্থই উৎপন্ন বলিয়া প্রকাশ করেন এবং যুদ্ধমধ্যে দিব্য অস্ত্র সকল নিক্ষেপ করিতে লাগিলে, মহাত্মা রামের রূপের মতই যাঁহার রূপ তত্রত্য লোকেরা দেখিতে থাকিবে; যুদ্ধসজ্জায় সজ্জিত ও রথস্থিত সেই শিখণ্ডীকে যিনি যুদ্ধে অস্ত্রদ্বারা বিদীর্ণ করিতে পারেন, তেমন লোক ত আমি দেখিতে পাই না ॥২৯—৩১॥

এবং বীর শিখণ্ডী ব্যতীত অন্য কোন লোকই দ্বৈরথ যুদ্ধে মহাব্রত ভীষ্মকে বধ করিতে পারিবে না। অতএব আমার মতে সেই শিখণ্ডীই আমাদের সেনাপতি হউন' ॥৩২॥

যুধিষ্ঠির বলিলেন—'বৎসগণ! ধর্ম্মাত্মা কৃষ্ণ সমগ্র জগতের সার ও অসার এবং বল ও অবলপ্রভৃতি সকলই জানেন, আর ইঁহাদের মতও অবগত আছেন ॥৩৩॥

অতএব দাশার্হ কৃষ্ণ যাঁহার কথা বলেন, তিনি অস্ত্রে শিক্ষিতই হউন বা অশিক্ষিতই হউন, কিংবা বৃদ্ধই হউন বা যুবাই হউন, তিনিই আমার সেনাপতি হউন ॥৩৪॥

বৎসগণ! ইনিই আমাদের জয়ের মূল, আবার ইনিই পরাজয়ের মূল;

(৩২)…স চ সেনাপতির্বৃতঃ—পি। (৩৫) এষ মে বিজয়ে মূলম্…পি।

এষ ধাতা বিধাতা চ সিদ্ধিরত্র প্রতিষ্ঠিতা।
যমাহ কৃষ্ণো দাশার্হঃ সোঽস্তু নো বাহিনীপতিঃ ॥৩৬॥
ব্রবীতু বদতাং শ্রেষ্ঠো নিশা সমভিবর্ত্ততে।
ততঃ সেনাপতিং কৃত্বা কৃষ্ণস্য বশবর্ত্তিনঃ ॥৩৭॥
রাত্রেঃ শেষে ব্যতিক্রান্তে প্রযাস্যামো রণাজিরে।
অধিবাসিতশস্ত্রাশ্চ কৃতকৌতুকমঙ্গলাঃ ॥৩৮॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ।

তস্য তদ্বচনং শ্রুত্বা ধর্ম্মরাজস্য ধীমতঃ।
অব্রবীৎ পুণ্ডরীকাক্ষো ধনঞ্জয়মবেক্ষ্য হি ॥৩৯॥

ভারতকৌমুদী

এষ ইতি। ধাতা রক্ষিতা, বিধাতা সৃষ্টিকর্ত্তা, সিদ্ধিঃ কার্য্যনিষ্পত্তিঃ ॥৩৬॥

ব্রবীত্বিতি। সমভিবর্ত্ততে আগচ্ছতি। কৃত্বা নির্ব্বাচ্য, বশবর্ত্তিনো বয়ম্। রণাজিরে সমরাঙ্গনে। অধিবাসিতানি চন্দনাদ্যৈশ্চর্চ্চিতানি শস্ত্রাণি যৈস্তে ॥৩৭—৩৮॥

তস্যেতি। ধনঞ্জয়াবেক্ষণেন তন্মতমেব মমমতমিতি সূচিতম্ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

জনার্দ্দনেতি ॥১—৮॥ সংযুক্তঃ সম্বন্ধী ॥৯—১১॥ দূণেন বংশেন অভিজনেন স্বজন-সমূহেন ॥১২—১৬॥ অজিরসো দ্রোণস্য ॥১৭—৩৭॥ শস্ত্রাণামধিবাসনং গন্ধাদ্যৈঃ পূজনং কৌতুকং রক্ষাবন্ধনং মঙ্গলং স্বস্তিবাচনম্ ॥৩৮॥ ধনঞ্জয়মবেক্ষ্যোত্তানেনার্জ্জুনাভিমতো ধৃষ্টদ্যুম্নঃ

আর ইহার উপরেই আমাদের প্রাণ, রাজ্য, শুভ, অশুভ, সুখ ও দুঃখ নির্ভর করে ॥৩৫॥

আর ইনিই জগতের রক্ষিতা ও সৃষ্টিকর্ত্তা এবং ইহার উপরেই কার্য্যসিদ্ধি নির্ভর করে। অতএব কৃষ্ণ যাঁহার কথা বলেন, তিনিই আমাদের সেনাপতি হউন ॥৩৬॥

অতএব বাগ্মিশ্রেষ্ঠ কৃষ্ণই আমাদের সেনাপতির কথা বলুন। কারণ, রাত্রি আসিতেছে। সুতরাং আমরা সেনাপতি নির্ব্বাচন করিয়া, রাত্রিপ্রভাতে অস্ত্র-সমূহের অধিবাস ও কৌতুকমঙ্গল সম্পাদনপূর্ব্বক কৃষ্ণের বশবর্ত্তী হইয়া সমরাঙ্গনে যাত্রা করিব' ॥৩৭—৩৮॥

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণ বুদ্ধিমান্ যুধিষ্ঠিরের সেই সকল কথা শুনিয়া অর্জ্জুনের দিকে দৃষ্টিপাত করিয়া বলিতে লাগিলেন—॥৩৯॥

(৩৭)…বশবর্ত্তিনম্—পি। (৩৮)…রণাজিরম্…বঃ ব রা নি। (৩৯)…অবেক্ষ্য হ—বা ব রা নি।

সমাপ্যেতে মহারাজ ! ভবদ্ভির্ব উদাহৃতাঃ ।
নেতারস্তব সেনায়া মতা বিক্রান্তযোধিনঃ ॥৪০॥
সর্ব্ব এব সমর্থা হি তব শত্রুং প্রবাধিতুম্ ।
ইন্দ্রস্যাপি ভয়ং হ্যেতে জনয়েয়ুর্মহাহবে ॥৪১॥
কিং পুনর্ধার্ত্তরাষ্ট্রাণাং লুব্ধানাং পাপচেতসাম্ ।
ময়াপি হি মহাবাহো ! ত্বৎপ্রিয়ার্থং মহাহবে ॥৪২॥
কৃতো যত্নো মহাংস্তত্র শমঃ স্যাদিতি ভারত ! ।
ধর্ম্মস্য গতমানৃণ্যং ন স্ম বাচ্যা বিবক্ষতাম্ ॥৪৩॥ (যুগ্মকম্)
কৃতাস্ত্রং মন্যতে বাল আত্মানমবিচক্ষণঃ ।
ধার্ত্তরাষ্ট্রো বলস্থঞ্চ পশ্যত্যাত্মানমাতুরঃ ॥৪৪॥
যুজ্যতাং বাহিনী সাধু বধসাধ্যা হি মে মতাঃ ।
ন ধার্ত্তরাষ্ট্রাঃ শক্যন্তি স্থাতুং দৃষ্ট্বা ধনঞ্জয়ম্ ॥৪৫॥

ভারতকৌমুদী

মমেতি। এতে বিরাটাদয়ঃ। নেতারঃ পতয়ঃ। বিক্রান্তেন বিক্রমেণ যোধিনঃ ॥৪০॥
সর্ব্ব ইতি। প্রবাধিতুং পীড়য়িতুম্। মহাহবে মহাযুদ্ধে ॥৪১॥
কিমিতি। ধার্ত্তরাষ্ট্রাণামেতে ভয়ং কিং ন জনয়েয়ুরিত্যর্থঃ। মহাহবে মহাযুদ্ধসম্ভবে। শমঃ শান্তিঃ। বাচ্যা নিন্দনীয়াঃ, বিবক্ষতাম্ অন্যদোষং বক্তুমিচ্ছতাম্ ॥৪২—৪৩॥
কৃতেতি। বালো মূর্খঃ, অবিচক্ষণঃ অপটুঃ, আতুরো দুষ্টবচনৈঃ পীড়িতশ্চ ॥৪৪॥

'মহারাজ! আপনারা যাঁহাদের কথা বলিলেন, মহাবিক্রমশালী সেই সকল যোদ্ধাই আপনার সেনাপতি হন, ইহা আমারও মত ॥৪০॥

কারণ, ইঁহারা সকলেই আপনার শত্রুগণকে উৎপীড়ন করিতে সমর্থ হইবেন। কেন না, ইঁহারা মহাযুদ্ধে ইন্দ্রেরও ভয় জন্মাইতে পারেন ॥৪১॥

তাহাতে লোভী ও পাপচিত্ত ধার্ত্তরাষ্ট্রগণের যে ভয় জন্মাইবেন, সে বিষয়ে আর বক্তব্য আছে কি। ভরতনন্দন! মহাবাহু! মহাযুদ্ধের সম্ভাবনা দেখিয়া আমিও আপনার প্রীতির জন্য এবং শান্তির নিমিত্ত হস্তিনানগরে বিশেষ চেষ্টা করিয়া আসিয়াছি। তাহাতে ধর্ম্মের নিকটেও অনৃণী হইয়াছি এবং দোষ-বিবক্ষুদিগের নিকটেও নিন্দনীয় হই নাই ॥৪২—৪৩॥

ওদিকে দুর্য্যোধন মূর্খ ও অপটু হইয়াও আপনাকে অস্ত্রে সুশিক্ষিত মনে করে এবং দুর্ব্বল হইয়াও আপনাকে বলবান্ বলিয়া ধারণা করে ॥৪৪॥

(৪৩)···মহাংস্তাত!···পি। (৪৪) কৃতার্থং মন্যতে···নি।

ভীমসেনঞ্চ সংক্রুদ্ধং যমৌ চাপি যমোপমৌ।
যুযুধানদ্বিতীয়ঞ্চ ধৃষ্টদ্যুম্নমমর্ষণম্ ॥৪৬॥
অভিমন্যুং দ্রৌপদেয়ান্ বিরাটদ্রুপদাবপি।
অক্ষৌহিণীপতীংশ্চান্যান্ নরেন্দ্রান্ ভীমবিক্রমান্ ॥৪৭॥ (বিশেষকম্)
সারবদ্বলমস্মাকং দুষ্প্রধর্ষং দুরাসদম্।
ধার্ত্তরাষ্ট্রবলং সংখ্যে হনিষ্যতি ন সংশয়ঃ ॥৪৮॥
ধৃষ্টদ্যুম্নমহং মন্যে সেনাপতিমরিন্দম!।
এবমুক্তে তু কৃষ্ণেন সংপ্রাহৃষ্যন্ নরোত্তমাঃ ॥৪৯॥
তেষাং প্রহৃষ্টমনসাং নাদঃ সমভবন্মহান্।
যোগ ইত্যথ সৈন্যানাং ত্বরতাং সম্প্রধাবতাম্ ॥৫০॥

ভারতকৌমুদী

যুজ্যতামিতি। সাধু সম্যক্, যথেন সাধ্যা আয়ত্তীকর্ত্তব্যাঃ। যমৌ নকুলসহদেবৌ। যুযুধানঃ সাত্যকির্দ্বিতীয়ো যস্য তম্। অমর্ষণং কোপনম্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদী-পুত্রান্ ॥৪৫—৪৭॥

সারেতি। সারবৎ বলবৎ, বলং সৈন্যং কর্তৃ। দুরাসদং দুষ্প্রাপম্। সংখ্যে যুদ্ধে ॥৪৮॥

ধৃষ্টেতি। সংপ্রাহৃষ্যন্, যোগ্যসেনাপতিনির্বাচনাদিতি ভাবঃ ॥৪৯॥

তেষামিতি। যোগঃ সন্নাহঃ ক্রিয়তামিতি শেষঃ। সম্প্রধাবতাং সন্নাহায়েত্যর্থঃ ॥৫০॥

সে যাহা হউক, আপনি ভাগ করিয়া সৈন্য যোজনা করুন। কারণ, আমার মতে বধ ব্যতীত ধার্ত্তরাষ্ট্রেরা আয়ত্ত হইবে না। অর্জ্জুন, ক্রুদ্ধ ভীমসেন, যমের তুল্য নকুল ও সহদেব, সাত্যকি, কোপনস্বভাব ধৃষ্টদ্যুম্ন, অভিমন্যু, দ্রৌপদীর পুত্রগণ, বিরাট, দ্রুপদ এবং ভয়ঙ্করবিক্রমশালী অক্ষৌহিণীপতি অন্যান্য রাজ-গণকে দেখিয়া ধার্ত্তরাষ্ট্রেরা যুদ্ধে অবস্থানই করিতে সমর্থ হইবে না ॥৪৫—৪৭॥

তা'র পর শক্তিশালী, দুর্দ্ধর্ষ ও দুর্গ্রহ আমাদের সৈন্য যুদ্ধে ধার্ত্তরাষ্ট্রগণের সৈন্যকে যে সংহার করিবে, সে বিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৮॥

'সে যাহা হউক, অরিন্দম রাজা! আমিও ধৃষ্টদ্যুম্নকেই সেনাপতি মনো-নীত করি।' কৃষ্ণ এইরূপ বলিবামাত্র নরোত্তম পাণ্ডবেরা অত্যন্ত আনন্দিত হইলেন ॥৪৯॥

'যুদ্ধসজ্জা কর, যুদ্ধসজ্জা কর' এইরূপ বলিতে বলিতে ইতস্ততো ধাবিত, ত্বরাপরায়ণ ও আনন্দিত সৈন্যগণের মধ্যে গুরুতর কোলাহল উঠিল ॥৫০॥

---

(৪৬)···যুযুধানং দ্বিতীয়ঞ্চ···নি। (৪৯) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'বৈশম্পায়ন উবাচ' বা ব ম্ন নি।

হয়বারণশব্দাশ্চ নেমিঘোষাশ্চ সর্বতঃ।
শঙ্খদুন্দুভিঘোষাশ্চ তুমুলাঃ সর্বতোঽভবন্ ॥৫১॥
তদুগ্রং সাগরনিভং ক্ষুব্ধং বলসমাগমম্।
রথপত্তিগজোদগ্রং মহোর্ম্মিভিরিবাকুলম্ ॥৫২॥
ধাবতামাহ্বয়ানানাং তনুত্রাণি চ বধ্নতাম্।
প্রযাস্যতাং পাণ্ডবানাং সসৈন্যানাং সমন্ততঃ ॥৫৩॥
গঙ্গেব পূর্ণা দুর্দ্ধর্ষা সমদৃশ্যত বাহিনী।
অগ্রানীকে ভীমসেনো মাদ্রীপুত্রৌ চ দংশিতৌ ॥৫৪॥
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
প্রভদ্রকাশ্চ পাঞ্চালা ভীমসেনমুখা যযুঃ ॥৫৫॥ (কলাপকম্)
ততঃ শব্দঃ সমভবৎ সমুদ্রস্যেব পর্বণি।
হৃষ্টানাং সম্প্রয়াতানাং ঘোষো দিবমিবাস্পৃশৎ ॥৫৬॥

ভারতকৌমুদী

হয়েতি। হয়বারণশব্দা হ্রেষাবৃংহিতধ্বনয়ঃ, নেমিঘোষা রথচক্রপ্রান্তশব্দাঃ ॥৫১॥

তদিতি। বলানাং সৈনিকানাং সমাগমঃ সম্মেলনং যত্র তৎ, রথৈঃ পত্তিভিঃ পদাতিভির্গজৈশ্চ উদগ্রমুন্নতম্, উগ্রং ভয়ঙ্করম্, তৎ সৈন্যম্, আহ্বয়ানানামাহ্বয়তাম্। তনুত্রাণি কবচানি, বধ্নতাং দধতাম্। পাণ্ডবানাং বাহিনীতি সম্বন্ধঃ। অগ্রানীকে সৈন্যাগ্রদেশে। দংশিতৌ সন্নদ্ধৌ। সৌভদ্রঃ অভিমন্যুঃ। পার্ষতঃ পৃষতপৌত্রঃ ॥৫২—৫৫॥

তত ইতি। পর্ব্বণি পূর্ণিমায়ামমাবস্যায়াঞ্চ। বাক্যদ্বয়মত্র ॥৫৬॥

সকল দিক্ হইতেই হস্তিগণের বৃংহিতধ্বনি, অশ্বসমূহের হ্রেষারব, রথচক্রের নির্ঘোষ এবং শঙ্খ ও দুন্দুভিপ্রভৃতির তুমুল শব্দ হইতে লাগিল ॥৫১॥

ক্রমে রথ, পদাতি ও হস্তিগণে পরিপূর্ণ সেই ভয়ঙ্কর সৈন্য, মহাতরঙ্গে পরিপূর্ণ সমুদ্রের ন্যায় উদ্বেলিত হইয়া উঠিল; পাণ্ডবেরা প্রস্থান করিবার পূর্ব্বে সকল দিকে ধাবিত হইয়া সেই সৈন্যগণকে আহ্বান করিতে লাগিলেন এবং কবচ পরিধান করিতে থাকিলেন; তখন সেই দুর্দ্ধর্ষ সেনা পরিপূর্ণা গঙ্গার ন্যায় দেখা যাইতে লাগিল। ক্রমে যুদ্ধসজ্জায় সজ্জিত নকুল, সহদেব, অভিমন্যু, দ্রৌপদীর পুত্রগণ, ধৃষ্টদ্যুম্ন, প্রভদ্রকগণ ও পাঞ্চালগণ, ভীমসেনকে সম্মুখে রাখিয়া সৈন্যের সম্মুখভাগে চলিতে লাগিলেন ॥৫২—৫৫॥

তাহার পর পূর্ণিমা বা অমাবস্যায় সমুদ্রের শব্দের ন্যায় আনন্দিত ও প্রস্থিত

---

(৫২) অয়ং শ্লোকঃ পি নাস্তি। (৫৫)…প্রভদ্রকাশ্চ পঞ্চালাঃ…বা ব রা নি।

প্রহৃষ্টা দংশিতা যোধাঃ পরানীকবিদারণাঃ।
তেষাং মধ্যে যযৌ রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৫৭॥
শকটাপণবেশাশ্চ যানযুগ্যঞ্চ সর্বশঃ।
কোষং যন্ত্রায়ুধঞ্চৈব যে চ বৈদ্যাশ্চিকিৎসকাঃ ॥৫৮॥
ফল্গু যচ্চ বলং কিঞ্চিদ্যচ্চাপি কৃশদুর্বলম্।
তৎ সংগৃহ্য যযৌ রাজা যে চাপি পরিচারকাঃ ॥৫৯॥
উপপ্লব্যে তু পাঞ্চালী দ্রৌপদী সত্যবাদিনী।
সহ স্ত্রীভির্নিববৃতে দাসীদাসসমাবৃতা ॥৬০॥

ভারতকৌমুদী

প্রেতি। দংশিতাঃ সন্নদ্ধাঃ, পরানীকানাং বিপক্ষসৈন্যানাং বিদারণা যে তেষাম্ ॥৫৭॥

শকটেতি। শকটানি খাদ্যাদিভারবাহীনি যানানি, আপণা বিক্রেয়দ্রব্যাণাং পটগৃহাঃ, বেশা বেশ্যাঙ্গনানামাশ্রয়াঃ পটমণ্ডপাশ্চ তে, "বেশো বেশ্যাজনসমাশ্রয়ঃ" ইত্যমরঃ। যানযুগ্যং যানবাহনং গবোষ্ট্রাদি। কোষং ধনভাণ্ডম্, যন্ত্রায়ুধং গুলিকাক্ষেপকযন্ত্ররূপমস্ত্রম্, যে চ বৈদ্যাঃ শস্ত্রক্ষতাদিচিকিৎসাশাস্ত্রজ্ঞাশ্চিকিৎসকাঃ, তে চ যযুরিতি শেষঃ ॥৫৮॥

ফল্গ্বিতি। ফল্গু অসারম্, "অসারং ফল্গু" ইত্যমরঃ। সংগৃহ্য সহচরীকৃত্য ॥৫৯॥

ভারতভাবদীপঃ

সেনাপতিরিতি স্পষ্টঃ প্রবর্ণোত্তার্থঃ ॥৩১—৩৭॥ অস্মাকং বলং কর্ত্তু ধার্ত্তরাষ্ট্রবলং কর্ত্ত ॥৪৮—৪৯॥ যোগো যুদ্ধায় সজ্জীভবনম্। "অপ্রাপ্তপ্রাপণসন্নহনেষপি যোগ" ইতি বিশ্বঃ ॥৫১—৫৭॥ শকটা অনাংসি আপণো বণিগ্বীথ্যাপলক্ষিতং বিক্রেয়দ্রব্যং বেশো বেশ্যাজনাশ্রয়ঃ পটগৃহাণি। যানযুগ্যং যানেষু যুগ্যং যুগমর্হতীতি রথাদি। শকটমূলকাবাহিতারবহং যুগ্যম্। ইদন্তু কেবলং প্রয়াণার্হং যুগ্যম্। যুগ্যঞ্চ পত্রে ইতি নিপাতনাৎ। কোষং ধনচয়ং যন্ত্রায়ুধং গোলকপ্রক্ষেপণং নাল ইত্যুচ্যতে লোকে। চিকিৎসকাঃ শস্ত্রবৈদ্যাঃ ॥৫৮—৬০॥ মূলপ্রতীকারং ধনদাররক্ষা গুল্মৈঃ স্থাবরৈঃ প্রাকাররূপৈঃ জঙ্গমৈঃ পরিতঃ স্থানে

সৈন্যগণের কোলাহল হইতে লাগিল, ক্রমে সেই কোলাহল যেন গগন স্পর্শ করিতে থাকিল ॥৫৬॥

বিপক্ষসৈন্যবিদারী যোদ্ধারা সজ্জিত ও আনন্দিত হইয়া চলিতে লাগিল এবং তাহাদের মধ্যে থাকিয়া কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির গমন করিতে থাকিলেন ॥৫৭॥

বহুতর গাড়ী, দোকান, বেশ্যাদের তাম্বু, বাহন, ধনভাণ্ড ও কামান যাইতে থাকিল এবং চিকিৎসাশাস্ত্রাভিজ্ঞ চিকিৎসকগণ গমন করিতে লাগিলেন ॥৫৮॥

যে কিছু সৈন্য অসার এবং যে সকল সৈন্য কৃশ ও দুর্বল, আর যাহারা ভৃত্য, তাহাদিগকে লইয়া যুধিষ্ঠির গমন করিতে লাগিলেন ॥৫৯॥

কৃত্বা মূলপ্রতীকারং গুল্মৈঃ স্থাবরজঙ্গমৈঃ।
স্কন্ধাবারেণ মহতা প্রযযুঃ পাণ্ডুনন্দনাঃ ॥৬১॥
দদতো গাং হিরণ্যঞ্চ ব্রাহ্মণৈরভিসংবৃতাঃ।
স্তূয়মানা যযূ রাজন্! রথৈর্মণিবিভূষিতৈঃ ॥৬২॥
কেকয়া ধৃষ্টকেতুশ্চ পুত্রঃ কাশ্যস্য চাভিভূঃ।
শ্রেণিমান্ বসুদানশ্চ শিখণ্ডী চাপরাজিতঃ ॥৬৩॥
হৃষ্টাস্তুষ্টাঃ কবচিনঃ সশস্ত্রাঃ সমলঙ্কৃতাঃ।
রাজানমন্বযুঃ সর্বে পরিবার্য্য যুধিষ্ঠিরম্ ॥৬৪॥ (যুগ্মকম্)
জঘনার্দ্ধে বিরাটশ্চ যাজ্ঞসেনিশ্চ সৌমকিঃ।
সুধর্ম্মা কুন্তিভোজশ্চ ধৃষ্টদ্যুম্নস্য চাত্মজাঃ ॥৬৫॥

ভারতকৌমুদী

উপেতি। উপপ্লব্যে নগরে। এতেন দ্রৌপদী কিয়দ্দূরং পন্থানং গতেতি বোধ্যম্ ॥৬০॥

কৃত্বেতি। স্থাবরাঃ প্রাচীরপরিখাদয়ঃ জঙ্গমাশ্চ সৈনিকাশ্বাদয়স্তৈঃ, গুল্মৈর্দুর্গবিধিভিঃ, মূলানাং ধনদারাদীনাং প্রতীকারং বিপন্নিবৃত্ত্যুপায়ং কৃত্বা, মহতা বিশালেন, স্কন্ধান্ সৈন্যবর্গান্ আবৃণোতীতি স্কন্ধাবারঃ পটমণ্ডপসমূহস্তেন সহ ॥৬১॥

দদত ইতি। গাং ধেনুম্, হিরণ্যং ধনম্, দদতঃ পাণ্ডুনন্দনা ইত্যনুবৃত্তিঃ ॥৬২॥

কেকয়া ইতি। ধৃষ্টকেতুপ্রভৃতীনি নামানি। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৬৩—৬৪॥

সত্যবাদিনী পাঞ্চালনন্দিনী দ্রৌপদী, দাসী ও দাসগণে পরিবেষ্টিত হইয়া অন্যান্য স্ত্রীলোকদের সহিত (কিছু দূর যাইয়া আবার) উপপ্লব্যনগরেই ফিরিয়া গেলেন ॥৬০॥

প্রাচীর ও পরিখাবেষ্টিত এবং হস্তী, অশ্ব ও সৈন্যগণে পরিপূর্ণ দুর্গসমূহদ্বারা ধন ও স্ত্রীলোকপ্রভৃতির রক্ষার উপায় করিয়া প্রচুর পটমণ্ডপ (তাম্বু) লইয়া পাণ্ডবেরা প্রস্থান করিলেন ॥৬১॥

রাজা! ব্রাহ্মণেরা আসিয়া পরিবেষ্টনপূর্ব্বক স্তব করিতে লাগিলে, পাণ্ডবেরা তাঁহাদিগকে গো ও ধন দান করিয়া মণিভূষিত রথে আরোহণপূর্ব্বক গমন করিতে লাগিলেন ॥৬২॥

কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা, ধৃষ্টকেতু, কাশীরাজের পুত্র অভিভূ, শ্রেণিমান্, বসুদান ও অপরাজিত শিখণ্ডী, ইঁহারা সকলে কবচধারী, সশস্ত্র, অলঙ্কৃত, হৃষ্ট ও তুষ্ট হইয়া রাজা যুধিষ্ঠিরকে পরিবেষ্টন করিয়া গমন করিতে থাকিলেন ॥৬৩—৬৪॥

(৬৩)···পুত্রঃ কাশ্যস্য বা বিভুঃ···পি বা।

রথাযুতানি চত্বারি হয়াঃ পঞ্চগুণাস্তথা।
পত্তিসৈন্যং দশগুণং গজানামযুতানি ষট্ ॥৬৬॥
অনাধৃষ্টিশ্চেকিতানো ধৃষ্টকেতুশ্চ সাত্যকিঃ।
পরিবার্য্য যযুঃ সর্বে বাসুদেবধনঞ্জয়ৌ ॥৬৭॥
আসাদ্য তু কুরুক্ষেত্রং ব্যূঢ়ানীকাঃ প্রহারিণঃ।
পাণ্ডবাঃ সমদৃশ্যন্ত নর্দ্দন্তো বৃষভা ইব ॥৬৮॥
তেঽবগাহ্য কুরুক্ষেত্রং শঙ্খান্ দধ্মুররিন্দমাঃ।
তথৈব দধ্মতুঃ শঙ্খৌ বাসুদেবধনঞ্জয়ৌ ॥৬৯॥
পাঞ্চজন্যস্য নির্ঘোষং বিস্ফূর্জ্জিতমিবাশনেঃ।
নিশম্য সর্বসৈন্যানি সমহৃষ্যন্ত সর্বশঃ ॥৭০॥

ভারতকৌমুদী

জঘনেতি। জঘনার্দ্ধে পশ্চাদ্ভাগে, যযুরিতি শেষঃ ॥৬৫॥

রথেতি। এতেন রথানাং চত্বারিংশৎ সহস্রাণি, অশ্বানাং দ্বে লক্ষে, পদাতীনাং চত্বারি লক্ষাণি, গজানাঞ্চ ষড়যুতানি যযুরিত্যর্থঃ। সপ্তানামক্ষৌহিণীনামবশিষ্টানি তু কিয়ন্তি সৈন্যানি মূলরক্ষার্থমুপপ্লব্যে, কিয়ন্তি চ সন্নিহিতদেশে স্থাপিতানীতি বোধ্যম্ ॥৬৬॥

অনেতি। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৬৭॥

আসাদ্যেতি। ব্যূঢ়ানি ব্যূহভাবেন রক্ষিতানি অনীকানি সৈন্যানি যৈস্তে ॥৬৮॥

ত ইতি। অবগাহ্য আলোড্য গত্বেত্যর্থঃ ॥৬৯॥

পাঞ্চেতি। পাঞ্চজন্যস্য কৃষ্ণশঙ্খস্য, বিস্ফূর্জ্জিতং ধ্বনিম্ ॥৭০॥

বিরাট, যাজ্ঞসেনি, সৌমকি, সুধর্ম্মা, কুন্তিভোজ ও ধৃষ্টদ্যুম্নের পুত্রগণ, ইহারা সৈন্যের পশ্চাদ্ভাগে চলিতে লাগিলেন ॥৬৫॥

চল্লিশ হাজার রথ, দুই লক্ষ অশ্ব, চারি লক্ষ পদাতি এবং ষাট হাজার হস্তী গমন করিতে লাগিল ॥৬৬॥

অনাধৃষ্টি, চেকিতান, ধৃষ্টকেতু ও সাত্যকি ইহারা সকলে কৃষ্ণ ও অর্জ্জুনকে পরিবেষ্টন করিয়া চলিতে থাকিলেন ॥৬৭॥

প্রহারার্থী পাণ্ডবেরা কুরুক্ষেত্রে উপস্থিত হইয়া ব্যূহভাবে সৈন্য স্থাপন করিয়া গর্জনকারী বৃষভগণের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৬৮॥

অরিন্দম পাণ্ডবেরা কুরুক্ষেত্রে যাইয়া শঙ্খধ্বনি করিতে লাগিলেন এবং কৃষ্ণ ও অর্জ্জুন আপন আপন শঙ্খধ্বনি করিলেন ॥৬৯॥

(৬৯)...তথৈব দধ্মতুঃ শঙ্খম্...বা ব রা নি।

শঙ্খদুন্দুভিসংযুক্তঃ সিংহনাদস্তরস্বিনাম্ ।
পৃথিবীঞ্চান্তরিক্ষঞ্চ সাগরাংশ্চান্বনাদয়ৎ ॥৭১॥
ততো দেশে সমে স্নিগ্ধে প্রভূতযবসেন্ধনে ।
নিবেশয়ামাস তদা সেনাং রাজা যুধিষ্ঠিরঃ ॥৭২॥
পরিহৃত্য শ্মশানানি দেবতায়তনানি চ ।
আশ্রমাংশ্চ মহর্ষীণাং তীর্থান্যায়তনানি চ ॥৭৩॥
মধুরানূষরে দেশে শুচৌ পুণ্যে মহামতিঃ ।
নিবেশং কারয়ামাস কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৭৪॥ (যুগ্মকম্)
ততশ্চ পুনরুত্থায় সুখী বিশ্রান্তবাহনঃ ।
প্রযযৌ পৃথিবীপালৈর্বৃতঃ শতসহস্রশঃ ॥৭৫॥

ভারতকৌমুদী

শঙ্খেতি। শঙ্খদুন্দুভিভ্যাং তয়োর্নাদাভ্যাং সংযুক্তঃ, তরস্বিনাং বলবতাম্ ॥৭১॥

তত ইতি। প্রভূতানি প্রচুরাণি যবসা ঘাসা ইন্ধনানি কাষ্ঠানি চ যস্মিন্ তত্র ॥৭২॥

পরীতি। পুনরায়তনানি ভূতপূর্ব্বসিদ্ধক্ষেত্রাণি। মধুরঃ সুন্দরশ্চাসৌ অনূষরঃ ক্ষারমৃত্তিকা-বর্জিতশ্চেতি স তস্মিন্, শুচৌ নির্ম্মলে, পুণ্যে পবিত্রে, নিবেশং সৈন্যানাম্ ॥৭৩—৭৪॥

তত ইতি। বিশ্রান্তানি বাহনানি গবাশ্বাদীনি যস্য সঃ ॥৭৫॥

ভারতভাবদীপঃ

স্থানে শূরসংঘৈঃ। স্কন্ধাবারেণ সৈন্যেন ॥৬১॥ গাং ভূমিং ধেনুং বা ॥৬২—৬৯॥ অধনার্দ্ধে পশ্চিমার্দ্ধে ॥৬৫—৬৯॥ সমহৃষ্ট রোমাঞ্চিতানি ॥৭০—৭৩॥ মধুরে মনোহরে ॥৭৪—৭৫॥

সকল দিকের সকল সৈন্যই বজ্রনির্ঘোষের ন্যায় পাঞ্চজন্যের নির্ঘোষ শুনিয়া অত্যন্ত আনন্দিত হইল ॥৭০॥

শঙ্খ ও দুন্দুভিধ্বনির সহিত বলবান্ সৈন্যগণের সিংহনাদ উঠিয়া পৃথিবী, আকাশ ও সমুদ্রগুলিকে শব্দিত করিয়া তুলিল ॥৭১॥

সময়মেবাহ কর্ণ ইতি । পূর্ব্বং কর্ণো বা সেনাপতির্ভূত্বা যুধ্যতাম্ । তথাত্বে আত্মনো যুদ্ধান্নিবৃত্তিঃ সূচিতা । অহং বা সেনাপতির্ভবন্ পূর্বং যুধ্যে । তেন চ কর্ণস্য নিবৃত্তি-র্ধ্বনিতা । হি যস্মাৎ, সূতপুত্রঃ সদৈব রণে বিষয়ে ময়া সহ অত্যর্থং স্পর্দ্ধতে । তথা চ ময়া করিষ্যমাণে জয়েঽপি কর্ণস্য স্বযশঃখ্যাপনসম্ভব ইতি ভাবঃ । যুগপদ্‌ভাভ্যাং যোৎস্যমানে পাণ্ডবানাং মহাক্ষমনর্থং সম্ভাবয়তা ভীষ্মেণেদমভিহিতমিতি তেন প্রাগেবেদং পাণ্ডবানামত্যর্থমানুকূল্যং কৃতমিতি সমালোচনীয়ম্ ॥২৪॥

নেতি । গাঙ্গেয়ে ভীষ্মে । ভীষ্মস্য হননাভাবে আত্মনো যুদ্ধাচ্চিরং নিবৃত্তিরিতি ভাবঃ ॥২৫॥

আমি প্রত্যহ অস্ত্রপ্রয়োগ করিয়া তাহাদের পক্ষের দশ হাজার যোদ্ধাকে সংহার করিব ॥২১॥

কুরুনন্দন ! তাহারা যদি যুদ্ধ পূর্বেই আমাকে বধ না করে, তবে আমি এইভাবে তাহাদের ক্ষয় করিব ॥২২॥

রাজা ! আমি কিন্তু আর একটা নিয়মে তোমার সেনাপতি হইব ; তোমার ইচ্ছা হইলে তাহা তুমি আমার নিকট শুনিতে পার ॥২৩॥

রাজা ! প্রথমে কর্ণই সেনাপতি হইয়া যুদ্ধ করুক, কিংবা আমিই সেনাপতি হইয়া প্রথমে যুদ্ধ করি । কারণ, কর্ণ সর্বদাই যুদ্ধে আমার সঙ্গে অত্যন্ত স্পর্দ্ধা করে' ॥২৪॥

কর্ণ বলিলেন—'রাজা ! ভীষ্ম জীবিত থাকিতে আমি যুদ্ধ করিব না ; কিন্তু ভীষ্ম নিহত হইলে আমি অর্জ্জুনের সহিত যুদ্ধ করিব ॥২৫॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ সেনাপতিং চক্রে বিধিবদ্ভূরিদক্ষিণম্।
ধৃতরাষ্ট্রাত্মজো ভীষ্মং সোঽভিষিক্তো ব্যরোচত ॥২৬॥
ততো ভেরীশ্চ শঙ্খাংশ্চ শতশোঽথ সহস্রশঃ।
বাদয়ামাসুরব্যগ্রা বাদকা রাজশাসনাৎ ॥২৭॥
সিংহনাদাশ্চ বিবিধা বাহনানাঞ্চ নিস্বনাঃ।
নির্ঘাতাঃ পৃথিবীকম্পা গজবৃংহিতনিস্বনাঃ ॥২৮॥
আসংশ্চ সর্বযোধানাং পাতয়ন্তো মনাংস্যুত।
বাচশ্চাপ্যশরীরিণ্যো দিবশ্চোল্কাঃ প্রপেতিরে ॥২৯॥ (যুগ্মকম্)
প্রাদুরাসীদনভ্রে চ বর্ষং রুধিরকর্দ্দমম্।
শিবাশ্চ ভয়বেদিন্যো নেদুর্দীপ্ততরা ভৃশম্ ॥৩০॥
সৈনাপত্যে যদা রাজা গাঙ্গেয়মভিষিক্তবান্।
তদৈতান্যুগ্ররূপাণি বভূবুঃ শতশো নৃপ ! ॥৩১॥

ভারতকৌমুদী

তত ইতি। ভূরির্দক্ষিণা উপহারো যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা ॥২৬॥

তত ইতি। অব্যগ্রা অনাকুলাঃ সন্তঃ। রাজশাসনাৎ দুর্য্যোধনাদেশাৎ ॥২৭॥

সিংহেতি। নির্ঘাতা বায়ুম্ বায়ুঘাতাঃ। পাতয়ন্তো নিরুদ্যমীকুর্ব্বন্তঃ। বাচো-ঽন্তভাঃ ॥২৮—২৯॥

প্রাদুরিতি। অনভ্রে নির্মেঘে আকাশে। শিবাঃ শৃগালাঃ, ভয়বেদিন্যো ভয়জ্ঞাপিকাঃ ॥৩০॥

সৈনেতি। সৈনাপত্যে সেনাপতিপদে। উগ্ররূপাণি ভয়ঙ্করব্যাপারাঃ ॥৩১॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর দুর্য্যোধন প্রচুর উপহার দিয়া যথা-বিধানে ভীষ্মকে সেনাপতি করিলেন। তখন ভীষ্ম সেনাপতিপদে অভিষিক্ত হইয়া শোভা পাইতে লাগিলেন ॥২৬॥

তদনন্তর দুর্য্যোধনের আদেশে বাদকগণ ধীর-স্থির থাকিয়া শত শত ও সহস্র সহস্র ভেরী ও শঙ্খ বাদন করিতে লাগিল ॥২৭॥

তৎপরে সিংহনাদ, বাহনগণের নানাবিধ ধ্বনি, হস্তিসমূহের বৃংহিতশব্দ, নির্ঘাত ও ভূমিকম্প হইয়া যোদ্ধাদের সকলের মনই নিরুদ্যম করিয়া ফেলিল; অমঙ্গলসূচক দৈববাণী হইল এবং আকাশ হইতে উল্কা পড়িতে লাগিল ॥২৮—২৯॥

মেঘশূন্য আকাশে রুধির ও কর্দ্দমের বৃষ্টি প্রকাশ পাইল এবং উজ্জ্বলমুখ শৃগালগণ ভয়সূচনা করিয়া বিশাল রব করিতে লাগিল ॥৩০॥

---

(২৯)...দিবশ্চোল্কাঃ প্রপেদিরে—বা ব রা নি। (৩০) পূর্ব্বার্দ্ধং পি বা ব রা নাস্তি।

ততঃ সেনাপতিং কৃত্বা ভীষ্মং পরবলার্দ্দনম্ ।
বাচয়িত্বা দ্বিজশ্রেষ্ঠান্ গোভির্নিষ্কৈশ্চ ভূরিশঃ ।
বর্দ্ধমানো জয়াশীর্ভির্নির্যযৌ সৈনিকৈর্বৃতঃ ॥৩২॥
আপগেয়ং পুরস্কৃত্য ভ্রাতৃভিঃ সহিতস্তদা ।
স্কন্ধাবারেণ মহতা কুরুক্ষেত্রং জগাম হ ॥৩৩॥
পরিক্রম্য কুরুক্ষেত্রং কর্ণেন সহ কৌরবঃ ।
শিবিরং মাপয়ামাস সমে দেশে জনাধিপ ! ॥৩৪॥
মধুরানূষরে দেশে প্রভূতযমসেন্ধনে ।
যথৈব হাস্তিনপুরং তদ্বচ্ছিবিরমাবভৌ ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
সৈন্যনির্যাণে ভীষ্মসৈনাপত্যে পঞ্চচত্বারিংশদধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:-০-:———

ভারতকৌমুদী

তত ইতি। বাচয়িত্বা স্বস্তীতি শেষঃ। নিষ্কৈঃ স্বর্ণৈঃ তত্তদ্দানেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥

আপেতি। আপগায়া নদ্যা গঙ্গায়া অপত্যমিত্যাপগেয়স্তম্। স্কন্ধাবারেণ পটমণ্ডপ-সমূহেন ॥৩৩॥

পরীতি। কৌরবো দুর্য্যোধনঃ। শিবিরং শিবিরস্থানম্ ॥৩৪॥

রাজা ! দুর্য্যোধন যখন ভীষ্মকে সেনাপতির পদে অভিষিক্ত করিলেন, তখন এইরূপ শত শত ভয়ঙ্কর ঘটনা ঘটিয়াছিল ॥৩১॥

তাহার পর দুর্য্যোধন শত্রুসৈন্যমর্দ্দনকারী ভীষ্মকে সেনাপতি করিয়া, প্রচুর গো ও সুবর্ণ দানপূর্ব্বক ব্রাহ্মণগণদ্বারা স্বস্তিবাচন করাইয়া, তাঁহাদের জয়াশীর্বাদে বর্দ্ধিত হইতে থাকিয়া, সৈন্যগণে পরিবেষ্টিত হইয়া হস্তিনানগর হইতে নির্গত হইলেন ॥৩২॥

ক্রমে তিনি ভীষ্মকে অগ্রবর্ত্তী করিয়া, ভ্রাতাদের সহিত মিলিত হইয়া, প্রচুর পটমণ্ডপ (তাম্বু) লইয়া কুরুক্ষেত্রে গমন করিলেন ॥৩৩॥

নরনাথ জনমেজয় ! তাহার পর দুর্য্যোধন কর্ণের সহিত মিলিত হইয়া কুরুক্ষেত্রের সর্বত্র বিচরণ করিয়া সমতল দেশে শিবিরের স্থান মাপিলেন ॥৩৪॥

---

(৩১) সৈনাপত্যে যদা রাজন্!...পি। * '...ষট্‌পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বা ব ঢা নি।

ষট্‌চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

-:০:-

জনমেজয় উবাচ।

আপগেয়ং মহাত্মানং ভীষ্মং শস্ত্রভৃতাং বরম্।
পিতামহং ভারতানাং ধ্বজং সর্ব্বমহীক্ষিতাম্ ॥১॥
বৃহস্পতিসমং বুদ্ধ্যা ক্ষময়া পৃথিবীসমম্।
সমুদ্রমিব গাম্ভীর্য্যে হিমবন্তমিব স্থিরম্ ॥২॥
প্রজাপতিমিবৌদার্য্যে তেজসা ভাস্করোপমম্।
মহেন্দ্রমিব শত্রূণাং ধ্বংসনং শরবৃষ্টিভিঃ ॥৩॥
রণযজ্ঞে প্রবিততে সুভীমে লোমহর্ষণে।
দীক্ষিতং চিররাত্রায় শ্রুত্বা তত্র যুধিষ্ঠিরঃ ॥৪॥

ভারতকৌমুদী

মধুরেতি। মধুরঃ সুন্দরশ্চাসৌ অনূষরঃ ক্ষারমৃত্তিকাশূন্যশ্চেতি তস্মিন্‌, প্রভূতানি প্রচুরাণি যবসা অশ্বাদিখাদ্যা ঘাসা ইন্ধনানি পাকসাধনানি কাষ্ঠানি চ যস্মিন্‌ তস্মিন্‌ ॥৩॥

ইতি মহামহোপাধ্যায় শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি সৈন্যনির্যাণে পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

আপেতি। আপগেয়ং গঙ্গাপুত্রম্। ক্ষময়া সহিষ্ণুতয়া। প্রজাপতিং ব্রহ্মাণম্। ধ্বংসনং

ভারতভাবদীপঃ

বিবৃতো বিস্পষ্টো ভূত্বেত্যর্থঃ ॥১৯—২০॥ ন মে ময়া উৎসাদনীয়াঃ নাশয়িতুং শক্যাঃ। সদা প্রত্যহম্ ॥২১—২৮॥ পাতয়ন্তঃ মূর্চ্ছিতানি কুর্ব্বন্তঃ ॥২৯—৩১॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৫॥

যে স্থানে প্রচুর পরিমাণে ঘাস ও কাঠ পাওয়া যায়, সেইরূপ সুন্দর ও ক্ষারমৃত্তিকাশূন্য স্থানে শিবির স্থাপন করিলেন; তখন সেই শিবির হস্তিনা-নগরের ন্যায় শোভা পাইতে লাগিল ॥৩৫॥

জনমেজয় বলিলেন—'গঙ্গাপুত্র, মহাত্মা, অস্ত্রধারিশ্রেষ্ঠ, তৎকালীন ভরতবংশীয়গণের পিতামহ, সকল রাজার মধ্যে ধ্বজস্বরূপ, বুদ্ধিতে বৃহস্পতির তুল্য, ক্ষমায় পৃথিবীর সমান, গাম্ভীর্য্যে সমুদ্রসদৃশ, ধৈর্য্যে হিমালয়সমকক্ষ, ঔদার্য্যে

(৪) রণযজ্ঞে প্রভিততে···পি।

কিমব্রবীন্মহাবাহুঃ সর্বশস্ত্রভৃতাং বরঃ।
ভীমসেনার্জ্জুনৌ বাপি কৃষ্ণো বা প্রত্যভাষত ॥৫॥ (কুলকম্)

বৈশম্পায়ন উবাচ।

আপৎকর্ম্মার্থকুশলো মহাবুদ্ধির্যুধিষ্ঠিরঃ।
সর্বান্ ভ্রাতৄন্ সমানীয় বাসুদেবঞ্চ শাশ্বতম্ ॥৬॥
উবাচ বদতাং শ্রেষ্ঠঃ সান্ত্বপূর্বমিদং বচঃ।
পর্য্যাক্রামত সৈন্যানি যত্তাস্তিষ্ঠত দংশিতাঃ ॥৭॥ (যুগ্মকম্)
পিতামহেন বো যুদ্ধং পূর্বমেব ভবিষ্যতি।
তস্মাৎ সপ্তসু সেনাসু প্রণেতৄন্ মম পশ্যত ॥৮॥

কৃষ্ণ উবাচ।

যথার্হতি ভবান্ বক্তুমস্মিন্ কালেঽভ্যুপস্থিতে।
তথেদমর্থবদ্বাক্যমুক্তং তে ভরতর্ষভ ! ॥৯॥

ভারতকৌমুদী

ধ্বংসজনকম্। প্রবিততে বিস্তীর্ণে। চিররাত্রায় চিরায়, "চিরায় চিররাত্রায় চিরস্থাভাশ্চিরার্থকাঃ" ইত্যমরঃ। ভীমসেনার্জ্জুনৌ বা অব্রূতামিতি শেষঃ ॥১—৫॥

আপদিতি। আপত্তপি ধর্ম্মার্থয়োঃ কুশলো নিরূপণদক্ষঃ। শাশ্বতং সনাতনম্। সান্ত্বপূর্ব্বং মধুরসম্ভাষণপূর্ব্বকম্। সৈন্যানি অস্মাকং বলানি, পর্য্যাক্রামত পরিক্রম্য পর্য্যবেক্ষধ্বম্; যত্তা যুদ্ধায় যত্নবন্তঃ, দংশিতাঃ সন্নদ্ধাশ্চ সন্তঃ, তিষ্ঠত যূয়ম্ ॥৬—৭॥

পিতেতি। বো যুষ্মাকম্। সেনাসু অক্ষৌহিণীসংখ্যাতাসু, প্রণেতৄন্ নায়কান্ ॥৮॥

ব্রহ্মার তুল্য, তেজে সূর্য্যের ন্যায় এবং বাণবর্ষণদ্বারা ইন্দ্রের তুল্য শত্রুনাশক ভীষ্মকে অতিভয়ঙ্কর ও লোমহর্ষণ বিস্তীর্ণ যুদ্ধযজ্ঞে দীর্ঘকালের জন্য দীক্ষিত শুনিয়া তখন মহাবাহু ও সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ যুধিষ্ঠির কি বলিলেন ? ভীম ও অর্জ্জুনই বা কি কহিলেন ? কৃষ্ণই বা কি প্রত্যুত্তর করিলেন ?' ॥১—৫॥

বৈশম্পায়ন কহিলেন—বাগ্মিশ্রেষ্ঠ, মহাবুদ্ধি এবং বিপদের সময়েও ধর্ম্ম ও অর্থ নির্বাচনে সুনিপুণ যুধিষ্ঠির সকল ভ্রাতাকে ও সনাতন কৃষ্ণকে আনয়ন করিয়া কোমল সম্ভাষণপূর্বক এই কথা বলিলেন—'তোমরা পরিভ্রমণ করিয়া আপন সৈন্যগণের পর্য্যবেক্ষণ কর এবং সজ্জিত ও যত্নপরায়ণ হইয়া অবস্থান কর ॥৬—৭॥

কারণ, প্রথমেই ভীষ্মের সহিত তোমাদের যুদ্ধ হইবে। অতএব আমার সাত অক্ষৌহিণীসৈন্যের সাত জন নায়ক দেখ' ॥৮॥

---

(৯)···কালে হ্যপস্থিতে···বা ব রা নি।

রোচতে মে মহাবাহো! ক্রিয়তাং যদনন্তরম্।
নায়কাস্তব সেনায়াং ক্রিয়ন্তামিহ সপ্ত বৈ ॥১০॥

বৈশম্পায়ন উবাচ।

ততো দ্রুপদমানায্য বিরাটং শিনিপুঙ্গবম্।
ধৃষ্টদ্যুম্নঞ্চ পাঞ্চাল্যং ধৃষ্টকেতুঞ্চ চেদিপম্।
শিখণ্ডিনঞ্চ পাঞ্চাল্যং সহদেবঞ্চ মাগধম্ ॥১১॥
এতান্ সপ্ত মহাভাগান্ বীরান্ যুদ্ধাভিকাঙ্ক্ষিণঃ।
সেনাপ্রণেতৄন্ বিধিবদভ্যষিঞ্চদ্‌যুধিষ্ঠিরঃ ॥১২॥ (যুগ্মকম্)
সর্ব্বসেনাপতিঞ্চাত্র ধৃষ্টদ্যুম্নং চকার হ।
দ্রোণান্তহেতোরুৎপন্নো য ইদ্ধাজ্জাতবেদসঃ ॥১৩॥
সর্ব্বেষামেব তেষান্তু সমস্তানাং মহাত্মনাম্।
সেনাপতিপতিং চক্রে গুড়াকেশং ধনঞ্জয়ম্ ॥১৪॥

ভারতকৌমুদী

যথেতি। অর্থবৎ যুক্তিযুক্তম্, তে ত্বয়া ॥৯॥
রোচত ইতি। অনন্তরং যৎ কর্ত্তব্যম্, তৎ ক্রিয়তাম্। নায়কাঃ পতয়ঃ ॥১০॥
তত ইতি। শিনিপুঙ্গবং সাত্যকিম্। চেদিপং চেদিরাজম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ।
সেনাপ্রণেতৄন্ সেনাপতীন্। পূর্ব্বং নির্ব্বাচনম্, অত্র বহিঃবচনমিত্যাপৌনরুক্ত্যম্ ॥১১—১২॥
সর্ব্বেতি। ইদ্ধাৎ প্রজ্বলিতাৎ, জাতবেদসো যজ্ঞাগ্নেঃ ॥১৩॥

কৃষ্ণ বলিলেন—'ভরতশ্রেষ্ঠ। এই উপস্থিত সময়ে আপনার যেরূপ বলা উচিত, সেইরূপ যুক্তিযুক্ত কথাই আপনি বলিয়াছেন ॥৯॥

অতএব মহাবাহু! আমারও ইহাতে মত আছে। সুতরাং যাহা ইহার পরে কর্ত্তব্য, তাহা করুন; এখনই আপনার সাত অক্ষৌহিণী সৈন্যের সাত জন নায়ক করুন' ॥১০॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর দ্রুপদ, বিরাট, সাত্যকি, ধৃষ্টদ্যুম্ন, ধৃষ্টকেতু, শিখণ্ডী এবং মগধরাজ সহদেব ইহাদিগকে আনাইয়া এই সাত জন যুদ্ধাভিলাষী মহাত্মা বীরকে যুধিষ্ঠির যথাবিধানে সেনাপতিপদে অভিষিক্ত করিলেন ॥১১—১২॥

এবং যিনি দ্রোণবিনাশের জন্য প্রজ্বলিত যজ্ঞাগ্নি হইতে উৎপন্ন হইয়াছিলেন, সেই ধৃষ্টদ্যুম্নকে সর্ব্বসেনাপতি করিলেন ॥১৩॥

(১০) রোচতে তে মহাবাহো!...পি। (১১)...ধৃষ্টকেতুঞ্চ পার্থিব!...বা ব কা নি।

অর্জ্জুনস্যাপি নেতা চ সংযন্তা চৈব বাজিনাম্ ।
সঙ্কর্ষণানুজঃ শ্রীমান্ মহাবুদ্ধির্জ্জনার্দ্দনঃ ॥১৫॥
তদ্দৃষ্ট্বোপস্থিতং যুদ্ধং সমাসন্নং মহাত্যয়ম্ ।
প্রাবিশত্তবনং রাজ্ঞঃ পাণ্ডবানাং হলায়ুধঃ ॥১৬॥
সহাক্রূরপ্রভৃতিভির্গদশাম্বোদ্ধবাদিভিঃ ।
রৌক্মিণেয়াহুকসুতৈশ্চারুদেষ্ণপুরোগমৈঃ ॥১৭॥
বৃষ্ণিমুখ্যৈরধিগতৈর্ব্যাঘ্রৈরিব বলোৎকটৈঃ ।
অভিগুপ্তো মহাবাহুর্মরুদ্ভিরিব বাসবঃ ॥১৮॥
নীলকৌশেয়বসনঃ কৈলাসশিখরোপমঃ ।
সিংহখেলগতিঃ শ্রীমান্ মদরক্তান্তলোচনঃ ॥১৯॥ (কলাপকম্)
তং দৃষ্ট্বা ধর্ম্মরাজশ্চ কেশবশ্চ মহাদ্যুতিঃ ।
উদতিষ্ঠত্ততঃ পার্থো ভীমকর্ম্মা বৃকোদরঃ ॥২০॥

ভারতকৌমুদী

সর্ব্বেষামিতি। সেনাপতীনামিতি বিভক্তিলোপ আর্ষঃ সাপেক্ষত্বেঽপি সমাসো বা ॥১৪॥

অর্জ্জুনস্যেতি। নেতা নায়কঃ, বাজিনাং সংযন্তা চালকশ্চ কৃতো যুধিষ্ঠিরেণ ॥১৫॥

তদিতি। মহান্ অত্যয়ো বিপদ্‌যস্মাত্তৎ। হলায়ুধো রামঃ। গদো নাম কশ্চিৎ। রৌক্মিণেয়ঃ প্রদ্যুম্নঃ। অধিগতৈরাগতৈঃ। অভিগুপ্তো রক্ষিতঃ। শ্রীমান্ কান্তিমান্ ॥১৬—১৯॥

আর জিতনিদ্র অর্জ্জুনকে সম্মিলিত সেই সকল সেনাপতির অধিনায়ক করিলেন ॥১৪॥

এবং বলরামের কনিষ্ঠ, সুন্দরমূর্ত্তি ও মহাবুদ্ধি কৃষ্ণকে অর্জ্জুনেরও নেতা ও অশ্বচালক নির্ব্বাচন করিলেন ॥১৫॥

তাহার পর নীলবর্ণপট্টবসনধারী, কৈলাসশৃঙ্গের ন্যায় দীর্ঘাকৃতি, সিংহের তুল্য সখেলগতি, সুন্দরাকৃতি, মত্ততানিবন্ধন রক্তনয়ন ও মহাবাহু বলরাম মহাবিপত্তিজনক যুদ্ধ আসন্ন এমন কি উপস্থিতই হইয়াছে ইহা জানিয়া অক্রূর, গদ, শাম্ব, উদ্ধব, প্রদ্যুম্ন, আহুকপুত্র ও চারুদেষ্ণপ্রভৃতি ব্যাঘ্রতুল্য বলমত্ত বৃষ্ণিশ্রেষ্ঠগণে রক্ষিত হইয়া দেবরক্ষিত ইন্দ্রের ন্যায় আসিয়া যুধিষ্ঠিরের ভবনে প্রবেশ করিলেন ॥১৬—১৯॥

(১৫)…মহাবুদ্ধির্জনাধিপ !—পি। (১৬)…সমাসন্নং মহাত্মনাম্…পি। (১৭)… রৌহিণেয়াহুকসুতৈঃ…নি।

গাণ্ডীবধন্বা যে চান্যে রাজানস্তত্র কেচন।
পূজয়াঞ্চক্রিরে তে বৈ সমায়ান্তং হলায়ুধম্ ॥২১॥ (যুগ্মকম্)
ততস্তং পাণ্ডবো রাজা করে পস্পর্শ পাণিনা।
বাসুদেবপুরোগাস্তং সর্ব্ব এবাভ্যবাদয়ন্ ॥২২॥
বিরাটদ্রুপদৌ বৃদ্ধাবভিবাদ্য হলায়ুধঃ।
যুধিষ্ঠিরেণ সহিত উপাবিশদরিন্দমঃ ॥২৩॥
ততস্তেষূপবিষ্টেষু পার্থিবেষু সমন্ততঃ।
বাসুদেবমভিপ্রেক্ষ্য রৌহিণেয়োঽভ্যভাষত ॥২৪॥
ভবিতায়ং মহারৌদ্রো দারুণঃ পুরুষক্ষয়ঃ।
দিষ্টমেতদ্ধ্রুবং মন্যে ন শক্যমতিবর্ত্তিতুম্ ॥২৫॥
তস্মাদ্‌যুদ্ধাৎ সমুত্তীর্ণানপি বঃ সসুহৃজ্জনান্।
অরোগানক্ষতৈর্দেহৈর্দ্রক্ষ্যাস্মীতি মতির্মম ॥২৬॥

ভারতকৌমুদী

তমিতি। উদতিষ্ঠং স্বস্থানাৎ। গাণ্ডীবধন্বা অর্জ্জুনঃ ॥২০—২১॥

তত ইতি। করে পস্পর্শ আসনে জ্যেষ্ঠত্বাৎ। অভ্যবাদয়ন্ কনিষ্ঠত্বাৎ ॥২২॥

বিরাটেতি। বৃদ্ধত্বাদেব তয়োরভিবাদনমিতি ভাবঃ ॥২৩॥

তত ইতি। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু। রৌহিণেয়ো রামঃ ॥২৪॥

ভবিতেতি। মহারৌদ্রঃ অতিতীব্রঃ, "রৌদ্রোঽতিভীষণে তীব্রে" ইতি বিশ্বঃ। দিষ্টং দৈবম্ ॥২৫॥

তাঁহাকে দেখিয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠির, মহাতেজা কৃষ্ণ, ভীমকর্ম্মা ভীমসেন এবং গাণ্ডীবধন্বা অর্জ্জুন ইঁহারা গাত্রোত্থান করিলেন এবং অন্য যে কোন রাজা সেখানে ছিলেন, তাঁহারা সমাগত বলরামের সম্মান করিলেন ॥২০—২১॥

তাহার পর যুধিষ্ঠির হস্তদ্বারা বলরামের হস্ত স্পর্শ করিলেন এবং কৃষ্ণপ্রভৃতি সকলেই তাঁহাকে অভিবাদন করিলেন ॥২২॥

অরিন্দম বলরাম বৃদ্ধ বিরাট ও দ্রুপদকে অভিবাদন করিয়া যুধিষ্ঠিরের সহিত উপবেশন করিলেন ॥২৩॥

তদনন্তর সেই রাজারা সকল দিকে উপবেশন করিলে, বলরাম কৃষ্ণের দিকে দৃষ্টিপাত করিয়া বলিতে লাগিলেন—॥২৪॥

'এটা অতিতীব্র ও দারুণ লোকক্ষয় হইবে। অতএব এটাকে আমি নিশ্চয়ই দৈব বলিয়া মনে করি। সুতরাং ইহাকে অতিক্রম করা মানুষের শক্তিসাধ্য নহে ॥২৫॥

সমেতং পার্থিবং ক্ষত্রং কালপক্কমসংশয়ম্ ।
বিমর্দ্দশ্চ মহান্ ভাবী মাংসশোণিতকর্দ্দমঃ ॥২৭॥
উক্তো ময়া বাসুদেবঃ পুনঃ পুনরুপহ্বরে ।
সম্বন্ধিষু সমাং বৃত্তিং বর্ত্তস্ব মধুসূদন ! ॥২৮॥
পাণ্ডবা হি যথাঽস্মাকং তথা দুর্য্যোধনো নৃপঃ ।
তস্যাপি ক্রিয়তাং সাহ্যং স পর্য্যেতি পুনঃ পুনঃ ॥২৯॥
তচ্চ মে নাকরোদ্বাক্যং ত্বদর্থে মধুসূদনঃ ।
নির্বিষ্টঃ সর্ব্বভাবেন ধনঞ্জয়মবেক্ষ্য হ ॥৩০॥

ভারতকৌমুদী

তস্মাদিতি । মতিঃ সম্ভাবনা, যুষ্মাকং ধর্ম্মবলাতিরেকাদিত্যাশয়ঃ ॥২৬॥

সমেতমিতি । পার্থিবং পৃথিবীসম্বন্ধি, কালপক্কম্, অতএবাসন্নপাতম্ ॥২৭॥

উক্ত ইতি । উপহ্বরে নির্জ্জনে, "উপহ্বরং রহসি সন্নিধৌ" ইতি হেমচন্দ্রঃ । বর্ত্তস্ব কুরু ॥২৮॥

পাণ্ডবা ইতি । সাহ্যং সাহায্যম্, স দুর্য্যোধনঃ, পর্য্যেতি আগচ্ছতি ॥২৯॥

তদিতি । তব যুধিষ্ঠিরস্যার্থে । নির্বিষ্টঃ ত্বৎপক্ষে কৃতাত্মনিয়োগঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

আপগেয়মিতি ॥১—১২॥ ইষ্বাং প্রদীপ্তাং ॥১৩—১৫॥ মহাত্যয়ম্ অত্যন্তং ক্ষয়করম্ ॥১৬—২৩॥ রৌহিণেয়ো বলরামঃ ॥২৪—২৭॥ উপহ্বরে একান্তে ॥২৮—৩৫॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৬॥

আমার ধারণা এই যে, বন্ধুবর্গের সহিত আপনাদিগকে আমি নীরোগ ও অক্ষতদেহে এই যুদ্ধ হইতে উত্তীর্ণ দেখিব ॥২৬॥

নিশ্চয়ই সমাগত পৃথিবীর ক্ষত্রিয়গণ কালপক্ক হইয়াছেন। সুতরাং গুরুতর সংঘর্ষ হইবে ; তাহাতে রক্ত ও মাংসের কর্দ্দম হইয়া পড়িবে ॥২৭॥

আমি নির্জ্জনে কৃষ্ণকে বার বার বলিয়াছিলাম যে, কৃষ্ণ ! সম্পর্কযুক্ত লোকদের সঙ্গে তুমি সমান ব্যবহার কর ॥২৮॥

আমাদের নিকটে পাণ্ডবেরাও যেমন, রাজা দুর্য্যোধনও তেমন। সুতরাং তাঁহারও সাহায্য কর। কেন না, তিনিও বার বার আসিতেছেন ॥২৯॥

কিন্তু মহারাজ ! আপনার জন্যই কৃষ্ণ আমার সে সকল কথা রক্ষা করে নাই ; অর্জ্জুনের দিকে চাহিয়া আপনার পক্ষেই সর্ব্বপ্রকারে আত্মনিয়োগ করিয়াছে ॥৩০॥

(২৮)···পুনঃ পুনরুপপ্লবে···পি। (৩০) তচ্চ মে নাশৃণোদ্বাক্যম্···পি।

ধ্রুবো জয়ঃ পাণ্ডবানামিতি মে নিশ্চিতা মতিঃ।
তথা হ্যভিনিবেশোঽয়ং বাসুদেবস্য ভারত! ॥৩১॥
ন চাহমুৎসহে কৃষ্ণমৃতে লোকমুদীক্ষিতুম্।
ততোঽহমনুবর্ত্তামি কেশবস্য চিকীর্ষিতম্ ॥৩২॥
উভৌ শিষ্যৌ হি মে বীরৌ গদাযুদ্ধবিশারদৌ।
তুল্যস্নেহোঽস্ম্যতো ভীমে তথা দুর্য্যোধনে নৃপে ॥৩৩॥
তস্মাদ্‌যাস্যামি তীর্থানি সরস্বত্যা নিষেবিতুম্।
ন হি শক্ষ্যামি কৌরব্যান্ নশ্যমানানবেক্ষিতুম্ ॥৩৪॥
এবমুক্ত্বা মহাবাহুরনুজ্ঞাতশ্চ পাণ্ডবৈঃ।
তীর্থযাত্রাং যযৌ রামো নিবর্ত্ত্য মধুসূদনম্ ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি সৈন্যনির্য্যাণে বলরামতীর্থযাত্রাগমনে ষট্চত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ •

-:-০-:-

ভারতকৌমুদী

ধ্রুব ইতি। অভিনিবেশ আগ্রহঃ। কৃষ্ণস্যাভিনিবেশঃ সর্ব্বাভিলাষীতি ভাবঃ ॥৩১॥

নেতি। অহং কৃষ্ণম্ ঋতে বিনা, লোকং পরিচিতং জনাস্তরম্, উদীক্ষিতুং দ্রষ্টুং, ন উৎসহে ন শক্নোমি, কৃষ্ণবিরহেণ জগতঃ শূন্যত্বেনাপ্রতিভাসমানত্বাদিত্যাশয়ঃ। ততোঽহম্, কেশবস্যৈব চিকীর্ষিতমভিমতং স্থানান্তরাবস্থানম্, অনুবর্ত্তামি অনুবর্ত্তে বিদধামীত্যর্থঃ ॥৩২॥

উভাবিতি। উভৌ ভীমদুর্য্যোধনৌ। তুল্যঃ স্নেহো যস্য সঃ ॥৩৩॥

তস্মাদিতি। তীর্থানি তীর্থভূতানি স্থানানি। নশ্যমানান্ নশ্যতঃ ॥৩৪॥

অতএব পাণ্ডবগণের জয়ই অবশ্যম্ভাবী; ইহাই আমার নিশ্চিত ধারণা। ভরতনন্দন! কৃষ্ণের সেইরূপই এই অভিনিবেশ দেখা যাইতেছে ॥৩১॥

আমিও কৃষ্ণকে ছাড়িয়া লোকের দিকে চাহিতেই পারি না। সেই জন্যই আমি কৃষ্ণের অভিপ্রেত কার্য্যেরই অনুসরণ করিব ॥৩২॥

গদাযুদ্ধবিশারদ এবং বীর ভীম ও দুর্য্যোধন উভয়েই আমার শিষ্য। সুতরাং ভীম ও দুর্য্যোধনের উপরে আমার সমান স্নেহ ॥৩৩॥

অতএব আমি সরস্বতীতীর্থ সেবন করিবার জন্য যাইব। কারণ, আমি কৌরবগণকে বিনষ্ট হইতে দেখিতে পারিব না' ॥৩৪॥

(৩৭)…নশ্যমানানুপেক্ষিতুম্—পি। ইতঃ পরম্ 'বৈশম্পায়ন উবাচ' নি। • '…সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বা, ব স্না নি।

সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

এতস্মিন্নেব কালে তু ভীষ্মকস্য মহাত্মনঃ।
হিরণ্যরোম্ণো নৃপতেঃ সাক্ষাদিন্দ্রসখস্য বৈ ॥১॥
আকৃতীনামধিপতের্ভোজস্যাতিযশস্বিনঃ।
দাক্ষিণাত্যপতেঃ পুত্রো দিক্ষু রুক্মীতি বিশ্রুতঃ ॥২॥ (যুগ্মকম্)
যঃ কিংপুরুষসিংহস্য গন্ধমাদনবাসিনঃ।
কৃৎস্নং শিষ্যো ধনুর্ব্বেদং চতুষ্পাদমবাপ্তবান্ ॥৩॥
যো মাহেন্দ্রং ধনুর্লেভে তুল্যং গাণ্ডীবতেজসা।
শার্ঙ্গেণ চ মহাবাহুঃ সম্মিতং দিব্যলক্ষণম্ ॥৪॥

ভারতকৌমুদী

এবমিতি। মধুসূদনং কিয়দ্দূরমনুগচ্ছন্তং কৃষ্ণম্ ॥৩৫॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সৈন্যনির্য্যাণে ষট্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

এতস্মিন্নিতি। হিরণ্যরোমেতি ভীষ্মকস্যৈব নামান্তরম্। আকৃতীনাং তদাখ্যানাং সৈন্যানাং ভোজস্য দেশস্য চ অধিপতেঃ। তত্রাগচ্ছদিতি শেষঃ ॥১—২॥

য ইতি। কিংপুরুষসিংহস্য কিন্নরশ্রেষ্ঠস্য দ্রুমস্য শিষ্যঃ সন্ ॥৩॥

এইরূপ বলিয়া মহাবাহু বলরাম পাণ্ডবগণের অনুমতিক্রমে (কিয়দ্দূর অনুগমনকারী) কৃষ্ণকে ফিরাইয়া দিয়া তীর্থযাত্রায় গমন করিলেন ॥৩৫॥

বৈশম্পায়ন বলিলেন—এই সময়েই আকৃতিনামক সৈন্য, ভোজদেশ ও দাক্ষিণাত্যদেশের অধিপতি, সাক্ষাৎ ইন্দ্রের সখা, অতিযশস্বী ও মহাত্মা হিরণ্যরোমা ভীষ্মকরাজার পুত্র বিশ্ববিখ্যাত রুক্মী সেখানে আগমন করিলেন ॥১—২॥

যিনি—গন্ধমাদনবাসী কিন্নরশ্রেষ্ঠ দ্রুমের শিষ্য হইয়া তাঁহার নিকট চতুষ্পাদ সমগ্র ধনুর্ব্বেদ লাভ করিয়াছিলেন ॥৩॥

(২) আকৃতীনামধিপতিঃ···বা ব র নি। (৬)···ধনুর্ধর্ত্ত···পি।

ত্রীণ্যেবৈতানি দিব্যানি ধনূংষি দিবি চারিণাম্ ।
বারুণং গাণ্ডিবং তত্র মাহেন্দ্রং বিজয়ং ধনুঃ ॥৫॥
শার্ঙ্গস্তু বৈষ্ণবং প্রাহুর্দিব্যং তেজোময়ং ধনুঃ ।
ধারয়ামাস তৎ কৃষ্ণঃ পরসেনাভয়াবহম্ ॥৬॥
গাণ্ডীবং পাবকাল্লেভে খাণ্ডবে পাকশাসনিঃ ।
দ্রুমাদ্রুক্মী মহাতেজা বিজয়ং প্রত্যপদ্যত ॥৭॥
সংছিদ্য মৌরবান্ পাশান্ নিহত্য মুরমোজসা ।
নির্জিত্য নরকং ভৌমমাহৃত্য মণিকুণ্ডলে ॥৮॥
ষোড়শ স্ত্রীসহস্রাণি রত্নানি বিবিধানি চ ।
প্রতিপেদে হৃষীকেশঃ শার্ঙ্গঞ্চ ধনুরুত্তমম্ ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

য ইতি। মাহেন্দ্রং ধনুঃ বিজয়ং নাম। শার্ঙ্গেণ ধনুষা, সদৃশং তুল্যম্ ॥৪॥

ত্রীণীতি। দিব্যানি দিবি ভবানি। বারুণং বরুণস্বামিকম্। এবং মাহেন্দ্রমপি ॥৫॥

শার্ঙ্গমিতি। শার্ঙ্গং শৃঙ্গনির্ম্মিতম্। তেজোময়ং মহাশক্তিকম্ ॥৬॥

গাণ্ডীবমিতি। পাকশাসনিরর্জ্জুনঃ। দ্রুমাৎ কিন্নরশ্রেষ্ঠাৎ, বিজয়ং নাম ধনুঃ ॥৭॥

সমিতি। মৌরবান্ মুরযোজিতান। পুরোবর্ত্তিনিদ্বয়ং সন্ধ্যঃ। মুরং তন্নামাসুরম্। নরকং নাম, ভৌমং ভূমিপুত্রম্। মণিকুণ্ডলে মণিময়ং কুণ্ডলদ্বয়ম। প্রতিপেদে প্রাপ ॥৮—৯॥

আর যে মহাবাহু—গাণ্ডীবের তুল্য দৃঢ় এবং শার্ঙ্গধনুর ন্যায় দিব্যলক্ষণ-সম্পন্ন মাহেন্দ্র ধনু প্রাপ্ত হইয়াছিলেন ॥৪॥

এই তিন খানা ধনুই স্বর্গে নির্ম্মিত হইয়াছিল এবং স্বর্গবাসীরা ব্যবহার করিতেন। তাহার মধ্যে গাণ্ডীবধনু বরুণ এবং বিজয়ধনু ইন্দ্র ধারণ করিতেন ॥৫॥

আর মুনিরা বলেন—বিষ্ণু—স্বর্গীয় ও তেজোময় শার্ঙ্গধনু ব্যবহার করিতেন। শত্রুসৈন্যের ভয়জনক সেই শার্ঙ্গধনু এখন কৃষ্ণ ধারণ করিতেছেন ॥৬॥

অর্জ্জুন খাণ্ডবদাহের সময়ে অগ্নিদেবের নিকট হইতে গাণ্ডীব লাভ করেন এবং মহাতেজা রুক্মী কিন্নরশ্রেষ্ঠ দ্রুমের নিকট বিজয়ধনু প্রাপ্ত হন ॥৭॥

আর কৃষ্ণ আপন বাহুবলে মুরাসুরযোজিত পাশ ছেদন করিয়া, সেই মুরাসুরকে বধ করিয়া, ভূমিপুত্র নরকাসুরকে জয় করিয়া, মণিময় কুণ্ডল দুইটী আহরণ করিয়া, ষোড়শ সহস্র স্ত্রী, নানাবিধ রত্ন এবং উত্তম শার্ঙ্গধনু লাভ করেন ॥৮—৯॥

রুক্মী তু বিজয়ং লব্ধ্বা ধনুর্মেঘনিভস্বনম্।
বিভীষয়ন্নিব জগৎ পাণ্ডবানভ্যবর্ত্তত ॥১০॥
নামৃষ্যত পুরা যোঽসৌ স্ববাহুবলগর্বিতঃ।
রুক্মিণ্যা হরণং বীরো বাসুদেবেন ধীমতা ॥১১॥
কৃত্বা প্রতিজ্ঞাং নাহত্বা নিবর্ত্তিষ্যে জনার্দ্দনম্।
ততোঽন্বধাবদ্বার্ষ্ণেয়ং সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ ॥১২॥
সেনয়া চতুরঙ্গিণ্যা মহত্যা দূরপাতয়া।
বিচিত্রায়ুধবর্ম্মিণ্যা গঙ্গয়েব প্রবৃদ্ধয়া ॥১৩॥ (যুগ্মকম্)
সমাসাদ্য চ বার্ষ্ণেয়ং যোগানামীশ্বরং প্রভুম্।
ব্যংসিতো ব্রীড়িতো রাজন্নাজগাম স কুণ্ডিনম্ ॥১৪॥
যত্রৈব কৃষ্ণেন রণে নির্জ্জিতঃ পরবীরহা।
তত্র ভোজকটং নাম কৃতং নগরমুত্তমম্ ॥১৫॥

ভারতকৌমুদী

রুক্মীতি। বিজয়ং নাম। বিভীষয়ন্ বিশেষেণ ভীতং কুর্ব্বন্ ॥১০॥

নেতি। নামৃষ্যত নাসহত। রুক্মিণ্যা তদাখ্যায়া রুক্মিণ এব ভগিন্যাঃ ॥১১॥

কৃত্বেতি। জনার্দ্দনমহত্বা ন নিবর্ত্তিষ্যে ইতি প্রতিজ্ঞাং কৃত্বা। চতুরঙ্গিণ্যা হস্ত্যশ্বরথপদাতিরূপচতুরঙ্গযুক্তয়া, দূরপাতয়া দূরপথব্যাপিন্যা। প্রবৃদ্ধয়া পূরেণ ॥১২—১৩॥

সমিতি। ব্যংসিতঃ কৃষ্ণেন পরাজিতঃ। অতএব স রুক্মী কুণ্ডিনং নগরং নাজগাম ॥১৪॥

রুক্মী মেঘের ন্যায় গম্ভীরধ্বনিকারী বিজয়নামক ধনু লাভ করিয়া জগৎটাকে ভীত করিতে করিতেই যেন পাণ্ডবগণের নিকটে আগমন করিলেন ॥১০॥

আপন বাহুবলে গর্ব্বিত ও বীর ঐ যে রুক্মী পূর্ব্বে মহাবুদ্ধি-কৃষ্ণ-কর্ত্তৃক রুক্মিণীর হরণ সহ্য করিতে পারেন নাই ॥১১॥

এবং 'আমি কৃষ্ণকে বধ না করিয়া ফিরিব না' এইরূপ প্রতিজ্ঞা করিয়া সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ যে রুক্মী জলপূর্ণা গঙ্গার ন্যায় দূরবিস্তৃত, বিচিত্র অস্ত্র ও বর্ম্মধারী এবং চতুরঙ্গশালী বিশাল সৈন্যের সহিত কৃষ্ণের অনুধাবন করিয়াছিলেন ॥১২—১৩॥

রাজা! তাহার পর রুক্মী যোগেশ্বর ও মহাপ্রভাবশালী কৃষ্ণের নিকট যাইয়া তাঁহার নিকট পরাজিত ও লজ্জিত হইয়া আর স্বকীয় কুণ্ডিননগরে আগমন করিলেন না ॥১৪॥

---

(১২)…সর্ব্বশস্ত্রভৃতাং বরম্—পি। (১৪) স সমাসাদ্য বার্ষ্ণেয়ম্…বা ব রা নি।

সৈন্যেন মহতা তেন প্রভূতগজবাজিনা।
পুরং তদ্ভুবি বিখ্যাতং নাম্না ভোজকটং নৃপ ! ॥১৬॥ (যুগ্মকম্)
স ভোজরাজঃ সৈন্যেন মহতা পরিবারিতঃ।
অক্ষৌহিণ্যা মহাবীর্য্যঃ পাণ্ডবান্ ক্ষিপ্রমাগমৎ ॥১৭॥
ততঃ স কবচী ধন্বী তলী খড়্গী শরাসনী।
ধ্বজেনাদিত্যবর্ণেন প্রবিবেশ মহাচমূম্ ॥১৮॥
বিদিতঃ পাণ্ডবেয়ানাং বাসুদেবপ্রিয়েপ্সয়া।
যুধিষ্ঠিরস্তু তং রাজা প্রত্যুদ্গম্যাভ্যপূজয়ৎ ॥১৯॥ (যুগ্মকম্)
স পূজিতঃ পাণ্ডুপুত্রৈর্যথান্যায়ং সুসংস্তুতঃ।
প্রতিগৃহ্য তু তান্ সর্বান্ বিশ্রান্তঃ সহসৈনিকঃ ॥২০॥
উবাচ মধ্যে বীরাণাং কুন্তীপুত্রং ধনঞ্জয়ম্।
সহায়োঽস্মি স্থিতো যুদ্ধে যদি ভীতোঽসি পাণ্ডব ! ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যত্রেতি। যত্র স্থানে। পরবীরহা রুক্মী। তেন রুক্মিণা, কৃতম্, পুরপরিক্ষয়া কৃতিন-নগরগমনবাধাদিতি ভাবঃ। ভোজানাং কটঃ কিলিঞ্জো যত্র তৎ, "কটঃ কিলিঞ্জকঃ" ইত্যমরঃ ॥১৫—১৬॥

স ইতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। অক্ষৌহিণ্যা অক্ষৌহিণীপরিমিতেন ॥১৭॥

তত ইতি। স রুক্মী, ধন্বী ধনুষ্মান্, তলী অঙ্গুলিত্রধারী, শরান্ অস্যতি ক্ষিপতি অস্মিন্নিতি শরাসনোঽত্র তূণীরস্থানি চাপৌনরুক্ত্যাৎ। তং রুক্মিণম্ ॥১৮—১৯॥

স ইতি। প্রতিগৃহ্য প্রতিপূজ্য। সহায়োঽস্মি যুদ্ধাবধিরিতি শেষঃ ॥২০—২১॥

কৃষ্ণ যে স্থানে বিপক্ষবীরহন্তা রুক্মীকে জয় করিয়াছিলেন, সেইস্থানে রুক্মী প্রচুর হস্তী ও অশ্বযুক্ত বিশাল সৈন্যদ্বারা 'ভোজকট' নামে একটী উত্তম নগর নির্ম্মাণ করিয়াছিলেন। রাজা! সেই নগরটী 'ভোজকট' নামে জগতে বিখ্যাত হইয়া রহিয়াছে ॥১৫—১৬॥

মহাবীর সেই ভোজরাজ রুক্মী এক অক্ষৌহিণীপরিমিত বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া পাণ্ডবগণের নিকট দ্রুত আগমন করিলেন ॥১৭॥

তাহার পর কবচ, ধনু, অঙ্গুলিত্র, তরবারি ও তূণীরধারী সেই রুক্মী সূর্য্যের ন্যায় উজ্জ্বল ধ্বজের সহিত পাণ্ডবগণের বিদিত অবস্থায় তাঁহাদের মহাসৈন্যমধ্যে প্রবেশ করিলেন; তখন রাজা যুধিষ্ঠির কৃষ্ণের প্রীতি সম্পাদন করিবার ইচ্ছায় প্রত্যুদ্গমন করিয়া রুক্মীর সম্মান করিলেন ॥১৮—১৯॥

(১৮)···রথেনাদিত্যবর্ণেন···নি।

করিষ্যামি রণে সাহ্যমসহ্যং তব শত্রুভিঃ।
ন হি মে বিক্রমে তুল্যঃ পুমানস্তীহ কশ্চন ॥২২॥
হনিষ্যামি রণে ভাগং যং মে দাস্যসি পাণ্ডব!।
অপি দ্রোণকৃপৌ বীরৌ ভীষ্মকর্ণাবথো পুনঃ ॥২৩॥
অথবা সর্ব এবৈতে তিষ্ঠন্তু বসুধাধিপাঃ।
নিহত্য সমরে শত্রূংস্তব দাস্যামি মেদিনীম্ ॥২৪॥
ইত্যুক্তো ধর্ম্মরাজস্য কেশবস্য চ সন্নিধৌ।
শৃণ্বতাং পার্থিবেন্দ্রাণামন্যেষাঞ্চৈব সর্বশঃ ॥২৫॥
বাসুদেবমভিপ্রেক্ষ্য ধর্ম্মরাজঞ্চ পাণ্ডবম্।
উবাচ ধীমান্ কৌন্তেয়ঃ প্রহস্য সখিপূর্বকম্ ॥২৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

করিষ্যামীতি। সাহ্যং সাহায্যম্। অস্মার্থে সাহ্যশব্দো মুনিষু রূঢ় ইত্যসকৃদুক্তম্ ॥২২॥
হনিষ্যামীতি। ভাগং বিপক্ষসৈন্যাংশম্। পরার্দ্ধেঽপি হনিষ্যামীতি সম্বন্ধঃ ॥২৩॥
অথবেতি। এতে বিরাটাদয়স্বৎপক্ষীয়াঃ, তিষ্ঠন্তু নিবৃত্তযুদ্ধা এবেতি ভাবঃ ॥২৪॥
ইতীতি। পার্থিবেন্দ্রাণাঞ্চ সন্নিধৌ। কৌন্তেয়োঽর্জ্জুনঃ, সখিপূর্বকম্ অক্লীবম্ ॥২৫—২৬॥

পাণ্ডবেরা যথানিয়মে রুক্মীর সম্মান ও প্রশংসা করিলে, রুক্মীও তাঁহাদের সকলের প্রতিসম্মান দেখাইয়া এবং সৈন্যগণের সহিত বিশ্রাম করিয়া, বীরগণমধ্যে কুন্তীনন্দন অর্জ্জুনকে বলিলেন—'পাণ্ডুনন্দন! আপনি যদি ভীত হইয়া থাকেন, তবে আমিই যুদ্ধে আপনাদের সহায় হইব ॥২০—২১॥

আমি যুদ্ধে আপনার শত্রুগণের অসহ্য সাহায্য করিব। কারণ, এই পৃথিবীতে বিক্রমে আমার তুল্য কোন পুরুষই নাই ॥২২॥

অতএব পাণ্ডুনন্দন! আপনি আমাকে শত্রুসৈন্যের যে অংশ দিবেন, তাহাই আমি যুদ্ধে সংহার করিব; এমন কি মহাবীর দ্রোণ ও কৃপ, কিংবা ভীষ্ম এবং কর্ণকেও বধ করিব ॥২৩॥

অথবা এই রাজারা সকলেই নিষ্ক্রিয় থাকুন; আমিই যুদ্ধে আপনার শত্রুগণকে সংহার করিয়া আপনাকে রাজ্য দান করিব' ॥২৪॥

যুধিষ্ঠির, কৃষ্ণ এবং শ্রবণকারী অন্যান্য সকল রাজার নিকটে রুক্মী এইরূপ বলিলে, বুদ্ধিমান্ অর্জ্জুন—কৃষ্ণ ও যুধিষ্ঠিরের দিকে চাহিয়া হাস্য করিয়া সখ্য-প্রদর্শনপূর্ব্বকবলিতে লাগিলেন ॥২৫—২৬॥

কৌরবাণাং কুলে জাতঃ পাণ্ডোঃ পুত্রো বিশেষতঃ।
দ্রোণং ব্যপদিশন্ শিষ্যো বাসুদেবসহায়বান্।
ভীতোঽস্মীতি কথং ব্রূয়াং দধানো গাণ্ডিবং ধনুঃ ॥২৭॥
যুধ্যমানস্য মে বীর! গন্ধর্ব্বৈঃ সুমহাবলৈঃ।
সহায়ো ঘোষযাত্রায়াং কস্তদাসীৎ সখা মম ॥২৮॥
তথা প্রতিভয়ে তস্মিন্ দেবদানবসঙ্কুলে।
খাণ্ডবে যুধ্যমানস্য কঃ সহায়স্তদাভবৎ ॥২৯॥
নিবাতকবচৈর্যুদ্ধে কালকেয়ৈশ্চ দানবৈঃ।
তত্র মে যুধ্যমানস্য কঃ সহায়স্তদাভবৎ ॥৩০॥
তথা বিরাটনগরে কুরুভিঃ সহ সঙ্গরে।
যুধ্যতো বহুভিস্তত্র কঃ সহায়োঽভবন্মম ॥৩১॥

ভারতকৌমুদী

কৌরবাণামিতি। ব্যপদিশন্ গুরুত্বেন কথযন্, শিষ্যত্বেন। মট্পাধ্যোঽয়ং শ্লোকঃ ॥২৭॥
যুধ্যেতি। সহায়ঃ সহায়ভূতঃ সখা। ইদমুপাখ্যানং বনপর্ব্বণ্যুক্তম্ ॥২৮॥
তথেতি। প্রতিভয়ে ভয়ঙ্করে, "ভয়ঙ্করং প্রতিভয়ম্" ইত্যমরঃ ॥২৯॥
নিবাতেতি। নিবাতকবচাদিদংষ্ট্রকৈরিত্যর্থঃ ॥৩০॥
তথেতি। সঙ্গরে যুদ্ধে। যুধ্যতো যুধ্যমানস্য ॥৩১॥

'কুরুবংশে জন্মিয়াছি, বিশেষতঃ পাণ্ডুর পুত্র হইয়াছি, দ্রোণাচার্য্যের শিষ্য বলিয়া তাঁহাকে গুরুরূপে প্রকাশ করি, কৃষ্ণকে সহায় পাইয়াছি এবং গাণ্ডীবধনু ধারণ করিতেছি; এ অবস্থায় 'ভীত হইয়াছি' এ কথা কি করিয়া বলি ? ॥২৭॥

বীর! আমি যখন ঘোষযাত্রায় অতিমহাবল গন্ধর্ব্বগণের সঙ্গে যুদ্ধ করি, তখন কোন্ ব্যক্তি আমার সখিরূপে সহায় হইয়াছিল ? ॥২৮॥

দেব-দানব-সঙ্কুল সেই ভয়ঙ্কর খাণ্ডবদাহকালীন যুদ্ধে আমি যখন যুদ্ধ করি, তখন কে আমার সহায় হইয়াছিল ? ॥২৯॥

নিবাতকবচ ও কালকেয় দানবগণের সহিত সেই যুদ্ধে আমি যখন যুদ্ধ করি, তখন কে আমার সহায় হইয়াছিল ? ॥৩০॥

এবং বিরাটরাজ্যে বহুসংখ্যক কৌরবের সহিত সেই যুদ্ধে আমি যখন একাকী যুদ্ধ করিয়াছিলাম, তখনই বা কে আমার সহায় হইয়াছিল ? ॥৩১॥

(২৭) অয়ং শ্লোকঃ নি পরস্তাদ্বিদ্যতে, দ্বিতীয়াৰ্দ্ধক নাস্তি। (৩১)···কঃ সহায়স্তদাভবৎ—পি।

উপজীব্য রণে রুদ্রং শক্রং বৈশ্রবণং যমম্ ।
বরুণং পাবকঞ্চৈব কৃপং দ্রোণঞ্চ মাধবম্ ॥৩২॥
ধারয়ন্ গাণ্ডিবং দিব্যং ধনুস্তেজোময়ং দৃঢ়ম্ ।
অক্ষয্যশরসংযুক্তো দিব্যাস্ত্রপরিবৃংহিতঃ ॥৩৩॥
কথমস্মদ্বিধো ব্রূয়াদ্ভীতোঽস্মীতি যশোহরম্ ।
বচনং নরশার্দ্দূল ! বজ্রায়ুধমপি স্বয়ম্ ॥৩৪॥ (বিশেষকম্)
নাস্মি ভীতো মহাবাহো ! সহায়ার্থশ্চ নাস্তি মে ।
যথাকামং যথাযোগং গচ্ছ বাঽন্যত্রৈব তিষ্ঠ বা ॥৩৫॥
বিনিবর্ত্ত্য ততো রুক্মী সেনাং সাগরসন্নিভাম্ ।
দুর্য্যোধনমুপাগচ্ছত্তথৈব ভরতর্ষভ ! ॥৩৬॥
তথৈব চাভিগম্যৈনমুবাচ বসুধাধিপঃ ।
প্রত্যাখ্যাতশ্চ তেনাপি স তদা শূরমানিনা ॥৩৭॥

ভারতকৌমুদী

উপেতি। উপজীব্য আশ্রিত্য। বৈশ্রবণং কুবেরম্। দিব্যাস্ত্রপরিবৃংহিতঃ পাশুপতাদিভির্বর্দ্ধিতশক্তিকঃ। যশোহরং বীরত্বকীর্ত্তিনাশকম্। বজ্রায়ুধম্ ইন্দ্রমপি ॥৩২—৩৪॥

নেতি। সহায়স্য অর্থঃ প্রয়োজনম্। যথাযোগং প্রয়োজনানুসারেণ ॥৩৫॥

বিনিবর্ত্ত্যেতি। ততঃ অর্জুনপ্রত্যাখ্যানাৎ। তথৈব তৎপক্ষে যুদ্ধেচ্ছয়ৈব ॥৩৬॥

তথেতি। তথৈব অর্জুনবদেব, এনং দুর্য্যোধনম্, বসুধাধিপো রুক্মী ॥৩৭॥

অতএব নরশ্রেষ্ঠ ! মহাদেব, ইন্দ্র, কুবের, যম, বরুণ, অগ্নি, কৃপ, দ্রোণ ও কৃষ্ণকে আশ্রয় করিয়া, স্বর্গীয় তেজোময় দৃঢ় গাণ্ডীবধনু ধারণ করিতে থাকিয়া এবং অক্ষয় তূণযুক্ত ও দিব্যাস্ত্রে পরিবর্দ্ধিত হইয়া আমার মত লোক 'যুদ্ধে ভীত হইয়াছি' এইরূপ যশোনাশক বাক্য স্বয়ং ইন্দ্রের নিকটেই বা কি করিয়া বলিতে পারেন ? ॥৩২—৩৪॥

অতএব মহাবাহু ! আমি ভীত হই নাই, কিংবা আমার সহায়েরও প্রয়োজন নাই। সুতরাং আপনি ইচ্ছা ও প্রয়োজন অনুসারে চলিয়া যান, কিংবা এইখানেই থাকুন' ॥৩৫॥

ভরতশ্রেষ্ঠ জনমেজয় ! অর্জ্জুন প্রত্যাখ্যান করিলেন বলিয়া রুক্মী সমুদ্রতুল্য আপন সেনা ফিরাইয়া লইয়া সেই উদ্দেশ্যেই দুর্য্যোধনের নিকট গমন করিলেন ॥৩৬॥

(৩৪) কথাদস্মদ্বিধো ব্রূয়াৎ···পি,···বজ্রায়ুধসমস্বনম্—নি। (৩৫)···গচ্ছ বাঽন্যত্র তিষ্ঠ বা—পি বা ব রা। (৩৭)···রুক্মী চ বসুধাধিপ !—বা ব রা নি।

দ্বাবেব তু মহারাজ ! তস্মাদ্যুদ্ধাদপেয়তুঃ।
রৌহিণেয়শ্চ বার্ষ্ণেয়ো রুক্মী চ বসুধাধিপঃ ॥৩৮॥
গতে রামে তীর্থযাত্রাং ভীষ্মকস্য সুতে তথা।
উপাবিশন্ পাণ্ডবেয়া মন্ত্রায় পুনরেব চ ॥৩৯॥
সমিতির্ধর্ম্মরাজস্য সা পার্থিবসমাকুলা।
শুশুভে তারকৈশ্চিত্রা দ্যৌশ্চন্দ্রেণেব ভারত ! ॥৪০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি সৈন্যনির্যাণে রুক্মিপ্রত্যাখ্যানে সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

দ্বাবিতি। অপেয়তুঃ অপগতবন্তৌ। রৌহিণেয়ো রামঃ, বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশীয়ঃ ॥৩৮॥

গত ইতি। ভীষ্মকস্য সুতে রুক্মিণি। মন্ত্রায় যুদ্ধমন্ত্রণার্থম্ ॥৩৯॥

সমিতিরিতি। সমিতিঃ সভা। তারকৈর্নক্ষত্রৈঃ, দ্যৌরাকাশম্ ॥৪০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সৈন্যনির্যাণে সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি। সাক্ষাৎপুত্র ইতি সম্বন্ধঃ ॥১॥ আকুলীনাং সমন্তানাং সম্যাসন্নমিত্যর্থঃ ॥২—৭॥ যৌবরাজ্যবান্ আত্মতুষ্টিময়ান্ বৈরিনাশীঃ [illegible] ॥৮—২৬॥ দ্রোণম্ অয়ং মম গুরুরিতি ব্যপদিশন্ ॥২৭—৩১॥ উপজীব্যা আবাদ্যা, বলে যুদ্ধনিমিত্তম্ ॥৩২—৪০॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৭॥

সেখানে যাইয়া রুক্মী দুর্য্যোধনকেও সেইরূপই বলিলেন ; তখন বীরাভিমানী দুর্য্যোধনও তাঁহাকে প্রত্যাখ্যান করিলেন ॥৩৭॥

অতএব মহারাজ ! বৃষ্ণিবংশীয় বলরাম এবং রাজা রুক্মী এই দুই জন মাত্রই সেই কুরুক্ষেত্রযুদ্ধ হইতে অপসৃত থাকিলেন ॥৩৮॥

বলরাম তীর্থযাত্রায় গমন করিলে এবং ভীষ্মকপুত্র রুক্মী চলিয়া গেলে, পাণ্ডবেরা পুনরায় মন্ত্রণা করিবার জন্য উপবেশন করিলেন ॥৩৯॥

ভরতনন্দন ! তখন রাজগণে পরিপূর্ণা যুধিষ্ঠিরের সেই সভাটী, চন্দ্রতারা নক্ষত্রবিচিত্র আকাশের ন্যায় শোভা পাইতে লাগিল ॥৪০॥

———:০:———

* '...অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বা ব ব নি।

অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

জনমেজয় উবাচ।

তথা ব্যূঢ়েষনীকেষু কুরুক্ষেত্রে দ্বিজর্ষভ !।
কিমকুর্ব্বংশ্চ কুরবঃ কালেনাভিপ্রচোদিতাঃ ॥১॥

বৈশম্পায়ন উবাচ।

তথা ব্যূঢ়েষনীকেষু যত্তেষু ভরতর্ষভ !।
ধৃতরাষ্ট্রো মহারাজ ! সঞ্জয়ং বাক্যমব্রবীৎ ॥২॥
এহি সঞ্জয় ! সর্ব্বং মে আচক্ষ্বানবিশেষতঃ।
সেনানিবেশে যদ্‌বৃত্তং কুরুপাণ্ডবসেনয়োঃ ॥৩॥
দিষ্টমেব পরং মন্যে পৌরুষঞ্চাপ্যনর্থকম্।
যদহং যুধ্যমানোঽপি যুদ্ধদোষান্ ক্ষয়োদয়ান্ ॥৪॥
তথাপি নিকৃতিপ্রজ্ঞং পুত্রং দুর্দ্যূতদেবিনম্।
ন শক্নোমি নিয়ন্তুং বা কর্ত্তুং বা হিতমাত্মনঃ ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তথেতি। ব্যূঢ়েষু ব্যূহরূপেণ সন্নিবেশিতেষু। অভিপ্রচোদিতা মরণায় প্রেরিতাঃ ॥১॥
তথেতি। যত্তেষু যুদ্ধায় যত্নবৎসু। "যতী প্রযত্নে" ইত্যস্য ক্তপ্রত্যয়ে রূপম্ ॥২॥
এহীতি। আচক্ষ্ব ব্রূহি, অনবশেষতঃ অবশেষমকৃত্বা। বৃত্তং জাতম্ ॥৩॥
দিষ্টমিতি। দিষ্টং দৈবম্। ক্ষয়স্য উদয়ো যেভ্যস্তান্। নিকৃতিপ্রজ্ঞং বঞ্চনাভিজ্ঞম্ ॥৪—৫॥

জনমেজয় বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! কুরুক্ষেত্রে সেই ভাবে ব্যূহরূপে সৈন্য সন্নিবেশিত হইলে কালপ্রেরিত কৌরবেরা কি করিলেন ?' ॥১॥

বৈশম্পায়ন কহিলেন—ভরতশ্রেষ্ঠ মহারাজ ! সৈন্যেরা সেই ভাবে ব্যূহরূপে সন্নিবেশিত হইয়া যুদ্ধের জন্য যত্নবান্ হইলে, ধৃতরাষ্ট্র সঞ্জয়কে এই কথাগুলি বলিলেন—॥২॥

'সঞ্জয় ! আইস, সৈন্য সন্নিবেশিত হইলে, কুরুসৈন্য ও পাণ্ডবসৈন্যের যাহা ঘটিয়াছে, তাহা আমার নিকট নিঃশেষ করিয়া বল ॥৩॥

আমি দৈবকে শ্রেষ্ঠ এবং পুরুষকারকে অনর্থক বলিয়া মনে করি। যে হেতু যুদ্ধে বিনাশজনক দোষ রহিয়াছে, ইহা আমি বুঝিতে পারিয়াও পর-

(৪)…যুদ্ধে দোষান্…পি।

ভবত্যেব হি মে সূত! বুদ্ধির্দোষানুদর্শিনী।
দুর্য্যোধনং সমাসাদ্য পুনঃ সা পরিবর্ত্ততে ॥৬॥
এবং গতে বৈ যদ্ভাবি তদ্ভবিষ্যতি সঞ্জয়!।
ক্ষত্রধর্ম্মঃ কিল রণে তনুত্যাগো হি পূজিতঃ ॥৭॥

সঞ্জয় উবাচ।

ত্বদ্‌যুক্তোঽয়মনুপ্রশ্নো মহারাজ! যথেচ্ছসি।
ন তু দুর্য্যোধনে দোষমিমমাধাতুমর্হসি ॥৮॥
শৃণুষ্বানবশেষেণ বদতো মম পার্থিব!।
য আত্মনো দুশ্চরিতাদশুভং প্রাপ্নুয়ান্নরঃ ॥৯॥
ন স কালং ন বা দৈবং বক্তুমেতদিহার্হতি।
মহারাজ! মনুষ্যেষু নিন্দ্যং যঃ সর্বমাচরেৎ ॥১০॥

ভারতকৌমুদী

ভবতীতি। হে সূত! সঞ্জয়! দোষানুদর্শিনী দুর্য্যোধনকার্য্যে ইতি শেষঃ ।৬।

এবমিতি। পূজিতঃ প্রশস্তঃ সম্মুখযুদ্ধে বিহিত ইত্যর্থঃ ।৭।

ত্বদিতি। তব যুক্তস্ত্বদ্‌যুক্তঃ, অনুপ্রশ্নঃ পৃচ্ছা। ইমং লোকক্ষয়জনকম্ ।৮।

শৃণুষ্বেতি। দুশ্চরিতাৎ দুষ্কার্য্যাৎ। বক্তুম্ অশুভহেতুত্বেন নির্দ্দেষ্টুম্। নিন্দ্যং কর্ম্ম।

ভারতভাবদীপঃ

তথেতি ॥১—৩॥ ক্ষত্রস্য উদয়ো যেভ্যস্তান্ ক্ষত্রোদয়ান্ ।৩। নিকৃতিপ্রজ্ঞ কপট-বিষয়ৈব প্রজ্ঞা ন ধর্ম্মবিষয়া যস্য তম্ ।৪—৯। এনসা দোষেণ দৈবান্ কালং বা গময়ন্ উপালভ্য :

প্রতারণাভিজ্ঞ এবং দুষ্ট দ্যূতক্রীড়াকারী পুত্রটাকে বারণ করিতে পারি নাই বা নিজের হিত করিতে সমর্থ হই নাই ॥৯—৭॥

সঞ্জয়! আমার বুদ্ধি অবশ্যই দুর্য্যোধনের কার্য্যে দোষ দেখিতে পায়; কিন্তু দুর্য্যোধনকে পাইয়া আবার সে বুদ্ধি পরিবর্ত্তিত হইয়া যায়! ॥৬॥

সঞ্জয়। এইরূপ অবস্থাই হইতে থাকায় যাহা হইবে, তাহা হইবেই। যা'ক্, সম্মুখ যুদ্ধে দেহত্যাগ করাটা ক্ষত্রিয়ের পক্ষে প্রশস্ত ধর্ম্ম ॥৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আপনি যেরূপ ইচ্ছা করেন, তাহাতে এইরূপ প্রশ্ন করা আপনার পক্ষে উচিতই বটে; তবে এই দোষটা আপনি কেবল দুর্য্যোধনের উপরে আরোপ করিতে পারেন না ॥৮॥

রাজা! আমি সমস্তই বলিতেছি, আপনি শ্রবণ করুন। যে মানুষ নিজের

---

(৮) ত্বদ্‌যুক্তোঽয়মনুপ্রাপ্তঃ...পি। (১০) ন স কালং ন বা দেবানেনসা গন্তুমর্হতি... বা ব ম্বা নি।

স বধ্যঃ সর্বলোকস্য নিন্দিতানি সমাচরন্ ।
নিকারা মনুজশ্রেষ্ঠ ! পাণ্ডবৈস্ত্বৎপ্রতীক্ষয়া ॥১১॥
অনুভূতাঃ সহামাত্যৈর্নিকৃতৈরধিদেবনে ।
হয়ানাঞ্চ গজানাঞ্চ রাজ্ঞাঞ্চামিততেজসাম্ ॥১২॥
বৈশসং সমরে বৃত্তং যত্তন্মে শৃণু সর্বশঃ ।
স্থিরো ভূত্বা মহাপ্রাজ্ঞ ! সর্বলোকক্ষয়োদয়ম্ ॥১৩॥ (কুলকম্)
যথা ভূতং মহাযুদ্ধে শ্রুত্বা মা বিমনা ভব ।
ন হ্যেব কর্ত্তা পুরুষঃ কর্ম্মণোঃ শুভপাপয়োঃ ॥১৪॥
অস্বতন্ত্রো হি পুরুষঃ কার্য্যতে দারুযন্ত্রবৎ ।
কেচিদীশ্বরনির্দ্দিষ্টাঃ কেচিদেব যদৃচ্ছয়া ॥১৫॥

ভারতকৌমুদী

নিকারাস্তিরস্কারা অবমানা বা । নিকৃতৈঃ প্রতারিতৈঃ, অধিদেবনে দ্যূতক্রীড়ায়াম্ । হয়ানামশ্বানাম্ । বিশসতীতি বিশসা হিংসকাস্তেষাং ভাবো বৈশসং হিংসা সর্ব্বেষাং লোকানাং সৈন্যানাং ক্ষয়স্য উদয় উৎপত্তির্যস্মাৎ তৎ ॥৯—১৩॥

যথেতি । তথা শ্রুত্বেত্যর্থঃ । কর্ত্তা স্বয়ম্ । শুভপাপয়োঃ পুণ্যপাপয়োঃ ॥১৪॥

অস্বেতি । কার্য্যতে অন্যেন, দারুযন্ত্রবৎ কাষ্ঠময়ী পুত্তলিকেব । ঈশ্বরেণ নির্দ্দিষ্টাঃ । প্রেরিতাঃ সন্তঃ কার্য্যং কুর্ব্বন্তি । যদৃচ্ছয়া গচ্ছতঃ পর্ণাদিস্পর্শবৎ অস্বেচ্ছয়া ॥১৫॥

ভারতভাবদীপঃ

নার্হতি । দৃষ্টে সম্ভবত্যদৃষ্টকল্পনায়া অন্যায্যত্বাদ্দৃষ্টাপরাধাদেব দেবস্য কালস্য বা উপালম্ভঃ কর্ত্তুমুচিতো ন তু তস্মিন্ সতীত্যর্থঃ । ন স কালং ন বা দেবং বক্তুমেতদিহার্হতীতি পাঠেঽপ্যয়মেবার্থঃ ॥১০॥ নিকারাঃ তিরস্কারাঃ ॥১১—১২॥ বৈশসং বৈরম্, সমরে নিমিত্তে ॥১৩—১৬॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৮॥

দুষ্কর্ম্মের ফলে দুঃখভোগ করে, সে মানুষ সেই দুঃখভোগের জন্য কালকে বা দৈবকে নিন্দা করিতে পারে না । মহারাজ ! যে লোক মানুষের মধ্যে সর্বপ্রকার নিন্দনীয় কার্য্য করে, সে লোক সেই নিন্দনীয় কার্য্য করার জন্যই সমস্ত লোকের বধ্য হয় । নরশ্রেষ্ঠ ! পাণ্ডবেরা দ্যূতক্রীড়ায় প্রতারিত হইয়া আপনার দিকে চাহিয়াই অনুচরবর্গের সহিত নানাবিধ দুঃখ ভোগ করিয়াছিলেন । মহাপ্রাজ্ঞ ! যুদ্ধে যে হস্তী, অশ্ব ও অমিততেজা রাজগণের ধ্বংস, এমন কি সমস্ত সৈন্যেরই ক্ষয়জনক মহামারী হইয়াছে, সে সকল আপনি স্থির হইয়া আমার নিকট শ্রবণ করুন ॥৯—১৩॥

মহাযুদ্ধে যাহা হইয়াছে, তাহা শুনিয়া আপনি আকুলচিত্ত হইবেন না । কারণ, মানুষ নিজে পুণ্যকর্ম্ম বা পাপকর্ম্ম করে না ॥১৪॥

পূর্ব্বকর্ম্মভিরপ্যন্যে ত্রৈধমেতৎ প্রদৃশ্যতে।
তস্মাদনর্থমাপন্নঃ স্থিরো ভূত্বা নিশাময় ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি সৈন্যনির্যাণে সঞ্জয়বাক্যে অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:-০-:———

(৭। উলূকদূতাগমনপর্ব।)

উনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

হিরণ্বত্যাং নিবিষ্টেষু পাণ্ডবেষু মহাত্মসু।
ন্যবিশন্ত মহারাজ! কৌরবেয়া যথাবিধি ॥১॥
তত্র দুর্য্যোধনো রাজা নিবেশ্য বলমোজসা।
সম্মানয়িত্বা নৃপতীন্ ন্যস্য গুল্মাংস্তথৈব চ ॥২॥

ভারতকৌমুদী

পূর্ব্বেতি। ত্রৈধং ত্রিবিধাবস্থা। অনর্থং মহাবিপদম্, আপন্নঃ প্রাপ্তবান্ ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি সৈন্যনির্যাণে অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

হিরেতি। হিরণ্বত্যাং হিরণ্বতীনদীসন্নিহিতদেশে। যথাবিধি ব্যূহরচনাপূর্ব্বকম্ ॥১॥

তত্রেতি। ওজসা বিশিষ্টম্। গুল্মান্ শিবিরাণি। আবশ্যকদ্রব্যাদিরক্ষণীয়স্থানানি,

কারণ, অদৃষ্টই অস্বতন্ত্র মানুষকে কাষ্ঠপুত্তলিকার ন্যায় কার্য্য করায়। কেহ কেহ ঈশ্বরপ্রেরিত হইয়া কার্য্য করে, কেহ কেহ যদৃচ্ছাক্রমে কর্ম্ম করে ॥১৫॥

আবার কেহ কেহ পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মের প্রেরণায় ক্রিয়া করিয়া থাকে। সুতরাং এই ত্রিবিধ অবস্থাই দেখিতে পাওয়া যায়। অতএব আপনি গুরুতর বিপদাপন্ন হইয়াও স্থির হইয়াই শ্রবণ করুন' ॥১৬॥

———:•:———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মহাত্মা পাণ্ডবেরা কুরুক্ষেত্রে হিরণ্বতীনদীর নিকটে সন্নিবিষ্ট হইলে, কৌরবেরাও যাইয়া যথানিয়মে সন্নিবিষ্ট হইলেন ॥১॥

* 'একোনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব বা নি।

আরক্ষস্য বিধিং কৃত্বা যোধানাং তত্র ভারত ! ।
কর্ণং দুঃশাসনঞ্চৈব শকুনিঞ্চাপি সৌবলম্ ॥৩॥
আনায্য নৃপতিস্তত্র মন্ত্রয়ামাস ভারত ! ।
তত্র দুর্য্যোধনো রাজা কর্ণেন সহ ভারত ! ॥৪॥
সংভাষিত্বা চ কর্ণেন ভ্রাত্রা দুঃশাসনেন চ ।
সৌবলেন চ রাজেন্দ্র ! মন্ত্রয়িত্বা নরর্ষভ ! ॥৫॥
আহুয়োপহ্বরে রাজন্নুলূকমিদমব্রবীৎ ।
উলূক ! গচ্ছ কৈতব্য ! পাণ্ডবান্ সহসোমকান্ ॥৬॥ (কুলকম্)
গত্বা মম বচো ব্রূহি বাসুদেবস্য শৃণ্বতঃ ।
ইদং তৎ সমনুপ্রাপ্তং বর্ষপূগাভিচিন্তিতম্ ॥৭॥
পাণ্ডবানাং কুরূণাঞ্চ যুদ্ধং লোকভয়ঙ্করম্ ।
যদেতৎ কত্থনাবাক্যং সঞ্জয়ো মহদব্রবীৎ ॥৮॥
বাসুদেবসহায়স্য গর্জতঃ সানুজস্য তে ।
মধ্যে কুরূণাং কৌন্তেয় ! তস্য কালোঽয়মাগতঃ ॥৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

বিধিং সংগ্রহাদিকম্। আনায্য দূতৈঃ। উপহ্বরে একান্তে। উলূকং তদাখ্যং দূতম্। কিতবস্য ধূর্ত্তস্য শকুনেঃ পুত্র ইতি কৈতব্যঃ। সোমকৈঃ সহেতি সহসোমকাস্তান্ ॥২—৬॥

গত্বেতি। সমনুপ্রাপ্তমুপস্থিতম্, বর্ষপূগেষু বহুবৎসরেষু অভিচিন্তিতম্। কত্থনাবাক্যম্ আত্মশ্লাঘাবচনম্। কুরূণাং মধ্যে অব্রবীদিতি সম্বন্ধঃ ॥৭—৯॥

রাজা দুর্য্যোধন সেখানে নিজের প্রবল সৈন্য সংস্থাপনপূর্ব্বক রাজাদের সম্মান, শিবিরস্থাপন এবং যোদ্ধৃগণের আবশ্যক দ্রব্য সংগ্রহ করিয়া কর্ণ, দুঃশাসন ও সুবলনন্দন শকুনিকে আনাইয়া মন্ত্রণা করিলেন। ভরতনন্দন! নরশ্রেষ্ঠ! রাজপ্রধান! রাজা! তখন দুর্য্যোধন কর্ণের সহিত আলাপ করিয়া, পরে সেই কর্ণ, ভ্রাতা দুঃশাসন ও শকুনির সহিত মন্ত্রণা করিয়া, আহ্বানপূর্ব্বক আনয়ন করিয়া নির্জনে উলূককে এই কথাগুলি বলিলেন—'কিতবনন্দন! উলূক! তুমি—সোমকগণের সহিত অবস্থিত পাণ্ডবগণের নিকট যাও' ॥২—৬॥

সেখানে যাইয়া কৃষ্ণের সাক্ষাতে আমার এই কথাগুলি বল—'বহু বৎসর যাবৎ যাহা চিন্তা করিয়া আসিতেছি, এই সেই লোকভয়ঙ্কর কুরু-পাণ্ডবের যুদ্ধ উপস্থিত হইয়াছে। আর, কুন্তীনন্দন! সঞ্জয় (আপনাদের নিকট হইতে

---

(৫) পূর্ব্বার্দ্ধাৎ পূর্ব্বম্ 'সম্ভাষিত্বা চ কর্ণেন ভ্রাত্রা দুঃশাসনেন চ' ইদং পাদদ্বয়ং নি নাস্তি।

যথা বঃ সংপ্রতিজ্ঞাতং তৎ সর্ব্বং ক্রিয়তামিতি।
জ্যেষ্ঠং তথৈব কৌন্তেয়ং ব্রূয়াস্ত্বং বচনান্মম ॥১০॥
ভ্রাতৃভিঃ সহিতঃ সর্ব্বৈঃ সোমকৈশ্চ সকেকয়ৈঃ।
কথং বা ধাৰ্ম্মিকো ভূত্বা ত্বমধৰ্ম্মে মনঃ কৃথাঃ ॥১১॥
য ইচ্ছসি জগৎ সর্ব্বং নশ্যমানং নৃশংসবৎ।
অভয়ং সর্ব্বভূতেভ্যো দাতা ত্বমিতি মে মতিঃ ॥১২॥
শ্রূয়তে হি পুরা গীতঃ শ্লোকোঽয়ং ভরতর্ষভ!।
প্রহ্লাদেনাথ ভদ্রং তে হৃতে রাজ্যে তু দৈবতৈঃ ॥১৩॥
যস্য ধৰ্ম্মধ্বজো নিত্যং সুরাঃ! ধ্বজ ইবোচ্ছ্রিতঃ।
প্রচ্ছন্নানি চ পাপানি বৈড়ালং নাম তদ্‌ব্রতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

যথেতি। বো যুষ্মাভিঃ। জ্যেষ্ঠং কৌন্তেয়মেকং যুধিষ্ঠিরম্ ॥১০॥
ভ্রাতৃভিরিতি। কৃথা ইত্যত্র অড়াগমাভাব আর্ষঃ ॥১১॥
য ইতি। নশ্যমানং স্বযুদ্ধেন নশ্যৎ। দাতেতি সাধুকারিণ্যর্থে তৃন্ ॥১২॥
শ্রূয়ত ইতি। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ। দৈবতৈর্দেবৈঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

হিরণ্বত্যামিতি ॥১॥ গুল্মান্ সৈন্যান্ ॥২॥ আরক্ষস্য রক্ষণীয়স্য দ্রব্যাদেঃ বিধিং রক্ষা-বিধানম্। "আরক্ষং রক্ষণীয়ে স্যা"দিতি বিশ্বঃ ॥৩—৭॥ কত্থনাবাক্যম্ আত্মপ্রশংসনম্ ॥৮—৯॥ সম্প্রতিজ্ঞাতং দুঃশাসনরুধিরপানাদি ॥১০॥ ভ্রাতৃভিঃ সহিতঃ কথমধর্ম্মে মনঃ কৃথা ইতি সম্বন্ধঃ

আসিয়া) কৃষ্ণ ও অনুজবর্গের সহিত আপনার যে গুরুতর আত্মশ্লাঘার বাক্য কৌরবগণের মধ্যে বলিয়াছিলেন, এই তাহার সময় আসিয়াছে ॥৭—৯॥

সুতরাং আপনারা যে সকল প্রতিজ্ঞা করিয়াছিলেন, তাহা এখন করুন'। আর উলূক! তুমি আমার আদেশ অনুসারে যুধিষ্ঠিরকে বলিবে—॥১০॥

'রাজা! আপনি ধাৰ্ম্মিক হইয়া সকল ভ্রাতা, সোমকগণ ও কেকয়গণের সহিত মিলিত হইয়া কি করিয়া অধর্ম্মে মনোনিবেশ করিলেন ॥১১॥

যে আপনি নৃশংসের ন্যায় সমগ্র জগৎটাকেই বিনষ্ট করিবার ইচ্ছা করিতেছেন। অথ চ আমার ধারণা এই যে; আপনি সকল প্রাণীকেই অভয় দান করিয়া থাকেন ॥১২॥

ভরতশ্রেষ্ঠ! আপনার মঙ্গল হউক। পূর্ব্বকালে দেবতারা প্রহ্লাদের রাজ্য হরণ করিলে, প্রহ্লাদ এই শ্লোকটী গাহিতেন—॥১৩॥

---

(১০) যথাবৎ সংপ্রতিজ্ঞাতম্...নি। (১২) য ইচ্ছতি...পি। (১৩)...আরাত্তম ইবোচ্ছ্রিতঃ...পি।

অত্র তে বর্ত্তয়িষ্যামি আখ্যানমিদমুত্তমম্।
কথিতং নারদেনেহ পিতুর্মম নরাধিপ ! ॥১৫॥
মার্জ্জারঃ কিল দুষ্টাত্মা নিশ্চেষ্টঃ সর্বকর্ম্মসু।
ঊর্দ্ধবাহুঃ স্থিতো রাজন্ ! গঙ্গাতীরে কদাচন ॥১৬॥
স বৈ কৃত্বা মনঃশুদ্ধিং প্রত্যয়ার্থং শরীরিণাম্।
করোমি ধর্ম্মমিত্যাহ সর্বানেব শরীরিণঃ ॥১৭॥
তস্য কালেন মহতা বিশ্রম্ভং জগ্মুরণ্ডজাঃ।
সমেত্য চ প্রশংসন্তি মার্জ্জারং তং বিশাংপতে ! ॥১৮॥
পূজ্যমানস্তু তৈঃ সর্বৈঃ পক্ষিভিঃ পক্ষিভোজনঃ।
আত্মকার্য্যং কৃতং মেনে চর্য্যায়াশ্চ কৃতং ফলম্ ॥১৯॥

ভারতকৌমুদী

যস্যেতি। ধর্ম্মধ্বজঃ ধর্ম্মপ্রবাদঃ। উচ্ছ্রিত উত্তোলিতঃ। প্রচ্ছন্নানি গুপ্তানি ॥১৪॥
অত্রেতি। বর্ত্তয়িষ্যামি কর্ণে প্রবর্ত্তয়িষ্যামি। পিতুঃ সমীপে ॥১৫॥
মার্জ্জার ইতি। নিশ্চেষ্টো নিরুদ্যমঃ, সর্ব্বকর্ম্মসু খাদ্যান্বেষণাদিষু ॥১৬॥
স ইতি। মনসঃ শুদ্ধিং হিংসাদিরাহিত্যভাবম্, প্রত্যয়ার্থম্ আত্মনি বিশ্বাসার্থম্ ॥১৭॥
তস্যেতি। তস্য মার্জ্জারস্য উপরি, বিশ্রম্ভং বিশ্বাসম্, অণ্ডজাঃ পক্ষিসর্পাদয়ঃ ॥১৮॥
পূজ্যেতি। পক্ষিভোজনো মার্জ্জারঃ। চর্য্যায়াঃ তাদৃশব্রতাচরণস্য ॥১৯॥

ভারতভাবদীপঃ

॥১১॥ দাতা দাস্যসি পারিব্রাজ্যং করিষ্যসীত্যর্থঃ ॥১২—১৩॥ ভোঃ সুরা ইতি দেবান্ প্রহ্লাদঃ সম্বোধয়তি। যস্য ব্রতস্য ধর্ম্মধ্বজো ধর্ম্মচিহ্নং দর্ভপবিত্রপাণিত্বাদি। উচ্ছ্রিতঃ সর্ব্বলোকবিদিতঃ ॥১৪—১৬॥ মনঃশুদ্ধিং হিংসাতো নিবৃত্তিম্ ॥১৭॥ বিশ্রম্ভং বিশ্বাসম্

'দেবগণ ! ধ্বজের ন্যায় সর্বদা যাহার ধর্ম্মধ্বজ উত্তোলিত থাকে এবং গোপনে প্রচুর পাপের কথা শুনিতে পাওয়া যায়, তাহার সেটা বৈড়াল-ব্রত' ॥১৪॥

রাজা ! মহর্ষি নারদ আমার পিতার নিকটে যাহা বলিয়াছিলেন, আমি এখন সেই উত্তম উপাখ্যানটী আপনার কর্ণগোচর করিব ॥১৫॥

রাজা ! একদা এক দুরাত্মা বিড়াল গঙ্গাতীরে যাইয়া, সকল কার্য্যে নিশ্চেষ্ট থাকিয়া ঊর্দ্ধবাহু হইয়া অবস্থান করিতে লাগিল ॥১৬॥

সে, প্রাণিগণের বিশ্বাস জন্মাইবার জন্য চিত্তশুদ্ধির ভাণ করিয়া সকল প্রাণীকেই বলিত যে, 'আমি ধর্ম্মাচরণ করিতেছি' ॥১৭॥

নরনাথ ! এই ভাবে বহুকাল অতীত হইলে পক্ষীরা তাহার উপরে বিশ্বাস করিল এবং নিকটে যাইয়া তাহাকে প্রশংসা করিতে লাগিল ॥১৮॥

অথ দীর্ঘস্য কালস্য তং দেশং মূষিকা যযুঃ।
দদৃশুস্তঞ্চ তে তত্র ধার্ম্মিকং ব্রতচারিণম্ ॥২০॥
কার্য্যেণ মহতা যুক্তং দম্ভযুক্তেন ভারত!।
তেষাং মতিরিয়ং রাজন্নাসীত্তত্র বিনিশ্চয়ে ॥২১॥ (যুগ্মকম্)
বহুমিত্রা বয়ং সর্বে তেষাং নো মাতুলো হ্যয়ম্।
রক্ষাং করোতু সততং বৃদ্ধবালস্য সর্ব্বশঃ ॥২২॥
উপগম্য তু তে সর্বে বিড়ালমিদমব্রুবন্।
ভবৎপ্রসাদাদিচ্ছামশ্চর্তুং চৈব যথাসুখম্ ॥২৩॥
ভবান্ নো গতিরব্যগ্রা ভবান্ নঃ পরমঃ সুহৃৎ।
তে বয়ং সহিতাঃ সর্বে ভবন্তং শরণং গতাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

অথেতি। দীর্ঘস্য কালস্য অতিক্রমে সতীতি শেষঃ। তে মূষিকাঃ। দম্ভযুক্তেন ব্যাজাশ্রিতেন, মহতা কার্য্যেণ ধর্ম্মাচরণেন। বিনিশ্চয়ে স্ববর্গস্য কর্ত্তব্যনির্দ্ধারণে ॥২০—২১॥

বহ্বিতি। বহূনি মিত্রাণি যেষাং তে। নঃ অস্মাকম্। বৃদ্ধাশ্চ বালাশ্চেতি সমাহারদ্বন্দ্বঃ ॥২২॥

উপেতি। তে মূষিকাঃ। চর্ত্তুং যথেচ্ছং বিচরিতুম্, যথাসুখম্ উদ্বেগাভাবাৎ ॥২৩॥

ভবানিতি। নঃ অস্মাকম্, গতিরুপায়ঃ, অব্যগ্রা অনাকুলা স্থিরেতি যাবৎ ॥২৪॥

সেই পক্ষীরা সকলে গৌরব করিতে থাকিলে, পক্ষিভোজী বিড়াল মনে করিল—'আমার কার্য্যোদ্ধার করা হইয়াছে এবং ব্রতাচরণের ফলও সম্পাদন করা হইয়াছে' ॥১৯॥

ভরতনন্দন রাজা! তাহার পর দীর্ঘকাল অতীত হইলে, কতকগুলি মূষিক সেখানে গেল এবং দেখিল—ধার্ম্মিক বিড়াল সেখানে থাকিয়া ব্রতাচরণ করিতেছে। বাস্তবিকপক্ষে বিড়াল কিন্তু কপটতাযুক্ত প্রশস্ত কার্য্যে ব্যাপৃত ছিল। সে যাহা হউক, তখন মূষিকগণের কর্ত্তব্য নির্দ্ধারণবিষয়ে এইরূপ বুদ্ধি হইল—॥২০—২১॥

'আমাদের বহুতর সুহৃদ্ আছে এবং ইনি (বিড়াল) আমাদের মাতুল হন। অতএব ইনি সর্বদা আমাদের বালক ও বৃদ্ধগণের সর্বপ্রকারে রক্ষা করিতে থাকুন' ॥২২॥

তাহার পর সেই মূষিকেরা সকলে নিকটে যাইয়া বিড়ালকে এই কথা বলিল—'আমরা আপনার অনুগ্রহে যথাসুখে বিচরণ করিতে ইচ্ছা করি ॥২৩॥

---

(২২) বহুমিত্রা বয়ং সর্বে—পি। (২৪)···পরমং সুহৃৎ···পি।

ভবান্ ধর্ম্মপরো নিত্যং ভবান্ ধর্ম্মে ব্যবস্থিতঃ।
স নো রক্ষ মহাপ্রাজ্ঞ! ত্রিদশানিব বজ্রভৃৎ ॥২৫॥
এবমুক্তস্তু তৈঃ সর্বৈর্মূষিকৈঃ স বিশাংপতে!।
প্রত্যুবাচ ততঃ সর্ব্বান্ মূষিকান্ মূষিকান্তকৃৎ ॥২৬॥
দ্বয়োর্যোগং ন পশ্যামি তপসো রক্ষণস্য চ।
অবশ্যন্তু ময়া কার্য্যং বচনং ভবতাং হিতম্ ॥২৭॥
যুষ্মাভিরপি কর্ত্তব্যং বচনং মম নিত্যশঃ।
তপসাস্মি পরিশ্রান্তো দৃঢ়ং নিয়মমাস্থিতঃ ॥২৮॥
ন চাপি গমনে শক্তিং কাঞ্চিৎ পশ্যামি চিন্তয়ন্।
সোঽস্মি নেয়ঃ সদা তাতা নদীকূলমিতঃ পরম্ ॥২৯॥

ভারতকৌমুদী

ভবানিতি। ধর্ম্মপরো মনসা, ধর্ম্মে ব্যবস্থিতঃ কর্ম্মণা। বজ্রভৃৎ ইন্দ্রঃ ॥২৫॥
এবমিতি। মূষিকান্তকৃৎ বিড়ালঃ ॥২৬॥
দ্বয়োরিতি। যোগং সঙ্গতিং ন পশ্যামি, পরস্পরবিরোধাদিত্যাশয়ঃ ॥২৭॥
যুষ্মাভিরিতি। নিয়মম্ উপবাসাদিরূপম্, আস্থিত আশ্রিতঃ ॥২৮॥
নেতি। হে তাতাঃ! বৎসাঃ! নেয়ঃ স্নানাদিনিমিত্তমিতি ভাবঃ ॥২৯॥

আপনি আমাদের স্থায়ী উপায় এবং আপনি আমাদের পরম বন্ধু। অতএব আমরা সকলে আপনার শরণাগত হইলাম ॥২৪॥

আপনি সর্বদা মনে মনে ধর্ম্মপরায়ণ এবং আপনি দৈহিক ব্যাপারেও ধর্ম্মেই রহিয়াছেন। অতএব ইন্দ্র যেমন দেবগণকে রক্ষা করেন, আপনিও সেই রূপ আমাদিগকে রক্ষা করুন' ॥২৫॥

নরনাথ। সেই মূষিকেরা সকলে এইরূপ বলিলে, তাহার পর মূষিকান্ত-কারী সেই বিড়াল মূষিক সকলকে বলিল—॥২৬॥

'বৎসগণ। তপস্যা ও রক্ষা এই দুই ব্যাপার এক সময়ে করার সম্ভব দেখি না। তথাপি আমি তোমাদের হিতের কথা অবশ্যই রক্ষা করিব ॥২৭॥

তোমরাও সর্বদা আমার বাক্য রক্ষা করিও। কারণ, আমি তপস্যায় পরিশ্রান্ত এবং দৃঢ় নিয়ম অবলম্বন করিয়া রহিয়াছি ॥২৮॥

এবং আমি চিন্তা করিয়াও কোথাও যাইবার কোন শক্তি দেখিতে পাইতেছি না। অতএব বৎসগণ! ইহার পর প্রত্যহ তোমরা আমাকে নদীর তীরে লইয়া যাইও' ॥২৯॥

তে তথেতি প্রতিজ্ঞায় মূষিকা ভরতর্ষভ ! ।
বৃদ্ধবালমথো সর্বং মার্জারায় ন্যবেদয়ন্ ॥৩০॥
ততঃ স পাপো দুষ্টাত্মা মূষিকানথ ভক্ষয়ন্ ।
পীবরশ্চ সুবর্ণশ্চ দৃঢ়বন্ধশ্চ জায়তে ॥৩১॥
মূষিকাণাং গণশ্চাত্র ভৃশং সংক্ষীয়তেঽথ সঃ ।
মার্জারো বর্দ্ধতে চাপি তেজোবলসমন্বিতঃ ॥৩২॥
ততস্তে মূষিকাঃ সর্বে সমেত্যান্যোন্যমব্রুবন্ ।
মাতুলো বর্দ্ধতে নিত্যং বয়ং ক্ষীয়ামহে ভৃশম্ ॥৩৩॥
ততঃ প্রাজ্ঞতমঃ কশ্চিড্ডিণ্ডিকো নাম মূষিকঃ ।
অব্রবীদ্বচনং রাজন্ ! মূষিকাণাং মহাগণম্ ॥৩৪॥
গচ্ছতাং বো নদীতীরং সহিতানাং বিশেষতঃ ।
পৃষ্ঠতোঽহং গমিষ্যামি মাতুলেন সহৈব তু ॥৩৫॥

ভারতকৌমুদী

ত ইতি। বৃদ্ধাশ্চ বালাশ্চেতি বৃদ্ধবালম্, সমাহারদ্বন্দ্বৈকবদ্ভাবঃ ॥৩০॥

তত ইতি। পীবরঃ স্থূলঃ, সুবর্ণঃ শোভনবর্ণঃ, দৃঢ়বন্ধঃ দৃঢ়াঙ্গসংযোগশ্চ ॥৩১॥

মূষিকাণামিতি। তেজঃ কান্তিঃ বলং শক্তিশ্চ তাভ্যাং সমন্বিতঃ ॥৩২॥

তত ইতি। সমেত্য মিলিত্বা। মাতুলো বিড়ালঃ ॥৩৩॥

তত ইতি। মহাগণং বিশালসমূহম্ ॥৩৪॥

ভরতশ্রেষ্ঠ ! 'তাহাই হইবে' এইরূপ প্রতিজ্ঞা করিয়া সেই মূষিকেরা বালক ও বৃদ্ধ সকল মূষিককেই মার্জারের নিকট সমর্পণ করিল ॥৩০॥

তাহার পর সেই পাপিষ্ঠ ও দুরাত্মা বিড়াল মূষিকগুলিকে ভক্ষণ করিতে থাকিয়া স্থূলদেহ, সুন্দরবর্ণ ও দৃঢ়সংযোগ হইয়া উঠিল ॥৩১॥

অথ চ মূষিকগণ ক্রমশঃ অত্যন্ত ক্ষয় পাইতে লাগিল এবং বিড়াল কান্তি ও শক্তিসম্পন্ন হইয়া বৃদ্ধি পাইতে থাকিল ॥৩২॥

তদনন্তর সেই মূষিকেরা সকলে সম্মিলিত হইয়া পরস্পর বলিতে লাগিল— 'মাতুল প্রত্যহ বৃদ্ধি পাইতেছেন, আর আমরা ক্রমশঃ ক্ষীণ হইতেছি। ॥৩৩॥

রাজা। তাহার পর 'ডিণ্ডিক'—নামে কোন বুদ্ধিমান্ মূষিক সেই বিশাল মূষিকসমূহকে এই কথা বলিল—॥৩৪॥

(৩০) তথেতি তং প্রতিজ্ঞায়···বা ব রা নি। (৩৫)···সহৈব মাতুলেন তু—বা ব রা নি।

সাধু সাধ্বিতি তে সর্বে পূজয়াঞ্চক্রিরে তদা।
চক্রুশ্চৈব যথান্যায়ং ডিণ্ডিকস্য বচোঽর্থবৎ ॥৩৬॥
অবিজ্ঞানাত্ততঃ সোঽথ ডিণ্ডিকং হ্যপভুক্তবান্।
ততস্তে সহিতাঃ সর্ব্বে মন্ত্রয়ামাসুরঞ্জসা ॥৩৭॥
তত্র বৃদ্ধতমঃ কশ্চিৎ কোলিকো নাম মূষিকঃ।
অব্রবীদ্বচনং রাজন্! জ্ঞাতিমধ্যে যথাতথম্ ॥৩৮॥
ন মাতুলো ধর্ম্মকামশ্চদ্মমাত্রং কৃতা শিখা।
ন মূলফলভক্ষস্য বিষ্ঠা ভবতি লোমশা ॥৩৯॥

ভারতকৌমুদী

গচ্ছতামিতি। বো যুষ্মাকম্, সহিতানাং মিলিতানাম্। মাতুলেন বিড়ালেন ॥৩৫॥
সাধ্বিতি। পূজয়াঞ্চক্রিরে ডিণ্ডিকং প্রশশংসুঃ। অর্থবৎ সার্থকম্ ॥৩৬॥
অবীতি। অবিজ্ঞানাৎ অন্যৈর্মূষিকৈরনবগমাৎ, স বিড়ালঃ। অঞ্জসা দ্রুতম্ ॥৩৭॥
তত্রেতি। জ্ঞাতিমধ্যে স্বজনগণমধ্যে, যথাতথং যথার্থম্ ॥৩৮॥
নেতি। কৃতা মস্তকে বিহিতা, শিখা ধর্ম্মপ্রকাশকো দীর্ঘকেশগুচ্ছ', ছদ্মমাত্রং ধর্ম্মচ্ছলমাত্রম্। লোমশা লোমযুক্তা। বিষ্ঠায়াং লোমদর্শনাৎ মাতুলো লোমশং প্রাণিনং ভক্ষয়তীতি প্রতীয়তে, স চ প্রাণী সান্নিধ্যান্মূষিক এবেতি ভাবঃ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

॥১৮—২১॥ বহবশ্চ তে মিত্রাণি চেতি বহুমিত্রাঃ। বহুমিত্রা ইত্যপি পাঠঃ। বৃদ্ধাশ্চ বালাশ্চ তেষাং সমাহারো বৃদ্ধবালং তস্য ॥২২—৩৮॥ শিখা শাখা অমিত্রস্যাপি মিত্রভাবরূপং

'তোমরা সম্মিলিত হইয়া যখন নদীতীরে যাইবে, তখন আমি বিশেষ অনুসন্ধান করিতে থাকিয়া তোমাদের পিছনে মাতুলের সঙ্গেই যাইব' ॥৩৫॥

তখন মূষিকেরা সকলে 'সাধু সাধু' বলিয়া ডিণ্ডিকের প্রশংসা করিল এবং যথানিয়মে তাহার কথা রক্ষা করিল ॥৩৬॥

সেইরূপ করায় অন্য মূষিকের জানিবার সম্ভব ছিল না বলিয়া বিড়াল ডিণ্ডিককেও ভক্ষণ করিল। তৎপরে মূষিকেরা সকলে মিলিত হইয়া সত্বর মন্ত্রণা করিতে লাগিল ॥৩৭॥

রাজা! তখন 'কোলিক'-নামে বৃদ্ধতম কোন মূষিক জ্ঞাতিগণমধ্যে এই যথার্থ কথা বলিল—॥৩৮॥

'মাতুল (বিড়াল) ধর্ম্মার্থী নহেন, সুতরাং উঁহার শিখাধারণটা ছলমাত্র। কারণ, ফল-মূলভোজীর বিষ্ঠা লোমযুক্ত হয় না ॥৩৯॥

(৩৭)…ডিণ্ডিকং প্রতিজগ্মিবান্…পি। (৩৮)…কোকিলো নাম মূষিকঃ…পি।

অস্য গাত্রাণি বর্দ্ধন্তে গণশ্চ পরিহীয়তে।
অস্য সপ্তাষ্টদিবসান্ ডিণ্ডিকোঽপি ন দৃশ্যতে ॥৪০॥
এতচ্ছ্রুত্বা বচঃ সর্ব্বে মূষিকা বিপ্রদুদ্রুবুঃ।
বিড়ালোঽপি স দুষ্টাত্মা জগামৈব যথাগতম্ ॥৪১॥
তথা ত্বমপি দুষ্টাত্মন্! বৈড়ালং ব্রতমাস্থিতঃ।
চরসি জ্ঞাতিষু সদা বিড়ালো মূষিকেষ্বিব ॥৪২॥
অন্যথা কিল তে বাক্যমন্যথা কর্ম্ম দৃশ্যতে।
দম্ভনার্থায় লোকস্য বেদাশ্চোপশমশ্চ তে ॥৪৩॥
ত্যক্ত্বা ছদ্ম ত্বিদং রাজন্! ক্ষত্রধর্ম্মং সমাশ্রিতঃ।
কুরু কার্য্যাণি সর্ব্বাণি ধর্ম্মিষ্ঠোঽসি নরর্ষভ! ॥৪৪॥

ভারতকৌমুদী

অস্যেতি। গাত্রাণি অঙ্গানি, গণো মূষিকাণাম্। ডিণ্ডিকোঽপ্যনেন ভক্ষিত ইত্যাশয়ঃ ॥৪০॥
এতদিতি। বিপ্রদুদ্রুবুঃ তস্মাদ্দেশাৎ পলায়াঞ্চক্রিরে ॥৪১॥
তথেতি। দুষ্টাত্মন্নিতি যুধিষ্ঠিরসম্বোধনম্। বিড়ালস্যেদং বৈড়ালম্ ॥৪২॥
অন্যথেতি। দম্ভনার্থায় প্রতারণায়, বেদা বেদাধ্যয়নম্, উপশমো দ্বেষাদিনিবৃত্তিঃ ॥৪৩॥
ত্যক্ত্বেতি। ছদ্ম ধর্ম্মকাপট্যম্ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

পক্ষান্তরকৃতা স্বীকৃতা। "শিখা শাখা বর্হিচূড়া" ইতি "শাখা পক্ষান্তরে বাহা"বিতি চ মেদিনী ॥৩৯॥ গণশ্চ মূষিকাণাম্ ॥৪০—৪৩॥ ইদং ছদ্ম অজাতশত্রুবচনং ধর্ম্মিষ্ঠোঽসীত্যুপ-

উঁহার অঙ্গ সকল ক্রমশঃ স্থূল হইতেছে, আর মূষিকগণ ক্রমশঃ ক্ষয় পাইতেছে ; এবং আজ সাত আট দিন যাবৎ ডিণ্ডিককেও দেখিতেছি না' ॥৪০॥

এই কথা শুনিয়া মূষিকেরা সকলে সে স্থান হইতে পলায়ন করিল এবং সেই দুরাত্মা বিড়ালও যথাস্থানে চলিয়া গেল ॥৪১॥

দুরাত্মা! তুমিও সেইরূপই বৈড়ালব্রত অবলম্বন করিয়াছ ; সেই বিড়ালটা যেমন মূষিকদের মধ্যে বিচরণ করিত, তুমিও সেইরূপই জ্ঞাতিদের মধ্যে বিচরণ করিতেছ ॥৪২॥

তোমার বাক্য অন্যরূপ এবং কার্য্য অন্যরূপ দেখা যাইতেছে। সুতরাং লোকের প্রতারণার জন্যই তোমার বেদপাঠ ও শমগুণ ॥৪৩॥

নরশ্রেষ্ঠ রাজা! তুমি এই ছল পরিত্যাগ করিয়া ক্ষত্রিয়ধর্ম্ম অবলম্বনপূর্ব্বক সমস্ত কার্য্য কর। কারণ, তুমি ধার্ম্মিক বলিয়া প্রসিদ্ধ হইয়াছ ॥৪৪॥

(৪৪)...ধর্ম্মিষ্ঠোঽপি নরাধিপ।—পি।

বাহুবীর্য্যেণ পৃথিবীং লব্ধ্বা ভরতসত্তম ! ।
দেহি দানং দ্বিজাতিভ্যঃ পিতৃভ্যশ্চ যথোচিতম্ ॥৪৫॥
ক্লিষ্টায়া বর্ষপূগাংশ্চ মাতুর্মাতৃহিতে স্থিতঃ ।
প্রমার্জ্জাশ্রু রণে জিত্বা সম্মানং পরমাবহ ॥৪৬॥
পঞ্চ গ্রামা বৃতা যত্নান্নাস্মাভিরপবর্জ্জিতাঃ ।
যুধ্যামহে কথং সংখ্যে কোপয়েম চ পাণ্ডবান্ ॥৪৭॥
ত্বৎকৃতে দুষ্টভাবস্য সংত্যাগো বিদুরস্য চ ।
জাতুষে চ গৃহে দাহং স্মর তং পুরুষো ভব ॥৪৮॥
যচ্চ কৃষ্ণমবোচস্ত্বমায়ান্তং কুরুসংসদি ।
অয়মস্মি স্থিতো রাজন্ ! শমায় সমরায় চ ॥৪৯॥
তস্যায়মাগতঃ কালঃ সমরস্য নরাধিপ ! ।
এতদর্থং ময়া সর্বং কৃতমেতদ্‌যুধিষ্ঠির ! ॥৫০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বাহ্বিতি। দ্বিজাতিভ্যো ব্রাহ্মণেভ্যঃ। যথোচিতম্, পর্বাদৌ শ্রাদ্ধাদৌ চ ॥৪৫॥
ক্লিষ্টায়া ইতি। বর্ষপূগান্ বৎসরসমূহান্। প্রমার্জ্জ পরিমার্জ্জয় ॥৪৬॥
পঞ্চেতি। বৃতাঃ প্রার্থিতাঃ, অপবর্জ্জিতা দত্তাঃ। অপবর্জ্জনে কথং যুদ্ধাদিকং স্যাৎ ॥৪৭॥
ত্বদিতি। ত্বৎকৃতে ত্বন্নিমিত্তে। জতুন ইদং জাতুষং তস্মিন্ ॥৪৮॥
যদিতি। শমায় সন্ধিনা শান্তয়ে। এতদর্থং সমরার্থমেব, সর্বমায়োজনম্ ॥৪৯—৫০॥

ভরতশ্রেষ্ঠ ! তুমি বাহুবলে পৃথিবী লাভ করিয়া ব্রাহ্মণগণকে ও পিতৃলোকদিগকে শাস্ত্রসঙ্গতভাবে দান করিতে থাক ॥৪৫॥

তুমি তোমার মাতার হিতসাধনে উৎসুক আছ; এদিকে তোমার মাতা বহু বৎসর যাবৎ কষ্ট ভোগ করিতে থাকিয়া অশ্রু বিসর্জন করিতেছেন। সুতরাং তুমি যুদ্ধে জয় করিয়া মাতার সেই অশ্রু মার্জন কর এবং পরম সম্মান লাভ কর ॥৪৬॥

তুমি পাঁচখানি গ্রাম চাহিয়াছিলে; কিন্তু আমি তাহা দিই নাই। কারণ, তাহা দিলে, কি করিয়া তোমাদিগকে ক্রুদ্ধ করিতাম, কি করিয়াই বা যুদ্ধ করিতাম ॥৪৭॥

তোমার জন্যই যে দুরাত্মা বিদুরকে ত্যাগ করিয়াছিলাম এবং জতুগৃহে তোমাদের যে দাহের চেষ্টা করিয়াছিলাম, তাহা স্মরণ কর এবং পুরুষ হও ॥৪৮॥

রাজা ! কৃষ্ণ কৌরবসভায় আসিবার সময়ে তুমি তাঁহাকে বলিয়া দিয়াছিলে

(৪৭)…যুধ্যামহে বয়ং সংখ্যে গোপায়েম চ পাণ্ডবান্—পি।

কিং নু যুদ্ধাৎ পরং লাভং ক্ষত্রিয়ো বহু মন্যতে।
কিঞ্চ ত্বং ক্ষত্রিয়কুলে জাতঃ সংপ্রথিতো ভুবি ॥৫১॥
দ্রোণাদস্ত্রাণি সংপ্রাপ্তঃ কৃপাচ্চ ভরতর্ষভ!।
তুল্যযোনৌ সমবলে বাসুদেবং সমাশ্রিতঃ ॥৫২॥
ক্রয়াস্ত্বং বাসুদেবঞ্চ পাণ্ডবানাং সমীপতঃ।
আত্মার্থং পাণ্ডবার্থঞ্চ যত্তো মাং প্রতিযোধয় ॥৫৩॥
সভামধ্যে চ যদ্রূপং মায়য়া কৃতবানসি।
তত্তথৈব পুনঃ কৃত্বা সার্জ্জুনো মামভিদ্রব ॥৫৪॥
ইন্দ্রজালঞ্চ মায়া বা কুহকা বা বিভীষিকা।
আত্তশস্ত্রস্য সংগ্রামে বহন্তি প্রতিগর্জ্জনাঃ ॥৫৫॥

ভারতকৌমুদী

যুদ্ধ এব বা তব কথমীদৃশী প্রবৃত্তিরিত্যাহ কিমিতি। পরমুত্তমম্। কিঞ্চ অপি চ ॥৫১॥

ইতশ্চ যুদ্ধায় তে ভীতিসম্ভব ইত্যাহ দ্রোণাদিতি। তুল্যযোনৌ সমবলে চ স্থিত ইতি শেষঃ ॥৫২॥

ক্রয়া ইতি। ত্বমুলূকঃ। আত্মার্থম্ আত্মরক্ষার্থম্। যত্তো যত্নবান্ সন্ ॥৫৩॥

সভেতি। সভামধ্যে তদানীং হস্তিনায়াম্। অভিদ্রব যুদ্ধায় অভিধাব ॥৫৪॥

ইন্দ্রেতি। ইন্দ্রজালং পরেষামিন্দ্রিয়বিকলীকরণম্, মায়া কূটকৌশলম্, কুহকা মোহজননম্,

যে, 'আমি—শান্তি ও সমর এই উভয়ের জন্যই প্রস্তুত আছি' সেই সমরের এই সময় আসিয়াছে এবং নরনাথ! যুধিষ্ঠির! সেই সমরের জন্যই আমি এই সমস্ত আয়োজন করিয়াছি ॥৪৯—৫০॥

ক্ষত্রিয় কোন্‌টাকে যুদ্ধ অপেক্ষা উত্তম লাভ মনে করেন? সুতরাং তুমিও ত ক্ষত্রিয়কুলে জন্মিয়া প্রসিদ্ধ হইয়াছ ॥৫১॥

তা'র পর ভরতশ্রেষ্ঠ! তুমি দ্রোণ ও কৃপের নিকট অস্ত্র শিক্ষা করিয়াছ, সমান জাতি ও সমান শক্তিতে রহিয়াছ এবং কৃষ্ণকে আশ্রয় করিয়াছ ॥৫২॥

উলূক! তাহার পর তুমি পাণ্ডবগণের সমক্ষে কৃষ্ণকে বলিবে—'কৃষ্ণ! তুমি আত্মরক্ষার জন্য এবং পাণ্ডবগণের রক্ষার জন্য আমার সহিত যুদ্ধ কর ॥৫৩॥

তুমি (সে দিন হস্তিনায়) সভার মধ্যে মায়াদ্বারা যে রূপ ধারণ করিয়াছিলে, সেই ভাবেই আবার সেইরূপ ধারণ করিয়া অর্জ্জুনের সহিত আমার দিকে ধাবিত হও ॥৫৪॥

(৫২) দ্রোণাদস্ত্রাণি সংপ্রাপ্য…বা ব হ্না নি। (৫৫) ইন্দ্রজালঞ্চ মায়াং বৈ কুহকা বাপি ভীষণা…বা ব হ্না নি।

বয়মপ্যুৎসহেম দ্যাং খঞ্চ গচ্ছেম মায়য়া।
রসাতলং বিশামোঽপি ঐন্দ্রং বা পুরমেব তু ॥৫৬॥
দর্শয়েম চ রূপাণি স্বশরীরে বহূন্যপি।
ন তু পর্য্যায়তঃ সিদ্ধির্বুদ্ধিমাপ্নোতি মানুষীম্।
মনসৈব হি ভূতানি ধাতৈব কুরুতে বশে ॥৫৭॥
যদ্‌ব্রবীষি চ বার্ষ্ণেয়! ধার্ত্তরাষ্ট্রানহং রণে।
ঘাতয়িত্বা প্রদাস্যামি পার্থেভ্যো রাজ্যমুত্তমম্ ॥৫৮॥

ভারতকৌমুদী

বিভীষিকা ভয়প্রদর্শনঞ্চ এতানি, সংগ্রামে, আত্তশস্ত্রস্য গৃহীতাস্ত্রস্য বীরস্য, প্রতিগর্জনাঃ প্রতিতর্জনান্যেব, বহন্তি জনয়ন্তি, ন তু সভাদাবিব পরমাকুলয়ন্তীতি ভাবঃ ॥৫৫॥

বয়মিতি। বয়মহমপি, দ্যাং স্বর্গম্, উৎসহেম গন্তুং শক্নুয়াম, খমাকাশম্ ॥৫৬॥

দর্শেতি। পর্য্যায়তঃ তাদৃশেভ্যঃ প্রকারেভ্যঃ, সিদ্ধিঃ কার্য্যনিষ্পত্তিঃ, মানুষীং প্রশস্ত-মানুষসম্বন্ধিনীং বুদ্ধিম্, ন তু আপ্নোতি; যোগ্যঃ পুরুষস্তাদৃশৈঃ প্রকারৈঃ সিদ্ধিং নেচ্ছতীত্যর্থঃ। ধাতা ঈশ্বর এব, মনসা মনোবৃত্ত্যা ইচ্ছামাত্রেণেত্যর্থঃ, ভূতানি বশে কুরুতে, ন ত্বন্য ইত্যাশয়ঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৭॥

ভারতভাবদীপঃ

হাসঃ ॥৪৪—৪৫॥ প্রমার্জ্জ প্রমার্জ্জয় ॥৪৬—৫৪॥ ইন্দ্রজালং প্রসিদ্ধং মায়া ছলং কুহকা কৃত্যা প্রতিগর্জনাঃ বিপরীতং কোপং বহন্তি প্রাপয়ন্তি ন তু ভয়ং জনয়ন্তীত্যর্থঃ। "গর্জনং নিনদে কোপে" ইতি মেদিনী ॥৫৫—৫৬॥ পর্য্যায়তঃ পর্য্যায়ো ভয়প্রদর্শনাদিরূপঃ প্রকারস্তেন সিদ্ধিঃ স্বস্য ন তু ভবতি তথা পরোঽপি তেন বুদ্ধিং মানুষীং ভয়াত্মিকাং ন প্রাপ্নোতি। যতো মনসৈব ঈশ্বরেণৈব বয়ং বশে কর্ত্তব্যা ন ত্বাদৃশৈর্বিভীষিকয়েতি ভাবঃ। ন ত্বিত্যত্র নম্বিতি পাঠে পর্য্যায়তঃ ক্রমতঃ ভাবস্তু স এব। "পর্য্যায়ঃ প্রকারেঽবসরে ক্রমে" ইতি মেদিনী

দেখ, ইন্দ্রজাল, মায়া, ছল বা বিভীষিকা এগুলি যুদ্ধে অস্ত্রধারী বীরের প্রতিকূল হুহুঙ্কারই জন্মাইয়া থাকে ॥৫৫॥

আমরাও মায়া করিয়া স্বর্গে যাইতে পারি, আকাশে উঠিতে পারি, পাতালে প্রবেশ করিতে সমর্থ হই এবং ইন্দ্রের পুরীতেও গমন করিতে পারি ॥৫৬॥

আর নিজের শরীরেও অনেক ভঙ্গী দেখাইতে পারি। কিন্তু ক্ষমতাশালী লোক সেই সকল তুচ্ছ কৃত্রিম উপায়দ্বারা কার্য্য সাধন করিবার ইচ্ছা করেন না। আর এক কথা, একমাত্র ঈশ্বরই কেবল ইচ্ছাদ্বারা প্রাণিগণকে বশীভূত করিতে পারেন, অন্যে পারে না ॥৫৭॥

তা'র পর বৃষ্ণিনন্দন! তুমি যে বলিয়াছিলে—'আমি ও অর্জ্জুন, আমাদের সহিত তোমাদের শত্রুতা উপস্থিত হইয়াছে। সুতরাং আমি অর্জ্জুনদ্বারা যুদ্ধে

আচচক্ষে চ মে সর্বং সঞ্জয়স্তব ভাবিতম্।
মদ্দ্বিতীয়েন পার্থেন বৈরং বঃ সব্যসাচিনা ॥৫৯॥ (যুগ্মকম্)
স সত্যসঙ্গরো ভূত্বা পাণ্ডবার্থে পরাক্রমী।
যুধ্যস্বাদ্য রণে যত্তঃ পশ্যামঃ পুরুষো ভব ॥৬০॥
যস্তু শত্রুমভিজ্ঞায় শুদ্ধং পৌরুষমাস্থিতঃ।
করোতি দ্বিষতাং শোকং স জীবতি সুজীবিতম্ ॥৬১॥
অকস্মাচ্চৈব তে কৃষ্ণ! খ্যাতং লোকে মহদ্‌যশঃ।
অথেদানীং বিজানীমঃ সন্তি ষণ্ডাঃ সশৃঙ্গকাঃ ॥৬২॥
মদ্বিধো নাপি নৃপতিস্ত্বয়ি যুক্তঃ কথঞ্চন।
সন্নাহং সংযুগে কর্ত্তুং কংসভৃত্যে বিশেষতঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

মদিতি। পার্থেভ্যঃ পাণ্ডবেভ্যঃ। অহং দ্বিতীয়ো যস্য তেন। তৎ তব ভাবিতম্ ॥৫৮—৫৯॥

স ইতি। সত্যসঙ্গরঃ সত্যপ্রতিজ্ঞঃ। যত্তো যত্নবান্। পশ্যামস্তৎপরাক্রমমিতি শেষঃ ॥৬০॥

য ইতি। শুদ্ধং ছলাদিরহিতম্। শোভনং জীবিতং যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥৬১॥

অকস্মাদিতি। ষণ্ডাঃ ক্লীবাঃ, সশৃঙ্গকাঃ পুংচিহ্নযুক্তাঃ। ত্বমেব তাদৃশ ইতি ভাবঃ ॥৬২॥

মদিতি। যুক্তঃ প্রবৃত্তঃ। সন্নাহং সজ্জাম্, সংযুগে যুদ্ধে। তেনৈব তে যশঃ খ্যাতম্ ॥৬৩॥

ভারতভাবদীপঃ

॥৫৭—৫৮॥ আচচক্ষে আখ্যাতবান্ ॥৫৯—৬১॥ সশৃঙ্গকাঃ শৃঙ্গং পুংস্বচিহ্নং শ্মশ্রুলম্বাদিষ্বত্বাদিকং তৎসহিতাঃ ষণ্ঢাঃ নির্বীর্য্যাঃ সন্তি যেষু তব শৌর্য্যং প্রখ্যাতমিতি ভাবঃ ॥৬২—৬৩॥

তোমাদিগকে বধ করাইয়া পাণ্ডবগণকে উত্তম রাজ্য দান করিব'। তোমার সে সমস্ত কথাই সঞ্জয় আসিয়া আমার নিকট বলিয়াছেন ॥৫৮—৫৯॥

সেই তুমি সত্যপ্রতিজ্ঞ হইয়া, পাণ্ডবদের জন্য পরাক্রম প্রকাশ করিয়া এবং যুদ্ধে যত্নবান্ হইয়া আজ যুদ্ধ কর; দেখি তোমার পরাক্রম কত, তুমি পুরুষ হও ॥৬০॥

যে লোক শত্রুকে জানিয়া নির্দ্দোষ পুরুষকার অবলম্বন করিয়া শত্রুপক্ষের শোক উৎপাদন করিতে পারে, সেই লোকই সুখে জীবন যাপন করিতে পারে ॥৬১॥

কৃষ্ণ! অকস্মাৎ তোমার গুরুতর যশ জগতে বিখ্যাত হইয়া পড়িয়াছে। কিন্তু এখন আমরা জানিব যে, পুংচিহ্নযুক্ত নপুংসকও বহুতর আছে ॥৬২॥

কৃষ্ণ! তুমি কংসের একজন প্রধান ভৃত্য ছিলে। সুতরাং আমার মত কোন রাজাই তোমার বিষয়ে যুদ্ধসজ্জা করিবার জন্য কোন প্রকারে প্রবৃত্ত হন নাই ॥৬৩॥

(৬২)…অথেদানীং বিজানীমঃ…বা ব রা নি।

তঞ্চ তূবরকং বালং বহ্বাশিনমবিদ্যকম্‌ ।
উলূক ! মদ্বচো ব্রূহি অসকৃদ্ভীমসেনকম্‌ ॥৬৪॥
বিরাটনগরে পার্থ ! যস্ত্বং সূদো হ্যভূঃ পুরা ।
বল্লবো নাম বিখ্যাতস্তন্মমৈব হি পৌরুষম্‌ ॥৬৫॥
প্রতিজ্ঞাতং সভামধ্যে ন তন্মিথ্যা ত্বয়া পুরা ।
দুঃশাসনস্য রুধিরং পীয়তাং যদি শক্যতে ॥৬৬॥
যদ্‌ব্রবীষি চ কৌন্তেয় ! ধার্ত্তরাষ্ট্রানহং রণে ।
নিহনিষ্যামি তরসা তস্য কালোঽয়মাগতঃ ॥৬৭॥
ত্বং হি ভোজ্যে পুরস্কার্য্যো ভক্ষ্যে পেয়ে চ ভারত ! ।
ক যুদ্ধং ক চ ভোক্তব্যং যুধ্যস্ব পুরুষো ভব ॥৬৮॥

ভারতকৌমুদী

তমিতি। তূবরকং শৃঙ্গহীনং বৃষম্‌, "তূবরো নির্বিষাণো গোঃ" ইত্যনেকার্থঃ ॥৬৪॥
বিরাটেতি। সূদঃ পাচকঃ, "ব্যঞ্জনে সূপকারে চ সূদঃ সূপবদিষ্যতে" ইতি ত্রিকাণ্ডঃ ॥৬৫॥
প্রতিজ্ঞাতমিতি। সভামধ্যে দ্যূতক্রীড়ায়াঃ, তন্মিথ্যা ন ক্রিয়তামিতি শেষঃ ॥৬৬॥
যদিতি। ব্রবীষি সঞ্জয়াস্তিকে বদসি স্মেত্যতীতসামীপ্যে বর্ত্তমানা। তরসা বলেন ॥৬৭॥
ত্বমিতি। ভোজ্যে খাদ্যে, ভক্ষ্যে চর্ব্যে, পুরস্কার্য্যঃ অগ্রে স্থাপ্যঃ ॥৬৮॥

ভারতভাবদীপঃ

তূবরকং তূবরঃ প্রৌঢ়শৃঙ্গোঽনড্বান্‌ তত্তুল্যম্‌। তূপর ইতি পাঠেঽপি স এবার্থঃ। অশ্মশ্রুপুরুষমিত্যন্যে। "তূবরোঽশ্মশ্রুপুরুষে প্রৌঢ়শৃঙ্গানডুহ্যপী"তি মেদিনী। তেষাং ভীমসেনো নিঃশ্মশ্রুক ইতি কল্পনা ভবতি। "অশ্বোঽজস্তূপরো গোমৃগ ইতি প্রাজাপত্যা" ইতি শ্রুতৌ

উলূক। তুমি যাইয়া সেই শৃঙ্গশূন্য বৃষ, মূর্খ, বহুভোজী ও বিদ্যাহীন নিন্দিত ভীমটাকে আমার এই কথাগুলি বার বার বলিও ॥৬৪॥

ভীম। তুমি বিরাটরাজার গৃহে পূর্বে 'বল্লব'-নামে যে পাচক হইয়াছিলে, সেটা আমারই পুরুষকারের ফল ॥৬৫॥

তুমি পূর্বে দ্যূতসভার মধ্যে যে প্রতিজ্ঞা করিয়াছিলে, সে প্রতিজ্ঞাটাকে মিথ্যা করিও না ; যদি সমর্থ হও, তবে দুঃশাসনের রক্ত পান কর ॥৬৬॥

কুন্তীনন্দন। তুমি যে বলিয়াছিলে—'আমি আপন বাহুবলে যুদ্ধে ধার্ত্তরাষ্ট্রগণকে সংহার করিব' এই তাহার সময় উপস্থিত হইয়াছে ॥৬৭॥

ভরতনন্দন। তুমি খাদ্য, চর্ব্য ও পেয়ে অগ্রগণ্য বট ; কিন্তু যুদ্ধই বা কোথায়, আর খাদ্যই বা কোথায়। সে যাহা হউক, তুমি যুদ্ধ কর, পুরুষ হও ॥৬৮॥

শয়িষ্যসে হতো ভূমৌ গদামালিঙ্গ্য ভারত!।
তদ্‌বৃথা চ সভামধ্যে বল্গিতং তে বৃকোদর! ॥৬৯॥
উলূক! নকুলং ব্রূহি বচনান্মম ভারত!।
যুধ্যস্বাদ্য স্থিরো ভূত্বা পশ্যামস্তব পৌরুষম্ ॥৭০॥
যুধিষ্ঠিরেঽনুরাগঞ্চ দ্বেষঞ্চ ময়ি ভারত!।
কৃষ্ণায়াশ্চ পরিক্লেশং স্মরেদানীং যথাতথম্ ॥৭১॥
ব্রূয়াস্ত্বং সহদেবঞ্চ রাজমধ্যে বচো মম।
যুধ্যেদানীং রণে যত্তঃ ক্লেশান্ স্মর চ পাণ্ডব! ॥৭২॥
বিরাটদ্রুপদৌ চোভৌ ব্রূয়াস্ত্বং বচনান্মম।
ন দৃষ্টপূর্ব্বা ভর্ত্তারো ভৃত্যৈরপি মহাগুণৈঃ ॥৭৩॥

ভারতকৌমুদী

শয়িষ্যস ইতি। বল্গিতম্ আত্মবলশ্লাঘা কৃতা ॥৬৯॥

সূচীকটাহন্যায়েন বহুবক্তব্যাদর্জ্জুনাৎ প্রাঙ্‌নকুলসহদেবাবাহ উলূকেতি। পৌরুষং বীরত্বরূপম্ ॥৭০॥

যুধীতি। অনুরাগং ভক্তিম্। স্মর তত্তৎস্মরণাদেব যুধ্যস্বেত্যর্থঃ ॥৭১॥

ব্রূয়া ইতি। যুধ্য যুধ্যস্ব। যত্তো যত্নবান্ সন্, ক্লেশান্ বনবাসাদিকৃতান্ ॥৭২॥

বিরাটেতি। হে উলূক! ত্বম্, মম বচনাৎ, উভৌ বিরাটদ্রুপদৌ চ ইদং ব্রূয়াঃ। যতঃ কালাদারভ্য বিধাত্রা প্রজা লোকাঃ সৃষ্টাঃ, ততঃ কালাদেব, মহাগুণৈর্ভৃত্যৈরপি, ভর্ত্তারঃ স্বামিনঃ, ন দৃষ্টপূর্ব্বাঃ স্বামিত্বাঙ্গীকারাৎ পূর্ব্বং গুণাগুণিতয়া নালোচিতাঃ; তথা অর্থপতিভিঃ

ভরতনন্দন! বৃকোদর! তুমি নিহত হইয়া গদা আলিঙ্গন করিয়া ভূতলে শয়ন করিবে। সুতরাং তুমি সভার মধ্যে বৃথা আত্মশ্লাঘা করিয়াছিলে ॥৬৯॥

উলূক! তুমি আমার আদেশে যাইয়া নকুলকে বলিবে যে, 'ভরতনন্দন! আজ স্থির হইয়া যুদ্ধ কর, আমরা তোমার পুরুষকার দেখি ॥৭০॥

ভরতনন্দন! যুধিষ্ঠিরের প্রতি তোমার ভক্তি, আমার প্রতি বিদ্বেষ এবং দ্রৌপদীর সর্বপ্রকার কষ্ট, এইগুলি এখন যথার্থরূপে স্মরণ কর ॥৭১॥

উলূক! তুমি যাইয়া রাজাদের মধ্যে আমার এই কথা কয়টী সহদেবকে বলিবে—'সহদেব! এখন সমরাঙ্গনে যত্নবান্ হইয়া যুদ্ধ কর এবং পূর্ব্বের কষ্টগুলি স্মরণ কর ॥৭২॥

উলূক! তাহার পর আমার আদেশে তুমি বিরাট ও দ্রুপদরাজাকে বলিবে যে, বিধাতা যখন লোক সৃষ্টি করিয়াছিলেন, তদবধিই গুণবান্ ভৃত্যেরাও

(৭০)...যুধ্যস্বাবহিতো ভূত্বা...পি। (৭১) যুধিষ্ঠিরানুরাগঞ্চ... বা ব রা নি।

তথার্থপতিভিস্তৃত্যা যতঃ সৃষ্টাঃ প্রজাস্ততঃ।
অশ্লাঘ্যোঽয়ং নরপতির্যুবয়োরিতি চাগতম্ ॥৭৪॥ (যুগ্মকম্)
তে যূয়ং সংহতা ভূত্বা তদ্বধার্থং মমাপি চ।
আত্মার্থং পাণ্ডবার্থঞ্চ প্রযুধ্যধ্বং ময়া সহ ॥৭৫॥
ধৃষ্টদ্যুম্নঞ্চ পাঞ্চাল্যং ব্রূয়াস্ত্বং বচনান্মম।
এষ তে সময়ঃ প্রাপ্তো লব্ধব্যশ্চ ত্বয়াপি সঃ ॥৭৬॥
দ্রোণমাসাদ্য সমরে জ্ঞাস্যসে হিতমুত্তমম্।
যুধ্যস্ব সসুহৃৎ পাপং কুরু কর্ম্ম সুদুষ্করম্ ॥৭৭॥

ভারতকৌমুদী

স্বামিভিরপি, ভৃত্যা ন দৃষ্টপূর্ব্বাঃ স্বভৃত্যত্বস্বীকারাৎ পূর্ব্বং গুণাগুণিতয়া নালোচিতাঃ; অতএব অয়ং যুধিষ্ঠিরঃ, অশ্লাঘ্যোঽপি কাপুরুষত্বাদপ্রশস্তোঽপি, যুবয়োর্নরপতির্জাতঃ। ইতি চ হেতোঃ, তৎপক্ষবর্ত্তীভূয় যুবাভ্যামস্মিন্ যুদ্ধে আগতম্। তচ্চাশ্লাঘ্যং কৃতমিত্যাশয়ঃ ॥৭৩—৭৪॥

তে ইতি। সংহতাঃ সম্মিলিতাঃ। তদ্বধাৎ ॥৭৫॥

ধৃষ্টেতি। প্রাপ্ত উপস্থিতঃ। স দ্রোণঃ ॥৭৬॥

দ্রোণমিতি। সসুহৃৎ সুহৃদ্ভির্মিলিতঃ সন্, পাপং গুরুত্বাদ্ব্রাহ্মণত্বাচ্চ পাপজনকম্ ॥৭৭॥

ভারতভাবদীপঃ

অথাদিনাহচর্য্যাত্ত্বপরোহপি পশুরেব। অবিস্তরং মূঢ়ম্ ॥৬৪—৭২॥ ন দৃষ্টেতি। ভর্ত্তারঃ রাজানঃ ॥৭৩॥ অর্থপতিভী রাজভিঃ যতঃ কালাৎ তত আরভ্যেত্যর্থঃ। মূঢ়া যূয়ং ময়ি গুণবতি স্বামিনি ন সন্তুষ্টাঃ স্ব মূঢ়শ্চ যুধিষ্ঠিরো ভবদাদিষু নির্গুণেষপি তুষ্যতীতি ভাবঃ ॥৭৪॥ তত্তস্মাদ্ধেতোর্মম বধার্থঞ্চ প্রযুধ্যধ্বমিতি সম্বন্ধঃ ॥৭৫—৭৬॥ পাপং কর্ম্ম কুরু গুরুবধাখ্যম্। স্বার্থমিতি পাঠে দুষ্করপদাদেবায়মর্থো জ্ঞেয়ঃ। সসুহৃৎপার্থমিতি পাঠে তু ক্রিয়াবিশেষণমিদং

স্বামীদের গুণাগুণ বিবেচনা করে নাই; আবার স্বামীরাও ভৃত্যদের গুণ-দোষ পর্য্যালোচনা করেন নাই। এই জন্যই যুধিষ্ঠির অশ্লাঘ্য হইয়াও আপনাদের স্বামী হইয়াছে এবং তাহাতেই আপনারা তাহার পক্ষে থাকিয়া যুদ্ধ করিতে আসিয়াছেন ॥৭৩—৭৪॥

অতএব আপনারা সম্মিলিত হইয়া আমার বধ, স্বার্থ উদ্ধার এবং পাণ্ডবদের রাজ্য উদ্ধারের জন্য আমার সহিত যুদ্ধ করুন ॥৭৫॥

উলূক! তদনন্তর তুমি আমার আদেশে পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্নকে বলিবে যে, এই তোমার সেই সময় উপস্থিত হইয়াছে এবং তুমি দ্রোণকে পাইবেও ॥৭৬॥

(৭৪)···অশ্লাঘ্যোঽহং নরপতির্যুবয়োরিতি সম্মতম্—পি। (৭৫)···সহিতা ভূত্বা···পি। (৭৬)···লব্ধব্যশ্চ ময়াপি সঃ—পি। (৭৭)···সসুহৃৎ স্বার্থম্···পি।

শিখণ্ডিনমথো ব্রূহি উলূক ! বচনান্মম।
স্ত্রীতি মত্বা মহাবাহুর্ন হনিষ্যতি কৌরবঃ ॥৭৮॥
গাঙ্গেয়ো ধন্বিনাং শ্রেষ্ঠো যুধ্যেদানীং সুনির্ভয়ঃ।
কুরু কর্ম্ম রণে যত্তঃ পশ্যামঃ পৌরুষং তব ॥৭৯॥ (যুগ্মকম্)
এবমুক্ত্বা ততো রাজা প্রহস্যোলূকমব্রবীৎ।
ধনঞ্জয়ং পুনর্ব্রূহি বাসুদেবস্য শৃণ্বতঃ ॥৮০॥
অস্মান্ সর্বান্ পরাজিত্য প্রশাধি পৃথিবীমিমাম্।
অথবা নির্জিতোঽস্মাভী রণে বীর ! শয়িষ্যসে ॥৮১॥
রাষ্ট্রান্নির্বাসনক্লেশং বনবাসঞ্চ পাণ্ডব ! ।
কৃষ্ণায়াশ্চ পরিক্লেশং সংস্মরন্ পুরুষো ভব।
যদর্থং ক্ষত্রিয়া সূতে সর্বং তদিদমাগতম্ ॥৮২॥

ভারতকৌমুদী

শিখণ্ডিনমিতি। হনিষ্যতি ত্বামিতি শেষঃ। গাঙ্গেয়ো ভীষ্মঃ। যত্তো যত্নবান্ সন্ ॥৭৮—৭৯॥

এবমিতি। রাজা দুর্য্যোধনঃ। প্রহস্য, কৌতুকাতিরেকাদিতি ভাবঃ ॥৮০॥

অস্মানিতি। অর্জ্জুনস্য মহাবীরত্বাবধারণাৎ প্রথমপক্ষোপন্যাসঃ ॥৮১॥

আর তুমি দ্রোণকে যুদ্ধে পাইয়া নিজের উত্তম হিত বুঝিতে পারিবে। অতএব বন্ধুবর্গের সহিত মিলিত হইয়া যুদ্ধ কর এবং অতিদুষ্কর (গুরু ও ব্রাহ্মণবধরূপ) পাপকার্য্য সম্পাদন কর ॥৭৭॥

উলূক ! তা'র পর তুমি আমার আদেশে শিখণ্ডীকে বলিও—'ধনুর্দ্ধরশ্রেষ্ঠ ও মহাবাহু ভীষ্ম স্ত্রী মনে করিয়া তোমাকে বধ করিবেন না। অতএব তুমি অত্যন্ত নির্ভয় হইয়া এখন যুদ্ধ কর এবং যত্নবান্ হইয়া যুদ্ধের অন্যান্য কার্য্য কর। আমরা তোমার পুরুষকার দেখি ॥৭৮—৭৯॥

দুর্য্যোধন এইরূপ বলিয়া তাহার পর হাস্য করিয়া উলূককে বলিলেন--'উলূক ! তুমি কৃষ্ণের সাক্ষাতে অর্জ্জুনকে আবার বলিও—॥৮০॥

'বীর ! তুমি আমাদের সকলকে পরাজয় করিয়া এই পৃথিবী শাসন কর, কিংবা আমাদের নিকট পরাজিত হইয়া সমরাঙ্গনে শয়ন কর ॥৮১॥

পাণ্ডুনন্দন ! রাজ্য হইতে নির্বাসনের কষ্ট, বনবাসের কষ্ট এবং দ্রৌপদীর কষ্ট স্মরণ করিয়া পুরুষ হও। দেখ, ক্ষত্রিয়রমণী যে জন্য পুত্র প্রসব করেন, এই সেই সমস্তই উপস্থিত হইয়াছে ॥৮২॥

(৮১) অস্মান্ বা ত্বং পরাজিত্য…শয়িষ্যসি—বা ব রা নি।

বলং বীর্য্যঞ্চ শৌর্য্যঞ্চ পরঞ্চাপ্যস্ত্রলাঘবম্ ।
পৌরুষং দর্শয়ন্ যুদ্ধে কোপস্য কুরু নিষ্কৃতিম্ ॥৮৩॥
পরিক্লিষ্টস্য দীনস্য দীর্ঘকালোষিতস্য চ ।
হৃদয়ং কস্য ন স্ফোটেদৈশ্বর্য্যাদ্‌ভ্রংশিতস্য চ ॥৮৪॥
কুলে জাতস্য শূরস্য পরবিত্তেষগৃধ্যতঃ ।
আস্থিতং রাজ্যমাক্রম্য কোপং কস্য ন দীপয়েৎ ॥৮৫॥
যত্তদুক্তং মহদ্বাক্যং কর্ম্মণা তদ্বিভাব্যতাম্ ।
অকর্ম্মণা কত্থিতেন সন্তঃ কুপুরুষং বিদুঃ ॥৮৬॥
অমিত্রাণাং বশে স্থানং রাজ্যঞ্চ পুনরুদ্ধর ।
দ্বাবর্থৌ যুদ্ধকামস্য তস্মাত্তৎ কুরু পৌরুষম্ ॥৮৭॥

ভারতকৌমুদী

রাষ্ট্রাদিতি। ক্ষত্রিয়া স্ত্রী, সুতে পুত্রং প্রসবতি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮২॥
বলমিতি। বীর্য্যং তেজঃ, শৌর্য্যমুৎসাহম্, অস্ত্রলাঘবং শীঘ্রাস্ত্রক্ষেপিত্বম্ ॥৮৩॥
পরীতি। দীর্ঘকালম্ উষিতস্য নির্বাসিতস্য। স্ফোটেৎ বিদীর্য্যেত ॥৮৪॥
কুল ইতি। অগৃধ্যতঃ অলোভিনঃ। আক্রম্য স্থিতো মাদৃশো রিপুরিতি শেষঃ ॥৮৫॥
যদিতি। উক্তং সঞ্জয়াস্তিকে। বিভাব্যতাং ক্রিয়তাম্। কত্থিতেন গর্ব্বপ্রকাশেন ॥৮৬॥
অমিত্রাণামিতি। অমিত্রাণাং শত্রূণাম্, স্থানং স্থিতিম্। দ্বাবর্থৌ স্ববশে স্থিতিঃ রাজ্যোদ্ধারশ্চ ॥৮৭॥

ভারতভাবদীপঃ

সুহৃদ্ভিঃ পার্থৈশ্চ সহিতং যথাশাস্ত্রম্। যুধাম্বেত্যর্থঃ। অয়মেব মূলপাঠ ইতি ভাতি ॥৭৭—৮৪॥
রাজ্যমাক্রম্য মাদৃশ ইতি শেষঃ ॥৮৫॥ অকর্ম্মণা অযুদ্ধেন, কত্থিতেন স্বপ্রশংসামাত্রেণ ॥৮৬॥

বল, বীর্য্য, শৌর্য্য, দ্রুত অস্ত্রক্ষেপের বিশেষ ক্ষমতা এবং পুরুষকার এই সমস্ত দেখাইতে থাকিয়া যুদ্ধে ক্রোধের চরিতার্থতা কর ॥৮৩॥

রাজ্য হইতে বহিষ্কৃত, বহুকাল নির্বাসিত, সর্বপ্রকারে কষ্ট প্রাপ্ত এবং দীন কোন্ লোকের হৃদয় বিদীর্ণ না হয়? ॥৮৪॥

আমার মত লোক পৈতৃক রাজ্য হস্তগত করিয়া সদ্বংশজাত, বীর ও পরদ্রব্যে লোভশূন্য কোন্ ব্যক্তির কোপানল উত্তেজিত না করেন? ॥৮৫॥

অর্জ্জুন! সঞ্জয়ের নিকটে যে সকল গুরুতর কথা বলিয়াছিলে, সেগুলি এখন কার্য্যদ্বারা সফল কর। কার্য্য না করিয়া কেবল গর্ব প্রকাশ করিলে, সজ্জনেরা তাহাকে কাপুরুষ মনে করেন ॥৮৬॥

---

(৮৫)···পরবিত্তেষ্ গৃধ্যতঃ···পি।

পরাজিতোঽসি দ্যূতেন কৃষ্ণা চানায়িতা সভাম্।
শক্যোঽমর্ষো মনুষ্যেণ কর্ত্তুং পুরুষমানিনা ॥৮৮॥
দ্বাদশৈব তু বর্ষাণি বনে ধিষ্ণ্যাদ্বিবাসিতঃ।
সংবৎসরং বিরাটস্য দাস্যমাস্থায় চোষিতঃ ॥৮৯॥
রাষ্ট্রান্নির্ব্বাসনক্লেশং বনবাসঞ্চ পাণ্ডব!।
কৃষ্ণায়াশ্চ পরিক্লেশং সংস্মরন্ পুরুষো ভব ॥৯০॥
অপ্রিয়াণাঞ্চ বচনং প্রবদৎসু পুনঃ পুনঃ।
অমর্ষং দর্শয়স্ব ত্বমমর্ষো হ্যেব পৌরুষম্ ॥৯১॥

ভারতকৌমুদী

পরেতি। অমর্ষঃ ক্রোধঃ ক্রোধফলমিত্যর্থঃ। তচ্চ ময়া দ্যূতজয়াদিনা কৃতমিতি ভাবঃ ॥৮৮॥
দ্বাদশেতি। ধিষ্ণ্যাৎ স্বস্থানাৎ, "ধিষ্ণ্যং স্থানে গৃহে ভেঽগ্নৌ" ইত্যমরঃ ॥৮৯॥
রাষ্ট্রাদিতি। রাষ্ট্রাৎ রাজ্যাৎ। কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ ॥৯০॥
অপ্রিয়াণামিতি। অপ্রিয়াণাং বিষয়াণাম্, বচনমুক্তিম্, প্রবদৎসু অস্মাসু ॥৯১॥

ভারতভাবদীপঃ

স্থানং স্থিতিং তৎ স্থানরাজ্যয়োরুদ্ধরণং পৌরুষং পুরুষকর্ম্ম কুরু ॥৮৭—৮৮॥ ধিষ্ণ্যাৎ গৃহাৎ ॥৮৯—৯০॥ অপ্রিয়াণাং শত্রূণাং বক্তুং যোগ্যং বচনং পৌর্ণো ইঃ ন সন্তি শত্রবো তত্রে বক্তিনা

শত্রুদের অধীনে থাকা এবং রাজ্য এই দুইটাকে উদ্ধার কর। কারণ, যুদ্ধার্থী পুরুষের এই দুইটাই উদ্দেশ্য থাকে। অতএব পুরুষকার প্রকাশ কর ॥৮৭॥

আমি দ্যূতক্রীড়ায় তোমাদিগকে পরাজয় করিয়াছি এবং দ্রৌপদীকে সভায় আনাইয়াছি। সুতরাং পুরুষাভিমানী মানুষ আপন ক্রোধকে সফল করিতে পারে ॥৮৮॥

আমি বার বৎসরপর্য্যন্ত তোমাকে স্বস্থান হইতে বনে নির্ব্বাসিত করিয়া রাখিয়াছি এবং একবৎসর যাবৎ বিরাটরাজার দাসত্ব করাইয়াছি ॥৮৯॥

অতএব পাণ্ডুনন্দন! রাজ্য হইতে নির্ব্বাসনের ক্লেশ, বনবাসের ক্লেশ এবং দ্রৌপদীর ক্লেশ স্মরণ করিয়া পুরুষ হও ॥৯০॥

আমরা বার বার তোমাদিগকে অপ্রিয়কথা বলিয়াছি। অতএব আমাদের উপরে ক্রোধ দেখাও। কারণ, শত্রুর উপরে ক্রোধ দেখানই বীরের পুরুষকার ॥৯১॥

(৮৮)···কৃষ্ণা সানায়িতা সভাম্···পি। (৮৯)···পুরমাস্থায় চোদিতঃ—পি। (৯১)···প্রব্রুবৎসু পুনঃ পুনঃ··· বা ব ম্লা নি।

ক্রোধো বলং তথা বীর্য্যং জ্ঞানযোগোঽস্ত্রলাঘবম্।
ইহ তে দৃশ্যতাং পার্থ! যুধ্যস্ব পুরুষো ভব ॥৯২॥
লোহাভিহারো নির্বৃত্ত কুরুক্ষেত্রমকর্দ্দমম্।
পুষ্টাস্তেঽশ্বা ভৃতা যোধাঃ শ্বো যুধ্যস্ব সকেশবঃ ॥৯৩॥
অসমাগম্য ভীষ্মেণ সংযুগে কিং বিকত্থসে।
আরুরুক্ষুর্যথা মন্দঃ পর্ব্বতং গন্ধমাদনম্ ॥৯৪॥
এবং কত্থসি কৌন্তেয়! অকত্থন্ পুরুষো ভব।
সূতপুত্রং সুদুর্দ্ধর্ষং শল্যঞ্চ বলিনাং বরম্ ॥৯৫॥
দ্রোণঞ্চ বলিনাং শ্রেষ্ঠং শচীপতিসমং যুধি।
অজিত্বা সংযুগে পার্থ! রাজ্যং কথমিহেচ্ছসি ॥৯৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ক্রোধ ইতি। বীর্য্যং তেজঃ। অস্ত্রলাঘবং শীঘ্রাস্ত্রক্ষেপিত্বম্ ॥৯২॥

লোহেতি। লোহানাং লৌহময়ানামস্ত্রানাম্ অভিহারো ঘর্ষণাদিনা ধারাসম্পাদনম্, নির্বৃত্তো নিষ্পন্নঃ। ভৃতা দত্তবেতনাঃ, অতএবানুরক্তাঃ। শ্বঃ পরদিনে ॥৯৩॥

অসমিতি। অসমাগম্য অমিলিত্বা। আরুরুক্ষুর্মন্দো মূর্খো যথা বিকত্থতে ॥৯৪॥

এবমিতি। সূতপুত্রং কর্ণম্। শচীপতিসমম্ ইন্দ্রতুল্যম্ ॥৯৫—৯৬॥

ভারতভাবদীপঃ

এতে ইত্যাদিকং প্রক্রবংস্থ দুঃশাসনাদিষু অমর্ষং কোপং দর্শয় ॥৯১—৯২॥ লোহাভিসারঃ শস্ত্রাণাং নীরাজনাদিকং তেষু মন্ত্রেণ দেবতাবাহনাদিকঞ্চ। অকর্দ্দমমিতি যুদ্ধযোগ্যত্বং

পৃথানন্দন! সকল লোক এইস্থানে তোমার ক্রোধ, বল, তেজ, জ্ঞান ও দ্রুত অস্ত্রক্ষেপের যোগ্যতা দর্শন করুক, তুমি যুদ্ধ কর, পুরুষ হও ॥৯২॥

লৌহময় অস্ত্রসমূহে ধার দেওয়া হইয়াছে, কুরুক্ষেত্রে কর্দ্দম নাই, তোমার অশ্বগুলি খাদ্য পাইয়া পুষ্ট হইয়াছে এবং সৈন্যগণেরও বেতন দেওয়া আছে। অতএব কৃষ্ণের সহিত মিলিত হইয়া আগামী কল্যই যুদ্ধ আরম্ভ কর ॥৯৩॥

মূর্খ লোক যেমন গন্ধমাদনপর্ব্বতে আরোহণ করিবার ইচ্ছা করিয়াই গর্ব্ব প্রকাশ করে, তুমিও সেইরূপ যুদ্ধে ভীষ্মের সহিত মিলিত না হইয়াই গর্বপ্রকাশ করিয়াছ ॥৯৪॥

কুন্তীনন্দন! তুমি এইরূপ গর্ব করিয়াছ; কিন্তু গর্ব্ব না করিয়া পুরুষ হও। পৃথানন্দন! অতিদুর্দ্ধর্ষ কর্ণ, বলিশ্রেষ্ঠ শল্য এবং বলিশ্রেষ্ঠ ও যুদ্ধে ইন্দ্রতুল্য

(৯৩) লোহাভিসারো নির্বৃত্তঃ...বা ব রা নি।

ব্রাহ্মে ধনুষি চাচার্য্যং বেদয়োরন্তগং দ্বয়োঃ।
যুধি ধুর্য্যমবিক্ষোভ্যমনীকচরমচ্যুতম্ ॥৯৭॥
দ্রোণং মহাদ্যুতিং পার্থ! জেতুমিচ্ছসি তন্মৃষা।
ন হি শুশ্রুম বাতেন মেরুমুন্মথিতং গিরিম্ ॥৯৮॥ (যুগ্মকম্)
অনিলো বা বহেন্মেরুং দ্যৌর্বাপি নিপতেন্মহীম্।
যুগং বা পরিবর্ত্তেত যদ্যেবং স্যাদ্‌যথাত্থ মাম্ ॥৯৯॥
কো হ্যস্তি জীবিতাকাঙ্ক্ষী প্রাপ্যেমমরিমর্দ্দনম্।
পার্থো বা ইতরো বাপি কোঽন্যঃ স্বস্তি গৃহান্ ব্রজেৎ ॥১০০॥
কথমাভ্যামভিধ্যাতঃ সংস্রুষ্টো দারুণেন বা।
রণে জীবন্ প্রমুচ্যেত পদা ভূমিমুপস্পৃশন্ ॥১০১॥

ভারতকৌমুদী

ব্রাহ্ম ইতি। ব্রাহ্মে মন্ত্রে। দ্বয়োর্বেদয়োঃ মন্ত্রবেদধনুর্ব্বেদয়োঃ, অন্তগং পারগামিনম্। ধুর্য্যং ধুরন্ধরম্, অবিক্ষোভ্যমচালনীয়ম্, অনীকচরং সেনাবর্ত্তিনম্, অচ্যুতং বীরব্রতাদভ্রষ্টম্। মহাদ্যুতিং মহাতেজস্বিনম্। যং জেতুমিচ্ছসি, তন্মৃষা মিথ্যা ॥৯৭—৯৮॥

অনিল ইতি। ত্বং সঞ্জয়াস্তিকে মাং যথা আত্থ, তথা যদি স্যাৎ তদা এবং স্যাৎ ॥৯৯॥

ক ইতি। অস্তি ভবিতুমর্হতি। ইমং দ্রোণম্। স্বস্তি কুশলেন ॥১০০॥

কথমিতি। আভ্যাং ভীষ্মদ্রোণাভ্যাম্, অভিধ্যাতো বধাতয়া চিন্তিতঃ, দারুণেন যুদ্ধেন

দ্রোণকে যুদ্ধে জয় না করিয়া কি প্রকারে রাজ্যলাভ করিবার ইচ্ছা করিতেছ? ॥৯৫—৯৬॥

পৃথানন্দন! যিনি মন্ত্র ও ধনুর শিক্ষক, যিনি মন্ত্রময় বেদ ও ধনুর্বেদ এই উভয়েরই পারগামী এবং যিনি যুদ্ধে ধুরন্ধর, অচালনীয়, সেনাচারী, বীরব্রত হইতে অভ্রষ্ট ও মহাতেজা, সেই দ্রোণাচার্য্যকে যে তুমি জয় করিবার ইচ্ছা করিতেছ, তাহা মিথ্যা। কারণ, বায়ু সুমেরুপর্ব্বতকে উন্মূলিত করিয়াছে, ইহা আমরা কখনও শুনি নাই ॥৯৭—৯৮॥

তুমি সঞ্জয়ের নিকটে যাহা বলিয়াছিলে, যদি তাহাই হয়, তবে বায়ু সুমেরু-পর্ব্বতকে বহন করিবে, স্বর্গ আসিয়া ভূতলে পড়িবে এবং যুগ উল্টিয়া যাইবে ॥৯৯॥

কোন্ লোক এই শত্রুমর্দ্দনকারী দ্রোণের সহিত যুদ্ধে মিলিত হইয়া জীবনের আকাঙ্ক্ষা করিতে পারে? এবং পৃথানন্দনই হউক বা অপর বীরই হউক, কোন্ লোক মঙ্গলে মঙ্গলে আপন গৃহে যাইতে পারে? ॥১০০॥

(১০০)...পুনঃ স্বস্তি গৃহান্ ব্রজেৎ—পি। (১০১)...সংস্পৃষ্টো দারুণেন বা...বা ব ম্না নি।

কিং দর্দ্দুরঃ কূপশয়ো যথেমাং ন বুধ্যসে রাজচমূং সমেতাম্।
দুরাধর্ষাং দেবচমূপ্রকাশাং গুপ্তাং নরেন্দ্রৈস্ত্রিদশৈরিব দ্যাম্ ॥১০২॥
প্রাচ্যৈঃ প্রতীচ্যৈরথ দাক্ষিণাত্যৈরুদীচ্য-কাম্বোজ-শকৈঃ খশৈশ্চ।
শাল্বৈঃ সমৎস্যৈঃ কুরুমধ্যদেশৈর্ম্লেচ্ছৈঃ পুলিন্দৈর্দ্রবিড়ান্ধ্রকাঞ্চ্যৈঃ ॥১০৩॥
(যুগ্মকম্)
নানা জনৌঘং যুধি সংপ্রবৃদ্ধং গাঙ্গং যথা বেগমপারণীয়ম্।
মাঞ্চ স্থিতং নাগবলস্য মধ্যে যুযুৎসসে মন্দ! কিমল্পবুদ্ধে! ॥১০৪॥

ভারতকৌমুদী

সংস্পৃষ্টঃ সম্মিলিতো বা, পদা ভূমিমুপস্পৃশন্ মর্ত্ত্যবর্ত্তী মানুষঃ, জীবন্ সন্, রণে কথং প্রমুচ্যেত অপি তু কথমপি নেত্যর্থঃ ॥১০১॥

কিমিতি। দর্দ্দুরো ভেকঃ, কূপে শেতে তিষ্ঠতীতি কূপশয়ঃ। গুপ্তাং রক্ষিতাম্। দ্যাং স্বর্গম্। মৎস্যৈর্মৎস্যদেশীয়ৈঃ সহেতি সমৎস্যৈস্তৈঃ। মৎস্যরাজস্য বিরাটস্য পাণ্ডবপক্ষগতত্বেঽপি কিয়ন্তস্তদ্দেশীয়াঃ কৌরবপক্ষেঽপ্যাসন্নিতি মন্তব্যম্। গুপ্তামিতি সম্বন্ধঃ ॥১০২--১০৩॥

নানেতি। নানা অনেকম্। অপারণীয়ং পারয়িতুং তরীতুমশক্যম্। নাগবলস্য হস্তিসৈন্যস্য। যুযুৎসসে যোদ্ধুমিচ্ছসি, হে মন্দ! মূঢ়! ॥১০৪॥

ভারতভাবদীপঃ

ভূয়েকজম্ ॥৯৩—৯৬॥ বেদয়োঃ শ্রুতিধনুর্ব্বেদয়োঃ অন্তগং পারগম্ ॥৯৭—৯৮॥ যুগঃ কালচক্রম্ ॥৯৯—১০০॥ আভ্যাং দ্রোণভীষ্মাভ্যাম্ অভিধ্যাতো হন্তব্যত্বেন নিশ্চিতঃ। দারুণেন ভয়ানকেনাস্ত্রাদিনা। পদা ভূমিমিতি মর্ত্ত্য উক্তঃ ॥১০১॥ দর্দ্দুরো মণ্ডূকঃ ॥১০২—১০৩॥

এই ভীষ্ম ও দ্রোণ যাহাকে বধ্য বলিয়া মনে করেন, কিংবা দারুণ যুদ্ধে যাহার সহিত মিলিত হন, সে মানুষ জীবিত থাকিয়া কি করিয়া যুদ্ধে মুক্তি লাভ করিতে পারে? ॥১০১॥

দেবতারা যেমন স্বর্গ রক্ষা করেন, সেইরূপ পূর্ব, পশ্চিম, দক্ষিণ ও উত্তরদেশীয় রাজারা এবং কাম্বোজ, শক, খশ, শাল্ব, মৎস্য, কুরু ও মধ্যদেশীয় সৈন্যেরা, আর ম্লেচ্ছ, পুলিন্দ, দ্রবিড়, অন্ধ্র ও কাঞ্চীদেশীয় সৈনিকেরা যে সেনা রক্ষা করিতেছেন, দেবসেনার ন্যায় দুর্দ্ধর্ষা ও সমবেতা সেই কৌরবরাজসেনাকে তুমি কূপমণ্ডূকের ন্যায় কেন বুঝিতেছ না ॥১০২—১০৩॥

মূর্খ! অল্পবুদ্ধি! অর্জুন! যাহা গঙ্গার বেগের ন্যায় আসিয়া বৃদ্ধি পাইয়াছে এবং যাহা হইতে উত্তীর্ণ হওয়া অসম্ভব, সেইরূপ নানাবিধ সৈন্য আসিয়া যুদ্ধে সমবেত হইয়াছে এবং আমিও হস্তিসৈন্যমধ্যে রহিয়াছি এ অবস্থায় তুমি কেন আমাদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছ? ॥১০৪॥

(১০৩)···শকৈঃ সলৈশ্চ···শাল্বৈশ্চ মৎস্যৈঃ···দ্রবিড়োড্রকাঞ্চ্যৈঃ—পি।

অক্ষয্যাবিষুধী চৈব অগ্নিদত্তঞ্চ তে রথম্ ।
জানীমো হি রণে পার্থ ! কেতুং দিব্যঞ্চ ভারত ! ॥১০৫॥
অকথমানো যুধ্যস্ব কথমেঽর্জ্জুন ! কিং বহু ।
পর্য্যায়াৎ সিদ্ধিরেতস্য নৈতৎ সিধ্যতি কথনাৎ ॥১০৬॥
যদীদং কথনাল্লোকে সিধ্যেৎ কর্ম্ম ধনঞ্জয় ! ।
সর্ব্বে ভবেয়ুঃ সিদ্ধার্থাঃ কথনে কো হি দুর্গতিঃ ॥১০৭॥
জানামি তে বাসুদেবং সহায়ং জানামি তে গাণ্ডিবং তালমাত্রম্ ।
জানাম্যহং ত্বাদৃশো নাস্তি যোদ্ধা জানানস্তে রাজ্যমেতদ্ধরামি ॥১০৮॥
ন তু পর্য্যায়ধর্ম্মেণ সিদ্ধিং প্রাপ্নোতি মানবঃ ।
মনসৈবানুকূলানি ধাতৈব কুরুতে বশে ॥১০৯॥

ভারতকৌমুদী

অক্ষয্যাবিতি। ইষুধী তূণদ্বয়ম্। এতৎ সর্বং তব তাদৃশং নেতি ধ্বনিতম্ ॥১০৫॥
অকথেতি। পর্য্যায়াৎ বীরত্বপ্রকারাৎ, এতস্য জয়কর্ম্মণঃ, এতৎ জয়কর্ম ॥১০৬॥
যদীতি। ইদং জয়রূপম্। দুর্গতো দরিদ্রঃ, অপি তু কোঽপি নেত্যর্থঃ ॥১০৭॥
জানামীতি। তালো হস্তচতুষ্টয়ং তন্মাত্রং তৎপরিমানম্। জানানঃ সন্নেব ॥১০৮॥
নেতি। পর্য্যায়ধর্ম্মেণ ইচ্ছাপ্রকারমাত্রেণ। মনসা মনোবৃত্তীচ্ছামাত্রেণ, অনুকূলানি ভূতানি, ধাতা পরমেশ্বর এব, ন স্বয় ইত্যর্থঃ। "পর্য্যায়ঃ প্রকারেঽবসরে ক্রমে" ইতি মেদিনী ॥১০৯॥

ভারতভাবদীপঃ

নাগবলস্য হস্তিসৈন্যস্য ॥১০৪—১০৫॥ পর্য্যায়াৎ যুদ্ধপ্রকারাৎ ॥১০৬—১০৮॥ পর্য্যায়ধর্ম্মেণ উপধর্ম্মেণ মায়াদিনা। অন্যে তু রাজপুত্রোঽয়ং রাজ্যার্হ ইতি জনপদাঃ মেন ন কিন্তু পৌর্ব্বোপৈব

ভরতনন্দন অর্জুন। তোমার যে দুইটী অক্ষয় তূণ, অগ্নিদত্ত রথ এবং দিব্য ধ্বজ আছে (বলিয়া শুনিতে পাই), তাহা আমরা যুদ্ধের সময়েই জানিতে পারিব ॥১০৫॥

অর্জুন। তুমি আত্মশ্লাঘা না করিয়া যুদ্ধ কর, বহুতর আত্মশ্লাঘা কর কেন ?। দেখ, বীরত্বদ্বারাই জয়সিদ্ধি হয়, কিন্তু আত্মশ্লাঘাদ্বারা হয় না ॥১০৬॥

ধনঞ্জয়। জগতে যদি আত্মশ্লাঘাদ্বারাই জয় হইত, তবে সকলেই জয় লাভ করিত। কারণ, আত্মশ্লাঘা করিতে কোন্ ব্যক্তি দরিদ্র (অসমর্থ) ? ॥১০৭॥

অর্জুন। কৃষ্ণ যে তোমার সহায় আছেন, তাহা জানি; তোমার গাণ্ডিবধনু যে হস্তচতুষ্টয়প্রমাণ, তাহা জানি এবং তোমার তুল্য যোদ্ধা যে নাই, তাহাও জানি; এই সমস্ত জানিয়াই আমি তোমার রাজ্য হরণ করিয়াছি ॥১০৮॥

ত্রয়োদশ সমা ভুক্তং রাজ্যং বিলপতস্তব।
ভূয়শ্চৈব প্রশাসিষ্যে ত্বাং নিহত্য সবান্ধবম্ ॥১১০॥
ক তদা গাণ্ডিবং তেঽভূদ্‌যদ্বং দাসপণৈর্জ্জিতঃ।
ক তদা ভীমসেনস্য বলমাসীচ্চ ফাল্গুন! ॥১১১॥
সগদাদ্ভীমসেনাদ্বা ফাল্গুনাদ্বা সগাণ্ডিবাৎ।
ন বৈ মোক্ষস্তদাঽভূদ্বো বিনা কৃষ্ণামনিন্দিতাম্ ॥১১২॥
সা বো দাস্যে সমাপন্নান্ মোচয়ামাস পার্ষতী।
অমানুষ্যং সমাপন্নান্ দাসকর্ম্মণ্যবস্থিতান্ ॥১১৩॥
অবোচং যৎ ষণ্ডতিলানহং বস্তথ্যমেব তৎ।
ধৃতা হি বেণী পার্থেন বিরাটনগরে তদা ॥১১৪॥

ভারতকৌমুদী

ত্রয়োদশেতি। সমা বৎসরান্। ভূয়শ্চৈব পুনরপি ॥১১০॥
কেতি। যৎ যদা। জিতঃ দ্যূতক্রীড়ায়াম্। হে ফাল্গুন! অর্জ্জুন! ॥১১১॥
সগদাদিতি। গদয়া সহেতি সগদস্তস্মাৎ। বো যুষ্মাকম্, কৃষ্ণাং দ্রৌপদীম্ ॥১১২॥
সেতি। বো যুষ্মান্, দাস্যে অস্মাকং দাসত্বে, সমাপন্নান্ উপস্থিতান্, পার্ষতী কৃষ্ণা ॥১১৩॥

ভারতভাবদীপঃ

সিদ্ধিমাপ্নোতীত্যর্থঃ। মনসা সঙ্কল্পেন ধাতৈব কুরুতে ন তু মনুষ্যঃ ॥১০৯—১১০॥ হে দাস! বাসব ইতি পাঠে ইন্দ্রপুত্র! ॥১১১—১১২॥ অমানুষ্যং নীচমনুষ্যত্বম্ অলবণা যবাগূরিতি-

কিন্তু মানুষ কেবল ইচ্ছা করিয়াই কার্য্যসিদ্ধি করিতে পারে না; তবে বিধাতাই কেবল ইচ্ছাদ্বারা প্রাণিগণকে বশীভূত করিতে পারেন ॥১০৯॥

তুমি বিলাপ করিতে, এই অবস্থায় আমি তোমার রাজ্য তের বৎসর ভোগ করিয়াছি; আবারও বন্ধুবর্গের সহিত তোমাকে নিহত করিয়া তোমার রাজ্য শাসন করিব ॥১১০॥

অর্জুন! আমি যখন তোমাকে দাসপণে জয় করিয়াছিলাম, তখন তোমার গাণ্ডিব কোথায় ছিল? ভীমসেনের বলই বা তখন কোথায় ছিল? ॥১১১॥

অনিন্দিতা দ্রৌপদী ব্যতীত গদাধারী ভীমসেন কিংবা গাণ্ডীবধারী অর্জুন হইতে তখন তোমাদের মুক্তি হয় নাই ॥১১২॥

যখন তোমরা আমাদের দাস হইয়াছিলে, মনুষ্যত্ব বর্জন করিয়াছিলে এবং দাসত্ব করিবারই উপক্রম করিয়াছিলে, তখন দ্রৌপদী তোমাদিগকে মুক্ত করিয়াছিলেন ॥১১৩॥

(১১২)…ন বৈ মোক্ষস্তদাঽভূদ্বঃ…বা ব রা নি।

সূদকর্ম্মণি চ শ্রান্তং বিরাটস্য মহানসে।
ভীমসেনেন কৌন্তেয়! যত্তু তন্মম পৌরুষম্ ॥১১৫॥
এবমেব সদা দণ্ডং ক্ষত্রিয়াঃ ক্ষত্রিয়ে দধুঃ।
বেণীং কৃত্বা ষণ্ডবেষঃ কন্যাং নর্ত্তিতবানসি ॥১১৬॥
ন ভয়াদ্বাসুদেবস্য ন চাপি তব ফাল্গুন!।
রাজ্যং প্রতিপ্রদাস্যামি যুধ্যস্ব সহকেশবঃ ॥১১৭॥
ন মায়া হীন্দ্রজালং বা কুহকা বাপি ভীষণা।
আত্তশস্ত্রস্য সংগ্রামে বহন্তি প্রতিগর্জ্জনাঃ ॥১১৮॥

ভারতকৌমুদী

অবোচমিতি। ষণ্ডা অঙ্কুরজননযোগ্যতাহীনাঃ ক্লীবাশ্চ তে তিলাশ্চেতি তান্ ॥১১৪॥
সূদেতি। সূদকর্ম্মণি পাচককার্য্যে। মহানসে পাকস্থানে ॥১১৫॥
এবমিতি। দধুর্বিদধুঃ পূর্ব্বম্। ইদানীমপ্যহং বিদধামীতি ভাবঃ। কন্যামুত্তরাম্ ॥১১৬॥
নেতি। তব ভয়াদিত্যনুবৃত্তিঃ। কেশবেন কৃষ্ণেন সহেতি সহকেশবঃ ॥১১৭॥
নেতি। প্রাগ্ ব্যাখ্যাতমিদম্। কাকুরত্রাবগন্তব্যা। অত্রাপি মায়াদিপ্রদর্শনে প্রতি-গর্জ্জনৈব ভবেদিতি ভাবঃ ॥১১৮॥

ভারতভাবদীপঃ

বদন্নার্থোঽত্র নঞ্ ॥১১৩—১১৫॥ বেণীং কৃত্বা ষণ্ডবেষঃ কন্যাং নর্ত্তিতবানসীত্যোতস্মাৎ পরং 'শ্রোণ্যাং বেণ্যাঞ্চ কক্ষাঞ্চ সংযুগে যঃ পলায়ত' ইত্যর্দ্ধং দৃশ্যতে তস্যার্থঃ যঃ ষণ্ডবেষঃ অস্ত্রী অপি স্ত্রীবেশভৃৎ শ্রোণিকক্ষাবেণ্যুপলক্ষিতেষু রত্যাদমর্দ্দনংশনস্থানেষু সংযুগে স্মরযুদ্ধে উপস্থিতে সতি পলায়তে স্ত্রী তস্মিন্ সংযুগে স্থিরীভবতি অযন্তু ততোঽপাধম ইতি ভাবঃ। কন্যায়া-মিত্যপেক্ষিতে আকারলোপ আর্ষঃ ॥১১৬—১১৭॥ ন মায়েতি ব্যাখ্যাত এব শ্লোকঃ

তখন আমি যে তোমাদিগকে 'ষণ্ড তিল' বলিয়াছিলাম, তাহা সত্যই হইয়াছিল। কারণ, অর্জুন তখন বিরাটরাজার গৃহে বেণী ধারণ করিয়া-ছিল ॥১১৪॥

কুন্তীনন্দন! ভীমসেন যে বিরাটরাজার পাকগৃহে পাচকের কার্য্যে পরি-শ্রান্ত হইত, তাহা আমারই পুরুষকারের ফল ॥১১৫॥

ক্ষত্রিয়েরা ক্ষত্রিয়দের প্রতি চিরদিন এইরূপ দণ্ডই করিয়া আসিতেছেন। (অর্জুন! তাহার প্রমাণ তুমিই;) তুমি নপুংসক সাজিয়া বেণী ধারণ করিয়া বিরাটরাজার কন্যাকে নৃত্য করাইয়াছ ॥১১৬॥

অতএব অর্জ্জুন! কৃষ্ণের বা তোমার ভয়ে আমি রাজ্য ফিরাইয়া দিব না। তুমি কৃষ্ণের সহিত মিলিত হইয়া যুদ্ধ কর ॥১১৭॥

বাসুদেবসহস্রং বা ফাল্গুনানাং শতানি বা।
আসাদ্য মামমোঘেষুং দ্রবিষ্যন্তি দিশো দশ ॥১১৯॥
সংযুগং গচ্ছ ভীষ্মেণ ভিন্ধি বা শিরসা গিরিম্।
তরস্ব বা মহাগাধং বাহুভ্যাং পুরুষোদধিম্ ॥১২০॥
শারদ্বতমহামীনং বিবিংশতিমহোরগম্।
বৃহদ্বলমহোদ্বেলং সৌমদত্তিতিমিঙ্গিলম্ ॥১২১॥
ভীষ্মবেগমপর্য্যন্তং দ্রোণগ্রাহদুরাসদম্।
কর্ণশল্যঝষাবর্ত্তং কাম্বোজবড়বামুখম্ ॥১২২॥
দুঃশাসনৌঘং শলশল্যমৎস্যং সুষেণচিত্রায়ুধনাগনক্রম্।
জয়দ্রথাদ্রিং পুরুমিত্রগাধং দুর্ম্মর্ষণোদং শকুনিপ্রপাতম্ ॥১২৩॥

ভারতকৌমুদী

বাস্বিতি। ফাল্গুনানামর্জ্জুনানাম্। অমোঘেষুম্ অব্যর্থবাণম্ ॥১১৯॥

সংযুগমিতি। হে অর্জ্জুন! ত্বম্, ভীষ্মেণ সহ, সংযুগং যুদ্ধং গচ্ছ, শিরসা বা গিরিং ভিন্ধি। বাহুভ্যাং বা, মহাগাধম্ অতীবগভীরম্, পুরুষোদধিম্ ইমং সৈন্যসাগরম্, তরস্ব। ভীষ্মেণ সহ যুদ্ধগমনম্ এতৎসৈন্যসাগরতরণঞ্চ শিরসা গিরিভেদনমিব দুষ্করমিতি ভাবঃ ॥১২০॥

স্বসৈন্যং সাগররূপতয়া বর্ণয়তি চতুর্ভিঃ শারদ্বতেতি। শারদ্বতঃ কৃপ এব মহামীনো যত্র তম্, বিবিংশতিস্তদাখ্যঃ স্বভ্রাতৈব মহোরগো মহাসর্পো যত্র তম্, বৃহদ্বলো রাজৈব মহানুদ্বেল উৎপ্লবনং যত্র তম্, সৌমদত্তির্ভূরিশ্রবা এব তিমিঙ্গিলো বৃহজ্জন্তুর্যত্র তম্। ভীষ্ম এব বেগো যস্য তম্, অপর্য্যন্তমসীমম্, দ্রোণ এব গ্রাহো জলজন্তুবিশেষস্তেন দুরাসদং দুর্দ্ধর্ষম্, কর্ণঃ শল্যশ্চ

ভারতভাবদীপঃ

॥১১৮—১১৯॥ ভীষ্মেণ সহ সংগ্রামঃ গিরৌ শিরোভেদনাদিবৎ স্বনাশকর ইত্যর্থঃ ॥১২০॥ উদ্বেলো বৃদ্ধিঃ ॥১২১—১২২॥ ওঘঃ প্রবাহঃ পুরুমিত্রো দুর্য্যোধনভ্রাতা স এব গাধো গভীর্য্যস্য

দেখ, মায়া, ইন্দ্রজাল, কিংবা ভীষণ ছলনা এগুলি যুদ্ধে অস্ত্রধারী বীরের তর্জ্জন-গর্জ্জনই কি উৎপাদন করে না? ॥১১৮॥

আমার বাণ অব্যর্থ। সুতরাং সহস্র সহস্র কৃষ্ণ কিংবা শত শত অর্জ্জুনও আমার নিকটে উপস্থিত হইয়া দশ দিকে পলায়ন করিবে ॥১১৯॥

অর্জ্জুন। তুমি ভীষ্মের সহিত যুদ্ধে গমন কর, কিংবা মস্তকদ্বারা পর্বত ভেদ কর, অথবা বাহুযুগলদ্বারা এই মহাগভীর সৈন্যসাগর উত্তীর্ণ হও ॥১২০॥

দেখ অর্জুন। আমার এই সৈন্য একটা মহাসমুদ্রস্বরূপ; কৃপাচার্য্য ইহার মহামৎস্য, বিবিংশতি মহাসর্প, বৃহদ্বলরাজা মহাপূর (পূর্ণ জোয়ার), ভূরিশ্রবা তিমিঙ্গিল (বৃহৎ জলজন্তু), ভীষ্ম ইহার বেগ, ইহার সীমা নাই, দ্রোণরূপ বিশাল

(১২০)···প্রতরেমং মহাগাধম্···বৃহদ্বলমহানক্রম্···পি।

শস্ত্রৌঘমক্ষয্যমভিপ্রবৃদ্ধং যদাঽবগাহ্য শ্রমনষ্টচেতাঃ।
ভবিষ্যসি ত্বং হতসর্ববান্ধবস্তদা মনস্তে পরিতাপমেষ্যতি ॥১২৪॥ (কলাপকম্)
তদা মনস্তে ত্রিদিবাদিবাশুচের্নিবর্ত্তিতা পার্থ! মহীপ্রশাসনাৎ।
প্রশাম্য রাজ্যং হি সুদুর্লভং ত্বয়া বুভূষিতঃ স্বর্গ ইবাতপস্বিনা ॥১২৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি
উলূকদূতাগমনে দুর্য্যোধনবাক্যে উনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ঝষো মৎস্যঃ আবর্ত্তো জলভ্রমিশ্চ যত্র তম্, কাম্বোজো রাজৈব বড়বামুখং বাড়বানলো যত্র তম্। দুঃশাসনোঽপি ওঘো বেগো যস্য তম্, শলশল্যৌ মৎস্যৌ যস্য তম্। অত্র শলামৎস্যয়োঃ বিশেষাঙ্গীকারেণ পুনরুক্তিঃ পরিহার্য্যা। এবমগ্রেঽপি। সুষেণচিত্রায়ুধৌ নাগনক্রৌ জলহস্তি-কুম্ভীরৌ যত্র তম্। জয়দ্রথ এবাদ্রিঃ তীরগিরির্যস্য তম্, পুরুমিত্র এব গাধ আয়তস্থানং যস্য তম্, "গাধঃ স্থানে চ লিপ্সায়াম্" ইতি মেদিনী। দুর্ম্মর্ষণশ্চদাখ্যো ভ্রাতৈব উদকং জলং যস্য তম্, শকুনিরেব প্রপাতো গর্ত্তাদৌ জলপ্রবেশো যস্য তম্। শস্ত্রাণামোঘো বেগ এব ওঘো জলবেগো যস্য তম্, অক্ষয্যং ক্ষেতুমশক্যম্, অভিপ্রবৃদ্ধং সর্বতো বিস্তীর্ণম্, ইমং সৈন্যসাগর-মবগাহ্য, যদা ত্বম্, শ্রমেণ নষ্টং চেতশ্চৈতন্যং যস্য সঃ, হতসর্ববান্ধবশ্চ ভবিষ্যসি, তদা তে মনঃ কর্তৃ পরিতাপমেষ্যতি ॥১২১—১২৪॥

তদেতি। হে পার্থ! অশুচেঃ পাপিনো জনস্য মনঃ, ত্রিদিবাৎ স্বর্গাদিব, তদা বান্ধব-হননাদিকালে, তে মনঃ, মহীপ্রশাসনাৎ রাজ্যশাসনাৎ, নিবর্ত্তিতা নিবর্ত্তিষ্যতে। অতপস্বিনা

ভারতভাবদীপঃ

পর্য্যস্তো যস্মিন্। গাঢ়মিতি পাঠে তেন গাঢ়ং দুষ্প্রবেশম্। দুর্ম্মর্ষণোদং দুর্ম্মর্ষণোদকম্, সোঽপি দুর্য্যোধনভ্রাতৈব ॥১২৩—১২৪॥ নিবর্ত্তিতা নিবর্ত্তিষ্যতি, প্রশাম্য শান্তো ভব। প্রশান্তেতি পাঠে প্রশান্তঞ্চ তদ্রাজ্যং চেতি সমাসঃ। বুভূষিতঃ প্রাপ্তুমিষ্টঃ। অতপস্বিনা স্বর্গ ইব ত্বয়া রাজ্যং দুর্লভং লব্ধুমশক্যম্ ॥১২৫॥

ইতি উদ্যোগপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৯॥

জলজন্তু থাকায় ইহা দুর্দ্ধর্ষ, কর্ণ ইহার হিংস্র মৎস্য, শল্য ইহার আবর্ত্ত (ঘোলা), কাম্বোজরাজা বড়বানল, দুঃশাসনও ইহার বেগ, শল ও শল্য ইহার মৎস্য, সুষেণ ইহার জলহস্তী, চিত্রায়ুধ কুম্ভীর, জয়দ্রথ তীরবর্ত্তী পর্বত, পুরুমিত্র আয়তন, দুর্ম্মর্ষণ জল, শকুনি জলপ্রপাত এবং অস্ত্রের বেগও ইহার বেগ, আর এই সমুদ্র অক্ষয় ও অতিবিস্তীর্ণ। এই সমুদ্রে অবগাহন করার পরে যখন তোমার চৈতন্য লোপ পাইতে থাকিবে এবং সমস্ত বান্ধব নিহত হইবে, তখন তোমার মন অনুতাপ ভোগ করিবে ॥১২১—১২৪॥

---

* '...ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।

সেনানিবেশং সংপ্রাপ্তঃ কৈতব্যঃ পাণ্ডবস্য হ ।
সমাগতঃ পাণ্ডবেয়ৈর্যুধিষ্ঠিরমভাষত ॥১॥
অভিজ্ঞো দূতবাক্যানাং যথোক্তং বদতো মম ।
দুর্য্যোধনসমাদেশং শ্রুত্বা ন ক্রোদ্ধুমর্হসি ॥২॥

যুধিষ্ঠির উবাচ ।

উলূক ! ন ভয়ং তেঽস্তি ব্রূহি ত্বং বিগতজ্বরঃ ।
যন্মতং ধার্ত্তরাষ্ট্রস্য লুব্ধস্যাদীর্ঘদর্শিনঃ ॥৩॥

ভারতকৌমুদী

বুভূষিতো ভবিতুং প্রাপ্তুমিষ্টঃ স্বর্গ ইব, ত্বয়া রাজ্যং সুদুর্লভম্। হি অতএব প্রশাম্য যুদ্ধান্নিবর্ত্তস্ব ॥১২৫॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি উলূকদূতাগমনে উনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

সেনেতি। কৈতব্য উলূকঃ। সমাগতঃ সম্মিলিতঃ সন্ ॥১॥
অভিজ্ঞ ইতি। উক্তমনতিক্রম্যেতি যথোক্তম্ ॥২॥
উলূকেতি। বিগতজ্বরো নিরুদ্বেগঃ। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য ॥৩॥

অর্জ্জুন ! আর পাপীর মন যেমন স্বর্গ হইতে নিবৃত্তি পায়, সেইরূপ তোমার মন তখন রাজ্যশাসন হইতে নিবৃত্তি পাইবে। কারণ, তপস্যাবিহীন লোকের পক্ষে তাহার অভীষ্ট স্বর্গ যেমন অতিদুর্লভ, তেমন তোমার পক্ষেও রাজ্য অতিদুর্লভ। অতএব তুমি শান্ত হও' ॥১২৫॥

———:০:———

সঞ্জয় কহিলেন—তাহার পর উলূক পাণ্ডবগণের শিবিরে যাইয়া তাঁহাদের সহিত মিলিত হইয়া যুধিষ্ঠিরের নিকট বলিতে লাগিল—॥১॥

'মহারাজ। আপনি দূতবাক্যে অভিজ্ঞ। সুতরাং দুর্য্যোধন যেমন বলিয়া দিয়াছেন, আমি তেমনই বলিব ; তাহাতে আপনি ক্রুদ্ধ হইতে পারিবেন না' ॥২॥

(২)···যথোক্তং ব্রুবতো মম···বা ব রা নি। (৩) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

ততো দ্যুতিমতাং মধ্যে পাণ্ডবানাং মহাত্মনাম্।
সৃঞ্জয়ানাঞ্চ মৎস্যানাং কৃষ্ণস্য চ যশস্বিনঃ ॥৪॥
দ্রুপদস্য সপুত্রস্য বিরাটস্য চ সন্নিধৌ ।
ভূমিপানাঞ্চ সর্বেষাং মধ্যে বাক্যমুবাচ হ ॥৫॥ (যুগ্মকম্)

উলূক উবাচ ।

ইদং ত্বামব্রবীদ্রাজা ধার্ত্তরাষ্ট্রো মহামনাঃ ।
শৃণ্বতাং কুরুবীরাণাং তন্নিবোধ যুধিষ্ঠির ! ॥৬॥
পরাজিতোঽসি দ্যূতেন কৃষ্ণা চানায়িতা সভাম্ ।
শক্যোঽমর্ষো মনুষ্যেণ কর্ত্তুং পুরুষমানিনা ॥৭॥
দ্বাদশৈব চ বর্ষাণি বনে ধিষ্ণ্যাদ্বিবাসিতাঃ ।
সংবৎসরং বিরাটস্য দাস্যমাস্থায় চোষিতাঃ ॥৮॥

ভারতকৌমুদী

তত ইতি। দ্যুতিমতাং তেজস্বিনাম্। সপুত্রস্যেতি উভয়ত্রৈবান্বেতি ॥৪—৫॥

ইদমিতি। শৃণ্বতাং কুরুবীরাণাং মধ্য ইতি শেষঃ, নিবোধ শৃণু ॥৬॥

দুর্য্যোধনোক্তপূর্বাধ্যায়স্যানুবাদরূপত্বাদয়মধ্যায়ঃ পুনরুক্তিদোষমাবহতি। সবিস্তরা বিবৃতিশ্চ তত্রৈব দ্রষ্টব্যা। বিশেষশ্চাত্র বিব্রিয়তে। পরেতি। কৃষ্ণা দ্রৌপদী। অমর্ষঃ ক্রোধঃ ॥৭॥

দ্বাদশেতি। ধিষ্ণ্যাৎ চিরাশ্রিতদেশাৎ। আস্থায় অবলম্ব্য ॥৮॥

যুধিষ্ঠির বলিলেন—উলূক! তোমার কোন ভয় নাই; লোভী ও অদূরদর্শী দুর্য্যোধনের যাহা অভিমত, তাহা তুমি নিরুদ্বেগ হইয়া বল' ॥৩॥

তাহার পর উলূক—তেজস্বী ও মহাত্মা পাণ্ডবগণ, সৃঞ্জয়গণ ও মৎস্যদেশীয় বীরগণের মধ্যে এবং যশস্বী কৃষ্ণ, সপুত্রক দ্রুপদ ও বিরাটের নিকটে, আর অন্যান্য সকল রাজার সাক্ষাতে এই কথাগুলি বলিল ॥৪—৫॥

উলূক বলিল—'মহারাজ যুধিষ্ঠির! মহামনা রাজা দুর্য্যোধন কুরুবীরগণের সমক্ষে আপনাকে ইহা বলিয়া দিয়াছেন; তাহা আপনি শ্রবণ করুন ॥৬॥

'তুমি দ্যূতক্রীড়ায় পরাজিত হইয়াছিলে, আমি দ্রৌপদীকে সভায় আনয়ন করাইয়াছিলাম। অতএব পুরুষাভিমানী মানুষ এ অবস্থায় ক্রোধ করিতে পারে ॥৭॥

তা'র পর আমি তোমাদিগকে বার বৎসর যাবৎ গৃহ হইতে বনে নির্ব্বাসিত

(৫)···মধ্যে বাক্যং জগাদ হ—বা ব রা নি। (৮) দ্বাদশৈব তু···বিবাসিতাঃ··· উষিতাঃ—বা ব রা নি।

ভর্ৎসনং রাজ্যহরণং বনবাসঞ্চ পাণ্ডব ! ।
দ্রৌপদ্যাশ্চ পরিক্লেশং সংস্মরন্ পুরুষো ভব ॥৯॥
অশক্তেন চ যচ্ছপ্তং ভীমসেনেন পাণ্ডব ! ।
দুঃশাসনস্য রুধিরং পীয়তাং যদি শক্যতে ॥১০॥
লোহাভিহারো নির্বৃত্তঃ কুরুক্ষেত্রমকর্দ্দমম্ ।
সমঃ পন্থা ভৃতা যোধা শ্বো যুধ্যস্ব সকেশবঃ ॥১১॥
অসমাগম্য ভীষ্মেণ সংযুগে কিং বিকত্থসে ।
আরুরুক্ষুর্যথা মন্দঃ পর্বতং গন্ধমাদনম্ ॥১২॥

ভারতকৌমুদী

ভর্ৎসনমিতি। রাজ্যার্থকসন্ধ্যাকৃনয়করণে পুরুষত্বহানিরিত্যাশয়ঃ ॥৯॥
অশক্তেনেতি। শপ্তং দুঃশাসনরুধিরপানে শপথঃ কৃতঃ ॥১০॥
লোহেতি। লোহানাং লৌহময়ানামস্ত্রাণাম্ অভিহারো ধারাসম্পাদনম্ ॥১১॥
অসমাগম্যেতি। অসমাগম্য অমিলিত্বা। আরুরুক্ষুঃ আরোঢ়ুমিচ্ছুঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

সেনেতি ॥১—৯॥ শপ্তং শপথঃ কৃতঃ ॥১০॥ ব্যাখ্যাত এবায়মধ্যায়ঃ ॥১১—৪৩॥
ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫০॥

করিয়াছিলাম এবং তোমরা একবৎসর যাবৎ বিরাটরাজার দাসত্ব স্বীকার করিয়া তাঁহার গৃহে বাস করিয়াছিলে ॥৮॥

অতএব পাণ্ডুনন্দন ! সেই তিরস্কার, রাজ্যহরণ, বনবাস ও দ্রৌপদীর সর্ব-প্রকারের কষ্ট স্মরণ করিয়া তুমি এখন পুরুষ হও ॥৯॥

পাণ্ডুনন্দন ! তৎকালে অসমর্থ হইয়াও ভীম যে প্রতিজ্ঞা করিয়াছিল, তাহাতে এখনও যদি সমর্থ হয়, তবে সে দুঃশাসনের রক্ত পান করুক ॥১০॥

অস্ত্রসমূহে ধার দেওয়া হইয়াছে, কুরুক্ষেত্রে কর্দ্দম নাই, পথগুলি সমান হইয়াছে এবং সৈন্যগণকেও বেতন দেওয়া আছে। অতএব কৃষ্ণের সহিত মিলিত হইয়া আগামী কল্যই যুদ্ধ আরম্ভ কর ॥১১॥

মূর্খ লোক যেমন গন্ধমাদনপর্বতে আরোহণ করিবার ইচ্ছা করিয়াই গর্ব্ব করে, তুমিও সেইরূপ যুদ্ধে ভীষ্মের সহিত মিলিত না হইয়াই গর্ব কর কেন ? ॥১২॥

---

(৯) অমর্ষং রাজ্যহরণম্ ···বা ব রা নি। (১০) অশক্তেন চ যন্নৃষ্টম্···পি। (১১) লোহাভিসারঃ···ভৃতাস্তেঽশ্বাঃ···বা ব রা নি। (১২) আরুরুক্ষুর্যথা পঙ্গুঃ—বা ব রা নি। (১৩)···অকত্থন্ পুরুষো ভব···বা ব রা নি।

এবং কত্থসি কৌন্তেয়! অকত্থন্ কুরু পৌরুষম্।
সূতপুত্রং সুদুর্দ্ধর্ষং শল্যঞ্চ বলিনাং বরম্ ॥১৩॥
দ্রোণঞ্চ বলিনাং শ্রেষ্ঠং শচীপতিসমং যুধি।
অজিত্বা সংযুগে পার্থ! রাজ্যং কথমিহেচ্ছসি ॥১৪॥ (যুগ্মকম্)
ব্রাহ্মে ধনুষি চাচার্য্যং বেদয়োরন্তগং দ্বয়োঃ।
যুধি ধুর্য্যমবিক্ষোভ্যমনীকচরমচ্যুতম্ ॥১৫॥
দ্রোণং মহাদ্যুতিং পার্থ! জেতুমিচ্ছসি তন্মৃষা।
ন হি শুশ্রুম বাতেন মেরুমুন্মথিতং গিরিম্ ॥১৬॥ (যুগ্মকম্)
অনিলো বা বহেন্মেরুং দ্যৌর্বাপি নিপতেন্মহীম্।
যুগং বা পরিবর্ত্তেত যদ্যেবং স্যাদ্যথাত্থ মাম্ ॥১৭॥
কো হ্যস্তি জীবিতাকাঙ্ক্ষী প্রাপ্যেমমরিমর্দ্দনম্।
গজো বাজী নরো বাপি পুনঃ স্বস্তি গৃহান্ ব্রজেৎ ॥১৮॥

ভারতকৌমুদী

এবমিতি। কত্থসি কত্থসে আত্মশ্লাঘাং প্রকাশয়সি। সংযুগে যুদ্ধে ॥১৩—১৪॥
ব্রাহ্ম ইতি। ব্রাহ্মে মন্ত্রময়ে বেদে। বেদয়োঃ মন্ত্রবেদধনুর্ব্বেদয়োঃ, অন্তগং পারগামিনম্, ধুর্য্যং ধুরন্ধরম্, অচ্যুতং বীরব্রতাদভ্রষ্টম্। মহাদ্যুতিং মহাতেজসম্ ॥১৫—১৬॥
অনিল ইতি। যথা ত্বং মামাত্থ, তথা যদি স্যাৎ, তদা এবং স্যাদিত্যর্থঃ ॥১৭॥

কুন্তীনন্দন! তুমি এইরূপ গর্ব করিয়া থাক; কিন্তু গর্ব না করিয়া পুরুষকার প্রকাশ কর। অতিদুর্দ্ধর্ষ কর্ণ, বলিশ্রেষ্ঠ শল্য এবং বলিপ্রধান ও যুদ্ধে ইন্দ্রতুল্য দ্রোণাচার্য্যকে যুদ্ধে জয় না করিয়া কি প্রকারে রাজ্য লাভ করিবার ইচ্ছা কর? ॥১৩—১৪॥

পৃথানন্দন! মন্ত্রময় বেদ ও ধনুর্বেদের শিক্ষক, সেই দুই বেদেরই পারদর্শী, যুদ্ধে ধুরন্ধর, অক্ষোভ্য, সৈন্যচারী, বীরব্রত হইতে অভ্রষ্ট এবং মহাতেজা দ্রোণকে যে জয় করিবার ইচ্ছা করিতেছ, তাহা মিথ্যা। কারণ, বায়ু সুমেরুপর্ব্বতকে উন্মূলিত করিয়াছে, এরূপ কথা আমরা কখনও শুনি নাই ॥১৫—১৬॥

তুমি সঞ্জয়ের নিকটে আমাকে যেরূপ বলিয়া দিয়াছ, যদি তাহাই হয়, তবে বায়ু সুমেরুপর্বতকে বহন করিবে, স্বর্গ আসিয়া ভূতলে পতিত হইবে এবং যুগ উল্‌টিয়া যাইবে ॥১৭॥

---

(১৪) দ্রোণঞ্চ যুধ্যতাং শ্রেষ্ঠম্...পি। (১৬) দ্রোণং মহামতিং পার্থ! যজ্জিগীষসি তন্মৃষা...পি। (১৭)...তদিদং স্যাদ্যথাত্থ মাম্—পি। (১৮)...গজো বাজী রথো বাপি...বা ব রা নি।

কথমাভ্যামভিধ্যাতঃ সংসৃষ্টো দারুণেন বা।
রণে জীবন্ প্রমুচ্যেত পদা ভূমিমুপস্পৃশন্ ॥১৯॥
কিং দর্দ্দুরঃ কূপশয়ো যথেমাং ন বুধ্যসে রাজচমূং সমেতাম্।
দুরাধর্ষাং দেবচমূপ্রকাশাং গুপ্তাং নরেন্দ্রৈস্ত্রিদশৈরিব দ্যাম্ ॥২০॥
প্রাচ্যৈঃ প্রতীচ্যৈরথ দাক্ষিণাত্যৈরুদীচ্যকাম্বোজশকৈঃ খশৈশ্চ।
শাল্বৈঃ সমৎস্যৈঃ কুরুমধ্যদেশৈর্ম্লেচ্ছৈঃ পুলিন্দৈর্দ্রবিড়ান্ধ্রকাঞ্চ্যৈঃ ॥২১॥
(যুগ্মকম্)

নানা জনৌঘং যুধি সংপ্রবৃদ্ধং গাঙ্গং যথা বেগমপারণীয়ম্।
মাঞ্চ স্থিতং নাগবলস্য মধ্যে যুযুৎসে মন্দ! কিমল্পবুদ্ধে! ॥২২॥

ভারতকৌমুদী

ক ইতি। ইমং দ্রোণম্। স্বস্তি কুশলেন ॥১৮॥

কথমিতি। আভ্যাং ভীষ্মদ্রোণাভ্যাম্, অভিধ্যাতো বধ্যরূপেণ চিন্তিতঃ ॥১৯॥

কিমিতি। দর্দ্দুরো ভেকঃ, কূপশয়ঃ কূপস্থিতঃ। সমেতাং মিলিতাম্। গুপ্তাং রক্ষিতাম্। প্রাচ্যৈরিত্যাদীনাং তৃতীয়ান্তপদানাং গুপ্তামিতি পূর্ব্বেণ কর্ত্তৃতয়ান্বয়ঃ ॥২০—২১॥

নানেতি। সংপ্রবৃদ্ধম্ উৎসাহেন পুরাগমেন চ স্ফীতম্ ॥২২॥

শত্রুমর্দ্দন দ্রোণাচার্য্যের সহিত যুদ্ধে মিলিত হইয়া কোন্ ব্যক্তি জীবনের আশা করিতে পারে? কিংবা কোন্ হস্তী, অশ্ব বা মানুষ পুনরায় মঙ্গলে মঙ্গলে গৃহে যাইতে পারে? ॥১৮॥

ভীষ্ম ও দ্রোণ যাহাকে বধ্যরূপে চিন্তা করেন, কিংবা যে লোক উঁহাদের সহিত দারুণ যুদ্ধে সম্মিলিত হয়, সে লোক কি প্রকারে যুদ্ধে জীবিত থাকিয়া মুক্তি লাভ করে? ॥১৯॥

দেবতারা যেমন স্বর্গ রক্ষা করেন, সেইরূপ পূর্ব্ব, পশ্চিম, দক্ষিণ ও উত্তরদেশীয় রাজারা এবং কাম্বোজ, শক, খশ, শাল্ব, মৎস্য, কুরু ও মধ্যদেশীয় সৈন্যেরা, আর ম্লেচ্ছ, পুলিন্দ, দ্রবিড়, অন্ধ্র ও কাঞ্চীদেশীয় সৈনিকেরা যে সেনা রক্ষা করিতেছেন, দেবসেনার ন্যায় দুর্দ্ধর্ষা ও সমবেতা সেই কৌরবরাজসেনাকে তুমি কূপমণ্ডূকের ন্যায় কেন বুঝিতেছ না? ॥২০—২১॥

মূর্খ! অল্পবুদ্ধি! পাণ্ডুনন্দন! যাহা গঙ্গার বেগের ন্যায় আসিয়া বৃদ্ধি পাইয়াছে এবং যাহা হইতে উত্তীর্ণ হওয়া অসম্ভব, সেইরূপ নানাবিধ সৈন্য আসিয়া যুদ্ধে সমবেত হইয়াছে এবং আমিও হস্তিসৈন্যমধ্যে রহিয়াছি, এ অবস্থায় তুমি কেন আমাদের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছ?' ॥২২॥

(১৯)…রণে জীবন্ বিমুচ্যেত…বা ব রা নি।

ইত্যেবমুক্ত্বা রাজানং ধর্ম্মপুত্রং যুধিষ্ঠিরম্।
অভ্যাবৃত্য পুনর্জিষ্ণুমুলূকঃ প্রত্যভাষত ॥২৩॥
অকত্থমানো যুধ্যস্ব কত্থসেঽর্জ্জুন। কিং বহু।
পর্য্যায়াৎ সিদ্ধিরেতস্য নৈতৎ সিধ্যতি কত্থনাৎ ॥২৪॥
যদীদং কত্থনাল্লোকে সিধ্যেৎ কর্ম্ম ধনঞ্জয়!।
সর্ব্বে ভবেয়ুঃ সিদ্ধার্থাঃ কত্থনে কো হি দুর্গতঃ ॥২৫॥
জানামি তে বাসুদেবং সহায়ং জানামি তে গাণ্ডিবং তালমাত্রম্।
জানাম্যেতত্ত্বাদৃশো নাস্তি যোদ্ধা জানানস্তে রাজ্যমেতদ্ধরামি ॥২৬॥
ন তু পর্য্যায়ধর্ম্মেণ রাজ্যং প্রাপ্নোতি মানুষঃ।
মনসৈবানুকূলানি বিধাতা কুরুতে বশে ॥২৭॥
ত্রয়োদশ সমা ভুক্তং রাজ্যং বিলপতস্তব।
ভূয়শ্চৈব প্রশাসিষ্যে নিহত্য ত্বাং সবান্ধবম্ ॥২৮॥

ভারতকৌমুদী

ইতীতি। অভ্যাবৃত্য অর্জ্জুনাভিমুখীভূয়, জিষ্ণুমর্জুনম্ ॥২৩॥

অকত্থেতি। পর্য্যায়াৎ যুদ্ধপ্রকারবিশেষাৎ, এতস্য জয়কর্ম্মণঃ, এতৎ জয়কর্ম্ম ॥২৪॥

যদীতি। সিদ্ধার্থাঃ সফলকামাঃ। দুর্গতো দরিদ্রঃ অসমর্থ ইত্যর্থঃ ॥২৫॥

জানামীতি। "কপিধ্বজস্য গাণ্ডীবং গাণ্ডিবং পুংনপুংসকম্" ইত্যমরঃ ॥২৬॥

নেতি। পর্য্যায়ধর্ম্মেণ ইচ্ছাপ্রকারমাত্রেণ। মনসা মনোবৃত্ত্যা ইচ্ছয়া, অনুকূলানি ভূতানি ॥২৭॥

ত্রয়োদশেতি। সমা বৎসরান্। ভূয়শ্চৈব পুনরপি ॥২৮॥

উলূক ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠিরকে এইরূপ বলিয়া আবার ফিরিয়া অর্জ্জুনকে বলিতে আরম্ভ করিল—॥২৩॥

'অর্জ্জুন! তুমি আত্মশ্লাঘা না করিয়া যুদ্ধ কর, বহুতর আত্মশ্লাঘা কর কেন? দেখ, বীরত্বদ্বারাই জয়সিদ্ধি হয়, কিন্তু আত্মশ্লাঘাদ্বারা হয় না ॥২৪॥

ধনঞ্জয়! জগতে যদি আত্মশ্লাঘাদ্বারাই জয় হইত, তবে সকলেই জয় লাভ করিত। কারণ, কোন্ ব্যক্তি আত্মশ্লাঘা করিতে দরিদ্র (অসমর্থ)? ॥২৫॥

অর্জুন! কৃষ্ণ যে তোমার সহায় আছেন, তাহা জানি; তোমার গাণ্ডিবধনু যে হস্তচতুষ্টয়প্রমাণ, তাহা জানি এবং তোমার তুল্য যোদ্ধা যে নাই, ইহাও জানি; এই সমস্ত জানিয়াই তোমার এই রাজ্য হরণ করিয়াছি ॥২৬॥

কিন্তু মানুষ কেবল ইচ্ছা করিয়াই কার্য্যসিদ্ধি করিতে পারে না; তবে বিধাতাই কেবল ইচ্ছাদ্বারা প্রাণিগণকে বশীভূত করিতে পারেন ॥২৭॥

ক তদা গাণ্ডিবং তেঽভূদ্যত্ত্বং দাসপণৈর্জ্জিতঃ ।
ক তদা ভীমসেনস্য বলমাসীচ্চ ফাল্গুন ! ॥২৯॥
সগদাদ্ভীমসেনাদ্বা পার্থাদ্বাপি সগাণ্ডিবাৎ ।
ন বৈ মোক্ষস্তদা বোঽভূদ্বিনা কৃষ্ণামনিন্দিতাম্ ॥৩০॥
সা বো দাস্যে সমাপন্নান্ মোচয়ামাস পার্ষতী ।
অমানুষ্যং সমাপন্নান্ দাসকর্ম্মণ্যবস্থিতান্ ॥৩১॥
অবোচং যৎ ষণ্ডতিলানহং বস্তথ্যমেব তৎ ।
ধৃতা হি বেণী পার্থেন বিরাটনগরে তদা ॥৩২॥
সূদকর্ম্মণি চ শ্রান্তং বিরাটস্য মহানসে ।
ভীমসেনেন কৌন্তেয় ! যত্তু তন্মম পৌরুষম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

ক্বেতি। যদ্যদা। জিতঃ তস্মিন্ দ্যূতক্রীড়াকালে ॥২৯॥
সগদাদিতি। গদয়া সহেতি সগদস্তস্মাৎ, পার্থাদর্জ্জুনাৎ। কৃষ্ণাং দ্রৌপদীম্ ॥৩০॥
সেতি। বো যুষ্মান্, দাস্যে অস্মাকং দাসত্বে, সমাপন্নান্ উপস্থিতান্, পার্ষতী কৃষ্ণা ॥৩১॥
অবোচমিতি। ষণ্ডাঃ ক্লীবা অঙ্কুরজননশক্তিহীনাশ্চ তে তিলাশ্চেতি তান্ ॥৩২॥
সূদেতি। সূদকর্ম্মণি পাককার্য্যে। মহানসে পাকস্থানে ॥৩৩॥

তুমি বিলাপ করিতে, এই অবস্থায় আমি তোমার রাজ্য তের বৎসর ভোগ করিয়াছি ; আবারও বন্ধুবর্গের সহিত তোমাকে নিহত করিয়া তোমার রাজ্য শাসন করিব ॥২৮॥

অর্জুন ! আমি যখন তোমাকে দাসপণে জয় করিয়াছিলাম, তখন তোমার গাণ্ডিব কোথায় ছিল ? ভীমসেনের বলই বা তখন কোথায় ছিল ? ॥২৯॥

অনিন্দিতা দ্রৌপদী ব্যতীত গদাধারী ভীমসেন কিংবা গাণ্ডীবধারী অর্জুন হইতে তখন তোমাদের মুক্তি হয় নাই ॥৩০॥

যখন তোমরা আমাদের দাস হইয়াছিলে, মনুষ্যত্ব বর্জন করিয়াছিলে এবং দাসত্ব করিবারই উপক্রম করিয়াছিলে, তখন দ্রৌপদীই তোমাদিগকে মুক্ত করিয়াছিলেন ॥৩১॥

তখন আমি যে তোমাদিগকে 'ষণ্ড তিল' বলিয়াছিলাম, তাহা সত্যই হইয়াছিল। কারণ, অর্জুন সেই জন্যই বিরাটরাজার গৃহে বেণী ধারণ করিয়াছিল ॥৩২॥

কুন্তীনন্দন ! ভীমসেন যে বিরাটরাজার পাকগৃহে পাচকের কার্য্যে পরিশ্রান্ত হইত, তাহা আমারই পুরুষকারের ফল ॥৩৩॥

এবমেতৎ সদা দণ্ডং ক্ষত্রিয়াঃ ক্ষত্রিয়ে দধুঃ।
বেণীং কৃত্বা ষণ্ডবেষঃ কন্যাং নর্ত্তিতবানসি ॥৩৪॥
ন ভয়াদ্বাসুদেবস্য ন চাপি তব ফাল্গুন!।
রাজ্যং প্রতিপ্রদাস্যামি যুধ্যস্ব সহকেশবঃ ॥৩৫॥
ন মায়া হীন্দ্রজালং বা কুহকা বাপি ভীষণা।
আত্তশস্ত্রস্য মে যুদ্ধে বহন্তি প্রতিগর্জ্জনাঃ ॥৩৬॥
বাসুদেবসহস্রং বা ফাল্গুনানাং শতানি বা।
আসাদ্য মামমোঘেষুং দ্রবিষ্যন্তি দিশো দশ ॥৩৭॥
সংযুগং গচ্ছ ভীষ্মেণ ভিন্ধি বা শিরসা গিরিম্।
তরেমং বা মহাগাধং বাহুভ্যাং পুরুষোদধিম্ ॥৩৮॥
শারদ্বতমহামীনং বিবিংশতিমহোরগম্।
বৃহদ্বলমহোদ্বেলং সৌমদত্তিতিমিঙ্গিলম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

এবমিতি। দধুর্বিদধুঃ। ইদানীমপ্যহং বিদধামীতি ভাবঃ। কন্যামুত্তরাম্ ॥৩৪॥
নেতি। তব ভয়াদিত্যনুবৃত্তিঃ। কেশবেন কৃষ্ণেন সহেতি সহকেশবঃ ॥৩৫॥
নেতি। ন বহন্তি নোৎপাদয়ন্তি কিমিতি কাকুঃ। প্রতিগর্জ্জনাঃ প্রতিহুঙ্কারান্ ॥৩৬॥
বাস্বিতি। অমোঘেষুমব্যর্থবাণম্, দ্রবিষ্যন্তি পলায়িষ্যন্তে ॥৩৭॥
সংযুগমিতি। মহাগাধম্ অতীবগভীরম্, পুরুষোদধিং সৈন্যসাগরম্ ॥৩৮॥

ক্ষত্রিয়েরা ক্ষত্রিয়দের প্রতি চিরদিন এইরূপ দণ্ডই করিয়া আসিতেছেন। (অর্জ্জুন! তাহার প্রমাণ তুমিই;) তুমি নপুংসক সাজিয়া বেণী ধারণ করিয়া বিরাটরাজার কন্যাকে নৃত্য করাইয়াছ ॥৩৪॥

অতএব অর্জ্জুন! কৃষ্ণের বা তোমার ভয়ে আমি রাজ্য ফিরাইয়া দিব না। তুমি কৃষ্ণের সহিত মিলিত হইয়া যুদ্ধ কর ॥৩৫॥

মায়া, ইন্দ্রজাল, কিংবা ভীষণ ছলনা এগুলি যুদ্ধে আমার অস্ত্রধারী অবস্থায় প্রতিহুঙ্কারই কি উৎপাদন করিবে না? ॥৩৬॥

আমার বাণ অব্যর্থ। সুতরাং সহস্র সহস্র কৃষ্ণ কিংবা শত শত অর্জ্জুনও আমার নিকটে উপস্থিত হইয়া দশদিকে পলায়ন করিবে ॥৩৭॥

অর্জ্জুন! তুমি ভীষ্মের সহিত যুদ্ধে গমন কর, কিংবা মস্তকদ্বারা পর্ব্বত ভেদ কর, অথবা বাহুযুগলদ্বারা এই মহাগভীর সৈন্যসাগর উত্তীর্ণ হও ॥৩৮॥

দেখ অর্জ্জুন! আমার এই সৈন্য একটা মহাসমুদ্রস্বরূপ; কৃপাচার্য্য ইহার মহামৎস্য, বিবিংশতি মহাসর্প, বৃহদ্বলরাজা মহাপূর (পূর্ণ জোয়ার), ভূরিশ্রবা

ভীষ্মবেগমপর্য্যন্তং দ্রোণগ্রাহদুরাসদম্ ।
কর্ণশল্যঝষাবর্ত্তং কাম্বোজবড়বামুখম্ ॥৪০॥
দুঃশাসনৌঘং শলশল্যমৎস্যং সুষেণচিত্রায়ুধনাগনক্রম্ ।
জয়দ্রথাদ্রিং পুরুমিত্রগাধং দুর্ম্মর্ষণোদং শকুনিপ্রপাতম্ ॥৪১॥
শস্ত্রৌঘমক্ষয্যমতিপ্রবৃদ্ধং যদাবগাহ্য শ্রমনষ্টচেতাঃ ।
ভবিষ্যসি ত্বং হতসর্ববান্ধবস্তদা মনস্তে পরিতাপমেষ্যতি ॥৪২॥
(কলাপকম্)

তদা মনস্তে ত্রিদিবাদিবাশুচের্নিবর্ত্তিতা পার্থ ! মহীপ্রশাসনাৎ ।
প্রশাম্য রাজ্যং হি সুদুর্লভং ত্বয়া বুভূষিতঃ স্বর্গ ইবাতপস্বিনা ॥৪৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি উলূকদূতাগমনে উলূকবাক্যে পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

শারেতি। বিস্তৃতবিবরণং প্রাগ্ দ্রষ্টব্যম্। শারদ্বতঃ কৃপঃ। ভীষ্ম এব বেগো যস্য তম্। নাগো জলহস্তী। ক্ষেতুমশক্যমক্ষয্যম্। পরিতাপমেষ্যতি, অতো যুদ্ধান্নিবর্ত্তস্বেতি ভাবঃ ॥৩৯—৪২॥

তদেতি। অশুচেঃ পাপিনঃ, নিবর্ত্তিতা নিবর্ত্তিষ্যতে। বুভূষিতঃ ভবিতুং প্রাপ্তু মিষ্টঃ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি উলূকদূতাগমনে পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

তিমিঙ্গিল (বৃহৎ জলজন্তু), ভীষ্ম ইহার বেগ, ইহার সীমা নাই, দ্রোণরূপ বিশাল জলজন্তু থাকায় ইহা দুর্দ্ধর্ষ, কর্ণ ইহার হিংস্র মৎস্য, শল্য ইহার আবর্ত্ত (ঘোলা), কাম্বোজরাজা বড়বানল, দুঃশাসনও ইহার বেগ, শল ও শল্য ইহার মৎস্য, সুষেণ ইহার জলহস্তী, চিত্রায়ুধ কুম্ভীর, জয়দ্রথ তীরবর্ত্তী পর্ব্বত, পুরুমিত্র আয়তন, দুর্ম্মর্ষণ জল, শকুনি জলপ্রপাত এবং অস্ত্রের বেগও ইহার বেগ, আর এই সমুদ্র অক্ষয় ও অতিবিস্তীর্ণ। এই সমুদ্রে অবগাহন করার পরে যখন তোমার চৈতন্য লোপ পাইতে থাকিবে এবং সমস্ত বান্ধব নিহত হইবে, তখন তোমার মন অনুতাপ ভোগ করিবে ॥৩৯—৪২॥

অর্জুন ! আর পাপীর মন যেমন স্বর্গ হইতে নিবৃত্তি পায়, সেইরূপ তোমার মন তখন রাজ্যশাসন হইতে নিবৃত্তি পাইবে। কারণ, তপস্যাবিহীন লোকের পক্ষে তাহার অভীষ্ট স্বর্গ যেমন অতিদুর্লভ, তেমন তোমার পক্ষেও রাজ্য অতিদুর্লভ। অতএব তুমি শান্ত হও' ॥৪৩॥

*একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

উলূকস্ত্বর্জ্জুনং ভূয়ো যথোক্তং বাক্যমব্রবীৎ।
আশীবিষমিব ক্রুদ্ধং তুদন্ বাক্যশলাকয়া ॥১॥
তস্য তদ্বচনং শ্রুত্বা রুষিতাঃ পাণ্ডবা ভৃশম্।
প্রাগেব ভৃশসংক্রুদ্ধাঃ কৈতব্যেনাপি ধর্ষিতাঃ ॥২॥
আসনেষূদতিষ্ঠন্ত বাহূংশ্চৈব প্রচিক্ষিপুঃ।
আশীবিষা ইব ক্রুদ্ধা বীক্ষাঞ্চক্রুঃ পরস্পরম্ ॥৩॥
অবাক্শিরা ভীমসেনঃ সমুদৈক্ষত কৈতবম্।
নেত্রাভ্যাং লোহিতান্তাভ্যামাশীবিষ ইব শ্বসন্ ॥৪॥
আর্ত্তং বাতাত্মজং দৃষ্ট্বা ক্রোধেনাভিহতং ভৃশম্।
উৎস্ময়ন্নিব দাশার্হঃ কৈতব্যং প্রত্যভাষত ॥৫॥

ভারতকৌমুদী

উলূক ইতি। "অস্মান্ বা ত্বং পরাজিত্য" ইত্যাদ্যুক্তমনতিক্রমেণেতি যথোক্তম্ ॥১॥
তস্যেতি। কৈতব্যেন উলূকেন, ধর্ষিতা দুর্য্যোধনবাক্যানুবাদেনাভিভূতাঃ ॥২॥
আসনেষ্বিতি। আসনেষু তিষ্ঠন্ত এবোদতিষ্ঠন্। বীক্ষাঞ্চক্রুঃ দদৃশুঃ ॥৩॥
অবাগিতি। অবাক্শিরা অধোবদনঃ। লোহিতৌ অন্তৌ যয়োস্তাভ্যাম্ ॥৪॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! উলূক, বিষধর সর্পের ন্যায় ক্রুদ্ধ অর্জুনকে বাক্যশলাকাদ্বারা ব্যথিত করিতে থাকিয়া পুনরায় দুর্য্যোধনের অবশিষ্ট বাক্যগুলি বলিল ॥১॥

একে পাণ্ডবেরা পূর্ব্বেই অত্যন্ত ক্রুদ্ধ ছিলেন, তাহাতে আবার উলূক বাক্যদ্বারা অভিভূত করিল; ইহাতে তাঁহারা উলূকের সেই সকল কথা শুনিয়া ক্রোধে জ্বলিয়া উঠিলেন ॥২॥

পাণ্ডবেরা আসনে থাকিয়াই এক একবার উঠিতে লাগিলেন, বাহু প্রসারণ করিতে থাকিলেন এবং পরস্পর মুখাবলোকন করিলেন ॥৩॥

ভীমসেন অধোবদন হইয়া বিষধর সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া আরক্ত নয়নদ্বারা উলূকের দিকে চাহিতে লাগিলেন ॥৪॥

---

(৩) আসনেষু প্রতিষ্ঠন্তঃ...পি। (৫)...কৈতবং প্রত্যভাষত—পি।

প্রয়াহি শীঘ্রং কৈতব্য ! ব্রূয়াশ্চৈব সুযোধনম্ ।
শ্রুতং বাক্যং গৃহীতার্থো মতং যত্তে তথাস্তু তৎ ॥৬॥
এবমুক্ত্বা মহাবাহুঃ কেশবো রাজসত্তম ! ।
পুনরেব মহাপ্রাজ্ঞং যুধিষ্ঠিরমুদৈক্ষত ॥৭॥
সৃঞ্জয়ানাঞ্চ সর্বেষাং কেশবস্য যশস্বিনঃ ।
দ্রুপদস্য সপুত্রস্য বিরাটস্য চ সন্নিধৌ ॥৮॥
ভূমিপানাঞ্চ সর্বেষাং মধ্যে বাক্যং জগাদ হ ।
উলূকোঽপ্যর্জ্জুনং ভূয়ো যথোক্তং বাক্যমব্রবীৎ ॥৯॥
আশীবিষমিব ক্রুদ্ধং তুদন্ বাক্যশলাকয়া ।
কৃষ্ণাদীংশ্চৈব তান্ সর্বান্ যথোক্তং বাক্যমব্রবীৎ ॥১০॥ (বিশেষকম্)
উলূকস্য তু তদ্বাক্যং পাপং দারুণমীরিতম্ ।
শ্রুত্বা বিচুক্ষুভে পার্থো ললাটঞ্চাপ্যমার্জয়ৎ ॥১১॥

ভারতকৌমুদী

আর্ত্তমিতি। বাতাত্মজং বায়ুপুত্রং ভীমম্। উৎস্ময়ন্ ঈষদ্ধসন্, দাশার্হঃ কৃষ্ণঃ ॥৫॥
প্রয়াহীতি। বাক্যং দুর্য্যোধনস্য, গৃহীতার্থঃ অস্মাভির্জ্ঞাতমর্ম্মা ॥৬॥
এবমিতি। উদৈক্ষত তন্মতজিজ্ঞাসয়েতি ভাবঃ ॥৭॥
সৃঞ্জয়ানামিতি। সপুত্রস্যেতি উভয়ত্রৈবান্বেতি। জগাদ উলূকঃ। যথোক্তং পূর্বোক্তাদবশিষ্টম্। আশীবিষং বিষধরং সর্পম্, তুদন্ ব্যথয়ন্ ॥৮—১০॥
উলূকস্যেতি। পার্থঃ অর্জ্জুনঃ, অমার্জয়ৎ স্বেদাক্তত্বাৎ ॥১১॥

তখন কৃষ্ণ ভীমসেনকে ক্রোধে অত্যন্ত আহত ও পীড়িত দেখিয়া ঈষৎ হাস্য করিয়াই যেন উলূককে বলিলেন—॥৫॥

'উলূক ! তুমি সত্বর যাও, যাইয়া দুর্য্যোধনকে বল যে, তোমার কথা শুনিয়াছি, তাহার অর্থও বুঝিয়াছি ; এখন তোমার যাহা মত, তাহাই হউক' ॥৬॥

রাজশ্রেষ্ঠ ! মহাবাহু কৃষ্ণ এইরূপ বলিয়া পুনরায় মহাপ্রাজ্ঞ যুধিষ্ঠিরের দিকে দৃষ্টিপাত করিলেন ॥৭॥

সকল সৃঞ্জয়, যশস্বী কৃষ্ণ এবং পুত্রগণের সহিত দ্রুপদ ও বিরাটের সমক্ষে আর সকল রাজার মধ্যে উলূক সেই কথাগুলি বলিয়াছিল ; আবার বিষধর সর্পের ন্যায় ক্রুদ্ধ অর্জুনকে বাক্যশলাকাদ্বারা ব্যথিত করিতে থাকিয়া দুর্য্যোধনের সেই কথাগুলি কহিয়াছিল এবং কৃষ্ণপ্রভৃতি অপর সকলকেও দুর্য্যোধনের উক্তিগুলি শুনাইয়াছিল ॥৮—১০॥

---

(৮)···কৃষ্ণস্য চ যশস্বিনঃ···বা ব রা নি।

তদবস্থং তদা দৃষ্ট্বা পার্থং সা সমিতির্নৃপ !।
নামৃষ্যত মহারাজ ! পাণ্ডবানাং মহারথাঃ ॥১২॥
অধিক্ষেপেণ কৃষ্ণস্য পার্থস্য চ মহাত্মনঃ।
শ্রুত্বা তে পুরুষব্যাঘ্রাঃ ক্রোধাজ্জজ্বলুরচ্যুতাঃ ॥১৩॥
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ সাত্যকিশ্চ মহারথঃ।
কেকয়া ভ্রাতরঃ পঞ্চ রাক্ষসশ্চ ঘটোৎকচঃ ॥১৪॥
দ্রৌপদেয়াভিমন্যুশ্চ ধৃষ্টকেতুশ্চ পার্থিবঃ।
ভীমসেনশ্চ বিক্রান্তো যমজৌ চ মহারথৌ ॥১৫॥
উৎপেতুরাসনাৎ সর্ব্বে ক্রোধসংরক্তলোচনাঃ।
বাহূন্ প্রগৃহ্য রুচিরান্ রক্তচন্দনরূষিতান্ ॥১৬॥
অঙ্গদৈঃ পারিহার্য্যৈশ্চ কেয়ূরৈশ্চ বিভূষিতান্।
দন্তান্ দন্তেষু নিষ্পিষ্য সৃক্কণী পরিসংলিহন্ ॥১৭॥
তেষামাকারভাবজ্ঞঃ কুন্তীপুত্রো বৃকোদরঃ।
উদতিষ্ঠৎ স বেগেন ক্রোধেন প্রজ্বলন্নিব ॥১৮॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তদিতি। সমিতিঃ সভা। নামৃষ্যত নাসহত। মহারথাশ্চ নামৃষ্যন্ত ॥১২॥

অধীতি। অধিক্ষেপেণ তিরস্কারেণ, পার্থস্য পাণ্ডবগণস্য। অচ্যুতা বীরব্রতাদভ্রষ্টাঃ ॥১৩॥

ধৃষ্টেতি। কেকয়াঃ কেকয়দেশীয়াঃ। দ্রৌপদেয়া দ্রৌপদীপুত্রাঃ। বিভক্তিলোপেঽপি সন্ধিরার্ষঃ। যমজৌ নকুলসহদেবৌ। প্রগৃহ্য উত্তোল্য, রক্তচন্দনেন রূষিতান্ রঞ্জিতান্। পরিহার্য্যৈর্বাহুবলয়ৈঃ। আকারান্ ভাবানভিপ্রায়াংশ্চ জানাতীতি সঃ ॥১৪—১৮॥

অতএব উলূকের সেই কটু ও দারুণ কথাগুলি শুনিয়া অর্জ্জুন বিচলিত হইলেন এবং হস্তদ্বারা ললাটদেশ মার্জ্জন করিলেন ॥১১॥

মহারাজ ! তখন অর্জ্জুনকে সেইরূপ দেখিয়া সেই সভাটা এবং পাণ্ডবপক্ষীয় মহারথেরা আর সহ্য করিতে পারিলেন না ॥১২॥

বীরব্রত হইতে অভ্রষ্ট সেই পুরুষশ্রেষ্ঠগণ উলূকের নিকট দুর্য্যোধনের উক্তি শুনিয়া মহাত্মা কৃষ্ণ ও পাণ্ডবগণের তিরস্কারনিবন্ধন ক্রোধে জ্বলিয়া উঠিলেন ॥১৩॥

মহারথ ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী ও সাত্যকি এবং কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা, রাক্ষস ঘটোৎকচ, দ্রৌপদীর পুত্রগণ, অভিমন্যু, রাজা ধৃষ্টকেতু, বিক্রমশালী ভীম, মহারথ নকুল ও সহদেব, ইঁহারা সকলে ক্রোধে আরক্তনয়ন হইয়া, রক্তচন্দন-

(১২)···নামৃষ্যন্ত···পি বা ব রা। (১৩) ক্রোধাজ্জ্বলুরচ্যুত।—বা ব রা নি।

উদ্ধৃত্য সহসা নেত্রে দন্তান্ কটকটায্য চ।
হস্তং হস্তেন নিষ্পিষ্য উলূকং বাক্যমব্রবীৎ ॥১৯॥
অশক্তানামিবাস্মাকং প্রোৎসাহননিমিত্তকম্।
শ্রুতং তে বচনং মূর্খ! যত্ত্বাং দুর্য্যোধনোঽব্রবীৎ ॥২০॥
তন্মে কথয়তো মন্দ! শৃণু বাক্যং দুরাসদম্।
সর্ব্বক্ষত্রস্য মধ্যে ত্বং যদ্বক্ষ্যসি সুযোধনম্ ॥২১॥
শৃণ্বতঃ সূতপুত্রস্য পিতুশ্চ ত্বং দুরাত্মনঃ।
অস্মাভিঃ প্রীতিকামৈশ্চ ভ্রাতুর্জ্যেষ্ঠস্য নিত্যশঃ ॥২২॥
মর্ষিতং তে দুরাচার! তত্ত্বং ন বহু মন্যসে।
প্রেষিতশ্চ হৃষীকেশঃ শমাকাঙ্ক্ষী কুরূন্ প্রতি ॥২৩॥

ভারতকৌমুদী

উদ্ধৃত্যেতি। উদ্ধৃত্য উত্তোল্য। কটকটায্য কটকটাশব্দান্বিতান্ কৃত্বা ॥১৯॥
অশক্তানামিতি। দুর্য্যোধনোক্তীনামবিকলানুবাদাৎ মূর্খত্বমিতি ভাবঃ ॥২০॥
তদিতি। হে মন্দ! মূর্খ! দুরাসদম্ অসৈহ্যবচম্। পিতুঃ শকুনেঃ। মর্ষিতং সোঢ়ং

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি রথাতিরথসংখ্যানে ঊনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

পাঞ্চালেতি। পার্থস্য যুধিষ্ঠিরস্য, রথমুখ্যঃ প্রধানো রথী মে মতঃ ॥১॥

ভারতভাবদীপঃ

দ্রৌপদেয়া ইতি ॥১—৮॥ বীরগতে বীরৈরনুগতে ॥৯॥ সিতৌ বদ্ধৌ ॥১০—১১॥ একায়নগতৌ মরণৈকশরণৌ, ঘট্টনং সঙ্ঘট্টং করিষ্যতঃ ॥১২—১৩॥ ত্যক্তাত্মানৌ ত্যক্তদেহৌ ॥১৪॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৯॥

তাঁহারা দুই জনই যুদ্ধে দারুণ এবং এক এক অক্ষৌহিণী সৈন্য লইয়া আসিয়াছেন। সুতরাং তাঁহারা সম্পর্ক রক্ষা করিতে থাকিয়া গুরুতর কার্য্য করিবেন ॥১৩॥

ভরতনন্দন ! তাঁহারা উভয়েই ক্ষত্রিয়সমাজে বীর, মহাধনুর্দ্ধর ও প্রাণত্যাগে উদ্যত। অতএব তাঁহারা পাণ্ডবদের বিশ্বাস রক্ষা করিতে থাকিয়া প্রধান কার্য্য সাধন করিবেন ॥১৪॥

---

* '...সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি ।

এষ যোৎস্যতি সংগ্রামে নাশয়ন্ পূর্বসংস্থিতম্ ।
পরং যশো বিপ্রথয়ংস্তব সেনাসু ভারত ! ॥২॥
এতস্য বহুলাঃ সেনাঃ পাঞ্চালাশ্চ প্রভদ্রকাঃ ।
তেনাসৌ রথবংশেন মহৎ কর্ম্ম করিষ্যতি ॥৩॥
ধৃষ্টদ্যুম্নশ্চ সেনানীঃ সর্বসেনাসু ভারত ! ।
মতো মেঽতিরথো রাজন্ ! দ্রোণশিষ্যো মহারথঃ ॥৪॥
এষ যোৎস্যতি সংগ্রামে সূদয়ন্ বৈ পরান্ রণে ।
ভগবানিব সংক্রুদ্ধঃ পিনাকী যুগসংক্ষয়ে ॥৫॥
এতস্য তদ্রথানীকং কথয়ন্তি রণপ্রিয়াঃ ।
বহুত্বাৎ সাগরপ্রখ্যং দেবানামিব সংযুগে ॥৬॥

ভারতকৌমুদী

এষ ইতি। পূর্বসংস্থিতং স্ত্রীত্বম্, নাশয়ন্ অদর্শয়ন্ গন্ধর্বরূপয়া পরিহরন্নিত্যর্থঃ ॥২॥
এতস্যেতি। প্রভদ্রকাঃ প্রভদ্রকদেশীয়াঃ। তেন তদীয়েন, রথানাং বংশেন সমূহেন ॥৩॥
ধৃষ্টেতি। যদা দ্রোণশিষ্যস্তদাপি মহারথঃ, ইদানীন্তু অভ্যাসাতিরেকাদতিরথঃ ॥৪॥
এষ ইতি। সূদয়ন্ মর্দ্দয়ন্। পিনাকী রুদ্রঃ, যুগসংক্ষয়ে প্রলয়কালে ॥৫॥
এতস্যেতি। রথানীকং রথিসৈন্যম্। সাগরপ্রখ্যং সমুদ্রতুল্যম্ ॥৬॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন রাজা! দ্রুপদরাজার পুত্র শত্রুনগরবিজয়ী শিখণ্ডীকে যুধিষ্ঠিরের একজন প্রধান রথী বলিয়া আমি মনে করি ॥১॥

ভরতনন্দন! ইনি নিজের পূর্ব্ববর্ত্তী স্ত্রীভাব পরিত্যাগ করিয়া এখন পুরুষ হইয়াছেন। সুতরাং ইনি এখন তোমার সৈন্যমধ্যে বিশেষ যশ বিস্তার করিতে থাকিয়া সমরাঙ্গনে যুদ্ধ করিবেন ॥২॥

ইহার পাঞ্চাল ও প্রভদ্রকদেশীয় বহুতর সৈন্য আছে; ইনি সেই রথিসমূহদ্বারা গুরুতর কার্য্য সাধন করিবেন ॥৩॥

ভরতনন্দন রাজা! পাণ্ডবগণের সমস্ত সৈন্যের অধিনায়ক দ্রোণশিষ্য মহারথ ধৃষ্টদ্যুম্নকে আমি অতিরথ বলিয়া মনে করি ॥৪॥

প্রলয়কালে অতিশয়ক্রুদ্ধ ভগবান্ মহাদেবের ন্যায় ইনি যুদ্ধে শত্রুসংহার করিতে থাকিয়া সমরাঙ্গনে যুদ্ধ করিবেন ॥৫॥

দেবগণের ন্যায় ইহার সেই রথিসৈন্য বহুতর বলিয়া যুদ্ধে সমুদ্রতুল্য; এই কথা যুদ্ধপ্রিয় লোকেরা বলিয়া থাকেন ॥৬॥

(৪)…অতো মেঽতিরথো রাজন্!…পি।

ক্ষত্রধর্ম্মা তু রাজেন্দ্র! মতো মেঽর্দ্ধরথো নৃপ।।
ধৃষ্টদ্যুম্নস্য তনয়ো বাল্যান্নাতিকৃতশ্রমঃ ॥৭॥
শিশুপালসুতো বীরশ্চেদিরাজো মহারথঃ।
ধৃষ্টকেতুর্মহেষ্বাসঃ সম্বন্ধী পাণ্ডবস্য হ ॥৮॥
এষ চেদিপতিঃ শূরঃ সহ পুত্রেণ ভারত।।
মহারথানাং সুকরং মহৎ কর্ম্ম করিষ্যতি ॥৯॥
ক্ষত্রধর্ম্মরতো মহ্যং মতঃ পরপুরঞ্জয়ঃ।
ক্ষত্রদেবস্তু রাজেন্দ্র! পাণ্ডবেষু রথোত্তমঃ ॥১০॥
জয়ন্তশ্চামিতৌজাশ্চ সত্যজিচ্চ মহারথঃ।
মহারথা মহাত্মানঃ সর্বে পাঞ্চালসত্তমাঃ।
যোৎস্যন্তে সমরে তাত! সংরব্ধা ইব কুঞ্জরাঃ ॥১১॥

ভারতকৌমুদী

ক্ষত্রেতি। ক্ষত্রধর্ম্মা তদাখ্যঃ। নাতিকৃতশ্রমঃ অস্ত্রশিক্ষায়াম্ ॥৭॥
শিশ্বিতি। ধৃষ্টকেতুর্মহারথ ইতি সম্বন্ধঃ ॥৮॥
এষ ইতি। মহারথানাং সুকরম্ অনায়াসসাধ্যম্ ॥৯॥
ক্ষত্রেতি। মহ্যং মম। ক্ষত্রদেবো নাম। রথোত্তমঃ প্রধানো রথী ॥১০॥
জয়ন্ত ইতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ, কুঞ্জরা হস্তিনঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

পাঞ্চালেতি ॥১॥ নাশয়ন্ পূর্ব্বসংস্থিতং প্রাচীনং স্বীয়েনাবস্থানম্ অদর্শয়ন্ পৌরুষং দর্শয়ন্নিত্যর্থঃ। যদ্বা পূর্ব্বসংস্থিতং পূর্ব্বব্যূহসংস্থানং নাশয়ন্ সৈন্যানি বিদ্রাবয়ন্নিত্যর্থঃ ॥২—১১॥

রাজশ্রেষ্ঠ রাজা! ধৃষ্টদ্যুম্নের পুত্র ক্ষত্রধর্ম্মা বালক বলিয়া এখনও অস্ত্রশিক্ষায় বিশেষ পরিশ্রম করিতে পারে নাই। সুতরাং তাহাকে আমি অর্দ্ধরথ বলিয়া মনে করি ॥৭॥

পাণ্ডবদের সম্পর্কী, চেদিদেশের রাজা, মহাধনুর্দ্ধর ও বীর শিশুপালপুত্র ধৃষ্টকেতু একজন মহারথ ॥৮॥

ভরতনন্দন! বীর এই চেদিরাজ আপন পুত্রের সহিত মিলিত হইয়া মহারথগণের অনায়াসসাধ্য গুরুতর কার্য্য সাধন করিবেন ॥৯॥

রাজশ্রেষ্ঠ! আমি মনে করি—ক্ষত্রিয়ধর্ম্মে নিরত ও শত্রুনগরবিজয়ী ক্ষত্রদেব পাণ্ডবপক্ষে একজন উত্তম রথী ॥১০॥

জয়ন্ত, অমিতৌজা ও সত্যজিৎ ইঁহারা তিন জনই মহারথ এবং এই পাঞ্চাল-

অঙ্গো ভোজশ্চ বিক্রান্তৌ পাণ্ডবার্থে মহারথৌ ।
যোৎস্যেতে বলিনৌ শূরৌ পরং শক্ত্যা যতিষ্যতঃ ॥১২॥
শীঘ্রাস্ত্রাশ্চিত্রযোদ্ধারঃ কৃতিনো দৃঢ়বিক্রমাঃ ।
কেকয়াঃ পঞ্চ রাজেন্দ্র ! ভ্রাতরো দৃঢ়বিক্রমাঃ ।
সর্বে চৈব রথোদারাঃ সর্বে লোহিতকধ্বজাঃ ॥১৩॥
কাশীরাজঃ কুমারশ্চ নীলো যশ্চাপরো নৃপঃ ।
সূর্য্যদত্তশ্চ শঙ্খশ্চ মদিরাশ্বশ্চ নামতঃ ॥১৪॥
সর্ব এব রথোদারাঃ সর্বে চাহবলক্ষণাঃ ।
সর্বাস্ত্রবিদুষঃ সর্বে মহাত্মানো মতা মম ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অঙ্গ ইতি। যতিষ্যতঃ পাণ্ডবানাং জয়ায় যতিষ্যেতে ॥১২॥

শীঘ্রেতি। রথোদারাঃ প্রধানা রথিনঃ, লোহিতকধ্বজা রক্তধ্বজাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

কাশীতি। সূর্য্যদত্ত ইত্যেকং নাম। রথোদারাঃ প্রধানা রথিনঃ, আহবো যুদ্ধমেব লক্ষণং বীরত্বচিহ্নং যেষাং তে। সর্বাস্ত্রবিদুষঃ সর্বাস্ত্রবিদ্বাংসঃ ॥১৪—১৫॥

ভারতভাবদীপঃ

ক্ষয়িষ্যতঃ সামর্থ্যং দর্শয়িষ্যতঃ। ঐশ্বর্য্যার্থোঽয়ং ক্ষয়তিঃ ॥১২—১৪॥ বিদুষঃ বিদ্বাংসঃ ॥১৫—২৬॥

ইতি উদ্‌যোগপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬০॥

শ্রেষ্ঠেরা সকলেই মহারথ ও মহাত্মা। অতএব বৎস ! ক্রুদ্ধ হস্তিগণের ন্যায় ইঁহারা সমরাঙ্গনে যুদ্ধ করিবেন ॥১১॥

বিক্রমশালী অঙ্গ ও ভোজ ইঁহারা দুই জনই মহারথ। সুতরাং বলবান্ ও বীর উঁহারা দুই জনই পাণ্ডবদের জন্য যুদ্ধ করিবেন এবং আপনাদের শক্তি অনুসারে পাণ্ডবদের জয়ের জন্য বিশেষ যত্নও করিবেন ॥১২॥

রাজশ্রেষ্ঠ ! দ্রুত অস্ত্রক্ষেপী, বিচিত্রযোদ্ধা, অস্ত্রনিপুণ ও দৃঢ়বিক্রমশালী কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতারা সকলেই প্রধান রথী এবং উঁহাদের সকলেরই রক্তবর্ণ ধ্বজ ॥১৩॥

কাশীরাজ কুমার, নীলনামে যে অপর রাজা এবং সূর্য্যদত্ত, শঙ্খ ও মদিরাশ্ব উঁহারা সকলেই প্রধান রথী, সকলেই যুদ্ধনিপুণ, সকলেই সর্বাস্ত্রবিদ্ এবং সকলেই মহাত্মা ॥১৪—১৫॥

(১৪) কাশিকঃ সুকুমারশ্চ···বা ব রা নি। (১৫)···সর্বে চাহিতলক্ষণাঃ···পি।

বার্দ্ধক্ষেমির্মহারাজ! মতো মম মহারথঃ।
চিত্রায়ুধশ্চ নৃপতির্মতো মে রথসত্তমঃ।
স হি সংগ্রামশোভী চ ভক্তশ্চাপি কিরীটিনঃ ॥১৬॥
চেকিতানঃ সত্যধৃতিঃ পাণ্ডবানাং মহারথৌ।
দ্বাবিমৌ পুরুষব্যাঘ্রৌ রথোদারৌ মতৌ মম ॥১৭॥
ব্যাঘ্রদত্তশ্চ রাজেন্দ্র! চন্দ্রসেনশ্চ ভারত!।
মতৌ মম রথোদারৌ পাণ্ডবানাং ন সংশয়ঃ ॥১৮॥
সেনাবিন্দুশ্চ রাজেন্দ্র! ক্রোধহন্তা চ নামতঃ।
যঃ সমো বাসুদেবেন ভীমসেনেন বা বিভো! ॥১৯॥
স যোৎস্যতি হি বিক্রম্য সমরে তব সৈনিকৈঃ।
মাঞ্চ দ্রোণং কৃপঞ্চৈব যথা সংমন্যতে ভবান্ ॥২০॥
তথা স সমরশ্লাঘী মন্তব্যো রথসত্তমঃ।
কাশ্যঃ পরমশীঘ্রাস্ত্রঃ শ্লাঘনীয়ো নরোত্তমঃ ॥২১॥ (কুলকম্)

ভারতকৌমুদী

বার্দ্ধেতি। বার্দ্ধক্ষেমির্নাম। রথসত্তমঃ প্রধানো রথী। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

চেকিতান ইতি। ব্যাঘ্রদত্তশ্চ চন্দ্রসেনশ্চ ইমৌ দ্বৌ রথোদারৌ প্রধানরথিনৌ। সেনাবিন্দুশ্চ ক্রোধহন্তা চ রথোদারৌ। সৈনিকৈঃ সহ। স ক ইত্যাহ কাশ্য ইতি ॥১৭—২১॥

মহারাজ! আমি বার্দ্ধক্ষেমিকে একজন মহারথ বলিয়া মনে করি এবং আমার মতে—রাজা চিত্রায়ুধ একজন শ্রেষ্ঠ রথী। তিনি যুদ্ধে শোভা পাইয়া থাকেন এবং অর্জ্জুনের ভক্তও বটেন ॥১৬॥

চেকিতান ও সত্যধৃতি ইঁহারা দুই জনই পাণ্ডবপক্ষে মহারথ। ভরতনন্দন রাজশ্রেষ্ঠ! আমার মতে—ব্যাঘ্রদত্ত ও চন্দ্রসেন এই নরশ্রেষ্ঠ দুই জন প্রধান রথী। আর রাজেন্দ্র! সেনাবিন্দু ও ক্রোধহন্তা এই দুই জনকেও আমি পাণ্ডবপক্ষের প্রধান রথী বলিয়া মনে করি; এ বিষয়ে কোন সংশয় নাই। রাজা! যিনি কৃষ্ণ ও ভীমসেনের সমান, তিনি সমরাঙ্গনে বিক্রম প্রকাশ করিয়া তোমার সৈন্যগণের সহিত যুদ্ধ করিবেন। তুমি আমাকে, দ্রোণকে ও কৃপকে যেমন মনে কর, সেই সমরশ্লাঘী বীরকেও তেমন রথিশ্রেষ্ঠ বলিয়াই মনে করিবে। অত্যন্ত দ্রুত অস্ত্রক্ষেপকারী, শ্লাঘনীয় ও নরশ্রেষ্ঠ সে বীর—কাশ্য ॥১৭—২১॥

রথ একগুণো মহ্যং মতঃ পরপুরঞ্জয়ঃ।
অয়ঞ্চ যুধি বিক্রান্তো মন্তব্যোঽষ্টগুণো রথঃ ॥২২॥
সত্যজিৎ সমরশ্লাঘী দ্রুপদস্যাত্মজো যুবা।
গতঃ সোঽতিরথত্বং হি ধৃষ্টদ্যুম্নেন সম্মিতঃ ॥২৩॥
পাণ্ডবানাং যশস্কামঃ পরং কর্ম্ম করিষ্যতি।
অনুরক্তশ্চ শূরশ্চ রথোঽয়মপরো মহান্ ॥২৪॥
পাণ্ড্যরাজো মহাবীর্য্যঃ পাণ্ডবানাং ধুরন্ধরঃ।
দৃঢ়ধন্বা মহেষ্বাসঃ পাণ্ডবানাং মহারথঃ ॥২৫॥ (যুগ্মকম্)
শ্রেণিমান্ কৌরবশ্রেষ্ঠ! বসুদানশ্চ পার্থিবঃ।
উভাবেতাবতিরথৌ মতৌ পরপুরঞ্জয়ৌ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি রথাতিরথসংখ্যানে ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

রথ ইতি। মহ্যং মম। যদা তু যুধি বিক্রান্তস্তদায়মষ্টগুণো রথো মন্তব্যঃ ॥২২॥
সত্যজিদিতি। গতঃ প্রাপ্তঃ। সম্মিতস্তুল্যঃ ॥২৩॥
পাণ্ডবানামিতি। পরং শত্রুসংহাররূপং শ্রেষ্ঠম্। অয়ং পাণ্ড্যরাজঃ ॥২৪—২৫॥
শ্রেণিমানিতি। শ্রেণিমান্ বসুদানশ্চ নাম ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায় শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি রথাতিরথসংখ্যানে ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

আমার মতে—এই শত্রুনগরবিজয়ী রাজা স্বভাবতঃ একজন রথী; কিন্তু ইনি যখন যুদ্ধে বিক্রম প্রকাশ করেন, তখন অষ্টগুণ রথী বলিয়া ইঁহাকে মনে করিতে হয় ॥২২॥

দ্রুপদরাজার পুত্র সমরশ্লাঘী ও যুবক সত্যজিৎ ধৃষ্টদ্যুম্নের তুল্য একজন অতিরথ ॥২৩॥

ইনি পাণ্ডবগণের যশ কামনা করিয়া গুরুতর কার্য্য সাধন করিবেন। পাণ্ডবগণের অনুরক্ত, বীর, মহাবল, দৃঢ়ধন্বা ও মহাধনুর্দ্ধর এই অপর প্রধান রথী পাণ্ড্যরাজ পাণ্ডবপক্ষের একজন মহারথ ॥২৪—২৫॥

কৌরবশ্রেষ্ঠ! শ্রেণিমান্ ও বসুদান রাজা ইঁহারা দুই জনই আমার মতে শত্রুনগরবিজয়ী অতিরথ' ॥২৬॥

---

(২২)···জেয়ঃ পরপুরঞ্জয়ঃ···বা ব রা নি। * '···একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' ব। ব রা নি।

একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

-:*:-

ভীষ্ম উবাচ।

রোচমানো মহারাজ! পাণ্ডবানাং মহারথঃ।
যোৎস্যতেঽমরবৎ সংখ্যে পরসৈন্যেষু ভারত! ॥১॥
পুরুজিৎ কুন্তিভোজশ্চ মহেষ্বাসো মহাবলঃ।
মাতুলো ভীমসেনস্য স চ মেঽতিরথো মতঃ ॥২॥
এষ বীরো মহেষ্বাসঃ কৃতী চ নিপুণশ্চ হ।
চিত্রযোধী চ শক্তশ্চ মতো মে রথপুঙ্গবঃ ॥৩॥
স যোৎস্যতি হি বিক্রম্য মঘবানিব দানবৈঃ।
যোধা যে চাস্য বিখ্যাতাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥৪॥
ভাগিনেয়কৃতে বীরঃ স করিষ্যতি সঙ্গরে।
সুমহৎ কর্ম্ম পাণ্ডূনাং স্থিতঃ প্রিয়হিতে রতঃ ॥৫॥

ভারতকৌমুদী

রোচেতি। রোচমানো নাম। অমরবৎ দেব ইব, সংখ্যে সমরাঙ্গনে ॥১॥
পুরুজিদিতি। পুরুজিন্নাম, কুন্তিভোজস্বদেশীয়ঃ। ভীমসেনস্যেত্যুপলক্ষণম্ ॥২॥
এষ ইতি। কৃতী ধনুর্ব্বেদে দক্ষঃ, অস্ত্রপ্রয়োগে চ নিপুণঃ। শক্তঃ শক্তিমান্ ॥৩॥
স ইতি। মঘবান্ ইন্দ্রঃ। যোধা যোদ্ধারঃ। তেঽপি সর্ব্বে ॥৪॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন মহারাজ! রোচমান পাণ্ডবপক্ষের একজন মহারথ। তিনি সমরাঙ্গনে বিপক্ষসৈন্যমধ্যে কোন দেবতার ন্যায় যুদ্ধ করিবেন ॥১॥

পাণ্ডবগণের মাতুল, কুন্তিভোজদেশীয়, মহাধনুর্দ্ধর ও মহাবল পুরুজিৎকে আমি একজন অতিরথ বলিয়া মনে করি ॥২॥

আমার মতে এই বীর মহাধনুর্দ্ধর, ধনুর্ব্বেদে নিপুণ, অস্ত্রপ্রয়োগে দক্ষ, বিচিত্রযুদ্ধকারী, বলবান্ ও রথিশ্রেষ্ঠ ॥৩॥

ইন্দ্র যেমন বিক্রম প্রকাশ করিয়া দানবগণের সহিত যুদ্ধ করিয়াছেন, সেইরূপ পুরুজিৎ রাজাও বিক্রম প্রকাশ করিয়া তোমার সৈন্যগণের সহিত যুদ্ধ করিবেন। আর উঁহার যে সকল বিখ্যাত যোদ্ধা আছে, তাহারা সকলেও যুদ্ধে বিশারদ ॥৪॥

ভৈমসেনির্মহারাজ ! হৈড়িম্বো রাক্ষসেশ্বরঃ ।
মতো মে বহুমায়াবী রথযূথপযূথপঃ ॥৬॥
যোৎস্যতে সমরে তাত ! মায়াবী সমরপ্রিয়ঃ ।
যে চাস্য রাক্ষসা বীরাঃ সচিবা বশবর্ত্তিনঃ ॥৭॥
এতে চান্যে চ বহবো নানাজনপদেশ্বরাঃ ।
সমেতাঃ পাণ্ডবস্যার্থে বাসুদেবপুরোগমাঃ ॥৮॥
এতে প্রাধান্যতো রাজন্ ! পাণ্ডবস্য মহাত্মনঃ ।
রথাশ্চাতিরথাশ্চৈব যে চান্যেঽর্দ্ধরথা নৃপ ! ॥৯॥
নেষ্যন্তি সমরে সেনাং ভীমাং যৌধিষ্ঠিরীং নৃপাঃ ।
মহেন্দ্রেণেব বীরেণ পাল্যমানাং কিরীটিনা ॥১০॥ (যুগ্মকম্)
তৈরহং সমরে বীর ! মায়াবিদ্ভির্জয়ৈষিভিঃ ।
যোৎস্যামি জয়মাকাঙ্ক্ষন্নথবা নিধনং রণে ॥১১॥

ভারতকৌমুদী

ভাগিনেয়েতি। ভাগিনেয়ানাং কৌরব্যানাং কৃতে নিমিত্তে। সঙ্গরে যুদ্ধে ॥৫॥
ভৈমেতি। ভৈমসেনির্ভীমসেনপুত্রঃ, হৈড়িম্বো হিড়িম্বাগর্ভজাতো ঘটোৎকচঃ ॥৬॥
যোৎস্যত ইতি। যে চ রাক্ষসাঃ, তেঽপি যোৎস্যন্ত ইত্যর্থঃ ॥৭॥
এত ইতি। সমেতাঃ সম্মিলিতাঃ, বাসুদেবপুরোগমাঃ কৃষ্ণপ্রভৃতয়ঃ ॥৮॥
এত ইতি। পাণ্ডবস্য যুধিষ্ঠিরস্য। নেষ্যন্তি চালয়িষ্যন্তি। ভীমাং ভীষণাম্ ॥৯—১০॥

বীর এবং পাণ্ডবগণের প্রিয়কার্য্য ও হিতকার্য্যে নিরত সেই পুরুজিৎ ভাগিনেয়দের জন্য যুদ্ধে গুরুতর কার্য্য সাধন করিবেন ॥৫॥

মহারাজ। ভীমের পুত্র হিড়িম্বার গর্ভজাত রাক্ষসাধিপতি ঘটোৎকচ বহুবিধ মায়া জানে এবং একজন অতিরথ ; ইহাই আমার ধারণা ॥৬॥

অতএব বৎস। মায়াবী ও সমরপ্রিয় সেই ঘটোৎকচ সমরাঙ্গনে যুদ্ধ করিবে। আর উহার যে সকল বীর রাক্ষস সহায় ও বশবর্ত্তী আছে, তাহারাও যুদ্ধ করিবে ॥৭॥

ইহারা এবং অন্যও বহুতর কৃষ্ণপ্রভৃতি নানাদেশীয় রাজা আসিয়া পাণ্ডবগণের জন্য সমবেত হইয়াছেন ॥৮॥

রাজা। মহাত্মা যুধিষ্ঠিরের পক্ষে প্রধান অনুসারে এই সকল যোদ্ধার নাম বলিলাম। নরনাথ! অন্য যে সকল অর্দ্ধরথ, রথী ও অতিরথ রাজা আছেন, তাঁহারা সমরাঙ্গনে যুধিষ্ঠিরের ভয়ঙ্কর সেনাকে রক্ষা করিতে থাকিবেন ॥৯—১০॥

(১০)…যৌধিষ্ঠিরীং নৃপ !…বা ব রা নি।

বাসুদেবশ্চ পার্থশ্চ চক্রগাণ্ডীবধারিণৌ।
সন্ধ্যাগতাবিবার্কেন্দূ সমেষ্যেতে রথোত্তমৌ ॥১২॥
যে চৈব তে রথোদারাঃ পাণ্ডুপুত্রস্য সৈনিকাঃ।
সহসৈন্যানহং তাংশ্চ প্রতীয়াং রণমূর্দ্ধনি ॥১৩॥
এতে রথাশ্চাতিরথাশ্চ তুভ্যং যথাপ্রধানং নৃপ! কীর্ত্তিতা ময়া।
তথা পরে যেঽর্দ্ধরথাশ্চ কেচিত্তথৈব তেষামপি কৌরবেন্দ্র! ॥১৪॥
অর্জ্জুনং বাসুদেবঞ্চ যে চান্যে তত্র পার্থিবাঃ।
সর্বাংস্তান্ বারয়িষ্যামি যাবদ্দ্রক্ষ্যামি ভারত! ॥১৫॥

ভারতকৌমুদী

তৈরিতি। নিধনমাকাঙ্ক্ষন্, অভিযাস্যামি যুদ্ধনিধনং স্বর্গজনকমিতি ভাবঃ ॥১১॥

বাস্বিতি। অর্কেন্দূ সূর্য্যাচন্দ্রমসৌ, সমেষ্যেতে আগমিষ্যতঃ ॥১২॥

য ইতি। সৈন্যৈঃ সহেতি সহসৈন্যাস্তান্, প্রতীয়াম্ অভিমুখং গচ্ছেয়ম্ ॥১৩॥

এত ইতি। প্রধানমনতিক্রম্যেতি যথাপ্রধানম্। তেষামপি কীর্ত্তনং কৃতমিতি শেষঃ। অতিরথাদিপরিভাষা তু গীতাটীকায়াং শ্রীধরস্বামিনা দর্শিতা। যথা—"একো দশ সহস্রাণি যোধয়েদ্যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতঃ। অমিতান্ যোধয়েদ্যস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ। রথী চৈকেন যো যোদ্ধা তন্ন্যূনোঽর্দ্ধরথস্তু সঃ॥" ॥১৪॥

অর্জ্জুনমিতি। দর্শনাসম্ভবে তু বারণাসম্ভব ইতি ভাবঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

রোচমান ইতি ॥১॥ ভীমসেনস্যেতি ক্রোধোদ্দীপনার্থং ভীমসেননামার্থং বা বিশেষণম্ ॥২—১১॥ রথোত্তমৌ উত্তমোঽগ্নিদস্তো রথো যয়োস্তৌ। আহিতাগ্ন্যাদিত্বাদুত্তমপদস্য পরনিপাতঃ। যদ্বা রথে রথযুদ্ধে উত্তমৌ উৎকৃষ্টতমৌ ॥১২—১৩॥ পাঠান্তরে প্রক্ষ্যামি পক্ষিৎ

বীর! আমি যুদ্ধে জয় কিংবা মৃত্যু কামনা করিয়া মায়াবিৎ ও জয়াভিলাষী সেই সকল বীরের সহিত সমরাঙ্গনে যুদ্ধ করিব ॥১১॥

রথিশ্রেষ্ঠ চক্রধারী কৃষ্ণ এবং গাণ্ডীবধারী অর্জ্জুন সন্ধ্যাকালে চন্দ্র ও সূর্য্যের ন্যায় মিলিত হইয়া আগমন করিবেন ॥১২॥

যুধিষ্ঠিরের পক্ষে যে সকল রথিশ্রেষ্ঠ যোদ্ধা আছেন, সমরাঙ্গনে সৈন্যগণের সহিত তাঁহাদের অভিমুখে আমি গমন করিব ॥১৩॥

রাজা! আমি তোমার নিকটে প্রধান অনুসারে এই রথী ও অতিরথগণের কীর্ত্তন করিলাম এবং কৌরবশ্রেষ্ঠ! সে পক্ষে অন্য যে কেহ অর্দ্ধরথ আছে, তাহাদের নামও বলিলাম ॥১৪॥

ভরতনন্দন! আমি যত দূর দেখিতে পাইব, তত দূর পর্য্যন্ত অর্জ্জুনকে,

---

(১২) পার্থশ্চ বাসুদেবশ্চ··· সমেষ্যে পুরুষোত্তমৌ—পি।

পাঞ্চাল্যস্তু মহাবাহো ! নাহং হন্যাং শিখণ্ডিনম্।
উদ্যতেষুমথো দৃষ্ট্বা প্রতিযুধ্যন্তমাহবে ॥১৬॥
লোকস্তদ্বেদ যদহং পিতুঃ প্রিয়চিকীর্ষয়া।
প্রাপ্তং রাজ্যং পরিত্যজ্য ব্রহ্মচর্য্যব্রতে স্থিতঃ ॥১৭॥
চিত্রাঙ্গদং কৌরবাণামাধিপত্যেঽভ্যষেচয়ম্।
বিচিত্রবীর্য্যঞ্চ শিশুং যৌবরাজ্যেঽভ্যষেচয়ম্ ॥১৮॥
দেবব্রতত্বং বিজ্ঞাপ্য পৃথিব্যাং সর্বরাজসু।
নৈব হন্যাং স্ত্রিয়ং জাতু ন স্ত্রীপূর্বং কদাচন ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পাঞ্চাল্যমিতি। পাঞ্চাল্যং পাঞ্চালরাজপুত্রম্। উদ্যতেষুম্ উত্তোলিতবাণম্ ॥১৬॥

অথ শিখণ্ডিনং কথং ন হন্তা ইত্যাহ লোক ইতি। বেদ জানাতি ॥১৭॥

ননু ব্রহ্মচর্য্যব্রতে স্থিতাবপি শিখণ্ডিনো হননে কো দোষ ইত্যাহ চিত্রেতি। চিত্রাঙ্গদ-বিচিত্রবীর্য্যৌ স্বভ্রাতরৌ। দেবস্য সনৎকুমারস্যেব ব্রতং নৈষ্ঠিকব্রহ্মচর্য্যং যস্য তত্ত্বম্। তেন কিমিত্যাহ নৈবেতি। জাতু কদাচিদপি, স্ত্রিয়ং নৈব হন্যাম্, হননে দর্শনস্যাবশ্যকত্বাৎ স্ত্রীদর্শনে চ বিকারোদয়েন ব্রহ্মচর্য্যনাশাৎ "প্রেক্ষণং গুপ্তভাষণম্" ইতি দক্ষেণ প্রেক্ষণবৈপরীত্য-স্যৈব ব্রহ্মচর্য্যত্বাভিধানাদিতি ভাবঃ। পূর্বং স্ত্রীতি স্ত্রীপূর্বঃ পুমান্ তমপি কদাচন ন হন্যাম্, তস্যাপি পূর্বস্ত্রীত্বস্মরণেন ব্রহ্মচর্য্যনাশাদিত্যাশয়ঃ ॥১৮—১৯॥

ভারতভাবদীপঃ

ধারয়ামি ॥১৫—১৮॥ দেবব্রতত্বং স্ত্রীসম্মুখে গমনে হি দৃষ্টিমৈথুনং স্যাৎ স্ত্রীপূর্ব্বদর্শনেঽপি মনসা তদীয়স্ত্রীভাবস্মরণেন বিকারঃ স্যাদিতি ভাবঃ ॥১৯—২১॥

ইতি উদ্‌যোগপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬১॥

কৃষ্ণকে এবং সে পক্ষে অন্য যে সকল রাজা আছেন, তাঁহাদের সকলকে বারণ করিব ॥১৫॥

মহাবাহু দুর্য্যোধন ! দ্রুপদরাজার পুত্র শিখণ্ডী যুদ্ধে আসিয়া বাণ উত্তোলন করিয়া যদি প্রতিযুদ্ধ করিতেও আরম্ভ করে, তথাপি কিন্তু আমি তাহাকে দেখিয়া বধ করিব না ॥১৬॥

কারণ, আমি পিতৃদেবের প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় প্রাপ্ত রাজ্য পরিত্যাগ করিয়াও যে ব্রহ্মচর্য্যব্রতে রহিয়াছি, তাহা সমস্ত লোকেই জানে ॥১৭॥

আমি পৃথিবীতে সকল রাজার নিকটে নিজের ব্রহ্মচর্য্যব্রতের বিষয় জানাইয়া চিত্রাঙ্গদকে কৌরবরাজ্যে এবং শিশু বিচিত্রবীর্য্যকে যৌবরাজ্যে অভিষিক্ত

(১৭) লোকস্তং বেদ···বা ব রা নি। (১৯)···পৃথিবীং সর্বরাজসু···বা ব রা নি।

স হি স্ত্রীপূর্বকো রাজন্! শিখণ্ডী যদি তে শ্রুতঃ।
কন্যা ভূত্বা পুমান্ জাতো ন যোৎস্যে তেন ভারত! ॥২০॥
সর্বাংস্ত্বন্যান্ হনিষ্যামি পার্থিবান্ ভরতর্ষভ!।
যান্ সমেষ্যামি সমরে ন তু কুন্তীসুতান্ নৃপ! ॥২১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি
রথাতিরথসংখ্যানে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

(২। অম্বোপাখ্যানপর্ব।)

দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—————০:::০—————

দুর্য্যোধন উবাচ।
কিমর্থং ভরতশ্রেষ্ঠ! নৈব হন্যাঃ শিখণ্ডিনম্।
উদ্যতেষুমথো দৃষ্ট্বা সমরেষ্বাততায়িনম্ ॥১॥

ভারতকৌমুদী

ইদানীং শিখণ্ড্যহননে স্পষ্টং কারণমাহ স ইতি। তেন শিখণ্ডিনা সহ ॥২০॥
সর্বানিতি। সমেষ্যামি প্রাপ্স্যামি। কুন্তীসুতান্ পাণ্ডবাংস্তু ন হনিষ্যামি, পৌত্রত্বাৎ ॥২১॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারত-
কৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি রথাতিরথসংখ্যানে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

————(::)————

কিমিতি। সোমকৈঃ সহ পাঞ্চালান্ হনিষ্যামি ইতি পূর্ব্বমুক্ত। ইদানীং সমরেষু উদ্যতেষুম্
অতএবাততায়িনং শিখণ্ডিনং দৃষ্ট্বাঽপি ত্বং কিমর্থং তং নৈব হন্যা ইতি সম্বন্ধঃ। ব্রহ্মচর্য্য-

করাইয়াছিলাম। সুতরাং আমি স্ত্রীলোককে বা স্ত্রীপূর্ব্বক পুরুষকে কখনও বধ
করিব না। ॥১৮—১৯॥

ভরতনন্দন রাজা। সম্ভবতঃ তুমি শুনিয়াছ যে, শিখণ্ডীই স্ত্রীপূর্ব্বক পুরুষ।
কারণ, সে স্ত্রী হইয়া পরে আবার পুরুষ হইয়াছে। সুতরাং তাহার সহিত
আমি যুদ্ধই করিব না ॥২০॥

আর, ভরতশ্রেষ্ঠ রাজা। তদ্ভিন্ন আমি যুদ্ধে অন্য যাহাদিগকে পাইব, সেই
সকল রাজাকেই বধ করিব; কিন্তু পাণ্ডবগণকে বধ করিব না' ॥২১॥

* '...দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

পূর্ব্বমুক্ত্বা মহাবাহো ! পাঞ্চালান্ সহ সোমকৈঃ ।
হনিষ্যামীতি গাঙ্গেয় ! তন্মে ব্রূহি পিতামহ ! ॥২॥ (যুগ্মকম্)

ভীষ্ম উবাচ ।

শৃণু দুর্য্যোধন ! কথাং সহৈভির্বসুধাধিপৈঃ ।
যদর্থং যুধি সংপ্রেক্ষ্য নাহং হন্যাং শিখণ্ডিনম্ ॥৩॥
মহারাজো মম পিতা শান্তনুর্লোকবিশ্রুতঃ ।
দিষ্টান্তমাপ ধর্ম্মাত্মা সমরে ভরতর্ষভ ! ॥৪॥
ততোঽহং ভরতশ্রেষ্ঠ ! প্রতিজ্ঞাং প্রতিপালয়ন্ ।
চিত্রাঙ্গদং ভ্রাতরং বৈ মহারাজ্যেঽভ্যষেচয়ম্ ॥৫॥
তস্মিংশ্চ নিধনং প্রাপ্তে সত্যবত্যা মতে স্থিতঃ ।
বিচিত্রবীর্য্যং রাজানমভ্যষিঞ্চং যথাবিধি ॥৬॥

ভারতকৌমুদী

প্রতিজ্ঞয়া স্ত্রীপূর্ব্বপুরুষদর্শনস্য পরিহারেণ স্ত্রীপূর্ব্বপুরুষস্য শিখণ্ডিনো দর্শনপরিহারে কর্ত্তব্যে পাঞ্চালহননোক্তিস্তবানুপপন্নেতি ভাবঃ ॥১—২॥

শৃণ্বিতি। কথামুপাখ্যানম্। সংপ্রেক্ষ্য শিখণ্ডিনং দৃষ্ট্বাপি ॥৩॥

মহেতি। দিষ্টান্তং জীবনকালান্তম্, "দিষ্টং দৈবে পুমান্ কালে" ইতি মেদিনী ॥৪॥

তত ইতি। প্রতিজ্ঞাং পিতৃপ্রিয়চিকীর্ষয়া কৃতাং রাজ্যাদ্যগ্রহণবিষয়াম্ ॥৫॥

তস্মিন্নিতি। নিধনং প্রাপ্তে গন্ধর্ব্বযুদ্ধে, সত্যবত্যাঃ তদাখ্যায়া বিমাতুঃ ॥৬॥

দুর্য্যোধন বলিলেন—'ভরতশ্রেষ্ঠ মহাবাহু গঙ্গানন্দন পিতামহ ! "আমি সোমকগণের সহিত পাঞ্চালগণকে বধ করিব" এই কথা পূর্ব্বে বলিয়া এখন যুদ্ধে উদ্যতশর আততায়ী শিখণ্ডীকে দেখিয়াও তাহাকে আপনি কি জন্য বধ করিবেন না; তাহা আমার নিকট বলুন' ॥১—২॥

ভীষ্ম বলিলেন—'দুর্য্যোধন ! তুমি এই রাজাদের সহিত এই উপাখ্যান শ্রবণ কর; যে জন্য আমি যুদ্ধে দেখিয়াও শিখণ্ডীকে বধ করিব না ॥৩॥

ভরতশ্রেষ্ঠ ! লোকবিখ্যাত ধর্ম্মাত্মা আমার পিতা মহারাজ শান্তনু যথাসময়ে লোকান্তরে গমন করেন ॥৪॥

ভরতশ্রেষ্ঠ ! তাহার পর আমি আমার প্রতিজ্ঞা রক্ষা করিতে থাকিয়া ভ্রাতা চিত্রাঙ্গদকে মহারাজপদে অভিষিক্ত করি ॥৫॥

চিত্রাঙ্গদ মৃত্যুমুখে পতিত হইলে, মাতা সত্যবতীর মতানুসারে আমি অপর ভ্রাতা বিচিত্রবীর্য্যকে যথাবিধানে রাজপদে অভিষিক্ত করি ॥৬॥

(৫)··· প্রতিজ্ঞাং পরিপালয়ন্···বা ব রা নি।

ময়াভিষিক্তো রাজেন্দ্র! যবীয়ানপি ধর্ম্মতঃ।
বিচিত্রবীর্য্যো ধর্ম্মাত্মা মামেব সমুদৈক্ষত ॥৭॥
তস্য দারক্রিয়াং তাত! চিকীর্ষুরহমপ্যুত।
অনুরূপাদিব কুলাদিত্যেব চ মনো দধে ॥৮॥
অথাশ্রৌষং মহাবাহো! তিস্রঃ কন্যাঃ স্বয়ংবরাঃ।
রূপেণাপ্রতিমাঃ সর্বাঃ কাশীরাজসুতাস্তদা ॥৯॥
অম্বাঞ্চৈবাম্বিকাঞ্চৈব তথৈবাম্বালিকামপি।
রাজানশ্চ সমাহূতাঃ পৃথিব্যাং ভরতর্ষভ! ॥১০॥ (যুগ্মকম্)
অম্বা জ্যেষ্ঠাঽভবত্তাসামম্বিকা ত্বথ মধ্যমা।
অম্বালিকা চ রাজেন্দ্র! রাজকন্যা যবীয়সী ॥১১॥
সোঽহমেকরথেনৈব গতঃ কাশীপতেঃ পুরীম্।
অপশ্যং তা মহাবাহো! তিস্রঃ কন্যাঃ স্বলঙ্কৃতাঃ ॥১২॥

ভারতকৌমুদী

ময়েতি। যবীয়ানপি কনিষ্ঠোঽপি, ধর্ম্মতো ন্যায়তঃ। সমুদৈক্ষত অপেক্ষিতবান্ ॥৭॥
তস্যেতি। ইবশব্দ এবার্থে। অনুরূপাৎ কুলাদেব কন্যা আনেতব্যেতি শেষঃ ॥৮॥
অথেতি। স্বয়ংবরা ভাবিনীঃ। রাজানশ্চ সমাহূতা ইত্যপ্যশ্রৌষম্ ॥৯—১০॥
অম্বেতি। যবীয়সী কনিষ্ঠা ॥১১॥

রাজশ্রেষ্ঠ! আমি অভিষিক্ত করিলে, ধর্ম্মাত্মা বিচিত্রবীর্য্য কনিষ্ঠ হইয়াও ন্যায় অনুসারে সকল কার্য্যেই আমার অপেক্ষা করিতেন ॥৭॥

বৎস! আমিও তাঁহাকে বিবাহ করাইবার ইচ্ছা করিয়া অনুরূপ বংশ হইতেই কন্যা আনয়ন করিব এইরূপ মনন করিলাম ॥৮॥

ভরতশ্রেষ্ঠ! মহাবাহু! তাহার পর তখনই শুনিলাম—কাশীরাজের তিনটী কন্যা স্বয়ংবরা হইবে, তাহারা সকলেই রূপে অতুলনীয়া এবং তাহাদের নাম—অম্বা, অম্বিকা ও অম্বালিকা; আর পৃথিবীর রাজারা সকলেই সেখানে আহূত হইয়াছেন ॥৯—১০॥

মহাবাহু রাজা! তাহার পর আমি একমাত্র রথেই কাশীরাজের নগরীতে গমন করিয়া দেখিলাম—তিনটী কন্যাই সুষ্ঠুভাবে অলঙ্কৃত হইয়া রহিয়াছে এবং পৃথিবীর রাজারা আহূত হইয়া সেখানে আসিয়াছেন। তদনন্তর যুদ্ধসজ্জায়

(৮)…চিকীর্ষুরহমচ্যুত!। অনুকুলাদিব কুলাৎ…পি। (৯) তথাশ্রৌষম্…কাশি-রাজ…বা ব রা নি। (১২)…কাশিপতেঃ পুরীম্…বা ব রা নি।

রাজ্ঞশ্চৈব সমাহূতান্ পার্থিবান্ পৃথিবীপতে ।।
ততোঽহং তান্ নৃপান্ সর্বানাহূয় সমরে স্থিতান্ ॥১৩॥
রথমারোপয়াঞ্চক্রে কন্যাস্তা ভরতর্ষভ ।।
বীর্য্যশুল্কাশ্চ তা জ্ঞাত্বা সমারোপ্য রথং তদা ॥১৪॥
অবোচং পার্থিবান্ সর্বানহং তত্র সমাগতান্ ।
ভীষ্মঃ শান্তনবঃ কন্যা হরতীতি পুনঃ পুনঃ ॥১৫॥ (কলাপকম্)
তে যতধ্বং পরং শক্ত্যা সর্বে মোক্ষায় পার্থিবাঃ ।।
প্রসহ্য হি হরাম্যেষ মিষতাং বো নরর্ষভাঃ । ॥১৬॥
ততস্তে পৃথিবীপালাঃ সমুৎপেতুরুদায়ুধাঃ ।
যোগো যোগ ইতি ক্রুদ্ধা সারথীনভ্যচোদয়ন্ ॥১৭॥

ভারতকৌমুদী

স ইতি। একরথেনৈবেতি বিপক্ষাণাং হরণাৎ পূর্বং মজ্ঞাননিবারণার্থম্। পার্থিবান্ পৃথিবীসম্বন্ধিনঃ। সমরে স্থিতান্ সজ্জিতান্। রথমারোপয়াঞ্চক্রে অহমিতি শেষঃ। বীর্য্যং বলমেব শুল্কং পণো যাসাং তাঃ। শান্তনবপদং ভীষ্মান্তরব্যাবৃত্ত্যর্থম্ ॥১২—১৫॥

ত ইতি। মোক্ষায় কন্যানাং মোচনায়। প্রসহ্য বলেন। মিষতাং পশ্যতাম্ ॥১৬॥

তত ইতি। যোগো যোগঃ সন্নাহঃ সন্নাহঃ ক্রিয়তামিতি শেষঃ। "যোগঃ সন্নহনোপায়-ধ্যানসঙ্গতিযুক্তিষু" ইত্যমরঃ। তূর্ণং রথাদিসজ্জা ক্রিয়তামিত্যর্থঃ। অভ্যচোদয়ন্ প্রৈরয়ন্ ॥১৭॥

রাজশ্রেষ্ঠ! তাহাদের মধ্যে অম্বা জ্যেষ্ঠা, অম্বিকা মধ্যমা এবং অম্বালিকা কনিষ্ঠা ছিলেন ॥১১॥

সজ্জিত সেই সকল রাজাকেই সম্বোধন করিয়া আমি সেই কন্যা কয়টীকে রথে তুলিয়া লইলাম। ভরতশ্রেষ্ঠ! সেই কন্যা কয়টীর বলই পণ ইহা জানিয়া এবং তখনই তাহাদিগকে রথে তুলিয়া লইয়া সেখানে সমাগত সকল রাজাকেই আমি বার বার এই কথা বলিলাম—'শান্তনুনন্দন ভীষ্ম কন্যা কয়টীকে হরণ করিতেছেন ॥১২—১৫॥

রাজগণ! আপনারা সকলেই আমার নিকট হইতে এই কন্যা কয়টীকে মুক্ত করিবার জন্য শক্তি অনুসারে বিশেষ যত্ন করুন। নরশ্রেষ্ঠগণ! আপনা-দের সমক্ষেই আমি বলপূর্বক এই কন্যা কয়টীকে হরণ করিতেছি' ॥১৬॥

তাহার পর সেই রাজারা অস্ত্র উত্তোলন করিয়া গাত্রোত্থান করিলেন এবং ক্রুদ্ধ হইয়া 'রথপ্রভৃতি সজ্জিত কর, রথপ্রভৃতি সজ্জিত কর' এইরূপে সারথি-প্রভৃতিকে আদেশ করিলেন ॥১৭॥

(১৬)···মিষতাং বোঃনরাধিপাঃ।—পি।

তে রথৈর্মেঘসঙ্কাশৈর্গজৈশ্চ গজযোধিনঃ।
পুষ্টৈশ্চাশ্বৈর্মহীপালাঃ সমুৎপেতুরুদায়ুধাঃ ॥১৮॥
ততস্তে মাং মহীপালাঃ সর্ব এব বিশাংপতে!।
রথব্রাতেন মহতা সর্বতঃ পর্য্যবারয়ন্ ॥১৯॥
তানহং শরবর্ষেণ সমন্তাৎ পর্য্যবারয়ম্।
সর্বান্ নৃপাংশ্চাপ্যজয়ং দেবরাড়িব দানবান্ ॥২০॥
অপাতয়ং শরৈর্দীপ্তৈঃ প্রহসন্ ভরতর্ষভ!।
তেষামাপততাং চিত্রান্ ধ্বজান্ হেমপরিষ্কৃতান্ ॥২১॥
একৈকেন হি বাণেন ভূমৌ পাতিতবানহম্।
হয়াংস্তেষাং গজাংশ্চৈব সারথীংশ্চাপ্যহং রণে ॥২২॥

ভারতকৌমুদী

ত ইতি। মেঘসঙ্কাশৈর্মেঘবৎ শ্যামবর্ণৈর্গজৈঃ। পুষ্টৈঃ পুষ্টাঙ্গৈঃ ॥১৮॥
তত ইতি। রথানাং ব্রাতেন সমূহেন। পর্য্যবারয়ন্ পরিবেষ্টিতবন্তঃ ॥১৯॥
তানিতি। পর্য্যবারয়ং নিবারিতবান্। অজয়ং জিতবান্, দেবরাট্ ইন্দ্রঃ ॥২০॥
অপাতয়মিতি। আপততাম্ আগচ্ছতাম্। হেমপরিষ্কৃতান্ স্বর্ণালঙ্কৃতান্ ॥২১॥
একৈকেনেতি। হয়ান্ অশ্বান্। আর্ষত্বাদহংশব্দস্য পুনরুক্তিঃ সোঢ়ব্যা ॥২২॥

ক্রমে সেই রথারোহী রাজারা রথে, হস্ত্যারোহী রাজারা মেঘতুল্য হস্তীতে এবং অশ্বারোহী রাজারা পরিপুষ্ট অশ্বে আরোহণ করিয়া অস্ত্র উত্তোলনপূর্ব্বক উপস্থিত হইলেন ॥১৮॥

নরনাথ! তাহার পর সেই রাজারা সকলেই বিশাল রথসমূহদ্বারা আমাকে সকল দিকে বেষ্টন করিলেন ॥১৯॥

তখন আমি সকল দিকেই শর বর্ষণ করিয়া তাঁহাদিগকে বারণ করিলাম এবং দেবরাজ যেমন দানবদিগকে জয় করিতেন, সেইরূপ সকল রাজাকে জয় করিলাম ॥২০॥

ভরতশ্রেষ্ঠ! আমি হাস্য করিতে থাকিয়া উজ্জ্বল বাণদ্বারা আগমনকারী সেই রাজগণের স্বর্ণভূষিত বিচিত্র ধ্বজগুলিকে ছেদন করিয়া ফেলিয়াছিলাম ॥২১॥

এবং আমি এক একটী বাণদ্বারা যুদ্ধে তাঁহাদের হস্তী, অশ্ব ও সারথিগণকে ভূতলে নিপাতিত করিয়াছিলাম ॥২২॥

---

(১৮) তে রথৈর্গজসঙ্কাশৈঃ...বা ব রা নি। (২২) একেনৈকেন বাণেন...পি।

তে নিবৃত্তাশ্চ ভগ্নাশ্চ দৃষ্ট্বা তল্লাঘবং মম।
অথাহং হাস্তিনপুরমায়াং জিত্বা মহীক্ষিতঃ ॥২৩॥
ততোঽহং তাশ্চ কন্যা বৈ ভ্রাতুরর্থায় ভারত!।
তচ্চ কর্ম্ম মহাবাহো! সত্যবত্যৈ ন্যবেদয়ম্ ॥২৪॥
ততোঽহং ভরতশ্রেষ্ঠ! মাতরং বীরমাতরম্।
অভিগম্যোপসংগৃহ্য দাসেয়ীমিদমব্রুবম্ ॥২৫॥
ইমাঃ কাশীপতেঃ কন্যা ময়া নির্জ্জিত্য পার্থিবান্।
বিচিত্রবীর্য্যস্য কৃতে বীর্য্যশুল্কা হৃতা ইতি ॥২৬॥
ততো মূর্দ্ধন্যুপাঘ্রায় পর্য্যশ্রুনয়না নৃপ!।
আহ সত্যবতী হৃষ্টা দিষ্ট্যা পুত্র! জিতং ত্বয়া ॥২৭॥

ভারতকৌমুদী

ত ইতি। ভগ্নাঃ পরাজিতাঃ লাঘবম্ অস্ত্রক্ষেপশীঘ্রতাং দৃষ্ট্বা নিবৃত্তাশ্চ। আয়ামাগচ্ছম্ ॥২৩॥
তত ইতি। কর্ম্ম জয়রূপম্। ন্যবেদয়ং দূতদ্বারা ॥২৪॥
তত ইতি। উপসংগৃহ্য সত্যবত্যাঃ পাদৌ, দাসেয়ীং দাসতনয়াং সত্যবতীম্ ॥২৫॥
ইমা ইতি। কৃতে নিমিত্তে। বীর্য্যশুল্কা ইত্যনেন হরণস্যান্যায্যত্বং পরিহৃতম্ ॥২৬॥
তত ইতি। উপাঘ্রায় মামিতি শেষঃ। দিষ্ট্যা ভাগ্যেন ॥২৭॥

তখন তাঁহারা পরাজিত হইয়া আমার সেই দ্রুত অস্ত্রক্ষেপ দেখিয়া নিবৃত্তি পাইলেন। তাহার পর আমি রাজগণকে জয় করিয়া হস্তিনানগরে আগমন করিলাম ॥২৩॥

ভরতনন্দন মহাবাহু! তৎপরে আমি ভ্রাতা বিচিত্রবীর্য্যের জন্য সেই কন্যা কয়টীকে যে আনয়ন করিয়াছি এবং রাজগণকে যে জয় করিয়াছি, তাহা দূতদ্বারা সত্যবতীকে জানাইলাম ॥২৪॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর আমি বীরজননী মাতা সত্যবতীর নিকট যাইয়া তাঁহার চরণে নমস্কার করিয়া তাঁহাকে এই কথা বলিলাম—॥২৫॥

'দেবি! আমি রাজগণকে জয় করিয়া বিচিত্রবীর্য্যের জন্য বীর্য্যশুল্কা এই কাশীরাজের কন্যা কয়টীকে হরণ করিয়াছি' ॥২৬॥

রাজা! তখন সত্যবতী আনন্দিত হইয়া আনন্দাশ্রু বর্ষণ করিতে থাকিয়া আমার মস্তকাঘ্রাণ করিয়া বলিলেন—'পুত্র! তুমি ভাগ্যবশতঃ জয় করিয়াছ' ॥২৭॥

(২৪) শ্লোকাৎ পরম্ 'ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি। (২৫)··· দাশেয়ীম্···বা ব রা। (২৬) ইমাঃ কাশিপতেঃ কন্যাঃ· ·বা ব রা নি।

সত্যবত্যাস্ত্বনুমতে বিবাহে সমুপস্থিতে।
উবাচ বাক্যং সব্রীড়া জ্যেষ্ঠা কাশীপতেঃ সুতা ॥২৮॥
ভীষ্ম! ত্বমসি ধর্ম্মজ্ঞঃ সর্বশাস্ত্রবিশারদঃ।
শ্রুত্বা চ বচনং ধর্ম্ম্যং মহ্যং কর্ত্তুমিহার্হসি ॥২৯॥
ময়া শাল্বপতিঃ পূর্বং মনসাভিবৃতো বরঃ।
তেন চাস্মি বৃতা পূর্বং রহস্যবিদিতে পিতুঃ ॥৩০॥
কথং মামন্যকামাং ত্বং রাজধর্ম্মমতীত্য বৈ।
বাসয়েথা গৃহে ভীষ্ম! কৌরবঃ সন্ বিশেষতঃ ॥৩১॥
এতদ্‌বুদ্ধ্যা বিনিশ্চিত্য মনসা ভরতর্ষভ!।
যৎ ক্ষমং তে মহাবাহো! তদিহারব্ধুমর্হসি ॥৩২॥
স মাং প্রতীক্ষতে ব্যক্তং শাল্বরাজো বিশাংপতে!।
তস্মান্মাং ত্বং কুরুশ্রেষ্ঠ! সমনুজ্ঞাতুমর্হসি ॥৩৩॥

ভারতকৌমুদী

সত্যবত্যা ইতি। সব্রীড়া সলজ্জা, জ্যেষ্ঠা অম্বা ॥২৮॥
ভীষ্মেতি। মহ্যং মম ধর্ম্ম্যং বচনম্, কর্ত্তুং কর্ত্তব্যত্বাবধারিতং কর্ম্মেতি শেষঃ ॥২৯॥
ময়েতি। শাল্বপতিঃ শাল্বদেশাধিপতিঃ। রহসি নির্জ্জনে, পিতুরবিদিতে স্থানে ॥৩০॥
কথমিতি। বাসয়েথা ভ্রাতৃবধূরূপেণ স্থাপয়েথাঃ ॥৩১॥
এতদিতি। ক্ষমমুচিতম্। আরব্ধুং কর্ত্তুম্ ॥৩২॥
স ইতি। ব্যক্তং ধ্রুবম্। সমনুজ্ঞাতুং তদন্তিকগমনায়েতি শেষঃ ॥৩৩॥

তাহার পর সত্যবতীর অনুমতিক্রমে বিবাহের দিন উপস্থিত হইলে, কাশী-রাজের জ্যেষ্ঠকন্যা অম্বা লজ্জিত হইয়া আমাকে এইকথা বলিলেন—॥২৮॥

'ভীষ্ম! আপনি ধর্ম্মজ্ঞ এবং সর্বশাস্ত্রে বিশারদ! অতএব আপনি আমার ধর্ম্মসঙ্গত বাক্য শ্রবণ করিয়া যাহা কর্ত্তব্য বোধ করেন তাহাই করুন ॥২৯॥

আমি পূর্ব্বে মনে মনে শাল্বরাজাকে পতিরূপে বরণ করিয়াছি, আবার তিনিও পূর্বে আমার পিতার অজ্ঞাতসারে নির্জ্জনস্থানে আমাকে পত্নীরূপে বরণ করিয়াছেন ॥৩০॥

অতএব ভীষ্ম! আমি অন্য পুরুষকে কামনা করিয়াছি। সুতরাং আপনি রাজধর্ম্ম অতিক্রম করিয়া বিশেষতঃ কুরুবংশে জন্মিয়া কিপ্রকারে আমাকে ভ্রাতৃবধূরূপে গৃহে বাস করাইবেন? ॥৩১॥

ভরতশ্রেষ্ঠ মহাবাহু! মন ও বুদ্ধিদ্বারা ইহা বিশেষ বিবেচনা করিয়া যাহা সঙ্গত হয়, এখন তাহাই করিতে পারেন ॥৩২॥

কৃপাং কুরু মহাবাহো ! ময়ি ধর্ম্মভৃতাং বর ! ।
ত্বং হি সত্যব্রতো বীর ! পৃথিব্যামিতি নঃ শ্রুতম্ ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে অম্বাবাক্যে দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—————:-০-:—————

ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ।

————০:::০————

ভীষ্ম উবাচ ।

ততোঽহং সমনুজ্ঞাপ্য কালীং গন্ধবতীং তদা ।
মন্ত্রিণশ্চ দ্বিজাংশ্চৈব তথৈব চ পুরোহিতান্ ।
সমনুজ্ঞাসিষং কন্যামম্বাং জ্যেষ্ঠাং নরাধিপ ! ॥১॥

ভারতকৌমুদী

কৃপামিতি । আত্মনঃ সত্যব্রতত্বে পরস্যাপি সত্যং রক্ষণীয়মিতি ভাবঃ ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

————(:::)————

তত ইতি । সমনুজ্ঞাপ্য সমনুজ্ঞাং কারয়িত্বা, কালীং গন্ধবতীমিত্যুভয়মপি সত্যবতীং বোধয়তি । সমনুজ্ঞাসিষং শাল্বরাজান্তিকং গন্তুম্, অড়ভাব আর্ষঃ । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

ভারতভাবদীপঃ

কিমর্থমিতি ॥১—৩॥ দিষ্টান্তং মরণম্ ॥৪—১৫॥ মিষতাং পশ্যতাম্ অনাদরে ষষ্ঠী ॥১৬—২৪॥ মাতরম্ উপসংগৃহ্য পাদয়োঃ পতিত্বা ।২৫॥ বীর্য্যশুল্কাঃ বীর্য্যমেব শুল্কং মৌল্যং যাসাং তাঃ ॥২৬—২৮॥ মহ্যং মম ॥২৯—৩৩॥ সত্যব্রতো নিত্যং ব্রহ্মচারী ॥৩৪॥

ইতি উদ্‌যোগপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬২॥

নরনাথ ! কৌরবশ্রেষ্ঠ ! নিশ্চয়ই শাল্বরাজা আমার প্রতীক্ষা করিতেছেন। সুতরাং আপনি আমাকে সেখানে যাইবার অনুমতি দিন ॥৩৩॥

মহাবাহু ধার্ম্মিকশ্রেষ্ঠ। আপনি আমার উপরে দয়া করুন। বীর ! আপনি পৃথিবীর মধ্যে 'সত্যব্রত' ইহা আমাদের শুনা আছে' ॥৩৪॥

---

* '...চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি। (১)...মন্ত্রিণশ্চদ্বিজশ্চৈব...বা ব রা নি।

অনুজ্ঞাতা যযৌ সা তু কন্যা শাল্বপতেঃ পুরম্।
বৃদ্ধৈর্দ্বিজাতিভির্গুপ্তা ধাত্র্যা চানুগতা তদা ॥২॥
অতীত্য চ তমধ্বানমাসসাদ নরাধিপম্।
সা তমাসাদ্য রাজানং শাল্বং বচনমব্রবীৎ ॥৩॥
আগতাহং মহাবাহো! ত্বামুদ্দিশ্য মহামতে!।
অভিনন্দস্ব মাং রাজন্! সদা প্রিয়হিতে রতাম্ ॥৪॥
প্রতিপাদয় মাং রাজন্! ধর্ম্মাদীংশ্চর ধর্ম্মতঃ।
ত্বং হি মে মনসা ধ্যাতস্ত্বয়া চাপ্যুপমন্ত্রিতা ॥৫॥

ভীষ্ম উবাচ।

তামব্রবীচ্ছাল্বপতিঃ স্ময়ন্নিব বিশাংপতে!।
ত্বয়ান্যপূর্বয়া নাহং ভার্য্যার্থী বরবর্ণিনি! ॥৬॥

ভারতকৌমুদী

অন্বিতি। দ্বিজাতিভির্ব্রাহ্মণৈঃ, গুপ্তা রক্ষিতা, ধাত্র্যা রক্ষিকয়া কয়াচিৎ স্ত্রিয়া ॥২॥
অতীত্যেতি। অধ্বানং পন্থানম্, আসসাদ প্রাপ। সা অম্বা ॥৩॥
আগতেতি। অভিনন্দস্ব গ্রহণেন আদ্রিয়স্ব। প্রিয়হিতে রতাং চিন্তামাত্রেণ ॥৪॥
প্রতীতি। প্রতিপাদয় পত্নীং নিষ্পাদয়। মে ময়া, ধ্যাতঃ পতিরূপেণ ॥৫॥

ভীষ্ম বলিলেন—'রাজা! তাহার পর আমি—মাতা সত্যবতী, মন্ত্রিগণ, ব্রাহ্মণগণ ও পুরোহিতগণের অনুমতি লইয়া কাশীরাজের সেই জ্যেষ্ঠা কন্যা অম্বাকে শাল্বরাজের নিকট যাইবার অনুমতি দিলাম ॥১॥

তখন সেই অম্বা আমার অনুমতি লাভ করিয়া শাল্বরাজার নগরে গমন করিলেন; তৎকালে বৃদ্ধ ব্রাহ্মণেরা তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন এবং একজন ধাত্রী তাঁহার সঙ্গে গেল ॥২॥

ক্রমে অম্বা সেই পথ অতিক্রম করিয়া শাল্বরাজার নিকট উপস্থিত হইলেন এবং তাঁহাকে এই কথা বলিলেন—॥৩॥

'মহাবাহু মহামতি রাজা! আমি আপনার উদ্দেশেই আসিয়াছি এবং সর্বদা আপনার প্রিয় ও হিত কার্য্যে নিরত আছি। অতএব আপনি আমাকে আদর করুন ॥৪॥

রাজা! আপনি পাণি গ্রহণ করিয়া আমাকে পত্নী করুন এবং ন্যায় অনুসারে আমার সহিত ধর্ম্মাচরণ করুন। কারণ, আমি মনে মনে আপনাকে পতিরূপে চিন্তা করিয়াছি, আপনিও আমাকে সেইরূপই বলিয়াছেন' ॥৫॥

(৪) অস্ত দ্বিতীয়ার্দ্ধতঃ ভীষ্ম উবাচ—পর্য্যন্তঃ পাঠঃ নি বা ব রা নাস্তি।

গচ্ছ ভদ্রে ! পুনস্তত্র সকাশং ভারতস্য বৈ ।
নাহমিচ্ছামি ভীষ্মেণ গৃহীতাং ত্বাং প্রসহ্য বৈ ॥৭॥
ত্বং হি ভীষ্মেণ নির্জ্জিত্য নীতা প্রীতিমতী তদা ।
পরামৃশ্য মহাযুদ্ধে নির্জিত্য পৃথিবীপতীন্ ॥৮॥
নাহং ত্বয্যন্যপূর্ব্বায়াং ভার্য্যার্থী বরবর্ণিনি ! ।
কথমস্মদ্বিধো রাজা পরপূর্ব্বাং প্রবেশয়েৎ ॥৯॥
নারীং বিদিতবিজ্ঞানঃ পরেষাং ধর্ম্মমাদিশন্ ।
যথেষ্টং গম্যতাং ভদ্রে ! মা ত্বাং কালোঽত্যগাদয়ম্ ॥১০॥ (যুগ্মকম্)
অম্বা তমব্রবীদ্রাজন্নঙ্গশরপীড়িতা ।
নৈবং বদ মহীপাল ! নৈতদেবং কথঞ্চন ॥১১॥

ভারতকৌমুদী

তামিতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। অন্যঃ পুরুষঃ পূর্বঃ পূর্বস্বামী যস্যাস্তয়া ॥৬॥
গচ্ছেতি। তত্র হস্তিনানগরে, ভারতস্য ভরতবংশীয়স্য ভীষ্মস্য। প্রসহ্য বলেন ॥৭॥
ত্বমিতি। প্রীতিমতী ভীষ্মগ্রহণ এব সন্তোষবতী। পরামৃশ্য স্পৃষ্ট্বা ॥৮॥
নেতি। অন্যঃ পুরুষঃ পূর্ব্বঃ পূর্বস্বামী যস্যাস্তস্যাম্। প্রবেশয়েৎ গৃহ ইতি শেষঃ। বিদিতানি বিজ্ঞায়ন্তে এভিরিতি বিজ্ঞানানি শাস্ত্রাণি যেন সঃ। মা অত্যগাৎ নাতিক্রামতু ॥৯—১০॥
অম্বেতি। এতৎ ত্বয়োক্তং প্রীতিমতীতি বচঃ, এবং সত্যং ন ॥১১॥

ভীষ্ম কহিলেন—'নরনাথ! তখন শাল্বরাজা ঈষৎ হাস্য করিয়াই যেন অম্বাকে বলিলেন—'বরবর্ণিনি! পূর্ব্বে অন্য পুরুষ তোমাকে গ্রহণ করিয়াছে; এ অবস্থায় আমি তোমাকে পত্নীরূপে গ্রহণ করিতে পারি না ॥৬॥

ভদ্রে! তুমি পুনরায় হস্তিনানগরে ভীষ্মের নিকটেই যাও। কারণ, ভীষ্ম তোমাকে বলপূর্ব্বক গ্রহণ করিয়াছেন, এ অবস্থায় আমি তোমাকে গ্রহণ করিতে ইচ্ছা করি না ॥৭॥

ভীষ্ম মহাযুদ্ধে রাজগণকে পরাজয় করিয়া স্পর্শপূর্বক তোমাকে লইয়া গিয়াছিলেন, তুমি তাহাতে তখন আনন্দিতই হইয়াছিলে ॥৮॥

বরবর্ণিনি! আমি অন্যপূর্ব্বা নারীকে ভার্য্যা করিতে ইচ্ছা করি না। কারণ, শাস্ত্রজ্ঞ ও পরের উদ্দেশে ধর্ম্মোপদেশকারী আমার মত রাজা কিপ্রকারে পরপূর্ব্বা নারীকে আপন ভবনে প্রবেশ করাইতে পারেন? সুতরাং ভদ্রে! তুমি ইচ্ছানুসারে গমন কর, তোমার এই সময়টা যেন চলিয়া যায় না' ॥৯--১০॥

---

(৭)...সকাশং ভীষ্মকস্য বৈ...বা ব রা নি। (৮) ত্বাং...নীতাং প্রীতিমতীং তদা...পি।

নাস্মি প্রীতিমতী নীতা ভীষ্মেণামিত্রকর্ষিণা।
বলান্নীতাস্মি রুদতী বিদ্রাব্য পৃথিবীপতীন্ ॥১২॥
ভজস্ব মাং শাল্বপতে! ভক্তাং বালামনাগসম্।
ভক্তানাং হি পরিত্যাগো ন ধর্ম্মেষু প্রশস্যতে ॥১৩॥
সাহমামন্ত্র্য গাঙ্গেয়ং সমরেষ্বনিবর্ত্তিনম্।
অনুজ্ঞাতা চ তেনাস্মি তবৈব বশমাগতা ॥১৪॥
নহি ভীষ্মো মহাবুদ্ধির্মামিচ্ছতি বিশাংপতে!।
ভ্রাতৃহেতোঃ সমারম্ভো ভীষ্মস্যেতি শ্রুতং ময়া ॥১৫॥
ভগিন্যৌ মম যে নীতে অম্বিকাম্বালিকে নৃপ!।
প্রাদাদ্বিচিত্রবীর্য্যায় গাঙ্গেয়ো হি যবীয়সে ॥১৬॥

ভারতকৌমুদী

নেতি। অমিত্রকর্ষিণা শত্রুবিজয়িনা। বিদ্রাব্য পরাজিত্য ॥১২॥
ভজস্বেতি। ভক্তামনুরক্তাম্, অনাগসং নিরপরাধাম্। ধর্ম্মেষু ধর্ম্মশাস্ত্রেষু ॥১৩॥
সেতি। আমন্ত্র্য অনুমতিদানার্থং সম্বোধ্য, গাঙ্গেয়ং ভীষ্মম্ ॥১৪॥
নহীতি। ইচ্ছতি পরিণেতুমিতি শেষঃ। সমারম্ভঃ অস্মাকং হরণম্ ॥১৫॥
ভগিন্যাবিতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ, যবীয়সে কনিষ্ঠায় ভ্রাত্রে ॥১৬॥

রাজা! তখন কামবাণপীড়িতা অম্বা শাল্বপতিকে বলিলেন—'নরনাথ! আপনি এরূপ বলিবেন না। কারণ, আপনার একথা কোন প্রকারেই সত্য নহে ॥১১॥

শত্রুবিজয়ী ভীষ্ম যে আমাকে লইয়া গিয়াছিলেন, তাহাতে আমি আনন্দিত হই নাই; কিন্তু আমি রোদন করিতেছিলাম, সেই অবস্থাতেই তিনি রাজগণকে পরাজয় করিয়া বলপূর্ব্বক আমাকে লইয়া গিয়াছিলেন ॥১২॥

শাল্বপতি! আমি আপনার অনুরক্তা, বালিকা এবং নিরপরাধা। সুতরাং আপনি আমাকে গ্রহণ করুন। কারণ, ধর্ম্মশাস্ত্রে ভক্তের পরিত্যাগটাকে প্রশংসা করে না ॥১৩॥

আমি—যুদ্ধে অপরাঙ্মুখ ভীষ্মকে বলিয়া তাঁহার অনুমতিক্রমে আসিয়া আপনারই বশীভূত হইয়াছি ॥১৪॥

নরনাথ! আমি শুনিয়াছি যে, মহাবুদ্ধি ভীষ্ম আমাকে বিবাহ করিতে ইচ্ছা করেন না, তবে ভ্রাতার জন্যই তাঁহার এই কন্যাহরণ ॥১৫॥

(১২)…ভীষ্মেণামিত্রকর্ষন!…বা ব রা নি। (১৪)…তেনৈব ততোঽহং স্বশমাগতা—বা ব রা নি।

যথা শাল্বপতে ! নান্যং বরং ধ্যামি কথঞ্চন।
ত্বামৃতে পুরুষব্যাঘ্র ! তথা মূর্দ্ধানমালভে ॥১৭॥
ন চান্যপূর্বা রাজেন্দ্র ! ত্বামহং সমুপস্থিতা।
সত্যং ব্রবীমি শাল্বৈতৎ সত্যেনাত্মানমালভে ॥১৮॥
ভজস্ব মাং বিশালাক্ষ ! স্বয়ং কন্যামুপস্থিতাম্।
অনন্যপূর্বাং রাজেন্দ্র ! ত্বৎপ্রসাদাভিকাঙ্ক্ষিণীম্ ॥১৯॥
তামেবং ভাষমাণাস্তু শাল্বঃ কাশীপতেঃ সুতাম্।
অত্যজদ্ভরতশ্রেষ্ঠ ! জীর্ণাং ত্বচমিবোরগঃ ॥২০॥
এবং বহুবিধৈর্বাক্যৈর্যাচ্যমানস্তয়া নৃপঃ।
নাশ্রদ্দধচ্ছাল্বপতিঃ কন্যায়াং ভরতর্ষভ ! ॥২১॥

ভারতকৌমুদী

যথেতি। ধ্যামি ধ্যায়ামি চিন্তয়ামি। আর্ষোঽয়ং প্রয়োগঃ। আলভে স্পৃশামি ॥১৭॥
নেতি। আত্মানং হৃদয়ম্, আলভে স্পৃশামি ॥১৮॥
ভজস্বেতি। ত্বৎপ্রসাদাভিকাঙ্ক্ষিণীং তবানুগ্রহাভিলাষিণীম্ ॥১৯॥
তামিতি। ত্বচং চর্ম্ম, উরগঃ সর্পঃ ॥২০॥
এবমিতি। নাশ্রদ্দধৎ আদরং নাকরোৎ, শ্রচ্ছব্দাৎ পূর্ব্বমড়াগম আর্ষঃ ॥২১॥

রাজা ! অম্বিকা ও অম্বালিকানাম্নী আমার যে দুইটী ভগিনীকে ভীষ্ম আনয়ন করিয়াছিলেন, তাহাদের দুই জনকেই তিনি তাঁহার কনিষ্ঠ ভ্রাতা বিচিত্রবীর্য্যের হস্তে দান করিয়াছেন ॥১৬॥

নরশ্রেষ্ঠ শাল্বরাজ ! আমি যে আপনাকে ছাড়া অন্য পুরুষের চিন্তা করি নাই, তাহার জন্য মস্তক স্পর্শ করিয়া শপথ করিতেছি ॥১৭॥

রাজশ্রেষ্ঠ শাল্ব ! আমি অন্যপূর্বা হইয়া আপনার নিকট উপস্থিত হই নাই, ইহা সত্য বলিতেছি এবং এই সত্যের জন্য হৃদয় স্পর্শ করিতেছি ॥১৮॥

অতএব বিশালনয়ন রাজশ্রেষ্ঠ ! আমি অনন্যপূর্ব্বা কন্যা এবং আপনার অনুগ্রহপ্রার্থিনী হইয়া নিজে আসিয়া উপস্থিত হইয়াছি। সুতরাং আপনি আমাকে গ্রহণ করুন' ॥১৯॥

ভরতশ্রেষ্ঠ ! অম্বা এইরূপ বলিতে লাগিলেও, সর্প যেমন তাহার জীর্ণ চর্ম্ম (খোলস) ত্যাগ করে, সেইরূপ শাল্ব তাহাকে ত্যাগ করিলেন ॥২০॥

ভরতশ্রেষ্ঠ ! অম্বা এইরূপ নানাবিধ বাক্যে প্রার্থনা করিতে থাকিলেও শাল্বরাজা তাহার প্রতি আদর করিলেন না ॥২১॥

(১৭)…নরং ধ্যামি কথঞ্চন…পি,…বরং যামি কথঞ্চন…নি।

ততঃ সা মন্যুনাবিষ্টা জ্যেষ্ঠা কাশীপতেঃ সুতা।
অব্রবীৎ সাশ্রুনয়না বাষ্পবিপ্লুতয়া গিরা ॥২২॥
ত্বয়া ত্যক্তা গমিষ্যামি যত্র তত্র বিশাংপতে!।
তত্র মে সন্তু গতয়ঃ সন্তঃ সত্যং যথাব্রতম্ ॥২৩॥
এবং তাং ভাষমাণাস্তু কন্যাং শাল্বপতিস্তদা।
পরিতত্যাজ কৌরব্য! করুণং পরিদেবতীম্ ॥২৪॥
গচ্ছ গচ্ছেতি তাং শাল্বঃ পুনঃ পুনরভাষত।
বিভেমি ভীষ্মাৎ সুশ্রোণি! ত্বঞ্চ ভীষ্মপরিগ্রহঃ ॥২৫॥
এবমুক্তা তু সা তেন শাল্বেনাদীর্ঘদর্শিনা।
নিশ্চক্রাম পুরাদ্দীনা রুদতী কুররী যথা ॥২৬॥

ভারতকৌমুদী

তত ইতি। মন্যুনা দৈন্যেন। বাষ্পেণ বিপ্লুতয়া বিকৃতয়া ॥২২॥

ত্বয়েতি। গতয় আশ্রয়াঃ, সন্তঃ সাধবঃ, যথাব্রতং যথানিয়মম্ ॥২৩॥

এবমিতি। করুণং সশোকম্, পরিদেবতীং বিলপন্তীম্ ॥২৪॥

গচ্ছেতি। হে সুশ্রোণি! সুনিতম্বে! ত্বং ভীষ্মপরিগ্রহঃ ভীষ্মেণ স্বীকৃতা ॥২৫॥

ভারতভাবদীপঃ

তত ইতি। মন্যুস্ত্রাসিনং মন্যুস্ত্রাতবান্ [illegible] ॥১—৭॥ পরামৃশ্য হস্তে ধৃত্বা নীতা ॥৮—২২॥ সন্তঃ সাধবঃ, গতয়ঃ রক্ষিতারঃ সন্তু ॥২৩॥ করুণং দীনং যথা তথা পরিদেবতীং শোচন্তীম্ ॥২৪—২৫॥ অদীর্ঘদর্শিনেতি শাল্বস্যাপরাধঃ সূচিতঃ ॥২৬—২৭॥ বারণেন

তাহার পর কাশীরাজের সেই জ্যেষ্ঠা কন্যা অম্বা অত্যন্তকাতরা ও সাশ্রুনয়না হইয়া বাষ্পগদ্‌গদবাক্যে বলিলেন— ॥২২॥

'নরনাথ। আপনি আমাকে ত্যাগ করিলেন বলিয়া আমি এখন যেখানে সেখানে যাইব এবং সেইখানেই সাধুলোকেরা নিজেদের নিয়ম অনুসারে যথার্থই আমার আশ্রয় হইবেন' ॥২৩॥

কৌরবনন্দন! অম্বা এইরূপ বলিতে থাকিয়া করুণ বিলাপ করিতে লাগিলেও তখনই শাল্বরাজা তাহাকে ত্যাগ করিলেন ॥২৪॥

এবং শাল্বরাজা বার বার এই কথা বলিলেন—'সুনিতম্বে! ভীষ্ম তোমাকে গ্রহণ করিয়াছেন; সুতরাং আমি তাঁহাকে ভয় করি। অতএব তুমি এখান হইতে চলিয়া যাও চলিয়া যাও' ॥২৫॥

(২৩)…তত্র মে গতয়ঃ সন্তু…যথা ব্রুবম্—বা ব রা নি। (২৬) শ্লোকাৎ পরম্ অধ্যায়-সমাপ্তিঃ পিতামহপুস্তকে ব-পুস্তকে চ দৃশ্যতে, 'ভীষ্ম উবাচ' ইতি তু বা ব।

নিষ্ক্রামন্তী তু নগরাচ্চিন্তয়ামাস দুঃখিতা।
পৃথিব্যাং নাস্তি যুবতির্বিষমস্থতরা ময়া ॥২৭॥
বন্ধুভির্বিপ্রহীণাস্মি শাল্বেন চ নিরাকৃতা।
ন চ শক্যং পুনর্গন্তুং ময়া বারণসাহ্বয়ম্ ॥২৮॥
অনুজ্ঞাতাস্মি ভীষ্মেণ শাল্বমুদ্দিশ্য কারণম্।
কিন্নু গর্হাম্যথাত্মানমথ ভীষ্মং দুরাসদম্ ॥২৯॥
অথবা পিতরং মূঢ়ং যো মেহকার্ষীৎ স্বয়ংবরম্।
ময়ায়ং স্বকৃতো দোষো যাহং ভীষ্মরথাত্তদা ॥৩০॥
প্রবৃত্তে দারুণে যুদ্ধে শাল্বার্থং নাগতং পুরা।
তস্যেয়ং ফলনির্বৃত্তির্যদাপন্নাস্মি মূঢ়বৎ ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। অদীর্ঘদর্শিনা, কন্যায়াঃ পরিণামাদর্শনাদিত্যাশয়ঃ। কুররী পক্ষিণী ॥২৬॥

নিষ্ক্রামন্তীতি। ময়া সমানেতি শেষঃ, বিষমস্থতরা অতীববিপন্না ॥২৭॥

বন্ধুভিরিতি। বন্ধুভিঃ পিত্রাদিভিঃ, বিপ্রহীণা বিশেষেণ ত্যক্তা। বারণসাহ্বয়ং হস্তিনাম্ ॥২৮॥

অন্বিতি। আত্মানম্, শাল্বাস্তিকাগমনাৎ; ভীষ্মম্, হরণাদনুজ্ঞাদানাচ্চেতি ভাবঃ ॥২৯॥

অথবেতি। পিতরং গর্হামীত্যনুবৃত্তিঃ। ভীষ্মরথান্নাগতমিতি সম্বন্ধঃ। ফলস্য নির্বৃত্তি-র্নিষ্পত্তিঃ, আপন্না আপদং প্রাপ্তা, "আপন্ন আপৎপ্রাপ্তঃ স্যাৎ" ইত্যমরঃ ॥৩০—৩১॥

অদূরদর্শী শাল্ব এইরূপ বলিলে, অম্বা কাতরা ও কুররী পক্ষিণীর ন্যায় রোদনপ্রবৃত্তা হইয়া সেই রাজধানী হইতে নির্গত হইলেন ॥২৬॥

তিনি নগর হইতে নির্গত হইতে থাকিয়া দুঃখিত হইয়া চিন্তা করিলেন যে, আমার মত গুরুতর বিপন্না কোন যুবতিই পৃথিবীতে নাই ॥২৭॥

বান্ধবেরা আমাকে ত্যাগ করিয়াছেন এবং শাল্বরাজাও প্রত্যাখ্যান করিলেন, অথ চ হস্তিনাতেও আবার আমি যাইতে পারিব না ॥২৮॥

শাল্বরাজাকে লক্ষ্য করিয়াই ভীষ্ম আমাকে যাইবার অনুমতি দিয়াছিলেন। এখন কি নিজের নিন্দা করি, না সেই দুর্দ্ধর্ষ ভীষ্মের নিন্দা করি? ॥২৯॥

অথবা যিনি আমার স্বয়ংবরের আয়োজন করিয়াছিলেন, সেই মূঢ় পিতার নিন্দা করি?। কিংবা এটা আমার নিজকৃত দোষ, যে আমি তৎকালে দারুণ যুদ্ধ হইতে থাকিলে শাল্বরাজার জন্য ভীষ্মের রথ হইতে (লাফাইয়া) পড়ি

(২৯) অনুজ্ঞাতা তু···বা ব রা নি। (৩০) আহোস্বিৎ পিতরম্···পি।

ধিগ্ভীষ্মং ধিক্ চ মে মন্দং পিতরং মূঢ়চেতসম্।
যেনাহং বীর্য্যশুল্কেন পণ্যস্ত্রীব প্রচোদিতা ॥৩২॥
ধিঙ্মাং ধিক্ শাল্বরাজানং ধিগ্ধাতারমথাপি বা।
যেষাং দুর্নীতভাবেন প্রাপ্তাস্ম্যাপদমুত্তমাম্ ॥৩৩॥
সর্ব্বথা ভাগধেয়ানি স্বানি প্রাপ্নোতি মানবঃ।
অনয়স্যাস্য তু মুখং ভীষ্মঃ শান্তনবো মম ॥৩৪॥
সা ভীষ্মে প্রতিকর্ত্তব্যমহং পশ্যামি সাম্প্রতম্।
তপসা বা যুধা বাপি দুঃখহেতুঃ স মে মতঃ ॥৩৫॥
কো নু ভীষ্মং যুধা জেতুমুৎসহেত মহীপতিঃ।
এবং সা পরিনিশ্চিত্য জগাম নগরাদ্বহিঃ ॥৩৬॥
আশ্রমং পুণ্যশীলানাং তাপসানাং মহাত্মনাম্।
ততস্তামবসদ্রাত্রিং তাপসৈঃ পরিবারিতা ॥৩৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ধিগিতি। পণ্যস্ত্রী বেশ্যা, প্রচোদিতা ধনেনেব স্বয়ংবরণার্থং প্রেরিতা ॥৩২॥
ধিগিতি। দুর্নীতভাবেন দুর্ব্যবহারেণ। উত্তমাং গুরুতরাম্ ॥৩৩॥
সর্বথেতি। ভাগধেয়ানি ভাগ্যফলানি। অনয়স্য বিপদঃ, মুখং প্রধানং কারণম্ ॥৩৪॥
সেতি। তপসা বা যুধা বা ভীষ্মে প্রতিকর্ত্তব্যং প্রতীকারমেব সাম্প্রতং যুক্তম্ ॥৩৫॥
ক ইতি। উৎসহেত শক্নুয়াৎ। পরিবারিতা পরিবেষ্টিতা ॥৩৬—৩৭॥

নাই, তাহারই এই ফল উপস্থিত হইয়াছে যে, আমি মূঢ়ের ন্যায় বিপন্ন হইয়াছি ॥৩০—৩১॥

ভীষ্মকে ধিক্, এবং আমার মন্দ ও মূঢ়চিত্ত পিতাকেও ধিক্, যিনি বেশ্যার ন্যায় আমাকে বীর্য্যপণে নিযুক্ত করিয়াছিলেন ॥৩২॥

আমাকে ধিক্, শাল্বরাজাকে ধিক্ এবং বিধাতাকেও ধিক্, যাহাদের দুর্ব্যবহারে আমি এই গুরুতর বিপদে পড়িয়াছি ॥৩৩॥

মানুষ নিশ্চয়ই আপনার অদৃষ্টের ফল পাইয়া থাকে। কিন্তু আমার এই বিপদের প্রধান কারণই শান্তনুনন্দন ভীষ্ম ॥৩৪॥

অতএব তপস্যা কিংবা যুদ্ধদ্বারা ভীষ্মের প্রতিশোধ লওয়াই আমি উচিত বলিয়া মনে করি। কারণ, সেই ভীষ্মই আমার সমস্ত দুঃখের কারণ ॥৩৫॥

তবে কোন্ রাজা যুদ্ধে ভীষ্মকে জয় করিতে পারিবেন'। এইরূপ মনে মনে

(৩৬) কোঽত্র ভীষ্মম্...পি।

আচখ্যৌ চ যথা বৃত্তং সর্বমাত্মনি ভারত ! ।
বিস্তরেণ মহাবাহো ! নিখিলেন শুচিস্মিতা ।
হরণঞ্চ বিসর্গঞ্চ শাল্বেন চ বিসর্জনম্ ॥৩৮॥
ততস্তত্র মহানাসীদ্‌ব্রাহ্মণঃ সংশিতব্রতঃ ।
শৈখাবত্যস্তপোবৃদ্ধঃ শাস্ত্রে চারণ্যকে গুরুঃ ॥৩৯॥
আর্ত্তাং তামাহ স মুনিঃ শৈখাবত্যো মহাতপাঃ ।
নিঃশ্বসন্তীং সতীং বালাং দুঃখশোকপরায়ণাম্ ॥৪০॥
এবং গতে তু কিং ভদ্রে ! শক্যং কর্তুং তপস্বিভিঃ ।
আশ্রমস্থৈর্মহাভাগে ! তপোযুক্তৈর্মহাত্মভিঃ ॥৪১॥

ভারতকৌমুদী

আচখ্যাবিতি। বৃত্তং জাতম্। হরণং বিসর্গং শাল্বাদ্ভিকে প্রেরণঞ্চ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥

তত ইতি। শিখাবতোঽপত্যমিতি শৈখাবত্যো নাম। আরণ্যকে বেদে ॥৩৯॥

আর্ত্তামিতি। তামম্বাম্। সতীং সাধুস্বভাবাম্ ॥৪০॥

এবমিতি। এবং গতে ঈদৃশাবস্থায়াম্। তপসি যুক্তৈর্ব্যাপৃতৈঃ ॥৪১॥

ভারতভাবদীপঃ

হস্তিনা সমানাহ্বয়ং সমানাখ্যং হস্তিনাপুরম্ ॥৩৮—৩৮॥ শৈখাবত্যঃ শিখাবান্ বহিস্তৎ-সাধ্যানি শ্রৌতস্মার্ত্তকর্ম্মাণি শৈখাবত্যানি তেষু সাধুঃ শৈখাবত্যঃ কর্ম্মণি নিষ্ণাতঃ। আরণ্যকে

স্থির করিয়া অম্বা নগরের বাহিরে আসিয়া পুণ্যবান্ ও মহাত্মা তপস্বিগণের আশ্রমে গমন করিলেন এবং তপস্বিগণে পরিবেষ্টিত হইয়া সে রাত্রি সেইখানেই বাস করিলেন ॥৩৬—৩৭॥

ভরতনন্দন মহাবাহু ! তৎকালে নির্ম্মলহাসিনী অম্বা ভীষ্মকর্তৃক নিজের হরণ ও শাল্বের নিকট প্রেরণ এবং শাল্বকর্তৃক প্রত্যাখ্যান ইত্যাদি সমস্ত বিবরণই যথাযথভাবে ও বিস্তরক্রমে মুনিগণের নিকট বলিলেন ॥৩৮॥

সেখানে শাস্ত্রে ও আরণ্যক উপনিষদে অধ্যাপক, তপোবৃদ্ধ, দৃঢ়ব্রত ও মহাত্মা 'শৈখাবত্য'—নামে এক ব্রাহ্মণ ছিলেন ॥৩৯॥

সেই মহাতপা শৈখাবত্যমুনি অম্বাকে বলিলেন। সচ্চরিত্রা ও বালিকা অম্বা কিন্তু তখন দুঃখে ও শোকে আকুল ও আর্ত্তা হইয়া নিশ্বাস ত্যাগ করিতে-ছিলেন ॥৪০॥

(৪১)···আগমস্থৈর্মহাভাগে !···পি।

সা ত্বেনমব্রবীদ্রাজন্! ক্রিয়তাং মদনুগ্রহঃ।
প্রাব্রাজ্যমহমিচ্ছামি তপস্তপ্স্যামি দুশ্চরম্ ॥৪২॥
ময়ৈব যানি কর্ম্মাণি পূর্বদেহে তু মূঢ়য়া।
কৃতানি নূনং পাপানি তেষামেতৎ ফলং ধ্রুবম্ ॥৪৩॥
নোৎসহে চ পুনর্গন্তুং স্বজনং প্রতি তাপসাঃ!।
প্রত্যাখ্যাতা নিরানন্দা শাল্বেন চ নিরাকৃতা ॥৪৪॥
উপদিষ্টমিহেচ্ছামি তাপস্যং বী কল্মষাঃ!।
যুষ্মাভির্দেবসঙ্কাশৈঃ কৃপা ভবতু বো ময়ি ॥৪৫॥

ভারতকৌমুদী

সেতি। এনং শৈখাবত্যম্। ময়ি অনুগ্রহো মদনুগ্রহঃ। প্রাব্রাজ্যং প্রব্রজ্যাম্ ॥৪২॥
ময়েতি। মূঢ়ত্বাভাবে পাপকরণাসম্ভব ইতি ভাবঃ ॥৪৩॥
নেতি। নোৎসহে নেচ্ছামি, স্বজনং পিত্রাদিম্। প্রত্যাখ্যাতা ভীষ্মেণ ॥৪৪॥
উপেতি। তাপস্যং তপস্যাম্, হে বীতকল্মষাঃ! হীনপাপাঃ! ॥৪৫॥

ভারতভাবদীপঃ

উপনিষদি গুরুঃ ব্রহ্মবিদিত্যর্থঃ ॥৩৯—৪১॥ প্রাব্রাজ্যং প্রব্রজ্যা সন্ন্যাসস্তদ্যোচিতং কর্ম্ম প্রাব্রাজ্যম্ ॥৪২—৪৪॥ তাপস্যং তপসে হিতং ধর্ম্মজাতম্ ॥৪৫॥ দৃষ্টান্তো লৌকিকোদাহরণং

'ভদ্রে! মহাভাগে! আশ্রমস্থ ও তপস্যায় ব্যাপৃত মহাত্মা তপস্বীরা এই অবস্থায় তোমার কি করিতে পারেন? ॥৪১॥

রাজা! তখন অম্বা শৈখাবত্যকে বলিলেন—'আপনি আমার প্রতি অনুগ্রহ করুন, আমি প্রব্রজ্যা অবলম্বন করিতে ইচ্ছা করি, সেই অবস্থায় দুষ্কর তপস্যা করিব ॥৪২॥

আমি পূর্বজন্মে নিশ্চয়ই মোহবশতঃ যে সকল পাপকর্ম্ম করিয়াছিলাম, অবশ্যই ইহা তাহার ফল ॥৪৩॥

তপস্বিগণ! ভীষ্ম আমাকে ত্যাগ করিয়াছেন, শাল্বও প্রত্যাখ্যান করিয়াছেন। সুতরাং আমার এখন কোন আনন্দই নাই; এ অবস্থায় আমি পুনরায় স্বজনবর্গের নিকট যাইতে ইচ্ছা করি না ॥৪৪॥

হে নিষ্পাপ মুনিগণ! আমার উপরে আপনাদের দয়া হউক। আপনারা দেবতাদের তুল্য। সুতরাং আপনাদের উপদেশ অনুসারে আমি এইখানে থাকিয়াই তপস্যা করিতে ইচ্ছা করি' ॥৪৫॥

(৪২)···প্রব্রাজয়িতুমিচ্ছামি···পি।

স তামাশ্বাসয়ৎ কন্যাং দৃষ্টান্তাগমহেতুভিঃ।
সান্ত্বয়ামাস কার্য্যঞ্চ প্রতিজজ্ঞে দ্বিজৈঃ সহ ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে শৈখাবত্যাম্বাসংবাদে ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:-০-:——

চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

——০:::০——

ভীষ্ম উবাচ।
ততস্তে তাপসাঃ সর্বে কার্য্যবন্তোঽভবংস্তদা।
তাং কন্যাং চিন্তয়ন্তস্তে কিং কার্য্যমিতি ধর্ম্মিণঃ ॥১॥

ভারতকৌমুদী

স ইতি। দৃষ্টান্তা অপরোদাহরণানি আগমাঃ শাস্ত্রাণি হেতবো যুক্তয়শ্চ তাভিঃ। কার্য্যং তৎকালীনং কর্ত্তব্যম্, প্রতিজজ্ঞে প্রতিশ্রুতবান্, দ্বিজৈস্তত্রত্যৈঃ ॥৪৬॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারত-কৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

তত ইতি। কার্য্যবন্তঃ কার্য্যকরণার্থিনঃ। ততস্তে ধর্ম্মিণো ধার্ম্মিকাঃ, ইদানীং কিমস্মাভিঃ কার্য্যং কর্ত্তব্যমিতি তাং কন্যামম্বাম্, উচুরিতি শেষঃ ॥১॥

ভারতভাবদীপঃ

আগমো বেদঃ হেতুর্যুক্তিস্তৈঃ প্রারব্ধকর্ম্মভোগেঽস্যাপরিহার্য্যত্বং জ্ঞাত্বা সমাশ্বস্তা ভবেত্যুক্তেত্যর্থঃ ॥৪৬॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৩॥

তদনন্তর শৈখাবত্য দৃষ্টান্ত, শাস্ত্র ও যুক্তিদ্বারা অম্বাকে আশ্বস্ত করিলেন, সান্ত্বনাবাক্য বলিলেন এবং অন্যান্য ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া তৎকালীন কর্ত্তব্যবিষয়ে প্রতিজ্ঞা করিলেন' ॥৪৬॥

ভীষ্ম কহিলেন—'তাহার পর সেই তপস্বীরা সকলে কার্য্য করিবার ইচ্ছা করিলেন। ক্রমে সেই ধার্ম্মিকেরা চিন্তা করিয়া অম্বাকে বলিলেন—'আমরা তোমার কি করিব ?' ॥১॥

* '...পঞ্চসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

কেচিদাহুঃ পিতুর্বেশ্ম নীয়তামিতি তাপসাঃ।
কেচিদস্মদুপালম্ভে মতিং চক্রুর্হি তাপসাঃ ॥২॥
কেচিচ্ছাল্বপতিং গত্বা নিযোজ্যমিতি মেনিরে।
নেতি কেচিদ্ব্যবস্যন্তি প্রত্যাখ্যাতা হি তেন সা ॥৩॥
এবং গতে তু কিং শক্যং ভদ্রে! কর্ত্তুং মনীষিভিঃ।
পুনরূচুশ্চ তাং সর্ব্বে তাপসাঃ সংশিতব্রতাঃ ॥৪॥
অলং প্রব্রজিতেনেহ ভদ্রে! শৃণু হিতং বচঃ।
ইতো গচ্ছস্ব ভদ্রং তে পিতুরেব নিবেশনম্ ॥৫॥
প্রতিপৎস্যতি রাজা স পিতা তে যদনন্তরম্।
তত্র বৎস্যসি কল্যাণি! সুখং সর্ব্বগুণান্বিতা ॥৬॥
ন চ তেঽন্যা গতির্ন্যায্যা ভবেদ্ভদ্রে! যথা পিতা।
পতির্বাপি গতির্নার্য্যাঃ পিতা বা বরবর্ণিনি! ॥৭॥

ভারতকৌমুদী

কেচিদিতি। পিতুঃ কাশীরাজস্য। অস্মাকং মম ভীষ্মস্য উপালম্ভে তিরস্কারে ॥২॥
কেচিদিতি। নিযোজ্যম্ ইদং কন্যারত্নং স্থাপ্যম্। ব্যবস্যন্তি অবধারয়ন্তি স্ম ॥৩॥
এবমিতি। মনীষিভির্জ্ঞানার্জনব্যাপৃতৈঃ। সংশিতব্রতা দৃঢতপোনিয়মাঃ ॥৪॥
অলমিতি। প্রব্রজিতেন প্রব্রজ্যাবলম্বনেন। গচ্ছস্ব গচ্ছ, ভদ্রং মঙ্গলময়ম্ ॥৫॥
প্রতীতি। প্রতিপৎস্যতি করিষ্যতি। অনন্তরং যৎ কর্ত্তব্যং তৎ ॥৬॥
নেতি। গতিরাশ্রয়ঃ। পিতা, পত্যৌ গতেরসম্ভবে ইতি ভাবঃ ॥৭॥

তখন তপস্বীরা কেহ কেহ বলিলেন—'ইহাকে পিতৃগৃহে লইয়া যাওয়া হউক'। অপর তপস্বীরা আমাকে তিরস্কার করিবার ইচ্ছা করিলেন ॥২॥

কেহ কেহ মনে করিলেন—শাল্বরাজার নিকট যাইয়া ইহাকে তথায় রাখা উচিত। কেহ কেহ সে মত স্থির করিলেন না। কারণ, শাল্বরাজা ত তাঁহাকে প্রত্যাখ্যানই করিয়াছিলেন ॥৩॥

(কেহ কেহ বলিলেন—) ভদ্রে। এই অবস্থায় তপস্বীরা কি করিতে পারেন? আবার দৃঢ়নিয়মী তপস্বীরা সকলে তাঁহাকে বলিলেন—॥৪॥

'ভদ্রে। এখনই তোমার প্রব্রজ্যার প্রয়োজন নাই; তুমি আমাদের হিত-বাক্য শ্রবণ কর; তুমি এখান হইতে তোমার পিতার মঙ্গলময় গৃহেই গমন কর ॥৫॥

কল্যাণি। তোমার সেই রাজা পিতাই ইহার পর যাহা কর্ত্তব্য, তাহা করিবেন; সেখানে তুমি সর্ব্বগুণান্বিতা হইতে থাকিয়া সুখে বাস করিবে ॥৬॥

গতিঃ পতিঃ সমস্থায়া বিষমে চ পিতা গতিঃ ।
প্রব্রজ্যা হি সুদুঃখেয়ং সুকুমার্য্যা বিশেষতঃ ॥৮॥
রাজপুত্র্যাঃ প্রকৃত্যা চ কুমার্য্যাস্তব ভাবিনি ! ।
ভদ্রে ! দোষা হি বিদ্যন্তে বহবো বরবর্ণিনি ! ॥৯॥
আশ্রমে বৈ বসন্ত্যাস্তে ন ভবেয়ুঃ পিতুর্গৃহে ।
ততস্ত্বন্যেঽব্রুবন্ বাক্যং তাপসাস্তাং তপস্বিনীম্ ॥১০॥ (বিশেষকম্)
ত্বামিহৈকাকিনীং দৃষ্ট্বা নির্জনে গহনে বনে ।
প্রার্থয়িষ্যন্তি রাজানস্তস্মান্মৈবং মনঃ কৃথাঃ ॥১১॥

অম্বোবাচ ।

ন শক্যে কাশিনগরং পুনর্গন্তুং পিতুর্গৃহান্ ।
অবজ্ঞাতা ভবিষ্যামি বান্ধবানাং ন সংশয়ঃ ॥১২॥

ভারতকৌমুদী

গতিরিতি। সমস্থায়াঃ সুস্থভর্তৃকায়াঃ, বিষমে ভর্তৃমরণাদিবিপদি। প্রকৃত্যা সুকুমার্য্যা ইতি সম্বন্ধঃ। দোষা লোকনিন্দাদয়ঃ। তপস্বিনীং শোচ্যাম্ ॥৮—১০॥

দোষান্তরং দর্শয়ন্তি ত্বামিতি। রাজানঃ, মৃগয়াদিব্যপদেশেনাগতা ইত্যাশয়ঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৯॥ যে দোষা বিদ্যন্তে আশ্রমে প্রব্রজ্যায়াং তে দোষাঃ পিতুর্গৃহে ন ভবেয়ুঃ। সুন্দরীং তরুণীঞ্চ ত্বাং দৃষ্ট্বা মুনয়ো বা মোহং প্রাপ্স্যন্তি ত্বং বা ধর্মাৎ স্খলিষ্যসীতি

ভদ্রে। পিতা যেমন, তেমন অন্য আশ্রয় তোমার পক্ষে সঙ্গত নহে। কারণ, বরবর্ণিনি। নারীর প্রথমে পতিই গতি, না হইলে পিতা ॥৭॥

অর্থাৎ পতি সুস্থ থাকিলে, তিনিই নারীর আশ্রয়; আর তাঁহার বিপদ্ হইলে পিতাই আশ্রয়। আর ভাবিনি! তুমি স্বভাবতঃ কোমলাঙ্গী ও কুমারী এবং বিশেষতঃ রাজকন্যা। অতএব তোমার পক্ষে এই প্রব্রজ্যা অত্যন্ত কষ্টজনক হইবে। ভদ্রে। বরবর্ণিনি! তা'র পর তুমি আশ্রমে বাস করিতে থাকিলে, তোমার বহুতর দোষ ঘটিবার সম্ভাবনা আছে; কিন্তু পিতৃগৃহে সে সকল দোষ ঘটিবার সম্ভাবনা নাই'। তৎপরে অন্য তপস্বীরা সেই শোচনীয়া অম্বাকে এই কথা বলিলেন—॥৮—১০॥

'আগন্তুক রাজারা এই নির্জন-গহন-বনমধ্যে তোমাকে একাকিনী দেখিয়া প্রার্থনা করিবেন। অতএব তুমি এরূপ মনন করিও না' ॥১১॥

---

(৯)···তব ভামিনি!···বা ব রা নি। (১২) ন শক্যং কাশিনগরম্···নি, ন শক্যে কাশীনগরীম্···পি।

উষিতাস্মি যথা বাল্যে পিতুর্বেশ্মনি তাপসাঃ ।
নাহং গমিষ্যে ভদ্রং বস্তত্র যত্র পিতা মম ॥১৩॥
তপস্তপ্তুমভীপ্সামি তাপসৈঃ পরিরক্ষিতা ।
যথা পরেঽপি মে লোকে ন স্যাদেবং মহাত্যয়ম্ ।
দৌর্ভাগ্যং তাপসশ্রেষ্ঠাস্তস্মাত্তপ্স্যাম্যহং তপঃ ॥১৪॥

ভীষ্ম উবাচ।

ইত্যেবং তেষু বিপ্রেষু চিন্তয়ৎসু যথাতথম্ ।
রাজর্ষিস্তদ্বনং প্রাপ্তস্তপস্বী হোত্রবাহনঃ ॥১৫॥
ততস্তে তাপসাঃ সর্বে পূজয়ন্তি স্ম তং নৃপম্ ।
পূজাভিঃ স্বাগতাদ্যাভিরাসনেনোদকেন চ ॥১৬॥

ভারতকৌমুদী

নেতি। অবজ্ঞাতা, ভীষ্মেণ শাল্বেন চ প্রত্যাখ্যানাদিতি ভাবঃ ॥১২॥

উষিতেতি। উষিতা কৃতবাসা। তথা বস্তুং ন শক্ষ্যামীতি শেষঃ ॥১৩॥

তপ ইতি। পরেঽপি পরস্মিন্নপি। মহানত্যয়ঃ কৃচ্ছ্রং যস্মিন্ তৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

ইতীতি। চিন্তয়ৎসু চিন্তাপূর্ব্বকমালোচয়ৎসু। হোত্রবাহনো নাম ॥১৫॥

তত ইতি। পূজাভিঃ পূজাসাধকব্যাপারৈঃ, স্বাগতাদ্যাভিঃ স্বাগতপ্রশ্নাদিভিঃ ॥১৬॥

অম্বা বলিলেন—'আমি পিতৃগৃহে কিম্বা কাশীনগরেও পুনরায় যাইতে পারিব না। কারণ, তাহাতে নিশ্চয়ই বান্ধবগণের অবজ্ঞার পাত্রী হইব ॥১২॥

তা'র পর তপস্বিগণ! আমি বাল্যকালে পিতৃগৃহে যেভাবে বাস করিয়াছি, সেভাবে আর সেখানে বাস করিতে পারিব না। অতএব আমার পিতা যেখানে আছেন, সেখানে আর যাইব না। আপনাদের মঙ্গল হউক ॥১৩॥

তাপসশ্রেষ্ঠগণ! আমি তপস্বিগণে পরিরক্ষিত হইয়া তপস্যা করিতেই ইচ্ছা করি; যাহাতে পরলোকেও আবার আমার এইরূপ মহাকষ্টজনক দুর্ভাগ্য না হয়। অতএব আমি তপস্যাই করিব' ॥১৪॥

ভীষ্ম বলিলেন—'সেই ব্রাহ্মণেরা যথাযথভাবে এইরূপ আলোচনা করিতেছিলেন, এমন সময়ে তপস্বী ও রাজর্ষি হোত্রবাহন সেই তপোবনে আগমন করিলেন ॥১৫॥

তাহার পর সেই তপস্বীরা সকলে স্বাগতপ্রশ্ন, আসনদান ও জলদানপ্রভৃতি দ্বারা সেই রাজর্ষির সম্মান করিলেন ॥১৬॥

---

(১৪) মহাত্যয়ঃ···বা ব রা নি।

তস্যোপবিষ্টস্য সতো বিশ্রান্তস্যোপশৃণ্বতঃ।
পুনরেব কথাং চক্রুঃ কন্যাং প্রতি বনৌকসঃ ॥১৭॥
অম্বায়াস্তাং কথাং শ্রুত্বা কাশীরাজস্য ভারত !।
রাজর্ষিঃ স মহাতেজা বভূবোদ্বিগ্নমানসঃ ॥১৮॥
তাং তথাবাদিনীং শ্রুত্বা দৃষ্ট্বা চ স মহাতপাঃ।
রাজর্ষিঃ কৃপয়াবিষ্টো মহাত্মা হোত্রবাহনঃ ॥১৯॥
স বেপমান উত্থায় মাতুস্তস্যাঃ পিতা তদা।
তাং কন্যামঙ্কমারোপ্য পর্য্যশ্বাসয়ত প্রভো ! ॥২০॥ (যুগ্মকম্)
স তামপৃচ্ছৎ কাৎস্ন্যেন ব্যসনোৎপত্তিমাদিতঃ।
সা চ তস্মৈ যথাবৃত্তং বিস্তরেণ ন্যবেদয়ৎ ॥২১॥
ততঃ স রাজর্ষিরভূদ্‌দুঃখশোকসমন্বিতঃ।
কার্য্যঞ্চ প্রতিপেদে তন্মনসা সুমহাতপাঃ ॥২২॥

ভারতকৌমুদী

তস্যেতি। কথাম্ আলোচনাম্। বনৌকসঃ তত্তপোবনবাসিনঃ ॥১৭॥
অম্বায়া ইতি। স হোত্রবাহনঃ। উদ্বিগ্নমানসো বভূব, অম্বায়াঃ সম্পর্কিত্বাৎ ॥১৮॥
তামিতি। শ্রুত্বা তত্রত্যতাপসেভ্যঃ। তস্যা অম্বায়া মাতুঃ পিতা মাতামহঃ ॥১৯—২০॥
স ইতি। কাৎস্ন্যেন, সাকল্যেন, ব্যসনোৎপত্তিং বিপদুপস্থিতিম্ ॥২১॥
তত ইতি। কার্য্যং কর্ত্তব্যঞ্চ, প্রতিপেদে মনসা প্রাপ স্থিরীচকারেত্যর্থঃ ॥২২॥

রাজর্ষি হোত্রবাহন উপবেশন করিয়া বিশ্রাম করিলে, তাঁহার সমক্ষেই সেই তপস্বীরা পুনরায় অম্বার বিষয়ে আলোচনা করিতে লাগিলেন ॥১৭॥

ভরতনন্দন! মহাতেজা হোত্রবাহন অম্বার ও কাশীরাজের সেই বৃত্তান্ত শুনিয়া উদ্বিগ্নচিত্ত হইলেন ॥১৮॥

রাজা! মহাতপা, মহাত্মা, রাজর্ষি ও অম্বার মাতামহ সেই হোত্রবাহন—অম্বা সেইরূপ বলিয়াছেন ইহা শুনিয়া এবং তাঁহাকে দেখিয়া, কৃপাবিষ্ট হইয়া, কম্পিতকলেবরে উঠিয়া যাইয়া, অম্বাকে কোলে তুলিয়া লইয়া আশ্বস্ত করিলেন ॥১৯—২০॥

এবং তিনি প্রথম হইতে বিপদুৎপত্তির সমস্ত বৃত্তান্ত অম্বার নিকট জিজ্ঞাসা করিলেন; অম্বাও বিস্তরক্রমে যথাযথভাবে সমস্ত বৃত্তান্তই হোত্রবাহনকে জানাইলেন ॥২১॥

তাহার পর অতিমহাতপা রাজর্ষি হোত্রবাহন দুঃখিত ও শোকার্ত্ত হইলেন এবং মনে মনে অম্বার বিষয়ে কর্ত্তব্য স্থির করিলেন ॥২২॥

(১৮)...কাশিরাজস্চ ভারত !...বা ব রা নি।

অব্রবীদ্বেপমানশ্চ কন্যামার্ত্তাং সুদুঃখিতঃ।
মা গাঃ পিতুর্গৃহং ভদ্রে! মাতুস্তে জনকো হ্যহম্ ॥২৩॥
দুঃখং ছিন্দ্যামহং তে বৈ ময়ি বর্ত্তস্ব পুত্রিকে!।
পর্য্যাপ্তং তে মনো বৎসে! যদেবং পরিশুষ্যসি ॥২৪॥
গচ্ছ মদ্বচনাদ্রামং জামদগ্ন্যং তপস্বিনম্।
রামস্তে সুমহদ্দুঃখং শোকঞ্চৈবাপনেষ্যতি ॥২৫॥
হনিষ্যতি রণে ভীষ্মং ন করিষ্যতি চেদ্বচঃ।
তং গচ্ছ ভার্গবশ্রেষ্ঠং কালাগ্নিসমতেজসম্ ॥২৬॥
প্রতিষ্ঠাপয়িতা স ত্বাং সমে পথি মহাতপাঃ।
ততস্তু সুস্বরং বাষ্পামুৎসৃজন্তী পুনঃ পুনঃ ॥২৭॥
অব্রবীৎ পিতরং মাতুঃ সা তদা হোত্রবাহনম্।
অভিবাদয়িত্বা শিরসা গমিষ্যে তব শাসনাৎ ॥২৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অব্রবীদিতি। বেপমানঃ কম্পমানঃ। মা গা ন গচ্ছ ॥২৩॥
দুঃখমিতি। বর্ত্তস্ব তিষ্ঠ। পর্য্যাপ্তং দুঃখেন পরিপূর্ণম্ ॥২৪॥
গচ্ছেতি। অপনেষ্যতি দূরীকরিষ্যতি ॥২৫॥
হনিষ্যতীতি। ন করিষ্যতি ভীষ্ম ইতি শেষঃ, বচো রামস্যাদেশম্ ॥২৬॥
প্রতীতি। সমে পথি ন্যায্যে মার্গে। সুস্বরমব্রবীদিতি সম্বন্ধঃ ॥২৭—২৮॥

এবং তিনি অতিদুঃখিত ও কম্পিত হইয়া পীড়িতা তাঁহাকে বলিলেন—'ভদ্রে! তুমি পিতার গৃহে গমন করিও না, আমি তোমার মাতামহ ॥২৩॥

পুত্রি! আমিই তোমার দুঃখ দূর করিব, তুমি আমার নিকটেই থাক। বৎসে! তুমি যখন এইরূপ শুষ্ক হইয়া গিয়াছ, তখন নিশ্চয়ই তোমার মন দুঃখে পরিপূর্ণ হইয়াছে ॥২৪॥

তুমি আমার বচন অনুসারে জমদগ্নিনন্দন তপস্বী রামের নিকট গমন কর; সেই রামই তোমার গুরুতর দুঃখ ও শোক দূর করিবেন ॥২৫॥

ভীষ্ম যদি তাঁহার বাক্য রক্ষা না করেন, তবে তিনি যুদ্ধে ভীষ্মকে বধ করিবেন। অতএব তুমি সেই কালাগ্নির তুল্য তেজস্বী পরশুরামের নিকটেই গমন কর ॥২৬॥

সেই মহাতপা পরশুরামই তোমাকে অন্য নারীর সমান অবস্থায় স্থাপি-

(২৩)...সুদুঃখিতাম্...পি। (২৪)...যদেবং পরিশুষ্যতি—পি।

অপি নামাগ্ন পশ্যেয়মার্য্যং তং লোকবিশ্রুতম্ ।
কথঞ্চ তীব্রং দুঃখং মে নাশয়িষ্যতি ভার্গবঃ ।
এতদিচ্ছাম্যহং জ্ঞাতুং যথা যাস্যামি তত্র বৈ ॥২৯॥

হোত্রবাহন উবাচ ।

রামং দ্রক্ষ্যসি ভদ্রে ! ত্বং জামদগ্ন্যং মহাবনে ।
উগ্রে তপসি বর্ত্তন্তং সত্যসন্ধং মহাবলম্ ॥৩০॥
মহেন্দ্রং বৈ গিরিশ্রেষ্ঠং রামো নিত্যমুপাশ্রিতঃ ।
ঋষয়ো বেদবিদ্বাংসো গন্ধর্বাপ্সরসস্তথা ॥৩১॥
তত্র গচ্ছস্ব ভদ্রং তে ব্রুয়াশ্চৈনং বচো মম ।
অভিবাদ্য চ তং মূর্দ্ধ্না তপোবৃদ্ধং দৃঢ়ব্রতম্ ॥৩২॥
ব্রুয়াশ্চৈনং পুনর্ভদ্রে ! যত্তে কার্য্যং মনীষিতম্ ।
ময়ি সংকীর্ত্তিতে রামঃ সর্বং তত্তে করিষ্যতি ॥৩৩॥

ভারতকৌমুদী

অপীতি। আর্য্যং সাধুম্। ভার্গবো রামঃ। তত্র রামান্তিকে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥
রামমিতি। বর্ত্তন্তং বর্ত্তমানম্, সত্যসন্ধং সত্যপ্রতিজ্ঞম্ ॥৩০॥
মহেন্দ্রমিতি। তথা মহেন্দ্রং গিরিশ্রেষ্ঠমুপাশ্রিতা ইত্যর্থঃ ॥৩১॥
তত্রেতি। গচ্ছস্ব গচ্ছ। তথা সতি তে ভদ্রং মঙ্গলং ভবেৎ ॥৩২॥

করিবেন'। তাহার পর অম্বা বার বার অশ্রু ত্যাগ করিয়া এবং মস্তকদ্বারা মাতামহ হোত্রবাহনকে নমস্কার করিয়া মধুর স্বরে বলিলেন--'আপনার আদেশে আমি রামের নিকটে যাইব ॥২৭—২৮॥

তবে লোকবিখ্যাত সেই মহাত্মাকে আমি এখন দেখিতে পাইব কি ? এবং তিনিই বা কিপ্রকারে আমার এই তীব্র দুঃখ নষ্ট করিবেন। সে যাহা হউক, সেখানে যেভাবে যাইব, তাহা আমি জানিতে ইচ্ছা করি' ॥২৯॥

হোত্রবাহন বলিলেন—'ভদ্রে! তুমি যাইয়া দেখিবে—সত্যপ্রতিজ্ঞ ও মহাবল জমদগ্নিনন্দন রাম মহাবনমধ্যে ভয়ঙ্কর তপস্যায় প্রবৃত্ত রহিয়াছেন ॥৩০॥

সেই পরশুরাম, অন্যান্য বেদবিৎ ঋষি, গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণ সর্বদা মহেন্দ্র-নামক শ্রেষ্ঠ পর্বতে অবস্থান করিতেছেন ॥৩১॥

তুমি সেইখানে গমন কর, তোমার মঙ্গল হইবে। তুমি সেখানে যাইয়া মস্তকদ্বারা তপোবৃদ্ধ ও দৃঢ়ব্রত সেই রামকে নমস্কার করিয়া উঁহাকে আমার কথা বলিও ॥৩২॥

(৩১)…রামো নিত্যমুপাস্তি হ…বা ব রা মি।

মম রামঃ সখা বৎসে! প্রীতিযুক্তঃ সুহৃচ্চ মে।
জমদগ্নিসুতো বীরঃ সর্বশস্ত্রভৃতাং বরঃ ॥৩৪॥
এবং ব্রুবতি কন্যান্তু পার্থিবে হোত্রবাহনে।
অকৃতব্রণঃ প্রাদুরাসীদ্রামস্যানুচরঃ প্রিয়ঃ ॥৩৫॥
ততস্তে মুনয়ঃ সর্বে সমুত্তস্থুঃ সহস্রশঃ।
স চ রাজা বয়োবৃদ্ধঃ সৃঞ্জয়ো হোত্রবাহনঃ ॥৩৬॥
ততো দৃষ্ট্বা কৃতাতিথ্যমন্যোন্যং তে বনৌকসঃ।
সহিতা ভরতশ্রেষ্ঠ! নিষেদুঃ পরিবার্য্য তম্ ॥৩৭॥
ততস্তে কথয়ামাসুঃ কথাস্তাস্তা মনোরমাঃ।
ধন্যা দিব্যাশ্চ রাজেন্দ্র! প্রীতিহর্ষমুদা যুতাঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

ক্রূয়া ইতি। মনীষিতম্ অভীষ্টম্। সংকীর্ত্তিতে উক্তে ॥৩৩॥
কথং করিষ্যতীত্যাহ মমেতি। সুহৃৎ নির্দ্দোষহৃদয়ঃ ॥৩৪॥
এবমিতি। অকৃতব্রণো নাম মুনিঃ। [illegible] ॥৩৫॥
তত ইতি। স চ রাজা উত্তস্থৌ। সৃঞ্জয়ঃ সৃঞ্জয়বংশীয়ঃ ॥৩৬॥
তত ইতি। নিষেদুঃ উপবিবিশুঃ, পরিবার্য্য পরিবেষ্ট্য, তমকৃতব্রণম্ ॥৩৭॥
তত ইতি। তাস্তাঃ স্বস্বাভিমতাঃ। দিব্যা উত্তমাঃ ॥৩৮॥

ভদ্রে! তোমার যে কার্য্য অভীষ্ট, তাহাও তুমি উঁহাকে বলিও; আমার নাম বলিলেই রাম তোমার সে সমস্ত কার্য্যই সম্পাদন করিবেন ॥৩৩॥

বৎসে! সকল অস্ত্রধারিশ্রেষ্ঠ ও মহাবীর জমদগ্নিনন্দন রাম আমার সখা, আমার উপরে প্রণয়শালী ও নির্দ্দোষচিত্ত ॥৩৪॥

রাজা হোত্রবাহন অম্বাকে এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে রামের প্রিয় অনুচর অকৃতব্রণ সেস্থানে উপস্থিত হইলেন ॥৩৫॥

তাহার পর তত্রত্য সহস্র সহস্র মুনিরা সকলেই গাত্রোত্থান করিলেন এবং সৃঞ্জয়বংশীয় বয়োবৃদ্ধ সেই রাজা হোত্রবাহনও উঠিলেন ॥৩৬॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর সেই তপোবনবাসী তপস্বীরা অকৃতব্রণকে দেখিয়া তাঁহার অতিথিসৎকার করিয়া পরস্পর মিলিত হইয়া তাঁহাকে পরিবেষ্টন করিয়া উপবেশন করিলেন ॥৩৭॥

রাজশ্রেষ্ঠ! তদনন্তর সেই তপস্বীরা প্রীতি, হাস্য ও আনন্দযুক্ত হইয়া মনোহর, ধন্য ও উত্তম সেই সেই আলোচনা করিলেন ॥৩৮॥

(৩৮)...কথাস্তাঃ সুমনোহরাঃ পি।

তত: কথান্তে রাজর্ষির্মহাত্মা হোত্রবাহনঃ।
রামং শ্রেষ্ঠং মহর্ষীণামপৃচ্ছদকৃতব্রণম্ ॥৩৯॥
ক সংপ্রতি মহাবাহো! জামদগ্ন্যঃ প্রতাপবান্।
অকৃতব্রণ! শক্যো বৈ দ্রষ্টুং বেদবিদাং বরঃ ॥৪০॥

অকৃতব্রণ উবাচ।

ভবন্তমেব সততং রামঃ কীর্ত্তয়তি প্রভো!।
সৃঞ্জয়ো মে প্রিয়সখো রাজর্ষিরিতি পার্থিব! ॥৪১॥
ইহ রামঃ প্রভাতে শ্বো ভবিতেতি মতির্মম।
দ্রষ্টাস্যেনমিহায়াতং তব দর্শনকাঙ্ক্ষয়া ॥৪২॥
ইয়ঞ্চ কন্যা রাজর্ষে! কিমর্থং বনমাগতা।
কস্য চেয়ং তব চ কা ভবতীচ্ছামি বেদিতুম্ ॥৪৩॥

ভারতকৌমুদী

তত ইতি। পৃচ্ছের্দ্বিকর্ম্মকত্বাদুভয়োরেব কর্ম্মত্বম্ ॥৩৯॥
কিমপৃচ্ছদিত্যাহ কেতি। বেদবিদাং বরো রামঃ, দ্রষ্টুং শক্যঃ কিমিতি কাকুঃ ॥৪০॥
ভবন্তমিতি। সৃঞ্জয়ঃ সৃঞ্জয়বংশীয়ঃ, রাজর্ষিত্বম্ ॥৪১॥
ইহেতি। শ্বঃ পরদিনে, ভবিতা উপস্থিত ইতি শেষঃ। দ্রষ্টাসি দ্রক্ষ্যসি ॥৪২॥
ইয়মিতি। কস্য চেয়ং কন্যেতি শেষঃ, কা কীদৃক্সম্পর্কবতী ॥৪৩॥

তৎপরে তাঁহাদের আলোচনা শেষ হইলে, রাজর্ষি ও মহাত্মা হোত্রবাহন অকৃতব্রণের নিকটে মহর্ষিশ্রেষ্ঠ রামের কথা জিজ্ঞাসা করিলেন ॥৩৯॥

'মহাবাহু অকৃতব্রণ! প্রতাপশালী পরশুরাম এখন কোথায় আছেন? আমরা কি এখন সেই বেদজ্ঞশ্রেষ্ঠের সহিত সাক্ষাৎ করিতে পারি?' ॥৪০॥

অকৃতব্রণ বলিলেন—'প্রভাবশালী রাজা! পরশুরাম সর্বদা আপনারই আলোচনা করেন (এবং বলেন—) সৃঞ্জয়বংশীয় রাজর্ষি হোত্রবাহন আমার প্রিয়সখা ॥৪১॥

আমার ধারণা—রাম আপনার সহিত সাক্ষাৎ করিবার জন্যই আগামী কল্য প্রভাতে এখানে আসিবেন। সুতরাং এখানে আসিলেই আপনি তাঁহাকে দেখিতে পাইবেন ॥৪২॥

রাজর্ষি! এই কন্যাটী কি জন্য বনে আসিয়াছে? এটী কাহার কন্যা? আপনারই বা কি হয়? এই সমস্ত আমি জানিতে ইচ্ছা করি' ॥৪৩॥

---

(৪০)···বেদবিদাং বর!—বা ব রা নি। (৪১)···প্রিয়সখা···পি।

হোত্রবাহন উবাচ।

দৌহিত্রীয়ং মম বিভো! কাশীরাজসুতা প্রিয়া।
জ্যেষ্ঠা স্বয়ংবরে তস্থৌ ভগিনীভ্যাং সহানঘ! ॥৪৪॥
ইয়মম্বেতি বিখ্যাতা জ্যেষ্ঠা কাশীপতেঃ সুতা।
অম্বিকাম্বালিকে কন্যে কনীয়স্যৌ তপোধন! ॥৪৫॥
সমেতং পার্থিবং ক্ষত্রং কাশীপুর্য্যাং ততোঽভবৎ।
কন্যানিমিত্তং বিপ্রর্ষে! তত্রাসীদুৎসবো মহান্ ॥৪৬॥
ততঃ কিল মহাবীর্য্যো ভীষ্মঃ শান্তনবো নৃপান্।
অধিক্ষিপ্য মহাতেজাস্তিস্রঃ কন্যা জহার তাঃ ॥৪৭॥
নির্জ্জিত্য পৃথিবীপালানথ ভীষ্মো গজাহ্বয়ম্।
আজগাম বিশুদ্ধাত্মা কন্যাভিঃ সহ ভারতঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

দৌহিত্রীতি। প্রিয়া কাশীরাজস্যৈব। তস্থৌ সজ্জীভূতা বভূব ॥৪৪॥
ইয়মিতি। অম্বিকাম্বালিকে নাম, কনীয়স্যৌ কনিষ্ঠে ॥৪৫॥
সমেতমিতি। সমেতং সম্মিলিতম্, পার্থিবং পৃথিবীসম্বন্ধি ॥৪৬॥
তত ইতি। শান্তনবঃ শান্তনুপুত্রঃ। অধিক্ষিপ্য বিজিত্য ॥৪৭॥
নির্জ্জিত্যেতি। গজাহ্বয়ং হস্তিনানগরম্। বিশুদ্ধাত্মা কামাদিশূন্যচিত্তঃ ॥৪৮॥

হোত্রবাহন বলিলেন—'নিষ্পাপ প্রভু! এটী আমার দৌহিত্রী এবং কাশী-রাজের প্রিয়া কন্যা। এই জ্যেষ্ঠা কন্যা, কনিষ্ঠা অপর দুই ভগিনীর সহিত স্বয়ং-বরে প্রস্তুত ছিল ॥৪৪॥

তপোধন! কাশীরাজের এই জ্যেষ্ঠা কন্যার নাম—'অম্বা' আর কনিষ্ঠা অপর দুইটী কন্যার নাম—'অম্বিকা' ও 'অম্বালিকা' ॥৪৫॥

ব্রহ্মর্ষি! তাহার পর কাশীনগরে এই কন্যা কয়টীর নিমিত্ত পৃথিবীর সমস্ত ক্ষত্রিয় সম্মিলিত হইয়াছিলেন; তখন মহোৎসব চলিতেছিল ॥৪৬॥

তৎপরে মহাবীর ও মহাতেজা শান্তনুনন্দন ভীষ্ম আসিয়া রাজগণকে পরা-জিত করিয়া সেই তিনটী কন্যাকেই হরণ করেন ॥৪৭॥

তদনন্তর বিশুদ্ধচিত্ত ভরতবংশীয় ভীষ্ম রাজগণকে জয় করিয়া কন্যা কয়টীর সহিতই হস্তিনানগরে আগমন করেন ॥৪৮॥

(৪৪)···কাশিরাজসুতা···বা ব রা নি। (৪৫)···অম্বিকাম্বালিকে বক্তে যবীয়স্যৌ···পি।
(৪৬)···কন্যানিমিত্তং ব্রহ্মর্ষে!···পি।

সত্যবত্যৈ নিবেদ্যাথ বিবাহং সমনন্তরম্ ।
ভ্রাতুর্বিচিত্রবীর্য্যস্য সমাজ্ঞাপয়ত প্রভুঃ ॥৪৯॥
তস্ত বৈবাহিকং দৃষ্ট্বা কন্যেয়ং সমুপার্জ্জিতা ।
অব্রবীত্তত্র গাঙ্গেয়ং মন্ত্রিমধ্যে দ্বিজর্ষভ ! ॥৫০॥
ময়া শাল্বপতির্বীর ! মনসাভিবৃতঃ পতিঃ ।
ন মামর্হসি ধর্ম্মজ্ঞ ! দাতুং ভ্রাত্রেঽন্যমানসাম্ ॥৫১॥
তচ্ছ্রুত্বা বচনং ভীষ্মঃ সংমন্ত্র্য সহ মন্ত্রিভিঃ ।
নিশ্চিত্য বিসসর্জ্জেমাং সত্যবত্যা মতে স্থিতঃ ॥৫২॥
অনুজ্ঞাতা তু ভীষ্মেণ শাল্বং সৌভপতিং ততঃ ।
কন্যেয়ং মুদিতা তত্র কালে বচনমব্রবীৎ ॥৫৩॥
বিসর্জ্জিতাস্মি ভীষ্মেণ ধর্ম্মং মাং প্রতিপাদয় ।
মনসাভিবৃতঃ পূর্বং ময়া ত্বং পার্থিবর্ষভ ! ॥৫৪॥

ভারতকৌমুদী

সত্যেতি। বিবাহং কারয়িতুমিতি শেষঃ। সমাজ্ঞাপয়ত পুরোহিতাদীন্ ॥৪৯॥
তমিতি। বৈবাহিকমায়োজনম্। সমুপার্জ্জিতা ভীষ্মেণায়ত্তীকৃতা ॥৫০॥
ময়েতি। অন্যমানসাম্ অন্যপুরুষাসক্তচিত্তাম্ ॥৫১॥
তদিতি। নিশ্চিত্য শাল্বান্তিকে প্রেরণস্যৈবৌচিত্যমবধার্য্য ॥৫২॥
অন্বিতি। অনুজ্ঞাতা গচ্ছেতি শেষঃ। সৌভপতিং সৌভাখ্যবিমানস্বামিনম্ ॥৫৩॥

তৎপরে ভীষ্ম সত্যবতীকে জানাইয়া ভ্রাতা বিচিত্রবীর্য্যকে বিবাহ করাইবার জন্য পুরোহিতপ্রভৃতিকে আদেশ করিলেন ॥৪৯॥

দ্বিজশ্রেষ্ঠ ! তখন সেই বিবাহের আয়োজন দেখিয়া এই কন্যাটী মন্ত্রিগণের মধ্যে ভীষ্মকে বলিল—॥৫০॥

'বীর ! আমি মনে মনে শাল্বরাজাকে পতিত্বে বরণ করিয়াছি। সুতরাং আমার মন অন্য পুরুষে আসক্ত হইয়াছে। অতএব ধর্ম্মজ্ঞ ! আপনি আমাকে ভ্রাতার হস্তে দান করিতে পারেন না' ॥৫১॥

ভীষ্ম সেই কথা শুনিয়া, মন্ত্রিগণের সহিত মন্ত্রণা করিয়া, সত্যবতীর মত লইয়া পাঠাইয়া দেওয়াই উচিত এইরূপ স্থির করিয়া ইহাকে শাল্বরাজার নিকট পাঠাইয়া দিলেন ॥৫২॥

তাহার পর এই কন্যাটী ভীষ্মের অনুমতিক্রমে সৌভপতি শাল্বরাজার নিকট যাইয়া আনন্দিত হইয়া সেই সময়ে এই কথা বলিল—॥৫৩॥

(৫০)…কন্যেয়ং সমুপার্জ্জিতম্…বা ব রা নি।

প্রত্যাচখ্যৌ চ শাল্বোঽস্যাশ্চারিত্রস্যাভিশঙ্কিতঃ।
সেয়ং তপোবনং প্রাপ্তা তাপস্যেঽভিরতা ভৃশম্ ॥৫৫॥
ময়া চ প্রত্যভিজ্ঞাতা বংশস্য পরিকীর্ত্তনাৎ।
অস্য দুঃখস্য চোৎপত্তিং ভীষ্মমেবেহ মন্যতে ॥৫৬॥

অম্বোবাচ।

ভগবন্নেবমেবৈতদ্যথাহ পৃথিবীপতিঃ।
শরীরকর্ত্তা মাতুর্মে সৃঞ্জয়ো হোত্রবাহনঃ ॥৫৭॥
ন হ্যুৎসহে স্বনগরং প্রতিযাতুং তপোধন!।
অপমানভয়াচ্চৈব ব্রীড়য়াপি মহামুনে! ॥৫৮॥

ভারতকৌমুদী

বিসর্জ্জিতেতি। মাম্, ধর্ম্মপত্নীত্বম্, প্রতিপাদয় পাণিগ্রহণেন প্রাপয় ॥৫৪॥

প্রতীতি। প্রত্যাচখ্যৌ ইমামিতি শেষঃ। তাপস্যে তপস্যায়াম্ ॥৫৫॥

ময়েতি। প্রত্যভিজ্ঞাতা ইয়ম্। বংশস্য পিত্রাদেঃ, পরিকীর্ত্তনাদনয়াভিধানাৎ। উৎপত্তিম্ উৎপত্তের্হেতুম্, ভীষ্মেণাহরণে শাল্বেনৈব গ্রহণসম্ভবাদিতি ভাবঃ ॥৫৬॥

ভগবন্নিতি। মাতুঃ শরীরকর্ত্তা জন্মদাতা মাতামহ ইত্যর্থঃ ॥৫৭॥

ভারতভাবদীপঃ

ভাবঃ ॥১০—১৩॥ মহাত্যয়ঃ সুপনাশঃ। "মহ উদ্ধব উৎসব" ইতি কোষঃ ॥১৭—৪১॥ তৎ বিচিত্রবীর্য্যায় বৈবাহিকং বিবাহার্থমুপস্থিতং সম্পাদিতবান্ অভ্যাগতৌ বৃকস্থলিনা সংস্কৃত্য দৃষ্ট্বা ইদং কন্যা গাঙ্গেয়মব্রবীদিতি যোজনা ॥২০—২১॥ উৎপত্তিং কারণম্ ॥২৬—৫৮॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৪॥

'রাজশ্রেষ্ঠ! আমি পূর্ব্বে মনে মনে আপনাকেই পতিত্বে বরণ করিয়াছিলাম, এখন ভীষ্মও আমাকে পাঠাইয়া দিয়াছেন। সুতরাং আপনি এখন আমাকে পত্নীরূপে গ্রহণ করুন' ॥৫৪॥

কিন্তু শাল্বরাজা ইহার চরিত্রের প্রতি আশঙ্কা করিয়া ইহাকে প্রত্যাখ্যান করিয়াছেন। সুতরাং এ—তপোবনে আসিয়াছে এবং তপস্যার প্রতি বিশেষ অভিলাষিণী হইয়াছে ॥৫৫॥

উহার বংশের কীর্ত্তন করায় উহাকে আমি চিনিতে পারিয়াছি। এ, এখন ভীষ্মকেই এই দুঃখের কারণ বলিয়া মনে করিতেছে' ॥৫৬॥

অম্বা বলিলেন—'ভগবন্! আমার মাতামহ সৃঞ্জয়বংশীয় এই রাজা হোত্রবাহন যাহা বলিলেন, তাহাই সত্য ॥৫৭॥

---

(৫৬)...অস্য দুঃখস্য...পি। (৫৭)...এবমেবেহ...বা ব রা নি। (৫৮) ন হ্যুৎসহে...
নীত্যা হ...রা ন র নি।

যত্তু মাং ভগবান্ রামো বক্ষ্যতি দ্বিজসত্তম ! ।
তন্মে কার্য্যতমং কার্য্যমিতি মে ভগবন্ ! মতিঃ ॥৫৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে হোত্রবাহনাম্বাসংবাদে চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:-০-:——

পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ।

——০::০——

অকৃতব্রণ উবাচ ।
দুঃখং দ্বয়োরিদং ভদ্রে ! কতরস্য চিকীর্ষসি ।
প্রতিকর্ত্তব্যমবলে ! তত্ত্বং বৎসে ! বদস্ব মে ॥১॥

ভারতকৌমুদী

নেতি । উৎসহে ইচ্ছামি । ব্রীড়য়া, উভয়ত্রৈব প্রত্যাখ্যানাদিত্যাশয়ঃ ॥৫৮॥

যদিতি । কার্য্যতমম্ উৎকৃষ্টং কার্য্যম্, কার্য্যং কর্ত্তব্যম্ । মতিরিচ্ছা ॥৫৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

দুঃখমিতি । হে ভদ্রে ! দ্বয়োর্ভীষ্মশাল্বয়োর্মধ্যে কতরস্য, ইদং তবাভিমতং শাসনরূপং দুঃখং চিকীর্ষসি কর্ত্তুমিচ্ছসি, কতরস্য বা প্রতিকর্ত্তব্যং বধরূপং প্রতিবিধানং রামেণ বিধেয়ম্, হে অবলে বলহীনে ! বৎসে ! মে মমাস্তিকে ত্বং তদ্বদস্ব ॥১॥

ভারতভাবদীপঃ

দুঃখমিতি । দুঃখদ্বয়ং দুঃখকরদ্বয়ং ভীষ্মশাল্বাখ্যম্, যদ্বা নির্ভর্ত্তৃকত্বমেকং দুঃখং ত্বচ্ছত্রো র্বধশ্চেতি তাপসানাং দুঃখদ্বয়ং তথাপি শক্রদ্বয়মধ্যে কতরস্য কং প্রতি প্রতিকর্ত্তব্যং হন্তুং যত্নং

কিন্তু তপোধন ! মহর্ষি ! অপমানের ভয়ে এবং লজ্জাবশতঃ আমি আর আপন কাশীনগরে ফিরিয়া যাইতে ইচ্ছা করি না ॥৫৮॥

অতএব ভগবন্ ! ব্রাহ্মণশ্রেষ্ঠ ! ভগবান্ রাম আসিয়া আমাকে যাহা বলিবেন, সেই উত্তম কার্য্যই আমি করিব ; ইহাই আমার ইচ্ছা' ॥৫৯॥

——:০:——

অকৃতব্রণ বলিলেন—'ভদ্রে ! অবলে ! বৎসে ! ভীষ্ম ও শাল্ব এই দুই

* '…ষট্‌সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব রা নি । (১) দুঃখদ্বয়মিদং ভদ্রে !…পি বা ব রা ।

যদি সৌভপতির্ভদ্রে! নিযোক্তব্যো মতস্তব।
নিযোক্ষ্যতি মহাত্মা স রামস্তদ্ধিতকাম্যয়া ॥২॥
অথাপগেয়ং ভীষ্মং ত্বং রামেণেচ্ছসি ধীমতা।
রণে বিনির্জ্জিতং দ্রষ্টুং কুর্য্যাত্তদপি ভার্গবঃ ॥৩॥
সৃঞ্জয়স্য বচঃ শ্রুত্বা তব চৈব শুচিস্মিতে!।
যদত্র তে ভৃশং কার্য্যং তদদ্যৈব বিচিন্ত্যতাম্ ॥৪॥

অম্বোবাচ।

অপনীতাস্মি ভীষ্মেণ ভগবন্নবিজানতা।
নহি জানাতি ভীষ্মো মে ব্রহ্মন্! শাল্বগতং মনঃ ॥৫॥

ভারতকৌমুদী

যদীতি। সৌভপতিঃ শাল্বঃ, নিযোক্তব্যস্তব পাণিগ্রহণ ইতি শেষঃ ॥২॥
অথেতি। অথ অথবা, আপগায়া নদ্যা গঙ্গায়া অপত্যমিত্যাপগেয়স্তম্ ॥৩॥
সৃঞ্জয়স্যেতি। সৃঞ্জয়স্য হোত্রবাহনস্য। কার্য্যং রামেণ কর্ত্তব্যম্ ॥৪॥
অপেতি। অপনীতা অপহৃতা। অবিজানতা মনসা মচ্ছাল্ববরণম্ ॥৫॥

ভারতভাবদীপঃ

চিকীর্ষসি, যদ্বা একৈকস্য গতিহানির্মরণং বেতি। দুঃখদ্বয়ং জ্ঞেয়ম্ ॥১॥ নিযোক্তব্যাস্তব পাণিগ্রহণার্থমিতি শেষঃ ॥২॥ ভীষ্মস্য তু সত্যপ্রতিজ্ঞস্য ত্বৎস্বার্থং জয়মাত্রং কর্ত্তব্যং ন তু তাবতা

জনের মধ্যে কাঁহার এইরূপ দুঃখ বিধান করিতে তুমি ইচ্ছা কর, কাঁহারই বা প্রতিবিধান করিবার ইচ্ছা কর, তাহা তুমি আমার নিকট বল ॥১॥

ভদ্রে! তোমার যদি এইরূপ মত হয় যে, তোমার পাণিগ্রহণের জন্য শাল্বরাজাকেই নিয়োগ করিতে হইবে, তবে মহাত্মা রাম তোমার হিতকামনায় তাঁহাকেই নিযুক্ত করিবেন ॥২॥

অথবা ধীমান্ রাম যুদ্ধে গঙ্গানন্দন ভীষ্মকে জয় করেন, ইহা যদি তুমি দেখিতে ইচ্ছা কর, তবে তিনি তাহাও করিবেন ॥৩॥

নির্ম্মলহাসিনি! হোত্রবাহনের ও তোমার বাক্য শুনিয়া রাম এ বিষয়ে যাহা করিবেন, তাহা তুমি অদ্যই চিন্তা করিয়া রাখ' ॥৪॥

অম্বা বলিলেন—'ভগবন্! ব্রহ্মন্! ভীষ্ম না জানিয়াই আমাকে অপহরণ করিয়াছেন। আমার মন যে শাল্বরাজার উপরে গিয়াছিল, তাহা তিনি বস্তুতই জানিতেন না ॥৫॥

(৩)...ভীষ্মং ত্বম্...পি। (৫) ন তু জানাতি... বা ব রা নি।

এতদ্বিচার্য্য মনসা ভবানেতদ্বিনিশ্চয়ম্।
বিচিনোতু যথান্যায়ং বিধানং ক্রিয়তাং তথা ॥৬॥
ভীষ্মে বা কুরুশার্দ্দূলে শাল্বরাজেঽথবা পুনঃ।
উভয়োরেব বা ব্রহ্মন্! যুক্তং যত্তৎ সমাচর ॥৭॥
নিবেদিতং ময়া হ্যেতদ্দুঃখমূলং যথাতথম্।
বিধানং তত্র ভগবন্! কর্ত্তুমর্হসি যুক্তিতঃ ॥৮॥
অকৃতব্রণ উবাচ।
উপপন্নমিদং ভদ্রে! যদেবং বরবর্ণিনি!।
ধর্ম্মং প্রতি বচো ব্রূয়াঃ শৃণু চেদং বচো মম ॥৯॥
যদি ত্বামাপগেয়ো বৈ ন নয়েদ্‌গজসাহ্বয়ম্।
শাল্বস্ত্বাং শিরসা ভীরু! গৃহ্নীয়াদ্রামচোদিতঃ ॥১০॥

ভারতকৌমুদী

এতদিতি। এতস্য কর্ত্তব্যস্য বিনিশ্চয়ম্, বিচিনোতু করোতু ॥৬॥
ভীষ্ম ইতি। যৎ যুক্তমুচিতম্, তৎ সমাচর কুরু ॥৭॥
নিবেদিতমিতি। বিধানং প্রতিবিধানম্। যুক্তিতো ন্যায়ানুসারেণ ॥৮॥
উপেতি। উপপন্নং যুক্তম্, আত্মনো ধর্ম্মানুসরণাদিত্যাশয়ঃ ॥৯॥
যদীতি। আপগেয়ো ভীষ্মঃ। গজসাহ্বয়ং হস্তিনাম্। রামেণ প্রচোদিত আদিষ্টঃ ॥১০॥

আপনি মনে মনে এই বিষয় বিবেচনা করিয়া ইহার একটা স্থির করুন এবং ন্যায় অনুসারে কার্য্য করুন ॥৬॥

ব্রাহ্মণ! কৌরবশ্রেষ্ঠ ভীষ্মের উপরে, কিংবা শাল্বরাজার উপরে, অথবা উভয়ের উপরে যাহা সঙ্গত হয়, তাহা করুন ॥৭॥

ভগবন্! আমি আমার এই দুঃখের কারণ যথাযথভাবে নিবেদন করিলাম, আপনি এখন সে বিষয়ে ন্যায় অনুসারে প্রতিবিধান করিতে পারেন' ॥৮॥

অকৃতব্রণ বলিলেন—'ভদ্রে! বরবর্ণিনি! তুমি যে ধর্ম্মের প্রতি লক্ষ্য রাখিয়া এইরূপ বাক্য বলিলে, তাহা সঙ্গতই হইয়াছে। এখন আমার বাক্যও শ্রবণ কর ॥৯॥

ভীরু! ভীষ্ম যদি তোমাকে হস্তিনায় না লইয়া যাইতেন, তবে রামের আদেশে শাল্বরাজা তোমাকে মস্তকে গ্রহণ করিতেন ॥১০॥

(৬)…ভগবানেব নিশ্চয়ম্…পি। (৮)…বক্তু মর্হসি…পি।

তেন ত্বং নির্জ্জিতা ভদ্রে! যস্মান্নীতাসি ভাবিনি!।
সংশয়ঃ শাল্বরাজস্য তেন ত্বয়ি সুমধ্যমে! ॥১১॥
ভীষ্মঃ পুরুষমানী চ জিতকাশী তথৈব চ।
তস্মাৎ প্রতিক্রিয়া যুক্তা ভীষ্মে কারয়িতুং তব ॥১২॥

অম্বোবাচ।

মমাপ্যেষ সদা ব্রহ্মন্! হৃদি কামোঽভিবর্ত্ততে।
ঘাতয়েয়ং যদি রণে ভীষ্মমিত্যেব নিত্যদা ॥১৩॥
ভীষ্মং বা শাল্বরাজং বা যং বা দোষেণ গচ্ছসি।
প্রশাধি তং মহাবাহো! যৎকৃতেঽহং সুদুঃখিতা ॥১৪॥

ভীষ্ম উবাচ।

এবং কথয়তামেব তেষাং স দিবসো গতঃ।
রাত্রিশ্চ ভরতশ্রেষ্ঠ! সুখশীতোষ্ণমারুতা ॥১৫॥

ভারতকৌমুদী

তেনেতি। তেন আপগেয়েন। সংশয়শ্চরিত্রসন্দেহঃ ॥১১॥
ভীষ্ম ইতি। জিতেন জয়েন কাশতে গর্বাৎ শোভত ইতি জিতকাশী ॥১২॥
মমেতি। যদি ঘাতয়েয়ম্, তদা উপযুক্তা প্রতিক্রিয়া ভবেদিত্যর্থঃ ॥১৩॥
ভীষ্মমিতি। দোষেণান্বিতং গচ্ছসি অবগচ্ছসি। যৎকৃতে যন্নিমিত্ত ॥১৪॥
এবমিতি। সুখঃ সুখজনকঃ শীতোষ্ণো মারুতো যস্যাং সা রাত্রিশ্চ গতা ॥১৫॥

'কিন্তু ভদ্রে! ভাবিনি! সুমধ্যমে! ভীষ্ম যে হেতু তোমাকে জয় করিয়া লইয়া গিয়াছিলেন, সেই জন্যই তোমার উপরে শাল্বরাজার সন্দেহ জন্মিয়াছে ॥১১॥

তা'র পর আবার ভীষ্ম পুরুষাভিমানী এবং জয়গর্বিত। অতএব ভীষ্মের উপরে প্রতিবিধান করানই তোমার উচিত' ॥১২॥

অম্বা বলিলেন—'ব্রাহ্মণ! আমার মনেও সর্বদা এইরূপ অভিলাষই রহিয়াছে যে, যদি ভীষ্মকে যুদ্ধে বধ করাইতে পারি, তাহা হইলেই উপযুক্ত প্রতীকার করা হয় ॥১৩॥

সে যাহা হউক, মহাবাহু! আমি যাহার জন্য গুরুতর দুঃখ ভোগ করিতেছি, সেই ভীষ্মকে বা শাল্বরাজকে কিংবা অন্য যাহাকে দোষী বলিয়া মনে করেন, তাহাকেই শাসন করুন' ॥১৪॥

---

(১১)…নীতাসি ভামিনি!…নি। (১৩) মমাপ্যেষ মহাব্রহ্মন্!…পি।

ততো রামঃ প্রাদুরাসীৎ প্রজ্বলন্নিব তেজসা।
শিষ্যৈঃ পরিবৃতো রাজন্! জটাচীরধরো মুনিঃ ॥১৬॥
ধনুষ্পাণিরদীনাত্মা খড়্গং বিভ্রৎ পরশ্বধী।
বিরজা রাজশার্দ্দূল! সৃঞ্জয়ং সোঽভ্যয়ান্নৃপম্ ॥১৭॥
ততস্তং তাপসা দৃষ্ট্বা স চ রাজা মহাতপাঃ।
তস্থুঃ প্রাঞ্জলয়ো রাজন্! সা চ কন্যা তপস্বিনী ॥১৮॥
পূজয়ামাসুরব্যগ্রা মধুপর্কেণ ভার্গবম্।
অর্চ্চিতশ্চ যথান্যায়ং নিষসাদ সহৈব তৈঃ ॥১৯॥
ততঃ পূর্ব্বব্যতীতানি কথয়ন্তৌ স্ম তাবুভৌ।
আসাতাং জামদগ্ন্যশ্চ সৃঞ্জয়শ্চৈব ভারত! ॥২০॥
তথা কথান্তে রাজর্ষির্ভৃগুশ্রেষ্ঠং মহাবলম্।
উবাচ মধুরং কালে রামং বচনমর্থবৎ ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। জটাশ্চীরং কৌপীনঞ্চ ধরতীতি সঃ ॥১৬॥
ধনুরিতি। অদীনাত্মা অবিষণ্ণচিত্তঃ। বিরজা রজোগুণজনিতক্রোধাদিহীনঃ ॥১৭॥
তত ইতি। রাজা হোত্রবাহনঃ। তপস্বিনী শোচ্যা, প্রাঞ্জলিস্তস্থৌ ॥১৮॥
পূজয়েতি। নিষসাদ উপবিবেশ ভার্গব ইতি বিভক্তিবিপরিণামেনানুবৃত্তিঃ ॥১৯॥
তত ইতি। আসাতাম্ উপাবিশতাম্, সৃঞ্জয়ো হোত্রবাহনঃ ॥২০॥

ভীষ্ম বলিলেন—'এইরূপ আলোচনা করিতে করিতেই তাঁহাদের সে দিন এবং সুখজনক শীত ও উষ্ণ বায়ুযুক্ত রাত্রিও অতীত হইল ॥১৫॥

রাজা। তাহার পর জটা ও কৌপীনধারী মুনি পরশুরাম তেজে যেন জ্বলিতে থাকিয়া শিষ্যগণে পরিবেষ্টিত হইয়া উপস্থিত হইলেন ॥১৬॥

রাজশ্রেষ্ঠ! রজোগুণবিহীন, প্রফুল্লচিত্ত এবং ধনু, তরবারি ও পরশুধারী রাম ক্রমশঃ রাজা হোত্রবাহনের নিকট গমন করিলেন ॥১৭॥

রাজা! তদনন্তর তপস্বীরা, মহাতপা হোত্রবাহন এবং শোচনীয়া অম্বা ইহারা রামকে দেখিয়া কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইলেন ॥১৮॥

পরে তাঁহারা মধুপর্কদ্বারা অনাকুলভাবে রামের পূজা করিলেন। তৎপরে রাম যথানিয়মে পূজিত হইয়া তাঁহাদের সহিতই উপবেশন করিলেন ॥১৯॥

ভরতনন্দন! তাহার পর রাম ও হোত্রবাহন উভয়েই উপবেশনপূর্ব্বক অতীত বিষয় লইয়া অনেক আলোচনা করিলেন ॥২০॥

(২১) ততঃ কথান্তে···পি।

রামেয়ং মম দৌহিত্রী কাশীরাজসুতা প্রভো!।
অস্যাঃ শৃণু যথাতত্ত্বং কার্য্যং কার্য্যবিশারদ!॥২২॥
পরমং কথ্যতাঞ্চেতি তাং রামঃ প্রত্যভাষত।
ততঃ সাভ্যবদদ্রামং জ্বলন্তমিব পাবকম্॥২৩॥
ততোঽভিবাদ্য চরণৌ রামস্য শিরসা শুভৌ।
স্পৃষ্ট্বা পদ্মদলাভাভ্যাং পাণিভ্যামগ্রতঃ স্থিতা॥২৪॥
রুরোদ সা শোকবতী বাষ্পব্যাকুললোচনা।
প্রপেদে শরণঞ্চৈব শরণ্যং ভৃগুনন্দনম্॥২৫॥

রাম উবাচ।†

যথা ত্বং সৃঞ্জয়স্যাস্য তথা মে ত্বং নৃপাত্মজে!।
ব্রূহি যত্তে মনোদুঃখং করিষ্যে বচনং তব॥২৬॥

ভারতকৌমুদী

তথেতি। রাজর্ষির্হোত্রবাহনঃ। অর্থবৎ যুক্তিযুক্তম্॥২১॥
রামেতি। অস্যাঃ সকাশাৎ, কার্য্যং কর্ত্তব্যবিষয়ং শৃণু॥২২॥
পরমমিতি। পরমমুত্তমং ত্বদ্বচনমিতি রাজর্ষিং প্রত্যুক্তিঃ॥২৩॥
তত ইতি। পদ্মদলাভাভ্যাং পদ্মপত্রতুল্যাভ্যাম্॥২৪॥
রুরোদেতি। বাষ্পেণ ব্যাকুলে ব্যাপ্তে লোচনে যস্যাঃ সা। প্রপেদে প্রাপ॥২৫॥

ভারতভাবদীপঃ

তব হিতমিত্যাশয়েনাহ তথেতি॥৩—৫॥ বিধানং প্রতীকারম্॥৬—১৯॥ আসাতাং নতি দ্বিবচনম্॥২০—২২॥ পরমং তব বিবক্ষিতং যত্তস্মেঽবশ্যং বক্তব্যমিত্যর্থঃ॥২৩॥ শিরসৌ শ্রেষ্ঠৌ। "শিরঃ প্রধানে সেনাগ্র" ইতি মেদিনী। পুংস্ত্বমার্ষম্॥২৪—২৫॥ সৃঞ্জয়স্য দৌহিত্রীতি

সেইরূপ আলোচনার পরে হোত্রবাহন, ভৃগুবংশশ্রেষ্ঠ ও মহাবল রামের নিকটে যথাসময়ে যুক্তিযুক্ত মধুরবাক্য বলিলেন—॥২১॥

'প্রভু কার্য্যবিশারদ রাম! এটী আমার দৌহিত্রী এবং কাশীরাজের কন্যা। আপনি ইহার নিকট হইতে যথাযথভাবে কর্ত্তব্য বিষয় শ্রবণ করুন'॥২২॥

ভাল, বল' এই কথা অম্বার প্রতি রাম বলিলেন। তাহার পর অম্বা প্রজ্বলিত অগ্নির ন্যায় তেজস্বী রামের নিকট সমস্ত কথা ব্যক্ত করিলেন॥২৩॥

তদনন্তর অম্বা পদ্মপত্রতুল্য পাণিযুগলদ্বারা রামের মঙ্গলময় চরণযুগল স্পর্শপূর্ব্বক মস্তকদ্বারা নমস্কার করিয়া সম্মুখে দাঁড়াইলেন॥২৪॥

এবং তিনি শোকার্ত্তা ও অশ্রুপূর্ণনয়না হইয়া রোদন করিতে লাগিলেন, ক্রমে শরণাগতবৎসল রামের শরণাপন্না হইলেন॥২৫॥

† শ্রীরাম উবাচ—পি।

অম্বোবাচ।

ভগবন্! শরণং ত্বাদ্য প্রপন্নাস্মি মহাব্রতম্।
শোকপঙ্কার্ণবান্মগ্নাং ঘোরাদুদ্ধর মাং বিভো! ॥২৭॥

ভীষ্ম উবাচ।

তস্যাস্তু দৃষ্ট্বা রূপঞ্চ বপুশ্চাভিনবং পুনঃ।
সৌকুমার্য্যং পরঞ্চৈব রামশ্চিন্তাপরোঽভবৎ ॥২৮॥
কিমিয়ং বক্ষ্যতীত্যেবং বিমর্ষাদ্ভৃগুনন্দনঃ।
ইতি দধ্যৌ চিরং রামঃ কৃপয়াভিপরিপ্লুতঃ ॥২৯॥
কথ্যতামিতি সা ভূয়ো রামেণোক্তা শুচিস্মিতা।
সর্বমেব যথাতত্ত্বং কথয়ামাস ভার্গবে ॥৩০॥

ভারতকৌমুদী

যথেতি। যথা যাদৃক্সম্বন্ধবতী, তথা মে, সৃঞ্জয়স্য প্রিয়সপত্বাং ॥২৬॥
ভগবন্নিতি। ত্বা ত্বাম্, প্রপন্না প্রাপ্তা। শোক এব পঙ্কঃ কর্দ্দমস্তস্মার্ণবাং ॥২৭॥
তস্যা ইতি। চিন্তাপরঃ, কিং বদেদিত্যাশঙ্কয়েতি ভাবঃ ॥২৮॥
কিমিতি। বিমর্ষাং সন্দেহাং। দধ্যৌ চিন্তয়ামাস ॥২৯॥
কথ্যতামিতি। সর্বমেব ভীষ্মস্যাপরাধং তস্যৈব শাসনৌচিত্যঞ্চ ॥৩০॥

রাম বলিলেন—'রাজকন্যে! তুমি এই সৃঞ্জয়ের যেমন, আমারও তেমনই বট। অতএব তোমার মনে যে দুঃখ আছে, তাহা বল, আমি তোমার বাক্য রক্ষা করিব' ॥২৬॥

অম্বা বলিলেন—'ভগবন্! আপনি মহাব্রত। সুতরাং আমি আজ আপনার শরণাপন্না হইলাম। প্রভু! আমি ভয়ঙ্কর শোকপঙ্কার্ণবে মগ্ন হইয়াছি, আপনি আমাকে তাহা হইতে উদ্ধার করুন' ॥২৭॥

ভীষ্ম বলিলেন—'রাম অম্বার রূপ, নবীন শরীর ও পরম সৌকুমার্য্য দর্শন করিয়া চিন্তান্বিত হইলেন ॥২৮॥

'এ কি বলিবে' এইরূপ সন্দেহ করিয়া ভৃগুনন্দন রাম দয়ার্দ্র হইয়া দীর্ঘকাল চিন্তা করিলেন ॥২৯॥

তদনন্তর রাম পুনরায় নির্ম্মলহাসিনী অম্বাকে বলিলেন—'বল'। তাহার পর অম্বা যথাযথভাবে সমস্ত বিষয়ই রামের নিকট কহিলেন ॥৩০॥

(২৭)…শোকপঙ্কার্ণবে মগ্নাম্…পি। (২৮) তস্যাশ্চ দৃষ্ট্বা…বা ব য়া নি। (২৯)…বিমমর্শ ভৃগূদ্বহঃ…বা ব য়া নি।

তচ্ছ্রুত্বা জামদগ্ন্যস্তু রাজপুত্র্যা বচস্তদা।
উবাচ তাং বরারোহাং নিশ্চিত্যার্থবিনিশ্চয়ম্ ॥৩১॥

রাম উবাচ।

প্রেষয়িষ্যামি ভীষ্মায় কুরুশ্রেষ্ঠায় ভাবিনি!।
করিষ্যতি বচো মহ্যং শ্রুত্বা চ স নরাধিপঃ ॥৩২॥
ন চেৎ করিষ্যতি বচো ময়োক্তং জাহ্নবীসুতঃ।
ধক্ষ্যাম্যহং রণে ভদ্রে! সামাত্যং শস্ত্রতেজসা ॥৩৩॥
অথবা তে মতিস্তত্র রাজপুত্রি! ন বর্ত্ততে।
যাবচ্ছাল্বপতিং বীরং যোজয়াম্যত্র কর্ম্মণি ॥৩৪॥

অম্বোবাচ।

বিসর্জ্জিতাহং ভীষ্মেণ শ্রুত্বৈব ভৃগুনন্দন!।
শাল্বরাজগতং ভাবং মম পূর্ব্বং মনীষিতম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

তদিতি। নিশ্চিত্য বিধায়, অর্থবিনিশ্চয়ং কর্ত্তব্যনির্ণয়ম্ ॥৩১॥
প্রেষেতি। প্রেষয়িষ্যামি বাচিকমিতি শেষঃ। মহ্যং মম ॥৩২॥
নেতি। জাহ্নবীসুতো ভীষ্মঃ। ধক্ষ্যামি দগ্ধং করিষ্যামি, সামাত্যং তং ভীষ্মম্ ॥৩৩॥
অথবেতি। তত্র ভীষ্মশাসনবিষয়ে। অত্র কর্ম্মণি ত্বৎপাণিগ্রহণব্যাপারে ॥৩৪॥

রাম তখন অম্বার সেই কথা শুনিয়া কর্ত্তব্য স্থির করিয়া অম্বাকে বলিলেন ॥৩১॥

রাম বলিলেন—'ভাবিনি! আমি কৌরবশ্রেষ্ঠ ভীষ্মের নিকট সংবাদ পাঠাইব; তিনি শুনিয়া নিশ্চয়ই আমার বাক্য রক্ষা করিবেন ॥৩২॥

ভদ্রে! ভীষ্ম যদি আমার বাক্য রক্ষা না করেন, তবে আমি যুদ্ধে অস্ত্রের তেজে অমাত্যবর্গের সহিত ভীষ্মকে দগ্ধ করিব ॥৩৩॥

অথবা রাজপুত্রি! তোমার মতি যদি সেদিকে না থাকে, তবে আমি এই কার্য্যে বীর শাল্বরাজাকেই নিযুক্ত করিব' ॥৩৪॥

অম্বা বলিলেন—'ভৃগুনন্দন! আমার বুদ্ধিপ্রযুক্ত অনুরাগ পূর্ব্বেই শাল্বরাজার উপরে গিয়াছে, এই কথা শুনিয়াই ভীষ্ম আমাকে ছাড়িয়া দিয়াছিলেন ॥৩৫॥

(৩১)···নিশ্চিত্যার্থবিনির্ণয়ম্—নি। (৩২)···ভামিনি।···নি।

সৌভরাজমুপেত্যাহমবোচং দুর্বচং বচঃ।
ন চ মাং প্রত্যগৃহ্লাৎ স চারিত্র্যপরিশঙ্কিতঃ ॥৩৬॥
এতৎ সর্বং বিনিশ্চিত্য স্ববুদ্ধ্যা ভৃগুনন্দন!।
যদত্রৌপয়িকং কার্য্যং তচ্চিন্তয়িতুমর্হসি ॥৩৭॥
মম তু ব্যসনস্যাস্য ভীষ্মো মূলং মহাব্রতঃ।
যেনাহং বশমানীতা সমুৎক্ষিপ্য বলাত্তদা ॥৩৮॥
ভীষ্মং জহি মহাবাহো! যৎকৃতে দুঃখমীদৃশম্।
প্রাপ্তাহং ভৃগুশার্দ্দূল! চরাম্যপ্রিয়মুত্তমম্ ॥৩৯॥
স হি লুব্ধশ্চ নীচশ্চ জিতকাশী চ ভার্গব!।
তস্মাৎ প্রতিক্রিয়া কর্ত্তুং যুক্তা তস্মৈ ত্বয়াঽনঘ! ॥৪০॥

ভারতকৌমুদী

বিসর্জ্জিতেতি। ভাবমনুরাগম্, মনীষিতং মনীষয়া বুদ্ধ্যা প্রযুক্তম্ ॥৩৫॥
সৌভেতি। সৌভরাজং শাম্বরাজম্। দুর্বচং লজ্জাকরত্বাৎ, বচঃ পাণিগ্রহণার্থম্ ॥৩৬॥
এতদিতি। বিনিশ্চিত্য বিবিচ্য। ঔপয়িকং যুক্তিযুক্তম্ ॥৩৭॥
মমেতি। ব্যসনস্য বিপদঃ। মূলং কারণম্। সমুৎক্ষিপ্য রথে উত্তোল্য ॥৩৮॥
ভীষ্মমিতি। যৎকৃতে যন্নিমিত্তে। অপ্রিয়ং ভবতো নিয়োগম্ ॥৩৯॥
স ইতি। লুব্ধো মম হরণাৎ, নীচঃ হৃত্বা অগ্রহণাৎ, জিতকাশী গর্বিতশ্চ ॥৪০॥

তাহার পর আমি শাম্বরাজার নিকট যাইয়া—স্ত্রীলোকের যাহা বলা দুষ্কর, সেই কথাই তাঁহাকে বলিয়াছিলাম; কিন্তু তিনি আমার চরিত্রের উপরে আশঙ্কা করিয়া আমাকে গ্রহণ করেন নাই ॥৩৬॥

অতএব ভৃগুনন্দন! আপনি আপন বুদ্ধিতে এই সকল বিবেচনা করিয়া এখন যাহা যুক্তিযুক্ত কার্য্য, তাহাই চিন্তা করিতে পারেন ॥৩৭॥

তবে মহাব্রত ভীষ্মই আমার এই বিপদের কারণ। যে হেতু তিনিই তখন বলপূর্বক আমাকে রথে তুলিয়া লইয়া বশীভূত করিয়াছিলেন ॥৩৮॥

অতএব মহাবাহু ভৃগুশ্রেষ্ঠ! যাঁহার জন্য আমি এইরূপ দুঃখ ভোগ করিতেছি এবং আপনার গুরুতর অপ্রিয় আচরণ করিতেছি, সেই ভীষ্মকেই আপনি বধ করুন ॥৩৯॥

নিষ্পাপ ভৃগুনন্দন! ভীষ্ম লোভী, নীচপ্রকৃতি এবং গর্বিত। সুতরাং তাঁহার প্রতিশোধ লওয়াই আপনার উচিত ॥৪০॥

(৩৬)…অব্রুবং দুর্বচং বচঃ…পি।

এষ মে ক্রিয়মাণায়া ভারতেন তদা বিভো ! ।
অভবদ্ধৃদি সঙ্কল্পো ঘাতয়েয়ং মহাব্রতম্ ॥৪১॥
তস্মাৎ কামং মমাদ্যেমং রাম ! সম্পাদয়ানঘ ! ।
জহি ভীষ্মং মহাবাহো ! যথা বৃত্রং পুরন্দরঃ ॥৪২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে রামাম্বাসংবাদে পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:-০-:———

ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

———০:::০———

ভীষ্ম উবাচ।

এবমুক্তস্তদা রামো জহি ভীষ্মমিতি প্রভো ! ।
উবাচ রুদতীং কন্যাং চোদয়ন্তীং পুনঃ পুনঃ ॥১॥

ভারতকৌমুদী

এষ ইতি। ভারতেন ভরতবংশীয়েন ভীষ্মেণ। মহাব্রতং ভীষ্মম্ ॥৪১॥

তস্মাদিতি। কামমভিলাষম্। সম্পাদয় সফলীকুরু ॥৪২॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারত-কৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

এবমিতি। প্রভো ! ভীষ্মং জহি ইত্যেবমুক্ত ইতি সম্বন্ধঃ। চোদয়ন্তীং প্রেরয়ন্তীম্ ॥১॥

ভারতভাবদীপঃ

শেষঃ ॥২৬—৩৯॥ লুব্ধো যতো মাং হৃতবান্, নীচো যতো মদঙ্গীকারং স্বয়ং ন কৃতবান্। অকামুকস্য কন্যাহরণং দোষ ইতি ভাবঃ ॥৪০॥ ক্রিয়মাণায়াঃ বলাদাহরণেন হিংস্যমানায়াঃ। কৃহিসায়াং স্বাদিঃ ॥৪১—৪২॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৫॥

প্রভু! ভীষ্ম যখন আমাকে হরণ করেন, তখন আমার মনে এইরূপ সঙ্কল্প হইয়াছিল যে, আমি ভীষ্মকে বধ করাইব ॥৪১॥

অতএব নিষ্পাপ মহাবাহু রাম! আপনি আজ আমার এই অভিলাষ পূর্ণ করুন; ইন্দ্র যেমন বৃত্রাসুরকে বধ করিয়াছিলেন, আপনিও সেইরূপ ভীষ্মকে বধ করুন' ॥৪২॥

* '...সপ্তসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা, ব, রা, নি।

কাশ্যে ! কামং ন গৃহ্লামি শস্ত্রং বৈ বরবর্ণিনি ! ।
ঋতে ব্রহ্মবিদাং হেতোঃ কিমন্যৎ করবাণি তে ॥২॥
বাচা ভীষ্মশ্চ শাল্বশ্চ মম রাজ্ঞি ! বশানুগৌ ।
ভবিষ্যতোঽনবদ্যাঙ্গি ! তৎ করিষ্যামি মা শুচঃ ॥৩॥
ন তু শস্ত্রং গ্রহীষ্যামি কথঞ্চিদপি ভাবিনি ! ।
ঋতে নিয়োগাদ্বিপ্রাণামেষ মে সময়ঃ কৃতঃ ॥৪॥

অম্বোবাচ ।

মম দুঃখং ভগবতা ব্যপনেয়ং যতস্ততঃ ।
তচ্চ ভীষ্মপ্রসূতং মে তং জহীশ্বর ! মা চিরম্ ॥৫॥

রাম উবাচ ।

কাশিকন্যে ! পুনর্ব্রূহি ভীষ্মস্তে চরণাবুভৌ ।
শিরসা বন্দনার্হোঽপি গ্রহীষ্যতি গিরা মম ॥৬॥

ভারতকৌমুদী

কাশ্য ইতি। কাশ্যাঃ কাশীরাজস্যাপত্যমিতি কাশ্যা, তৎসম্বোধনম্। ঋতে বিনা ॥২॥
বাচেতি। রাজ্ঞি ! রাজকন্যে ! । মা শুচঃ শোকং ন কুরু ॥৩॥
নেতি। কথঞ্চিদপি কেনাপি কারণেন। মে ময়া, সময়ঃ শপথঃ ॥৪॥
মমেতি। ব্যপনেয়ং বিনাশ্যম্, যতস্ততো যেন তেন প্রকারেণ। তচ্চ দুঃখম্ ॥৫॥
কাশীতি। কাশিকন্যে ! কাশিরাজকন্যে ! পুনর্ব্রূহি ভীষ্মস্যৈব গ্রহণায় ॥৬॥

ভীষ্ম বলিলেন—'প্রভু ! আপনি ভীষ্মকে বধ করুন' এই কথা বলিয়া অম্বা রোদন করতঃ বার বার অনুরোধ করিতে লাগিলে, রাম তাঁহাকে বলিলেন—॥১॥

'কাশীরাজকন্যে ! আমি ব্রহ্মবিদ্‌গণের প্রয়োজন ব্যতীত ইচ্ছানুসারে অস্ত্রগ্রহণ করিব না। অতএব বরবর্ণিনি ! তোমার অন্য কোন্ কার্য্য করিব (তাহা বল) ॥২॥

অনিন্দ্যসুন্দরি ! রাজকন্যে ! ভীষ্ম ও শাল্ব দুই জনই বাক্যমাত্রে আমার বশীভূত হইবেন, আমি তাহাই করিব, তুমি শোক করিও না ॥৩॥

ভাবিনি। ব্রাহ্মণের নিয়োগ ব্যতীত কোন প্রকারেই আমি অস্ত্র ধারণ করিব না, এইরূপই আমি শপথ করিয়াছি' ॥৪॥

অম্বা বলিলেন—'মহর্ষি। আপনি যে কোন প্রকারে আমার দুঃখ দূর করিবেন; আমার সে দুঃখ ভীষ্মই উৎপাদন করিয়াছেন। অতএব প্রভু ! আপনি তাঁহাকে বধ করুন, বিলম্ব করিবেন না' ॥৫॥

অম্বোবাচ।

জহি ভীষ্মং রণে রাম! মম চেদিচ্ছসি প্রিয়ম্।
প্রতিশ্রুতঞ্চ যদপি তৎ সত্যং কর্ত্তুমর্হসি ॥৭॥

ভীষ্ম উবাচ।

তয়োঃ সংবদতোরেবং রাজন্! রামাম্বয়োস্তদা।
ঋষিঃ পরমধর্ম্মাত্মা ইদং বচনমব্রবীৎ ॥৮॥
শরণাগতাং মহাবাহো! কন্যাং ন ত্যক্তুমর্হসি।
জহি ভীষ্মং রণে রাম! গর্জ্জন্তমসুরং যথা ॥৯॥
যদি ভীষ্মঃ সমাহূতো রণে রাম! ত্বয়া মৃধে।
নির্জ্জিতোঽস্মীতি বা ব্রূয়াৎ কুর্য্যাদ্বা বচনং তব ॥১০॥

ভারতকৌমুদী

জহীতি। প্রতিশ্রুতম্ "ন চেৎ করিষ্যতি বচঃ" ইত্যাদিনা পূর্ব্বং প্রতিজ্ঞাতম্ ॥৭॥
তয়োরিতি। ঋষিঃ রামসহচরত্বাৎ অকৃতব্রণঃ ॥৮॥
শরণেতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১॥ কাশ্যে কাশিরাজকন্যে ॥২—৭॥ ঋষিঃ অকৃতব্রণঃ। পাঠান্তরে তু স্পষ্ট-
মেব স কীর্ত্ত্যতে ॥৮—২৪॥
ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৬॥

রাম বলিলেন—'কাশীরাজকন্যে! তুমি আবার বল—ভীষ্ম তোমার পূজ-
নীয় হইলেও আমার অনুরোধে তিনি তোমার চরণযুগল মস্তকে ধারণ করি-
বেন ॥৬॥

অম্বা বলিলেন—'রাম! আপনি যদি আমার প্রিয় কার্য্য করিবার ইচ্ছা
করেন, তবে যুদ্ধে ভীষ্মকে বধ করুন। আর আপনি যে প্রতিজ্ঞা করিয়াছেন,
তাহাও ত আপনার সত্য করা উচিত' ॥৭॥

ভীষ্ম কহিলেন—'রাজা! রাম ও অম্বা এইরূপ আলোচনা করিতে
লাগিলে, পরমধর্ম্মাত্মা অকৃতব্রণ এই কথা বলিলেন—॥৮॥

'মহাবাহু রাম! আপনি শরণাগতা কন্যাটিকে ত্যাগ করিতে পারেন না।
সুতরাং গর্জ্জনকারী অসুরের ন্যায় ভীষ্মকে যুদ্ধে বধ করুন ॥৯॥

ভৃগুনন্দন রাম! ভীষ্ম আপনার আহ্বানে আসিয়া যদি এইরূপ বলেন

(৮)...অকৃতব্রণো জামদগ্ন্যমিদং বচনমব্রবীৎ—নি। (৯) দ্বিতীয়ার্দ্ধং বা ব রা নি
নাস্তি।

কৃতমস্যা ভবেৎ কার্য্যং কন্যায়া ভৃগুনন্দন ! ।
বাক্যং সত্যঞ্চ তে বীর ! ভবিষ্যতি কৃতং বিভো ! ॥১১॥ (যুগ্মকম্)
ইয়ঞ্চাপি প্রতিজ্ঞা তে তদা রাম ! মহামুনে ! ।
জিত্বা বৈ ক্ষত্রিয়ান্ সর্বান্ ব্রাহ্মণেষু প্রতিশ্রুতা ॥১২॥
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রশ্চৈব রণে যদি ।
ব্রহ্মদ্বিড়্ ভবিতা তং বৈ হনিষ্যামীতি ভার্গব ! ॥১৩॥
শরণার্থে প্রপন্নানাং ভীতানাং শরণার্থিনাম্ ।
ন শক্ষ্যামি পরিত্যাগং কর্ত্তুং জীবন্ কথঞ্চন ॥১৪॥
যশ্চ কৃৎস্নং রণে ক্ষত্রং বিজেষ্যতি সমাগতম্ ।
দীপ্তাত্মানমহং তঞ্চ হনীষ্যামীতি ভার্গব ! ॥১৫॥

ভারতকৌমুদী

যদীতি। রণে সমাহূতঃ। মৃধে যুদ্ধে নির্জ্জিতোঽস্মীতি সম্বন্ধঃ। বাক্যম্, "ন চেৎ করিষ্যতি বচঃ" ইত্যাদিপ্রাগুক্তরূপম্ ॥১০—১১॥

ইয়মিতি। প্রতিশ্রুতা প্রতিশ্রাবিতা কৃতা বা ॥১২॥

কা সা প্রতিজ্ঞেত্যাহ ত্রিভিঃ। ব্রাহ্মণ ইতি। যদি ব্রহ্মদ্বিট্ বেদদ্বেষী বেদদ্বেষিত্বেন ধর্ম্মদ্বেষীত্যর্থঃ ভবিতা, তদা তং রণে হনিষ্যামীতি সম্বন্ধঃ ॥১৩॥

শরণেতি। প্রপন্নানামাগতানাম্ ॥১৪॥

য ইতি। সমাগতং যুদ্ধ ইতি শেষঃ। দীপ্তাত্মানং মহাতেজস্কম্ ॥১৫॥

যে, 'আমি যুদ্ধে আপনার নিকট পরাজিত হইয়াছি' অথবা তিনি আপনার বাক্য রক্ষা করেন, তাহা হইলেই এই কন্যাটীর কার্য্য করা হইবে এবং প্রভু বীর ! আপনার সেই বাক্যও সত্য করা হইবে ॥১০—১১॥

মহর্ষি রাম ! আপনি সকল ক্ষত্রিয়কে জয় করিয়া তখন ব্রাহ্মণগণের নিকটে এই প্রতিজ্ঞা করিয়াছিলেন—॥১২॥

'ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্র যদি ধর্ম্মদ্বেষী হয়, তবে আমি তাহাকে যুদ্ধে বধ করিব' ॥১৩॥

আমি জীবিত থাকিয়া ভীত ও শরণার্থী হইয়া আগত লোকদিগের কোন প্রকারে পরিত্যাগ করিতে পারিব না ॥১৪॥

ভৃগুনন্দন ! (আর আপনি এরূপ প্রতিজ্ঞাও করিয়াছিলেন যে,) যে লোক যুদ্ধে সমাগত সকল ক্ষত্রিয়কে জয় করিবে, আমি সে তেজস্বীকেও বধ করিব ॥১৫॥

---

(১৪) শরণং হি প্রপন্নানাম্…জীবিতার্থিনাম্…পি।

স এবং বিজয়ী রাম! ভীষ্মঃ কুরুকুলোদ্বহঃ।
তেন যুধ্যস্ব সংগ্রামে সমেত্য ভৃগুনন্দন! ॥১৬॥

রাম উবাচ।

স্মরাম্যহং পূর্বকৃতাং প্রতিজ্ঞামৃষিসত্তম!।
তথৈব চ করিষ্যামি যথা সাম্নৈব লপ্স্যতে ॥১৭॥
কার্য্যমেতন্মহদ্‌ব্রহ্মন্! কাশিকন্যামনোগতম্।
গমিষ্যামি স্বয়ং তত্র কন্যামাদায় যত্র সঃ ॥১৮॥
যদি ভীষ্মো রণশ্লাঘী ন করিষ্যতি মে বচঃ।
হনিষ্যাম্যেনমুদ্রিক্তমিতি মে নিশ্চিতা মতিঃ ॥১৯॥
নহি বাণা ময়োৎসৃষ্টাঃ সজ্জন্তীহ শরীরিণাম্।
কায়েষু বিদিতং তুভ্যং পুরা ক্ষত্রিয়সঙ্গরে ॥২০॥

ভারতকৌমুদী

শেষোক্তিবিষয়ো ভীষ্ম ইত্যাহ স ইতি। সমেত্য মিলিত্বা ॥১৬॥

স্মরামীতি। সাম্নৈব সান্ত্ববাদেনৈব, লপ্স্যতে ফলমিতি শেষঃ ॥১৭॥

কার্য্যমিতি। কার্য্যং যোগ্যবরেণাত্মনঃ পাণিগ্রহণম্, কাশিকন্যায়া অম্বায়া মনোগতম্ ॥১৮॥

যদীতি। উদ্রিক্তং গর্বিতম্ ॥১৯॥

নহীতি। সজ্জন্তি লগ্নাস্তিষ্ঠন্তি। তুভ্যং তব, ক্ষত্রিয়াণাং সঙ্গরে যুদ্ধে ॥২০॥

ভৃগুনন্দন রাম! কুরুবংশশ্রেষ্ঠ সেই ভীষ্ম এইরূপ বিজয়ী। অতএব আপনি যুদ্ধে সেই ভীষ্মের সহিত মিলিত হইয়া যুদ্ধ করুন' ॥১৬॥

রাম বলিলেন—'ঋষিশ্রেষ্ঠ! আমার পূর্ব্বকৃত প্রতিজ্ঞা আমি স্মরণ করিতেছি। তবে এক্ষেত্রে যাহাতে সান্ত্ববাক্যে ফল লাভ করা যায়, তাহাই আমি করিব ॥১৭॥

ব্রহ্মন্! কাশীরাজকন্যার মনোগত এই কার্য্য অতিগুরুতর। অতএব ভীষ্ম যেখানে আছেন, এই কন্যাটিকে লইয়া সেইখানেই যাইব ॥১৮॥

তাহাতে সমরশ্লাঘী ভীষ্ম যদি আমার বাক্য রক্ষা না করে, তবে এই গর্বিত ভীষ্মটাকে বধ করিব, এই বুদ্ধিই আমি স্থির করিলাম ॥১৯॥

আমার নিক্ষিপ্ত বাণগুলি যাইয়া প্রাণিগণের দেহে লাগিয়া থাকে না (তাহা বিদীর্ণই করে), পূর্বে ক্ষত্রিয়যুদ্ধে তাহা আপনার জানা আছে ॥২০॥

---

(১৬)···কুরুকুলোদ্ভবঃ···পি। (১৭)· তথৈব চ চরিষ্যামি··পি। (২০)··কার্য্যেষু বিদিতম্···নি।

এবমুক্ত্বা ততো রামঃ সহ তৈর্ব্রহ্মবাদিভিঃ।
প্রয়াণায় মতিং কৃত্বা সমুত্তস্থৌ মহাতপাঃ ॥২১॥
ততস্তে তামুষিত্বা তু রজনীং তত্র তাপসাঃ।
হুতাগ্নয়ো জপ্তজপ্যাঃ প্রতস্থুর্মজ্জিঘাংসয়া ॥২২॥
অভ্যাগচ্ছত্ততো রামঃ সহ তৈর্ব্রহ্মবাদিভিঃ।
কুরুক্ষেত্রং মহারাজ ! কন্যয়া সহ ভারত ! ॥২৩॥
ন্যবিশন্ত ততঃ সর্বে পরিগৃহ্য সরস্বতীম্।
তাপসাস্তে মহাত্মানো ভৃগুশ্রেষ্ঠপুরস্কৃতাঃ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে তাপসকুরুক্ষেত্রপ্রাপ্তৌ ষট্‌ষষ্ট্যধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———০:::০———

ভারতকৌমুদী

এবমিতি। ব্রহ্মবাদিভির্বেদবক্তৃভিঃ। সমুত্তস্থৌ উদ্‌যোগং চকার ॥২১॥
তত ইতি। জপ্তা জপ্যা মন্ত্রা যৈস্তে। মম জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া ॥২২॥
অভ্যাগচ্ছদিতি। কন্যয়া অম্বয়া ॥২৩॥
ন্যবিশন্তেতি। পরিগৃহ্য অবলম্ব্য সরস্বত্যাস্তীর ইত্যর্থঃ ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারত-কৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

এইরূপ বলিয়া তাহার পর মহাতপা রাম প্রস্থানের ইচ্ছা করিয়া সেই বেদ-বক্তা তপস্বীদের সহিত যাত্রার উদ্‌যোগ করিতে লাগিলেন ॥২১॥

তৎপরে সেই তপস্বীরা সেই আশ্রমেই সেই রাত্রি বাস করিয়া প্রাতঃকালে হোম ও জপ সমাপ্ত করিয়া আমাকে বধ করিবার ইচ্ছায় প্রস্থান করিলেন ॥২২॥

ভরতনন্দন মহারাজ ! তদনন্তর রাম সেই বেদবক্তৃগণ ও অম্বার সহিত এই কুরুক্ষেত্রে আগমন করিলেন ॥২৩॥

তাহার পর সেই মহাত্মা তপস্বীরা সকলে রামকে অগ্রবর্ত্তী করিয়া সরস্বতী-নদীর তীরে সন্নিবিষ্ট হইলেন ॥২৪॥

———:০:———

(২৩) অভ্যগচ্ছৎ…বা ব রা নি। (২৪) ইতঃ পরম্ অধ্যায়সমাপ্তিঃ 'ভীষ্ম উবাচ' ইত্যপি নাস্তি বা রা নি। * '…অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' ব।

সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

———:•:———

ভীষ্ম উবাচ।

ততস্তৃতীয়ে দিবসে সমে দেশে ব্যবস্থিতঃ।
প্রেষয়ামাস মে রাজন্! প্রাপ্তোঽস্মীতি মহাব্রতঃ ॥১॥
তমাগতমহং শ্রুত্বা বিষয়ান্তং মহাবলম্।
অভ্যগচ্ছং জবেনাশু প্রীত্যা তেজোনিধিং প্রভুম্ ॥২॥
গাং পুরস্কৃত্য রাজেন্দ্র! ব্রাহ্মণৈঃ পরিবারিতঃ।
ঋত্বিগ্‌ভির্দেবকল্পৈশ্চ তথৈব চ পুরোহিতৈঃ ॥৩॥ (যুগ্মকম্)
স মামভিগতং দৃষ্ট্বা জামদগ্ন্যঃ প্রতাপবান্।
প্রতিজগ্রাহ তাং পূজাং বচনঞ্চেদমব্রবীৎ ॥৪॥

রাম উবাচ।

ভীষ্ম! কাং বুদ্ধিমাস্থায় কাশীরাজসুতা তদা।
অকামেন ত্বয়ানীতা পুনশ্চৈব বিসর্জিতা ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রেষয়ামাস রামো দূতমিতি শেষঃ ॥১॥

তমিতি। বিষয়ান্তং নিজরাজ্যপ্রান্তদেশম্। জবেন বেগেন। প্রীত্যোত্যনেন বৈরাভাবঃ সূচিতঃ। গাং ধেনুম্, পুরস্কৃত্য দানায়াগ্রেসরীকৃত্য ॥২—৩॥

স ইতি। তাং মৎকৃতামভিবাদনধেনুদানাদিরূপাম্ ॥৪॥

ভীষ্ম বলিলেন—'রাজা। তদনন্তর তৃতীয় দিনে সমতল ভূমিতে থাকিয়া মহাতপা রাম আমার নিকট দূত পাঠাইলেন এবং তাহাকে বলিয়া দিলেন যে, 'আমি আসিয়াছি' ॥১॥

রাজশ্রেষ্ঠ। মহাবল, তেজের সাগর ও প্রভাবশালী রাম আমাদের রাজ্যের প্রান্তভাগে আসিয়াছেন শুনিয়া, ব্রাহ্মণগণ, দেবকল্প ঋত্বিগ্‌গণ ও পুরোহিতগণে পরিবেষ্টিত হইয়া, একটী ধেনু লইয়া, আমি প্রীতি সহকারে বেগে সত্বর যাইয়া তাঁহার নিকট উপস্থিত হইলাম ॥২—৩॥

তখন প্রতাপশালী রাম আমাকে আগত দেখিয়া আমার কৃত সেই পূজা গ্রহণ করিলেন এবং এই কথা বলিলেন' ॥৪॥

---

(১)...সন্নিবেশ ব্যবস্থিতঃ। হূক প্রিয়ং স মে রাজন্...পি বা ব রা।

বিভ্রংশিতা ত্বয়া হীয়ং ধর্ম্মাদাস্তে যশস্বিনী।
পরামৃষ্টাং ত্বয়া হীমাং কোঽভিগন্তুমিহার্হতি ॥৬॥
প্রত্যাখ্যাতা হি শাল্বেন ত্বয়ানীতেতি ভারত!।
তস্মাদিমাং মন্নিয়োগাৎ প্রতিগৃহ্লীষ্ব ভারত! ॥৭॥
স্বধর্ম্মং পুরুষব্যাঘ্র! রাজপুত্রী লভত্বিয়ম্।
ন যুক্তস্ত্ববমানোঽয়ং রাজ্ঞাং কর্ত্তুং ত্বয়াঽনঘ! ॥৮॥
ভীষ্ম উবাচ। †
ততস্তং বৈ বিমনসমুদীক্ষ্যাহমথাব্রুবম্।
নাহমেনাং পুনর্দদ্যাং ব্রহ্মন্! ভ্রাত্রে কথঞ্চন ॥৯॥

ভারতকৌমুদী

ভীষ্মেতি। আস্থায় আশ্রিত্য। অকামেন পরিণয়ানিচ্ছুনা ॥৫॥
বিভ্রংশিতেতি। যশস্বিনী চারিত্ররক্ষণাৎ। পরামৃষ্টাং স্পৃষ্টাম্ ॥৬॥
প্রত্যাখ্যাতেতি। ইতি হেতোঃ। প্রতিগৃহ্লীষ্ব আত্মনো ব্রহ্মচারিত্বেঽপি ভ্রাত্রর্থে ॥৭॥
স্বেতি। স্বধর্ম্মং নারীধর্ম্মং পত্নীত্বম্। লভতু লভতাম্। রাজ্ঞাং কাশীরাজাদীনাম্ ॥৮॥
তত ইতি। বিমনসম্ অসন্তুষ্টচিত্তম্, উদীক্ষ্য সম্ভাব্য ॥৯॥

রাম বলিলেন—'ভীষ্ম! তুমি নিজে বিবাহ করিবার ইচ্ছা কর না, তবে তুমি কোন্ বুদ্ধিতে তখন এই কাশীরাজের কন্যাটীকে আনয়ন করিয়াছিলে, আবার ত্যাগ করিয়াছিলে? ॥৫॥

তুমি ইহাকে ধর্ম্মচ্যুত করিয়াছ, তথাপি এ যশস্বিনীই আছে। কিন্তু তুমি ইহাকে স্পর্শ করিয়াছ বলিয়া অন্য কোন্ ব্যক্তি ইহাকে গ্রহণ করিতে পারে? ॥৬॥

ভরতনন্দন! তুমি আনিয়াছিলে বলিয়া শাল্বরাজা ইহাকে প্রত্যাখ্যান করিয়াছেন। অতএব ভরতনন্দন! তুমি আমার আদেশ অনুসারে ইহাকে গ্রহণ কর ॥৭॥

নিষ্পাপ পুরুষশ্রেষ্ঠ! এই রাজকন্যা স্বকীয় নারীধর্ম্ম লাভ করুক। আর রাজাদের অপমান করা তোমার পক্ষেও উচিত নহে' ॥৮॥

ভীষ্ম বলিলেন—'তাহার পর আমি রামকে অসন্তুষ্টচিত্ত দেখিয়া বলিলাম- 'ব্রহ্মন্! আমি কোন প্রকারেই ইহাকে পুনরায় ভ্রাতাকে দিতে পারি না ॥৯॥

(৬) বিভ্রংসিতা ত্বয়া···পি। † অয়ং পাঠঃ পি বা ব রা নাস্তি। (৯) ততস্তং বৈরমনসম্···পি।

শাল্বস্যাহমিতি প্রাহ পুরা মামেব ভার্গব !।
ময়া চৈবাভ্যনুজ্ঞাতা গতা শাল্বপুরং প্রতি ॥১০॥
ন ভয়ান্নাপ্যনুক্রোশান্নার্থলোভান্ন কাম্যয়া।
ক্ষাত্রং ধর্ম্মমহং জহ্যামিতি মে ব্রতমাহিতম্ ॥১১॥
অথ মামব্রবীদ্রামঃ ক্রোধপর্য্যাকুলেক্ষণঃ।
ন করিষ্যসি চেদেতদ্বাক্যং মে নরপুঙ্গব ! ॥১২॥
হনিষ্যামি সহামাত্যং ত্বামদ্যেতি পুনঃ পুনঃ।
সংরম্ভাদব্রবীদ্রামঃ ক্রোধপর্য্যাকুলেক্ষণঃ ॥১৩॥ (যুগ্মকম্)
তমহং গীর্ভিরিষ্টাভিঃ পুনঃ পুনররিন্দম !।
অযাচং ভৃগুশার্দ্দূলং ন চৈব প্রশশাম সঃ ॥১৪॥
প্রণম্য তমহং মূর্দ্ধ্না ভূয়ো ব্রাহ্মণসত্তমম্।
অব্রুবং কারণং কিং তদ্‌যত্ত্বং যুদ্ধং ময়েচ্ছসি ॥১৫॥

ভারতকৌমুদী

ভ্রাত্রে কথং ন দত্তা ইত্যাহ শাল্বস্যেতি। শাল্বস্য অনুরক্তেতি শেষঃ ॥১০॥
নেতি। অনুক্রোশাৎ কস্মিংশ্চিৎ প্রত্যপি দয়াতঃ। জহ্যাং ত্যজেয়ম্। আহিতং গৃহীতম্ ॥১১॥
অথেতি। ক্রোধেন পর্য্যাকুলে ঘূর্ণমানে ঈক্ষণে চক্ষুষী যস্য সঃ। সংরম্ভাদাবেগাৎ ॥১২-১৩॥
তমিতি। গীর্ভির্বাগ্‌ভিঃ, ইষ্টাভিরনুনয়পরত্বাৎ প্রিয়াভিঃ। প্রশশাম শান্তো বভূব ॥১৪॥
প্রণম্যেতি। ভূয়ঃ পুনরপি। ময়া সহ ॥১৫॥

ভৃগুনন্দন! ইনি পূর্ব্বে আমাকেই বলিয়াছিলেন যে, 'আমি শাল্বরাজার প্রতি অনুরক্তা'। তাই আমি ইঁহাকে সেখানে যাইবার অনুমতি দিয়াছিলাম, ইনিও শাল্বনগরে গিয়াছিলেন ॥১০॥

আমি এই ব্রত অবলম্বন করিয়াছি যে, ভয়, দয়া, অর্থলোভ বা ইচ্ছা করিয়া ক্ষত্রিয়ধর্ম্ম ত্যাগ করিব না' ॥১১॥

তাহার পর রাম ক্রোধে ঘূর্ণিতনয়ন হইয়া আমাকে বলিলেন—'নরশ্রেষ্ঠ! তুমি যদি আমার এই বাক্য রক্ষা না কর, তবে আমি অদ্যই অমাত্যবর্গের সহিত তোমাকে বধ করিব'। রাম ক্রোধে ঘূর্ণিতনয়ন হইয়া মনের আবেগেই এই কথা আমাকে বার বার বলিয়াছিলেন ॥১২—১৩॥

অরিন্দম! তখন আমি প্রিয়বাক্যদ্বারা বার বার সেই ভৃগুশ্রেষ্ঠের নিকট তাঁহার শান্তির প্রার্থনা করিলাম, কিন্তু তিনি শান্ত হইলেন না ॥১৪॥

(১০)...গতবতী নগরং প্রতি—বা᠄ব রা নি। (১১)...ন লোভান্নাপ্যকাম্যয়া... ব্রত-মাহিতম্—পি।

ইষস্ত্রং মম বালস্য ভবতৈব চতুর্বিধম্ ।
উপদিষ্টং মহাবাহো ! শিষ্যোঽস্মি তব ভার্গব ! ॥১৬॥
ততো মামব্রবীদ্রামঃ ক্রোধসংরক্তলোচনঃ ।
জানীষে মাং গুরুং ভীষ্ম ! গৃহ্লাসীমাং ন চৈব হি ॥১৭॥
সুতাং কাশ্যস্য কৌরব্য ! মৎপ্রিয়ার্থং মহামতে ! ।
নহি মে বিদ্যতে শান্তিরন্যথা কুরুনন্দন ! ॥১৮॥ (যুগ্মকম্)
গৃহাণেমাং মহাবাহো ! রক্ষস্ব কুলমাত্মনঃ ।
ত্বয়া বিভ্রংশিতা হীয়ং ভর্ত্তারং নাধিগচ্ছতি ॥১৯॥
তথা ব্রুবন্তং তমহং রামং পরপুরঞ্জয়ম্ ।
নৈতদেবং পুনর্ভাবি ব্রহ্মর্ষে ! কিং শ্রমেণ তে ॥২০॥

ভারতকৌমুদী

ইষিতি। ইষস্ত্রং বাণাস্ত্রম্। চতুর্বিধং দৈবগান্ধর্বরাক্ষসমানুষরূপম্ ॥১৬॥
তত ইতি। ইমাং কাশ্যস্য কাশীরাজস্য সুতামিতি সম্বন্ধঃ ॥১৭—১৮॥
গৃহাণেতি। বিভ্রংশিতা পিতৃগৃহাদানীতা। নাধিগচ্ছতি ন লভতে ॥১৯॥
তথেতি। তমব্রুবমিতি শেষঃ। এতৎ অস্যাঃ পুনর্গ্রহণম্, এবং ভবাদৃশোরোধেঽপি ন ভাবি ॥২০॥

তখন আমি আবার মস্তক অবনমনপূর্বক প্রণাম করিয়া সেই ব্রাহ্মণশ্রেষ্ঠকে বলিলাম—'আপনি যে আমার সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছেন, তাহার কারণ কি ? ॥১৫॥

মহাবাহু ভৃগুনন্দন ! আপনিই বাল্যকালে আমাকে চতুর্বিধ বাণাস্ত্র শিক্ষা দিয়াছিলেন। সুতরাং আমি যে আপনার শিষ্য' ॥১৬॥

তাহার পর রাম ক্রোধে আরক্তনয়ন হইয়া আমাকে বলিলেন—'ভীষ্ম ! তুমি আমাকে গুরু বলিয়া জান, অথ চ আমার প্রীতির জন্য তুমি এই কাশী-রাজের কন্যাটাকে গ্রহণ করিতেছ না। অতএব মহামতি কুরুনন্দন ! অন্য প্রকারে আমার শান্তি হইবে না ॥১৭—১৮॥

মহাবাহু ! তুমি ইহাকে গ্রহণ কর এবং আপন বংশটাকে রক্ষা কর। কারণ, তুমি ইহাকে আনয়ন করায় এ আর পতি পাইতেছে না' ॥১৯॥

শত্রুনগরবিজয়ী রাম সেইরূপ বলিলে, আমি তাঁহাকে বলিলাম—'ব্রহ্মর্ষি ! আপনার অনুরোধেও ইহা আর হইবে না। সুতরাং আপনার আর পরিশ্রমে ফল কি ? ॥২০॥

(১৭)···নচৈব হ—বা ব রা নি।

গুরুত্বং ত্বয়ি সংপ্রেক্ষ্য জামদগ্ন্য! পুরাতনম্।
প্রসাদয়ে ত্বাং ভগবন্! ত্যক্তৈষা তু পুরা ময়া ॥২১॥
কো জাতু পরভাবাং হি নারীং ব্যালীমিব স্থিতাম্।
বাসয়েত গৃহে জানন্ স্ত্রীণাং দোষো মহাত্যয়ঃ ॥২২॥
ন ভয়াদ্বাসবস্যাপি ধর্ম্মং জহ্যাং মহাব্রত!।
প্রসীদ মা বা যদ্বা তে কার্য্যং তৎ কুরু মা চিরম্ ॥২৩॥
অয়ঞ্চাপি বিশুদ্ধাত্মন্! পুরাণে শ্রূয়তে বিভো!।
মরুত্তেন মহাবুদ্ধে! গীতঃ শ্লোকো মহাত্মনা ॥২৪॥
গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ।
উৎপথপ্রতিপন্নস্য পরিত্যাগো বিধীয়তে ॥২৫॥

ভারতকৌমুদী

গুরুত্বমিতি। পুরাতনমিত্যনেন গুরুত্বস্য স্বল্পকালীনত্বেন স্বল্পত্বং সূচিতম্ ॥২১॥

কথং ত্যক্তেত্যাহ ক ইতি। জাতু কদাচিৎ, পরস্মিন্ পুরুষে ভাবোঽনুরাগো যস্যাস্তাম্, ব্যালীং সর্পীম্। দোষঃ পরপুরুষাসক্তিঃ, মহান্ অত্যয়ো বিপদ্‌যস্মাৎ সঃ ॥২২॥

নেতি। বাসবস্য ইন্দ্রস্য, জহ্যাং ত্যজেয়ম্। মা বা ন বা প্রসীদ, কার্য্যং কর্ত্তব্যম্ ॥২৩॥

অয়মিতি। মরুত্তেন তদাখ্যেন রাজ্ঞা, গীতঃ যুক্তিযুক্তত্বাদুচ্চৈঃকৃতঃ ॥২৪॥

গুরোরিতি। অবলিপ্তস্য গর্বিতস্য। উৎপথপ্রতিপন্নস্য অসৎপথচলিতস্য ॥২৫॥

ভগবন্! জমদগ্নিনন্দন! আপনার উপরে সেই পুরাতন গুরুত্ব আছে দেখিয়া আপনাকে আমি প্রসন্ন করিতেছি, ইহাকে আমি পূর্ব্বেই ত্যাগ করিয়াছি ॥২১॥

নারীকে পরপুরুষাসক্তা ও সর্পীর ন্যায় অবস্থিতা জানিয়া কোন্ পুরুষ কখন তাহাকে আপন গৃহে বাস করায়? কারণ, স্ত্রীলোকদের ব্যভিচারদোষ গুরুতর বিপদ্ উৎপাদন করে ॥২২॥

অতএব মহাব্রত! আমি ইন্দ্রের ভয়েও ধর্ম্ম ত্যাগ করিব না। ইহাতে আপনি আমার উপরে প্রসন্ন হউন বা না হউন, কিংবা আপনার যাহা কর্ত্তব্য হয়, তাহা করুন, বিলম্ব করিবেন না ॥২৩॥

বিশুদ্ধাত্মা মহাবুদ্ধি প্রভু! পুরাণে শুনা যায়—মহাত্মা মরুত্ত রাজা এই শ্লোকটী গাহিয়াছিলেন—॥২৪॥

"গুরুও যদি গর্বিত হন, কর্ত্তব্যাকর্ত্তব্য না বোঝেন এবং অসৎপথে চলিতে থাকেন, তবে তাঁহাকেও পরিত্যাগ করা উচিত" ॥২৫॥

(২২)…স্ত্রীণাং দোষান্ মহাত্যয়ান্—পি। (২৫)… উৎপথং প্রতিপন্নস্য…নি।

স ত্বং গুরুরিতি প্রেম্ণা ময়া সম্মানিতো ভৃশম্।
গুরুবৃত্তিং ন জানীষে তস্মাদ্‌যোৎস্যামি বৈ ত্বয়া ॥২৬॥
গুরুং ন হন্যাং সমরে ব্রাহ্মণঞ্চ বিশেষতঃ।
বিশেষতস্তপোবৃদ্ধমেবং ক্ষান্তং ময়া তব ॥২৭॥
উদ্যতেষুমথো দৃষ্ট্বা ব্রাহ্মণং ক্ষত্রবন্ধুবৎ।
যো হন্যাৎ সমরে ক্রুদ্ধং যুধ্যন্তমপলায়িনম্ ॥২৮॥
ব্রহ্মহত্যা ন তস্য স্যাদিতি ধর্ম্মেষু নিশ্চয়ঃ।
ক্ষত্রিয়াণাং স্থিতো ধর্ম্মে ক্ষত্রিয়োঽস্মি তপোধন! ॥২৯॥ (যুগ্মকম্)
যো যথা বর্ত্ততে যস্মিংস্তথা তস্মিন্ প্রবর্ত্ততে।
নাধর্ম্মং সমবাপ্নোতি ন চাশ্রেয়শ্চ বিন্দতি ॥৩০॥

ভারতকৌমুদী

স ইতি। প্রেম্ণা ভক্ত্যা। গুরোর্বৃত্তিং ব্যবহারম্। ত্বয়া সহ ॥২৬॥
গুরুমিতি। এবম্ অনেন কারণত্রয়েণ, ক্ষান্তং ক্ষমা কৃতা ॥২৭॥
উদ্যতেতি। উদ্যতেষুম্ উত্তোলিতাস্ত্রম্। ক্ষত্রবন্ধুবৎ ক্ষত্রিয়াধমমিব। ব্রহ্মহত্যা তজ্জনিতং পাপম্ ॥২৮—২৯॥
য ইতি। প্রবর্ত্ততে স ইতি শেষঃ। অশ্রেয়ঃ অমঙ্গলম্, ন বিন্দতি ন লভতে ॥৩০॥

আপনি সেই গুরু, এই জন্যই আমি আপনাকে বিশেষ সম্মানিত করিয়াছি। অথ চ আপনি গুরুর ব্যবহার জানেন না। অতএব আমি আপনার সহিত যুদ্ধ করিব ॥২৬॥

আমি যুদ্ধে গুরুকে, বিশেষতঃ ব্রাহ্মণকে, তাহাতে আবার তপোবৃদ্ধকে বধ করিব না, (এইরূপই আমার নিয়ম ছিল,) তাহাতেই আমি আপনার উপরে ক্ষমা করিয়াছি ॥২৭॥

অধম ক্ষত্রিয়ের ন্যায় যে ব্রাহ্মণ ক্রুদ্ধ ও যুদ্ধার্থী হইয়া অস্ত্র উত্তোলন করিয়া উপস্থিত হয়, অথ চ পলায়ন করে না; তাহাকে দেখিয়া যে লোক যুদ্ধে তাহাকে বধ করে, সে লোকের ব্রহ্মহত্যার পাপ হয় না, ইহা ধর্ম্মশাস্ত্রে নির্দ্দিষ্ট আছে। তা'র পর আমি জাতিতেও ক্ষত্রিয় এবং ক্ষত্রিয়ধর্ম্মেও রহিয়াছি ॥২৮—২৯॥

তা'র পর যে লোক যে লোকের উপরে যেমন ব্যবহার করে, সে লোক সে লোকের উপরে তেমন ব্যবহারই করিয়া থাকে। তাহাতে সে পাপভাগী হয় না, কিংবা তাহাতে তাহার কোন অমঙ্গলও হয় না ॥৩০॥

---

(৩০)…যস্মিন্ তস্মিন্নেব প্রবর্ত্তয়ন্…বা ব_রা নি।

অর্থে বা যদি বা ধর্ম্মে সমর্থো দেশকালবিৎ।
অর্থসংশয়মাপন্নঃ শ্রেয়ান্ নিঃসংশয়ো নরঃ ॥৩১॥
যস্মাৎ সংশয়িতেঽপ্যর্থেঽযথান্যায়ং প্রবর্ত্তসে।
তস্মাদ্‌যোৎস্যামি সহিতস্ত্বয়া রাম! মহাহবে ॥৩২॥
পশ্য মে বাহুবীর্য্যঞ্চ বিক্রমঞ্চাতিমানুষম্।
এবং গতেঽপি তু ময়া যচ্ছক্যং ভৃগুনন্দন! ॥৩৩॥
তৎ করিষ্যে কুরুক্ষেত্রে যোৎস্যে বিপ্র! ত্বয়া সহ।
দ্বন্দ্বে রাম! যথেষ্টং মে সজ্জীভব মহাদ্যুতে! ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অর্থ ইতি। সমর্থঃ শক্তিমান্, দেশকালবিচ্চ নরঃ:, অর্থে বা যদি বা ধর্ম্মে বিষয়ে, অর্থেন কারণেন সংশয়মাপন্নশ্চেৎ, তদাসাবশ্রেয়ানিত্যর্থঃ পরত্র নিঃসংশয়স্য শ্রেয়স্ত্বাভিধানাৎ; তত্র নিঃসংশয়ো নরস্তু শ্রেয়ান্ ॥৩১॥

যস্মাদিতি। সংশয়িতে, মমাপ মহাবীরত্বাদিত্যাশয়ঃ, অর্থে যুদ্ধেন অর্থে ॥৩২॥

পশ্যেতি। এবং গতে ঈদৃশ্যামবস্থায়াম্। দ্বন্দ্বে দ্বন্দ্বযুদ্ধে ॥৩৩—৩৪॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—২৪॥ অবলিপ্তস্য দৃপ্তস্য ॥২৫—২৯॥ যঃ পুমান্ যস্মিন্নরে যথা প্রীত্যা দ্বেষেণ বা বর্ত্ততে স নরস্তস্মিন্ তথৈব প্রীতিং দ্বেষং বা প্রবর্ত্তয়ন্ ॥৩০॥ নত্ব ত্বামর্থে প্রবর্ত্তয়ন্নহং ত্বয়ি প্রীতিমেব করোমীত্যাশঙ্ক্যাহ--অর্থে বেতি। অর্থে গুরুবাক্যাহারকরণে ধর্ম্মে পিতৃপ্রীত্যর্থং স্বীকৃতে ব্রহ্মচর্য্যে বিষয়ে দেশকালানুসারেণ সমর্থো বিবেককুশলঃ তত্র ধর্ম্মলোপেন গুরুবাক্যাৎ প্রাপ্যমাণোঽর্থঃ শ্রেয়ান্নুত নেত্যর্থে সংশয়বান্নুত গুরুবাক্যবিরোধেনাপি পাল্য-মানো ধর্ম্মঃ শ্রেয়ান্নুত নেতি ধর্ম্মে সংশয়বান্। এতয়োর্মধ্যে অর্থে সংশয়মাপন্নোঽর্থমননুতিষ্ঠন্ শ্রেয়ান্ পরিশেষাৎ ধর্ম্মে তু নিঃসংশয়ো ধর্ম্মমেবানুতিষ্ঠন্ শ্রেয়ানিত্যর্থঃ ॥৩১॥ অযথান্যায়-মিতিচ্ছেদঃ। ন্যায়াতিক্রমেণ মাং প্রবর্ত্তয়সে ॥৩২॥ বাহুবীর্য্যং বাণপ্রক্ষেপাদৌ। এবংগতে

শক্তিশালী এবং দেশকালজ্ঞ হইয়াও যে লোক লৌকিক কার্য্যে বা ধর্ম্ম-বিষয়ে কোন কারণবশতঃ সংশয়াপন্ন হয়, সে লোক নিকৃষ্ট; আর সে বিষয়ে যে লোক নিঃসন্দেহ, সেই লোক শ্রেষ্ঠ ॥৩১॥

অতএব রাম! আপনি যখন সন্দিগ্ধ বিষয়েও অযথানিয়মে প্রবৃত্ত হইতে-ছেন, তখন আমি মহাযুদ্ধে আপনার সহিত যুদ্ধ করিব ॥৩২॥

ভৃগুনন্দন! আপনি আমার অলৌকিক বাহুবল ও বিক্রম দর্শন করুন। এ অবস্থায় আমি যাহা করিতে পারিব, তাহা করিব। ব্রাহ্মণ! কুরুক্ষেত্রের সমন্তপঞ্চকদেশে যাইয়া দ্বন্দ্বযুদ্ধে আপনার সহিত যুদ্ধ করিব। অতএব মহা-তেজা রাম! আপনি আমার ইচ্ছানুসারে সজ্জিত হউন ॥৩৩—৩৪॥

তত্র ত্বং নিহতো রাম ! ময়া শরশতার্দ্দিতঃ ।
লপ্স্যসে নির্জ্জিতাল্লোঁকান্ শস্ত্রপূতো মহারণে ॥৩৫॥
স গচ্ছ বিনিবর্ত্তস্ব কুরুক্ষেত্রং রণপ্রিয় ! ।
তত্রৈষ্যামি মহাবাহো ! যুদ্ধায় ত্বাং তপোধন ! ॥৩৬॥
অপি যত্র ত্বয়া রাম ! কৃতং শৌচং পুরা পিতুঃ ।
তত্রাহমপি হত্বা ত্বাং শৌচং কর্ত্তাস্মি ভার্গব ! ॥৩৭॥
তত্র রাম ! সমাগচ্ছ ত্বরিতং যুদ্ধদুর্ম্মদ ! ।
ব্যপনেষ্যামি তে দর্পং পৌরাণং ব্রাহ্মণব্রুব ! ॥৩৮॥

ভারতকৌমুদী

তত্রেতি। নির্জ্জিতান্ স্বকর্ম্মণা আয়ত্তীকৃতান্, লোকান্ স্বর্গান্ ॥৩৫॥

স ইতি। বিনিবর্ত্তস্ব অস্মাদ্দেশাৎ, কুরুক্ষেত্রং কুরুক্ষেত্রান্তর্গতসমন্তপঞ্চকম্ ॥৩৬॥

ননিদমপি কুরুক্ষেত্রমেবেত্যাহ অপীতি। শৌচং ক্ষত্রিয়াণাং রুধিরেণ তর্পণম্। শৌচং ত্বদীয়রুধিরেণ ক্ষত্রিয়াণাং তর্পণম্, কর্ত্তাস্মি করিষ্যামি ॥৩৭॥

তত্রেতি। তত্র সমন্তপঞ্চকে দেশে। পৌরাণং পূর্ব্ববর্ত্তিনম্, প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্। হে ব্রাহ্মণব্রুব। অধ্যাপনাদিরাহিত্যাৎ ব্রাহ্মণাধম ! । তথা চ স্মৃতিঃ—"গর্ভাধানাদিসংস্কারৈর্যুক্তশ্চ নিয়মব্রতৈঃ। নাধ্যাপয়তি নাধীতে স জ্ঞেয়ো ব্রাহ্মণব্রুবঃ ॥" ॥৩৮॥

ভারতভাবদীপঃ

এবং স্থিতে স্থিয় ॥৩৩—৩৬॥ অপি যত্রেতি। পিতৃবদ্গুরুমরণেঽপ্যাশৌচপ্রাপ্তৌ সত্যাং তত্রৈব তীর্থে শৌচং সচেলস্নানাদিনা দশমেঽহ্নি শুদ্ধিং স্বস্য করিষ্যামীত্যর্থঃ। শৌচং রুধিরাঞ্জলিদানমিত্যর্ব্বাচীনঃ ॥৩৭॥ পৌরাণং পুরাকৃতম্ ॥৩৮—৪১॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৭॥

রাম ! সেখানে মহাযুদ্ধে আপনি আমার শরসমূহে নিপীড়িত, পবিত্র ও নিহত হইয়া আপন কর্ম্মানুসারে স্বর্গলোক লাভ করিবেন ॥৩৫॥

মহাবাহু সমরপ্রিয় তপোধন ! আপনি এস্থান হইতে নিবৃত্ত হউন, এই কুরুক্ষেত্রের সমন্তপঞ্চকে গমন করুন ; আমি যুদ্ধের জন্য সেখানে আপনার নিকট গমন করিব ॥৩৬॥

ভৃগুনন্দন রাম ! আপনি যেখানে পূর্ব্বে ক্ষত্রিয়গণের রক্তদ্বারা পিতার তর্পণ করিয়াছিলেন, আমিও সেইখানেই আপনাকে বধ করিয়া আপনার রক্তদ্বারা সেই ক্ষত্রিয়গণের তর্পণ করিব ॥৩৭॥

যুদ্ধদুর্ম্মদ ব্রাহ্মণাধম রাম ! তুমি সত্বর সেইখানে আগমন কর, আমি তোমার পুরাতন দর্প দূর করিব ॥৩৮॥

(৩৫)…প্রাপ্স্যসে নির্জ্জিতান্…বা ঃ ব রা নি। (৩৮) তত্র গচ্ছ রাম। ঋদ্…পি।

যচ্চাপি কত্থসে রাম! বহুশঃ পরিবৎসরান্।
নির্জ্জিতাঃ ক্ষত্রিয়া লোকে ময়ৈকেনেতি তচ্ছৃণু ॥৩৯॥
ন তদা জাতবান্ ভীষ্মঃ ক্ষত্রিয়ো বাপি মদ্বিধঃ।
পশ্চাজ্জাতানি তেজাংসি তৃণেষু জ্বলিতং ত্বয়া ॥৪০॥
যস্তে যুদ্ধময়ং দর্পং কামঞ্চ ব্যপনাশয়েৎ।
সোঽহং জাতো মহাবাহো! ভীষ্মঃ পরপুরঞ্জয়ঃ।
ব্যপনেষ্যামি তে দর্পং যুদ্ধে রাম! ন সংশয়ঃ ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে রামভীষ্মসংবাদে সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ •

———০::০———

ভারতকৌমুদী

যদিতি। কত্থসে আত্মশ্লাঘাং করোষি। তৎ তস্য কারণম্ ॥৩৯॥

নেতি। তেজাংসি তেজস্বিনঃ ক্ষত্রিয়াঃ, তৃণেষু তৃণকল্পেষু দুর্ব্বলেষু ক্ষত্রিয়েষু, জ্বলিতং তেজঃ প্রকাশিতম্। অদ্যাবধি তু তন্ন ভবিষ্যতীতি ভাবঃ ॥৪০॥

য ইতি। যুদ্ধময়ং যুদ্ধবিষয়ম্, কামঞ্চ যুদ্ধেচ্ছাঞ্চ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

রাম! তুমি বহুবৎসর যাবৎ আত্মশ্লাঘা করিয়া আসিতেছ যে, আমি একাকীই জগতের সকল ক্ষত্রিয়কে জয় করিয়াছি, তাহার কারণ শ্রবণ কর—॥৩৯॥

তখন ভীষ্ম জন্ম গ্রহণ করেন নাই, বা আমার মত অপর ক্ষত্রিয়ও উৎপন্ন হন নাই; পরেই তেজ জন্মিয়াছে। সুতরাং আপনি তৃণের উপরেই জ্বলিতেন ॥৪০॥

যিনি আপনার যুদ্ধের দর্প ও অভিলাষ নষ্ট করিবেন, আমি সেই শত্রুনগরবিজয়ী ভীষ্ম জন্মিয়াছি। অতএব রাম! যুদ্ধে যে আপনার দর্প নষ্ট করিব, সে বিষয়ে আর সন্দেহ নাই ॥৪১॥

———:০:———

(৩৯)...বহুশঃ :পরিবৎসরে...বা ব রা নি। • অত্রাধ্যায়সমাপ্তির্নাস্তি বা রা নি, 'একোনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' ব।

অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

-:*:———

ভীষ্ম উবাচ।

ততো মামব্রবীদ্রামঃ প্রহসন্নিব ভারত ! ।
দিষ্ট্যা ভীষ্ম ! ময়া সার্দ্ধং যোদ্ধুমিচ্ছসি সঙ্গরে ॥১॥
অয়ং গচ্ছামি কৌরব্য ! কুরুক্ষেত্রং ত্বয়া সহ।
ভাষিতং তে করিষ্যামি তত্রাগচ্ছ পরন্তপ ! ॥২॥
তত্র ত্বাং নিহতং মাতা ময়া শরশতাচিতম্।
জাহ্নবী পশ্যতাং ভীষ্ম ! গৃধ্রকঙ্কবলাশনম্ ॥৩॥
কৃপণং ত্বামভিপ্রেক্ষ্য সিদ্ধচারণসেবিতা।
ময়া বিনিহতং দেবী রোদতামদ্য পার্থিব ! ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। দিষ্ট্যা ভাগ্যেন। সঙ্গরে সমরে সমরাঙ্গন ইত্যর্থঃ ॥১॥

অয়মিতি। কুরুক্ষেত্রং তদন্তর্গতসমন্তপঞ্চকম্। তেন পূর্ব্বং তৎপ্রাপ্তাবপি পুনস্তত্র গমনোক্তির্নানুপপন্না, তস্যাতিবিশালক্ষেত্রত্বাদিতি বনপর্ব্বণি দ্রষ্টব্যম্ ॥২॥

তত্রেতি। শরশতেন আচিতং ব্যাপ্তদেহম্। মাতা জাহ্নবীতি সম্বন্ধঃ। বলঃ কাকঃ, "বোলে বলস্তু বলিনি কাকে দৈত্যে হলায়ুধে" ইতি হেমচন্দ্রঃ ॥৩॥

কৃপণমিতি। কৃপণং মন্দং ক্ষুদ্রমিতি যাবৎ। দেবী গঙ্গা, রোদতাং রোদিতু ॥৪॥

ভীষ্ম কহিলেন—'ভরতনন্দন ! তাহার পর রাম হাস্য করিতে করিতেই যেন আমাকে বলিলেন—'ভীষ্ম ! ভাগ্যবশতঃ তুমি সমরাঙ্গনে আমার সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছ ॥১॥

পরন্তপ কৌরব ! আমি তোমার বাক্য রক্ষা করিব। সুতরাং এই আমি তোমার সহিত সমন্তপঞ্চকে যাইতেছি, তুমিও সেখানে আইস ॥২॥

ভীষ্ম ! আমি বাণসমূহদ্বারা ব্যাপ্ত করিয়া তোমাকে বধ করিব ; তখন গৃধ্র, কঙ্ক ও কাকগণ তোমাকে ভক্ষণ করিতে থাকিবে ; তোমার মাতা গঙ্গা তাহা দর্শন করুন ॥৩॥

ক্ষত্রিয় ! তুমি ক্ষুদ্র। সুতরাং তোমাকে আমি বধ করিব ; সেই অবস্থায় তোমাকে দেখিয়া সিদ্ধচারণসেবিতা গঙ্গাদেবী আজ রোদন করুন ॥৪॥

---

(২) অহং গচ্ছামি···পি।

অতদর্হা মহাভাগা ভগীরথসুতানঘা।
যা ত্বামজীজনন্মন্দং যুদ্ধকামুকমাতুরম্ ॥৫॥
এহি গচ্ছ ময়া ভীষ্ম! যুদ্ধকামুক! দুর্ম্মদ!।
গৃহাণ সর্ব্বং কৌরব্য! রথাদি ভরতর্ষভ! ॥৬॥
ইতি ব্রুবাণং তমহং রামং পরপুরঞ্জয়ম্।
প্রণম্য শিরসা রাজন্! এবমস্ত্বিত্যথাব্রুবম্ ॥৭॥
এবমুক্ত্বা যযৌ রামঃ কুরুক্ষেত্রং যুযুৎসয়া।
প্রবিশ্য নগরঞ্চাহং সত্যবত্যৈ ন্যবেদয়ম্ ॥৮॥
ততঃ কৃতস্বস্ত্যয়নো মাত্রা চ প্রতিনন্দিতঃ।
দ্বিজাতীন্ বাচ্য পুণ্যাহং স্বস্তি চৈব মহাদ্যুতে! ॥৯॥
রথমাস্থায় রুচিরং রাজতং পাণ্ডুরৈর্হয়ৈঃ।
সূপস্করং স্বধিষ্ঠানং বৈয়াঘ্রপরিবারণম্ ॥১০॥

ভারতকৌমুদী

অতদিতি। অতদর্হা রোদনাযোগ্যা। আতুরং দুর্বুদ্ধিপীড়িতম্ ॥৫॥
এহীতি। ময়া সহ, গচ্ছ সমন্তপঞ্চকমিতি শেষঃ ॥৬॥
ইতীতি। প্রণম্য গুরুত্বাদেবেতি ভাবঃ ॥৭॥
এবমিতি। যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া। ন্যবেদয়ং রামাগমনাদিবৃত্তান্তম্ ॥৮॥
তত ইতি। বাচ্য বাচয়িত্বা। রাজতং রৌপ্যময়ম্, হৈমরৈপ্যকম্। শোভনা উপস্করা

রোদনের অযোগ্যা, মহাভাগা ও নিষ্পাপা যে গঙ্গা ক্ষুদ্র, যুদ্ধাভিলাষী ও দুর্বুদ্ধিপীড়িত তোমাকে প্রসব করিয়াছিলেন ॥৫॥

যুদ্ধকামুক। দুর্ম্মদ। ভরতশ্রেষ্ঠ! কৌরব! ভীষ্ম! আমার সহিত চল এবং রথপ্রভৃতি যুদ্ধের সমস্ত উপকরণ গ্রহণ কর ॥৬॥

রাজা। শত্রুনগরবিজয়ী রাম এইরূপ বলিতে লাগিলে, আমি মস্তকদ্বারা তাঁহাকে নমস্কার করিয়া বলিলাম—'এইরূপই হউক' ॥৭॥

তখন রাম এইরূপ বলিয়া যুদ্ধ করিবার ইচ্ছায় কুরুক্ষেত্রে গমন করিলেন; আমিও হস্তিনায় প্রবেশ করিয়া মাতা সত্যবতীর নিকট সমস্ত বৃত্তান্ত জানাইলাম ॥৮॥

মহাতেজা ভরতশ্রেষ্ঠ দুর্য্যোধন! তাহার পর আমি স্বস্ত্যয়ন করিয়া, মাতার আশীর্ব্বাদ লইয়া, ব্রাহ্মণগণদ্বারা পুণ্যাহ ও স্বস্তি পাঠ করাইয়া, সুন্দর ও

(৫)…যুদ্ধকামুকদুর্ম্মদম্—পি। (৭)…প্রণম্য শিরসা রামম্…বা ব রা নি।

উপপন্নং মহাশস্ত্রৈঃ সর্বোপকরণান্বিতম্ ।
তৎকুলীনেন বীরেণ হয়শাস্ত্রবিদা রণে ॥১১॥
যত্তং সূতেন শিষ্টেন বহুশো দৃষ্টকর্ম্মণা ।
দংশিতঃ পাণ্ডুরেণাহং কবচেন বপুষ্মতা ॥১২॥
পাণ্ডুরং কার্ম্মুকং গৃহ্য প্রায়াং ভরতসত্তম ! ।
পাণ্ডুরেণাতপত্রেণ ধ্রিয়মাণেন মূর্দ্ধনি ॥১৩॥ (কুলকম্)
পাণ্ডুরৈশ্চাপি ব্যজনৈর্বীজ্যমানো নরাধিপ ! ।
শুক্লবাসাঃ সিতোষ্ণীষঃ সর্বশুক্লবিভূষণঃ ॥১৪॥
স্তূয়মানো জয়াশীর্ভির্নিক্রম্য গজসাহ্বয়াৎ ।
কুরুক্ষেত্রং রণক্ষেত্রমুপায়াং ভরতর্ষভ ! ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অ…ানি যস্য তম্, শোভনানি অধিষ্ঠানানি চক্রাণি যস্য তম্, বৈয়াঘ্রং ব্যাঘ্রচর্ম্ম পরিবারণম্ আবরণং যস্য তম্। তৎকুলীনেন সূতকুলোৎপন্নেন। যত্তং যত্নেনাধিষ্ঠিতম্, সূতেন সারথিনা, শিষ্টেন শাস্ত্রানুসারিণা, বহুশো দৃষ্টকর্ম্মণা :দৃষ্টযুদ্ধব্যাপারেণ। দংশিত আবৃতদেহঃ। বপুষ্মতা সুন্দরাকৃতিনা। গৃহ্য গৃহীত্বা ॥৯—১৩॥

পাণ্ডুরৈরিতি। সর্বাণ্যেব উত্তরীয়াদীনি শুক্লানি বিভূষণানি যস্য সঃ। গজসাহ্বয়াৎ হস্তিনানগরাৎ। উপায়াম্ উপাগচ্ছম্ ॥১৪—১৫॥

পাণ্ডুরবর্ণ কবচ ধারণ করিয়া এবং পাণ্ডুরবর্ণ ধনু লইয়া, রৌপ্যময় সুন্দর রথে আরোহণ করিলাম। সে রথে পাণ্ডুরবর্ণ চারিটী অশ্ব যোজিত ছিল এবং উত্তম উত্তম অস্ত্র ও সর্বপ্রকার যুদ্ধোপকরণ রক্ষিত ছিল; আর সে রথের অবয়বগুলি ও চক্রগুলি সুন্দর ছিল এবং সে রথ ব্যাঘ্রচর্ম্মে আবৃত ছিল। আর সারথি বংশসম্ভূত, অশ্বশাস্ত্রজ্ঞ, বীর, শিষ্ট ও বহুবার যুদ্ধদর্শী একজন সারথি যত্নপূর্ব্বক সেই রথে আরোহণ করিয়াছিল। এই অবস্থায় আমি প্রস্থান করিলাম; তৎকালে কোন ভৃত্য আমার মস্তকে পাণ্ডুরবর্ণ একটী ছত্র ধারণ করিয়াছিল ॥৯—১৩॥

এবং ভরতশ্রেষ্ঠ রাজা! অপর ভৃত্যেরা পাণ্ডুরবর্ণ ব্যজনদ্বারা আমার অঙ্গে বায়ু সঞ্চালন করিতে লাগিল। এই অবস্থায় আমি শুক্লবর্ণ বস্ত্র, শুক্লবর্ণ উষ্ণীষ ও শুক্লবর্ণ সমস্ত পরিচ্ছদ ধারণ করিয়া, জয়াশীর্ব্বাদদ্বারা স্তুত হইতে থাকিয়া, হস্তিনানগর হইতে নির্গত হইয়া রণক্ষেত্র কুরুক্ষেত্রে আসিয়া উপস্থিত হইলাম ॥১৪—১৫॥

---

(১৪) পাণ্ডুরৈশ্চামরৈশ্চাপি…পি।

তে হয়াশ্চোদিতাস্তেন সূতেন পরমাহবে।
অবহন্ মাং ভৃশং রাজন্! মনোমারুতরংহসঃ ॥১৬॥
গত্বাহং তৎ কুরুক্ষেত্রং স চ রামঃ প্রতাপবান্।
যুদ্ধায় সহসা রাজন্! পরাক্রান্তৌ পরস্পরম্ ॥১৭॥
ততঃ সন্দর্শনেঽতিষ্ঠং রামস্যাতিতপস্বিনঃ।
প্রগৃহ্য শঙ্খপ্রবরং ততঃ প্রাধমমুত্তমম্ ॥১৮॥
ততস্তত্র দ্বিজা রাজন্! তাপসাশ্চ বনৌকসঃ।
অপশ্যন্ত রণং দিব্যং দেবাঃ সর্ষিগণাস্তদা ॥১৯॥
ততো দিব্যানি মাল্যানি প্রাদুরাসংস্ততস্ততঃ।
বাদিত্রাণি চ দিব্যানি মেঘবৃন্দানি চৈব হ ॥২০॥
ততস্তে তাপসাঃ সর্বে ভার্গবস্যানুযায়িনঃ।
প্রেক্ষকাঃ সমপদ্যন্ত পরিবার্য্য রণাজিরম্ ॥২১॥

ভারতকৌমুদী

ত ইতি। চোদিতাঃ প্রেরিতাঃ। মনসো মারুতস্য চৈব রংহো বেগো যেষাং তে ॥১৬॥
গত্বেতি। পরাক্রান্তাবাবাং পরস্পরং যুদ্ধায় স্থিতাবিতি শেষঃ ॥১৭॥
তত ইতি। সন্দর্শনে দৃষ্টিপথে। প্রাধমং বাদিতবান্ ॥১৮॥
তত ইতি। বনৌকসো বনবাসিনো রামপক্ষীয়াঃ। ঋষিগণৈঃ সহেতি তে ॥১৯॥
তত ইতি। দিব্যানি স্বর্গীয়াণি। বাদিত্রাণি দুন্দুভিপ্রভৃতীনি বাদ্যানি ॥২০॥
তত ইতি। ভার্গবস্য রামস্য, অনুযায়িনঃ অনুচরাঃ। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥২১॥

রাজা! ক্রমে সেই সারথিকর্তৃক সঞ্চালিত মন ও বায়ুর ন্যায় বেগবান্ সেই অশ্বগুলি আমাকে মহাযুদ্ধস্থানে সত্বর লইয়া গেল ॥১৬॥

নরনাথ! আমি ও প্রতাপশালী সেই রাম, এই পরাক্রমশালী দুই জনই সেই কুরুক্ষেত্রে যাইয়া তৎক্ষণাৎ পরস্পর যুদ্ধের জন্য প্রস্তুত হইলাম ॥১৭॥

তাহার পর আমি মহাতপা রামের দৃষ্টিপথে উপস্থিত হইলাম এবং তৎপরে উত্তম শ্রেষ্ঠ শঙ্খটী লইয়া বাজাইলাম ॥১৮॥

রাজা! তদনন্তর ব্রাহ্মণেরা, বনবাসী তপস্বীরা এবং ঋষিগণের সহিত দেবতারা তখন সেইখানে থাকিয়া সেই অলৌকিক যুদ্ধ দেখিতে লাগিলেন ॥১৯॥

তাহার পর নানাদিক্ হইতে দিব্য মাল্য, দিব্য বাদ্য ও মেঘসমূহ আবির্ভূত হইতে লাগিল ॥২০॥

(১৯)...দেবাঃ সেন্দ্রগণাস্তদা—বা ব ঢা নি।

ততো মামব্রবীদ্‌গঙ্গা সর্বভূতহিতৈষিণী।
মাতা স্বরূপিণী রাজন্! কিমিদং তে চিকীর্ষিতম্ ॥২২॥
গত্বাহং জামদগ্ন্যস্তু প্রযাচিষ্যে কুরূদ্বহ!।
ভীষ্মেণ সহ মা যোৎসীঃ শিষ্যেণেতি পুনঃ পুনঃ ॥২৩॥
মা চৈবং পুত্র! নির্বন্ধং কুরু বিপ্রেণ পার্থিব!।
জামদগ্ন্যেন সমরে যুদ্ধমিত্যেব ভৎ´সয়ৎ ॥২৪॥
কিং পুনঃ ক্ষত্রিয়হরো হরতুল্যপরাক্রমঃ।
বিদিতঃ পুত্র! রামস্তে যতঃ সংযোদ্ধুমিচ্ছসি ॥২৫॥

ভারতকৌমুদী

তত ইতি। স্বরূপিণী নিজমূর্ত্তিধারিণী। তে ত্বয়া, চিকীর্ষিতং কর্ত্তু মিষ্টম্ ॥২২॥
রামো ন জহাতীত্যাহ গত্বেতি। শিষ্যেণ ভীষ্মেণেতি সম্বন্ধঃ ॥২৩॥
মেতি। নির্বন্ধং যুদ্ধে আগ্রহাতিশয়ম্। ভৎ´সয়দিত্যড়াগমাভাব আর্ষঃ ॥২৪॥
কিমিতি। ক্ষত্রিয়হরঃ ক্ষত্রিয়াণাং সংহর্ত্তা, হরস্য রুদ্রস্য তুল্যপরাক্রমঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—২॥ বলাঃ কাকাঃ তেষামশনম্ অন্নভূতম্ ॥৩—৯॥ সূপস্করং স্বঙ্গং স্বধিষ্ঠানং সুচক্রং বৈয়াঘ্রং ব্যাঘ্রচর্ম্ম তদেব পরিবারণম্ আচ্ছাদনং যস্য তম্ ॥১০—১৯॥ ভার্গবস্য রামস্য ॥২০॥ দেবী গঙ্গা ॥২১—২৩॥ ক্ষত্রিয়হণঃ ক্ষত্রিয়হন্তা ॥২৪—৩১॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৮॥

তৎপরে রামের অনুচর সেই তপস্বীরা সকলে রণভূমি পরিবেষ্টন করিয়া দর্শক হইলেন ॥২১॥

তদনন্তর আমার মাতা সর্বভূতহিতৈষিণী গঙ্গাদেবী আপন মূর্ত্তি ধারণ করিয়া আসিয়া আমাকে বলিলেন—'তুমি এটা কি করিবার ইচ্ছা করিয়াছ? ॥২২॥

কৌরবশ্রেষ্ঠ! আমি যাইয়া রামের নিকট বার বার প্রার্থনা করিব যে, আপনি শিষ্য ভীষ্মের সহিত যুদ্ধ করিবেন না ॥২৩॥

পুত্র! ব্রাহ্মণের সহিত এইরূপ যুদ্ধের আগ্রহ করিও না; ক্ষত্রিয়! সমরাঙ্গনে রামের সহিত আবার একটা যুদ্ধ কি' এইরূপ তিরস্কার করিলেন ॥২৪॥

পুত্র! রাম যে মহাদেবের তুল্য পরাক্রমশালী এবং ক্ষত্রিয়হন্তা, তাহা কি তুমি জান যে, তাঁহার সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিতেছ? ॥২৫॥

(২২) ততো মামব্রবীদ্দেবী...বা ব রা নি। (২৪) মা মৈবং পুত্র!...বা ব রা নি, ...ইত্যেব ভৎ´সয়ন্—পি। (২৫) কিং ন বৈ ক্ষত্রিয়হণো হরতুল্য... যতস্তং যোদ্ধুম্...বা ব রা নি।

ততোঽহমব্রুবং দেবীমভিবাদ্য কৃতাঞ্জলিঃ।
সর্ব্বং তদ্ভরতশ্রেষ্ঠ! যথা বৃত্তং স্বয়ংবরে ॥২৬॥
যথা চ রামো রাজেন্দ্র! ময়া পূর্ব্বং প্রচোদিতঃ।
কাশীরাজসুতায়াশ্চ যথা কর্ম্ম পুরাতনম্ ॥২৭॥ (যুগ্মকম্)
ততঃ সা রামমভ্যেত্য জননী মে মহানদী।
মদর্থং তমৃষিং দেবী ক্ষময়ামাস ভার্গবম্।
ভীষ্মেণ সহ মা যোৎসীঃ শিষ্যেণেতি বচোঽব্রবীৎ ॥২৮॥
স চ তামাহ যাচন্তীং ভীষ্মমেব নিবর্ত্তয়।
ন চ মে কুরুতে কামমিত্যহং তমুপাগমম্ ॥২৯॥
ততো গঙ্গা সুতস্নেহাদ্ভীষ্মং সা পুনরুপাগমৎ।
নাস্যা অকরবং বাক্যং ক্রোধপর্য্যাকুলেক্ষণঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। বৃত্তং জাতম্। প্রচোদিতঃ যুদ্ধান্নিবর্ত্তয়িতুং প্রণোদিতঃ ॥২৬—২৭॥

তত ইতি। ক্ষময়ামাস ক্ষমাং প্রার্থয়ামাস। মা যোৎসীঃ ন যুধ্যস্ব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

স ইতি। কামম্ অভীষ্টম্ অম্বায়াঃ পরিগ্রহম্, তং ভীষ্মম্ ॥২৯॥

তত ইতি। অকরবং কৃতবানহম্, বাক্যং বাক্যানুযুক্তনিবৃত্তিম্ ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ রাজা! তাহার পর স্বয়ংবরে যে সকল ঘটনা ঘটিয়াছিল, আমি পূর্ব্বে যুদ্ধ হইতে নিবৃত্ত করিবার জন্য রামকে যেরূপ বলিয়াছিলাম এবং অম্বা পূর্ব্বে যাহা যাহা করিয়াছিলেন, সেই সমস্ত বৃত্তান্তই আমি গঙ্গাদেবীকে নমস্কার করিয়া কৃতাঞ্জলি হইয়া তাঁহাকে বলিলাম ॥২৬—২৭॥

তাহার পর আমার জননী মহানদী গঙ্গাদেবী রামের নিকট যাইয়া আমার জন্য সেই মহর্ষি রামের নিকট ক্ষমা প্রার্থনা করিলেন এবং এই কথা বলিলেন যে, 'আপনি শিষ্য ভীষ্মের সহিত যুদ্ধ করিবেন না' ॥২৮॥

গঙ্গাদেবী সেইরূপ প্রার্থনা করিতে লাগিলে, রাম তাঁহাকে বলিলেন—'দেবি! আপনি ভীষ্মকেই নিবৃত্ত করুন। ভীষ্ম আমার ইচ্ছানুরূপ কার্য্য করে নাই। তাই আমি যুদ্ধ করিবার জন্য তাহার নিকট আসিয়াছি ॥২৯॥

তৎপরে গঙ্গাদেবী পুত্রস্নেহে পুনরায় আমার নিকট আসিলেন; কিন্তু আমি ক্রোধে আকুলনয়ন হইয়া তাঁহার বাক্য রক্ষা করিলাম না ॥৩০॥

(২৮)…মদর্থং তমৃষিং বীক্ষ্য…বা ব রা নি। (২৯) ইতঃ পরম্ 'বৈশম্পায়ন উবাচ' পি বা ব রা। (৩০)…ন চাস্যাশ্চাকরোদ্বাক্যম্ পি বা ব রা।

অথাদৃশ্যত ধর্ম্মাত্মা ভৃগুশ্রেষ্ঠো মহাতপাঃ।
আহ্বয়ামাস চ তদা যুদ্ধায় দ্বিজসত্তমঃ ॥৩১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে রামভীষ্মকুরুক্ষেত্রাবতরণে অষ্টষষ্ট্যধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:-০-:—

ঊনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ভীষ্ম উবাচ।
তমহং স্ময়ন্নিব রণে প্রত্যভাষং ব্যবস্থিতম্।
ভূমিষ্ঠং নোৎসহে যোদ্ধুং ভবন্তং রথমাস্থিতঃ ॥১॥
আরোহ স্যন্দনং বীর! কবচঞ্চ মহাভুজ!।
বধান সমরে রাম! যদি যোদ্ধুং ময়েচ্ছসি ॥২॥

ভারতকৌমুদী

অথেতি। অদৃশ্যত ময়া। আহ্বয়ামাস আজুহাব ॥৩১॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—(::)—

তমিতি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্। প্রত্যভাষং প্রত্যব্রুবম্। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥১॥
আরোহেতি। স্যন্দনং রথম্। বধান গাত্রে বন্ধং কুরু ॥২॥

তদনন্তর আমি ধর্ম্মাত্মা ও মহাতপা রামের দিকে দৃষ্টিপাত করিলাম; তিনিও তখন যুদ্ধের জন্য আমাকে আহ্বান করিলেন' ॥৩১॥

ভীষ্ম বলিলেন—'আমি মৃদু হাস্য করিতে করিতেই যেন সমরাঙ্গনে অবস্থিত রামকে বলিলাম—'ভগবন্! আমি রথে থাকিয়া ভূতলস্থিত আপনার সহিত যুদ্ধ করিতে ইচ্ছা করি না ॥১॥
মহাবাহু বীর রাম! আপনি যদি আমার সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করেন, তাহা হইলে রথে আরোহণ করুন এবং কবচ পরিধান করুন' ॥২॥

* '...অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' রা নি, '...অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব।

ততো মামব্রবীদ্রামঃ স্ময়মানো রণাজিরে।
রথো মে মেদিনী ভীষ্ম ! বাহা বেদাঃ সদশ্ববৎ ॥৩॥
সূতশ্চ মাতরিশ্বা বৈ কবচং বেদমাতরঃ।
সুসংবীতো রণে তাভির্যোৎস্যেঽহং কুরুনন্দন ! ॥৪॥
এবং ব্রুবাণো গান্ধারে ! রামো মাং সত্যবিক্রমঃ।
শরব্রাতেন মহতা সর্বতঃ প্রত্যবারয়ৎ ॥৫॥
ততোঽপশ্যং জামদগ্ন্যং রথমধ্যে ব্যবস্থিতম্।
সর্বায়ুধধরে শ্রীমত্যদ্ভুতোপমদর্শনে ॥৬॥
মনসা বিহিতে পুণ্যে বিস্তীর্ণে নগরোপমে।
দিব্যাশ্বযুজি সন্নদ্ধে কাঞ্চনেন বিভূষিতে ॥৭॥ (যুগ্মকম্)
কবচেন মহাবাহো ! সোমার্ককৃতলক্ষণা।
ধনুর্দ্ধরো বদ্ধতূণো বদ্ধগোধাঙ্গুলিত্রবান্ ॥৮॥

ভারতকৌমুদী

তত ইতি। স্ময়মান ঈষদ্ধসন্। বাহা বাহনানি ॥৩॥

সূত ইতি। সূতঃ সারথিঃ, মাতরিশ্বা বায়ুঃ, বেদমাতরঃ গায়ত্রীসাবিত্রীসরস্বত্যঃ। তাভির্বেদমাতৃভিঃ, সুসংবীত আবৃতদেহঃ ॥৪॥

এবমিতি। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ বাহ্বাদিত্বাদিঞ্, তৎসম্বোধনম্। শরাণাং ব্রাতেন সমূহেন, সর্বতঃ সর্বাভ্য এব দিগ্ভ্যঃ, প্রত্যবারয়ৎ আবৃতবান্ ॥৫॥

তত ইতি। শ্রীমতি শোভাশালিনি, অদ্ভুতোপমমাশ্চর্য্যরূপং দর্শনং যস্য তস্মিন্। মনসা সঙ্কল্পেন। দিব্যাশ্বযুজি উত্তমাশ্বযুক্তে, সন্নদ্ধে সম্যক্ সজ্জিতে ॥৬—৭॥

তাহার পর রামও হাস্য করিতে করিতেই যেন আমাকে বলিলেন—'ভীষ্ম ! সমরাঙ্গনে ভূমিই আমার রথ এবং উত্তম অশ্বের ন্যায় বেদ সকলই আমার বাহন ॥৩॥

কুরুনন্দন ! বায়ু আমার সারথি, আর বেদমাতারা আমার কবচ। সুতরাং তাঁহাদের দ্বারা আবৃতদেহ হইয়া সমরাঙ্গনে তোমার সহিত যুদ্ধ করিব' ॥৪॥

গান্ধারীনন্দন ! যথার্থবিক্রমশালী রাম এইরূপ বলিয়াই বিশাল বাণসমূহদ্বারা সকল দিক্ হইতেই আমাকে আবৃত করিলেন ॥৫॥

তাহার পর দেখি—রাম একখানা রথের মধ্যে রহিয়াছেন; সে রথখানা রামের সঙ্কল্পে নির্ম্মিত, পবিত্র, একটা নগরের ন্যায় বিস্তীর্ণ, দিব্যাশ্বযুক্ত, স্বর্ণভূষিত, সুন্দর, সুসজ্জিত ও অদ্ভুতদর্শন এবং তাহার মধ্যে সর্ব্বপ্রকার অস্ত্রই রহিয়াছে ॥৬—৭॥

সারথ্যং কৃতবাংস্তস্য যুযুৎসোরকৃতব্রণঃ।
সখা বেদবিদত্যন্তং দয়িতো ভার্গবস্য হ ॥৯॥
আহ্বয়ানঃ স মাং যুদ্ধে মনো হর্ষয়তীব মে।
পুনঃ পুনরভিক্রোশন্নভিযাহীতি ভার্গবঃ ॥১০॥
তমাদিত্যমিবোদ্যন্তমনাধৃষ্যং মহাবলম্।
ক্ষত্রিয়ান্তকরং রামমেকমেকঃ সমাসদম্ ॥১১॥
ততোঽহং বাণপাতেষু ত্রিষু বাহান্ নিগৃহ্য বৈ।
অবতীর্য্য ধনুর্ন্যস্য পদাতির্ঋষিসত্তমম্ ॥১২॥
অভ্যাগচ্ছং তদা রামমর্চ্চিষ্যন্ দ্বিজসত্তমম্।
অভিবাদ্য চৈনং বিধিবদব্রুবং বাক্যমুত্তমম্ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কবচেনেতি। সোমার্কাভ্যাং তচ্চিহ্নাভ্যাং কৃতং লক্ষ্ম চিহ্নং যস্য তেন তাদৃশেন কবচেনাবৃতদেহ ইত্যর্থঃ। বদ্ধা মণিবন্ধে ধৃতা গোধা জ্যাঘাতবারণং যেন স চাসৌ অঙ্গুলিত্রবাংশ্চেতি সঃ। "গোধাতলে জ্যাঘাতবারণে" ইত্যমরঃ। তদানীং রাম আসীদিতি শেষঃ ॥৮॥

সারথ্যমিতি। যুযুৎসোর্যোদ্ধুমিচ্ছোঃ, অকৃতব্রণো নাম ॥৯॥

আহ্বেতি। আহ্বয়ান আহ্বয়ন্। অভিক্রোশন্ উচ্চৈঃ স্বরমাবিষ্কুর্বন্ ॥১০॥

তমিতি। অনাধৃষ্যমজয্যম্। সমাসদম্ অভ্যগমম্ ॥১১॥

তত ইতি। ত্রিষু বারত্রয়েণেত্যর্থঃ, বাহানশ্বান্। পরত্রাক্ষরাধিক্যমার্ষম্ ॥১২—১৩॥

মহাবাহু! রাম তখন ধনু, তূণ, জ্যাঘাতবারণ ও অঙ্গুলিত্র ধারণ করিয়াছিলেন এবং চন্দ্র ও সূর্য্যের চিহ্নযুক্ত একটা কবচও পরিধান করিয়াছিলেন ॥৮॥

রামের পরম প্রিয়সখা ও বেদবিৎ অকৃতব্রণ যুদ্ধাভিলাষী রামের সারথ্য করিতে লাগিলেন ॥৯॥

তাহার পর রাম উচ্চস্বরে 'আইস আইস' এইরূপে বার বার আমাকে যুদ্ধে আহ্বান করিতে থাকিয়া আমার মনটাকে যেন আনন্দিত করিতে লাগিলেন ॥১০॥

তখন উদয়মান সূর্য্যের ন্যায় তেজস্বী, দুর্দ্ধর্ষ, মহাবল ও ক্ষত্রিয়ান্তকারী একক রামের অভিমুখে আমিও একাকী গমন করিলাম ॥১১॥

তৎপরে তিনি তিনবার আমার উপরে বাণক্ষেপ করিলেন। এই সময়ে আমি অশ্বগুলিকে থামাইয়া, ধনু রাখিয়া, রথ হইতে নামিয়া, পাদচারী হইয়া, ঋষিশ্রেষ্ঠ ও ব্রাহ্মণপ্রধান রামের পূজা করিবার জন্য তাঁহার নিকট গমন

(৯) সারথ্যং কৃতবাংস্তত্র…বা ব রা নি।

যোঽসস্তে ত্বয়া রণে রাম! সদৃশেনাধিকেন বা।
গুরুণা ধর্ম্মশীলেন জয়মাশাস্ব মে বিভো! ॥১৪॥

রাম উবাচ।

এবমেতৎ কুরুশ্রেষ্ঠ! কর্ত্তব্যং ভূতিমিচ্ছতা।
ধর্ম্মো হ্যেষ মহাবাহো! বিশিষ্টৈঃ সহ যুধ্যতাম্ ॥১৫॥
শপেয়ং ত্বাং ন চেদেবমাগচ্ছেথা বিশাংপতে!।
যুধ্যস্ব ত্বং রণে যত্তো ধৈর্য্যমালম্ব্য কৌরব! ॥১৬॥
ন তু তে জয়মাশাসে ত্বাং বিজেতুমহং স্থিতঃ।
গচ্ছ যুধ্যস্ব ধর্ম্মেণ প্রীতোঽস্মি চরিতেন তে ॥১৭॥

ভারতকৌমুদী

যোঽসস্ত ইতি। গুরুণা অস্ত্রশিক্ষাদাত্রা। আশাস্ব আশীর্বাদবিষয়ং কুরু ॥১৪॥
এবমিতি। ভূতিং সম্পদম্। বিশিষ্টৈঃ প্রধানৈঃ সহ, যুধ্যতাং যুধ্যমানানাম্ ॥১৫॥
শপেয়মিতি। এবং পূজনার্থম্। যত্ত আত্মরক্ষায়াং যত্নবান্ সন্ ॥১৬॥

ভারতভাবদীপঃ

তমিতি। স্বয়ম্ভিব দৃপ্যন্নিব ॥১—৩॥ বেদমাতরো গায়ত্রীসাবিত্রীসরস্বত্যঃ ॥৪॥ সব্যক্তি-ক্রম ইতি পাঠে লঙ্ঘিতক্রমঃ ॥৫॥ অদ্ভুতোপমম্ অদ্ভুতোপমং দর্শনং যস্য তস্মিন্ ॥৬—১৬॥ ন তু তে জয়মাশাসে ইত্যুক্তির্ভূতিমিচ্ছতা ত্বয়া প্রাগেব মদভিবন্দনস্য জয়হেতোঃ কৃতত্বাদিতি

করিলাম এবং যথাবিধানে উঁহাকে অভিবাদন করিয়া এই উত্তম বাক্য বলিলাম ॥১২—১৩॥

'রাম! আপনি আমার সমানই হউন, অথবা অধিকই হউন; কিন্তু আপনি যে ধার্ম্মিক ও আমার গুরু, তাহা সত্য; তথাপি আমি সমরাঙ্গনে আপনার সহিত যুদ্ধ করিব। অতএব প্রভু! আপনি আমার জয়ের আশীর্ব্বাদ করুন' ॥১৪॥

রাম বলিলেন—'মহাবাহু কৌরবশ্রেষ্ঠ! উন্নতিকামী লোকের এইরূপই কর্ত্তব্য এবং প্রধানের সহিত যুধ্যমান লোকদিগের ইহাই ধর্ম্ম ॥১৫॥

নরনাথ! তুমি যদি এই জন্য না আসিতে, তবে আমি তোমাকে অভিসম্পাত করিতাম। সে যাহা হউক, কৌরব! তুমি এখন ধৈর্য্য অবলম্বন করিয়া যত্ন সহকারে সমরাঙ্গনে যুদ্ধ কর ॥১৬॥

কিন্তু আমি তোমার জয়াশীর্ব্বাদ করিতে পারি না। কারণ, আমিই তোমাকে জয় করিবার জন্য রহিয়াছি। অতএব যাও, ধর্ম্ম অনুসারে যুদ্ধ কর, আমি তোমার আচরণে সন্তুষ্ট হইয়াছি' ॥১৭॥

ততোঽহং তং নমস্কৃত্য রথমারুহ্য সত্বরঃ।
প্রাধ্মাপয়ং রণে শঙ্খং পুনর্হেমপরিষ্কৃতম্ ॥১৮॥
ততো যুদ্ধং সমভবন্মম তস্য চ ভারত!।
দিবসান্ সুবহূন্ রাজন্! পরস্পরজিগীষয়া ॥১৯॥
স মে তস্মিন্ রণে পূর্ব্বং প্রাহরৎ কঙ্কপত্রিভিঃ।
ষষ্ট্যা শতৈশ্চ নবভিঃ শরাণাং নতপর্বণাম্ ॥২০॥
চত্বারস্তেন মে বাহাঃ সূতশ্চৈব বিশাংপতে!।
প্রতিরুদ্ধাস্তথৈবাহং সমরে দংশিতঃ স্থিতঃ ॥২১॥
নমস্কৃত্য চ দেবেভ্যো ব্রাহ্মণেভ্যো বিশেষতঃ।
তমহং স্ময়ন্নিব রণে প্রত্যভাষং ব্যবস্থিতম্ ॥২২॥
আচার্য্যতা মানিতা মে নির্ম্মর্য্যাদে হ্যপি ত্বয়ি।
ভূয়শ্চ শৃণু মে ব্রহ্মন্! সম্পদং ধর্ম্মসংগ্রহে ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। আশাসে আশীর্ব্বাদবিষয়ং করোমি ॥১৭॥
তত ইতি। প্রাধ্মাপয়ম্ অবাদয়ম্। হেমপরিষ্কৃতং স্বর্ণালঙ্কৃতম্ ॥১৮॥
তত ইতি। তস্য রামস্য। পরস্পরং জিগীষয়া জেতুমিচ্ছয়া ॥১৯॥
স ইতি। কঙ্কপত্রিভির্বাণৈঃ। কিয়দ্ভিস্তৈরিত্যাহ ষষ্ট্যেত্যাদি ॥২০॥
চত্বার ইতি। বাহা অশ্বাঃ। প্রতিরুদ্ধা আবৃতাঃ। দংশিতঃ সন্নদ্ধঃ ॥২১॥
নম ইতি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্। অত্রাক্ষরাধিক্যমার্ষম্ ॥২২॥
আচার্য্যতেতি। মে ময়া। সম্পদং দার্ঢ্যম্ ॥২৩॥

তাহার পর আমি তাঁহাকে নমস্কার করিয়া আসিয়া রথে উঠিয়া পুনরায় স্বর্ণভূষিত শঙ্খের ধ্বনি করিলাম ॥১৮॥

ভরতনন্দন রাজা! তদনন্তর পরস্পর জয় করিবার ইচ্ছায় রামের ও আমার বহুদিন যাবৎ যুদ্ধ হইল ॥১৯॥

সেই যুদ্ধে রামই আমাকে প্রথমে বাণদ্বারা প্রহার করিয়াছিলেন; অর্থাৎ আনতপর্ব নয় শত ষাটটা বাণদ্বারা আমাকে আঘাত করিয়াছিলেন ॥২০॥

নরনাথ! রাম বাণদ্বারা আমার চারিটী অশ্ব ও সারথিকে আবৃত করিলেন; কিন্তু তথাপি আমি যুদ্ধে সেইরূপ সন্নদ্ধই রহিলাম ॥২১॥

তৎপরে আমি বিশেষভাবে দেবগণকে ও ব্রাহ্মণগণকে নমস্কার করিয়া মৃদু হাস্য করিতে করিতেই যেন যুদ্ধস্থিত রামকে বলিলাম—॥২২॥

(২০)…ষষ্ট্যা শতেন নবভিঃ শরাণামগ্নিবর্চ্চসাম্—পি। (২২)…স্ময়ন্নিব রণে হন্তম্…পি।

যে তে বেদাঃ শরীরস্থা ব্রাহ্মণ্যং যচ্চ তে মহৎ।
তপশ্চ তে মহত্তপ্তং ন তেভ্যঃ প্রহরাম্যহম্ ॥২৪॥
প্রহরে ক্ষত্রধর্ম্মস্য যং ত্বং রাম! সমাশ্রিতঃ।
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ত্বং হি যাতি শস্ত্রসমুদ্যমাৎ ॥২৫॥
পশ্য মে ধনুষো বীর্য্যং পশ্য বাহ্বোর্বলং মম।
এষ তে কার্ম্মুকং বীর! ছিনদ্মি নিশিতেষুণা ॥২৬॥
তস্যাহং নিশিতং ভল্লং চিক্ষেপ ভরতর্ষভ!।
তেনাস্য ধনুষঃ কোটিং ছিত্ত্বা ভূমাবপাতয়ম্ ॥২৭॥

ভারতকৌমুদী

য ইতি। তৃতীয়পাদে তে ত্বয়া। তেভ্য উদ্দেশে, প্রহরামি ॥২৪॥

প্রহর ইতি। "তস্য চাত্মকরোতি হি" ইত্যাদিবৎ ক্ষত্রধর্ম্মস্যেতি কর্ম্মণি ষষ্ঠী ॥২৫॥

পশ্যেতি। নিশিতেষুণা সুধারীকৃতবাণেন ॥২৬॥

তস্যেতি। তস্য রামস্যোপরি, ভল্লং বাণবিশেষম্। কোটিমগ্রদেশম্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

ভাবঃ। তচ্চৈবমেতৎ কুরুশ্রেষ্ঠ কর্ত্তব্যং ভূতিমিচ্ছতেত্যনেন সূচিতম্ ॥১৭—২২॥ মে ময়া মানিতা ॥২৩—২৬॥ চিক্ষেপেতি পারোক্ষ্যার্থে লিট্প্রয়োগো হেলয়াকৃতত্বসূচনার্থঃ ॥২৭—৩৭॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৯॥

'ব্রাহ্মণ! আপনি মর্য্যাদাজ্ঞানশূন্য হইলেও আমি আপনার গুরুত্বের সম্মান রাখিয়াছি। এখন আমার ধর্ম্মরক্ষার বিষয়ে দৃঢ়তার বিষয় শ্রবণ করুন—॥২৩॥

আপনার শরীরে যে বেদ ও গুরুতর ব্রাহ্মণ্য রহিয়াছে এবং আপনি যে গুরুতর তপস্যা করিয়াছেন, সেগুলির উপরে আমি প্রহার করিতেছি না ॥২৪॥

কিন্তু রাম! আপনি যে ক্ষত্রিয়ের ধর্ম্ম অবলম্বন করিয়াছেন, তাহার উপরেই আমি প্রহার করিতেছি। কারণ, ব্রাহ্মণ অস্ত্র উত্তোলন করিয়াই ক্ষত্রিয়ত্ব প্রাপ্ত হন ॥২৫॥

বীর! আপনি এখন আমার ধনুর শক্তি ও বাহুর বল দেখুন। এই আমি নিশিত বাণদ্বারা আপনার ধনু ছেদন করিতেছি' ॥২৬॥

ভরতশ্রেষ্ঠ! (এই বলিয়াই) আমি তাঁহার উপরে একটা নিশিত ভল্ল নিক্ষেপ করিলাম এবং তাহাদ্বারা উঁহার ধনুর অগ্র ছেদন করিয়া ভূতলে পাতিত করিলাম ॥২৭॥

---

(২৫)...যস্ত্বং রাম! সমাস্থিতঃ...পি। (২৬)...পশ্য বাহ্বোর্বলঞ্চ মে...পি।

তথৈব চ পৃষৎকানাং শতানি নতপর্বণাম্ ।
চিক্ষেপ কঙ্কপত্রাণাং জামদগ্ন্যরথং প্রতি ॥২৮॥
কায়ে বিষক্তাস্তু তদা বায়ুনা সমুদীরিতাঃ ।
চেলুঃ ক্ষরন্তো রুধিরং নাগা ইব চ তে শরাঃ ॥২৯॥
ক্ষতজোক্ষিতসর্বাঙ্গঃ ক্ষরন স রুধিরং রণে ।
বভৌ রামস্তদা রাজন্ ! মেরুর্ধাতূনিবোৎসৃজন্ ॥৩০॥
হেমন্তান্তেঽশোক ইব রক্তস্তবকমণ্ডিতঃ ।
বভৌ রামস্তথা রাজন্ ! ফুল্লকিংশুকসন্নিভঃ ॥৩১॥
ততোঽন্যদ্ধনুরাদায় রামঃ ক্রোধসমন্বিতঃ ।
হেমপুঙ্খান্ সুনিশিতান্ শরাংস্তানভ্যবর্ষত ॥৩২॥
তে সমাসাদ্য মাং রৌদ্রা বহুধা মর্ম্মভেদিনঃ ।
অকম্পয়ন্ মহাবেগাঃ সর্পানলবিষোপমাঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

তথেতি। পৃষৎকানাং বাণানাম্, নতানি ঈষদ্বক্রাণি পর্ব্বাণি ফলকনিম্নদেশা যেষাং কঙ্কানাং পক্ষিবিশেষাণাং পত্রাণি পক্ষা যেষু তেষাম্। এবমন্যত্র জ্ঞেয়ম্ ॥২৮॥

কায় ইতি। কায়ে রামস্য দেহে। সমুদীরিতাঃ প্রেরিতাঃ। নাগাঃ সর্পাঃ ॥২৯॥

ক্ষতজেতি। ক্ষতজৈ রুধিরৈঃ উক্ষিতানি সিক্তানি সর্ব্বাণ্যঙ্গানি যস্য সঃ ॥৩০॥

হেমন্তেতি। ফুল্লঃ বিকসিতপুষ্পঃ কিংশুকো বৃক্ষস্তৎসন্নিভঃ ॥৩১॥

তত ইতি। হেমপুঙ্খান্ স্বর্ণখচিতাগ্রদেশান্ ॥৩২॥

এবং রামের রথের উপরে নতপর্ব ও কঙ্কপক্ষযুক্ত বহুসংখ্যক বাণ নিক্ষেপ করিলাম ॥২৮॥

তখন সর্পাকৃতি সেই বাণগুলি বায়ুচালিত হইয়া যাইয়া রামের দেহে সংসক্ত হইয়া রক্ত নিঃসারণ করিয়া চলিয়া গেল ॥২৯॥

রাজা! তখন রক্তসিক্তদেহ রাম রক্ত নিঃসারণ করিতে থাকিয়া গৈরিক-নিঃসারণকারী সুমেরুপর্বতের ন্যায় সমরাঙ্গনে প্রকাশ পাইতে লাগিলেন ॥৩০॥

আর রাজা! বসন্তকালে রক্তস্তবকভূষিত অশোকতরুর ন্যায় এবং প্রস্ফুটিত-পুষ্প কিংশুকবৃক্ষের ন্যায় রাম শোভা পাইতে থাকিলেন ॥৩১॥

তাহার পর রাম ক্রুদ্ধ হইয়া অন্য ধনু লইয়া স্বর্ণপুঙ্খ ও সুধার বহুসংখ্যক বাণ বর্ষণ করিলেন ॥৩২॥

(৩১)…প্রফুল্ল ইব কিংশুকঃ—বা ব রা নি। (৩২)…শরাংস্তান্ হি ববর্ষ সঃ—বা ব রা নি।

তমহং সমবষ্টভ্য পুনরাত্মানমাহবে।
শতসংখ্যৈঃ শরৈঃ ক্রুদ্ধস্তদা রামমবাকিরম্ ॥৩৪॥
স তৈরগ্ন্যর্কসঙ্কাশৈঃ শরৈরাশীবিষোপমৈঃ।
শিতৈরভ্যর্দ্দিতো রামো মন্দচেতা ইবাভবৎ ॥৩৫॥
ততোঽহং কৃপয়াবিষ্টো বিনিন্দ্যাত্মানমাত্মনা।
ধিগ্‌ধিগিত্যব্রুবং যুদ্ধং ক্ষত্রধর্ম্মঞ্চ ভারত! ॥৩৬॥
আগস্কৃচ্চাব্রুবং রাজন্! শোকবেগপরিপ্লুতঃ।
আহবে তু কৃতং পাপং ময়েদং ক্ষত্রধর্ম্মণা ॥৩৭॥
গুরুর্দ্বিজাতির্ধর্ম্মাত্মা যদেবং পীড়িতঃ শরৈঃ।
ততো ন প্রাহরং ভূয়ো জামদগ্ন্যায় ভারত! ॥৩৮॥

ভারতকৌমুদী

ত ইতি। সর্পানলবিষোপমাঃ পীড়াজনকা ইত্যর্থঃ ॥৩৩॥

তমিতি। তং পীড়িতম্, সমবষ্টভ্য স্থিরীকৃত্য ॥৩৪॥

স ইতি। মন্দচেতা অল্পীভূতচৈতন্যঃ প্রায়েণ মূর্চ্ছিত ইবেত্যর্থঃ ॥৩৫॥

তত ইতি। ধিক্ ধিক্ ইত্যব্রুবং রামস্য তদবস্থাকরণাদিতি ভাবঃ ॥৩৬॥

আগ ইতি। আগঃ অপরাধং করোতীতি সঃ ॥৩৭॥

গুরুরিতি। দ্বিজাতির্ব্রাহ্মণঃ। ভূয়ো ন প্রাহরম্, মৃত্যুনদ্বাবাদিত্যাশয়ঃ ॥৩৮॥

মহাবেগশালী, মর্ম্মভেদকারী এবং সর্প, অগ্নি ও বিষের ন্যায় পীড়াজনক সেই ভয়ঙ্কর বাণ সকল পতিত হইয়া আমাকে কাঁপাইতে লাগিল ॥৩৩॥

তখন আমি আপনাকে স্থির করিয়া ক্রুদ্ধ হইয়া পুনরায় বহুসংখ্যক বাণ-দ্বারা যুদ্ধে রামকে আবৃত করিলাম ॥৩৪॥

অগ্নি ও সূর্য্যের ন্যায় উষ্ণ এবং সর্পের ন্যায় বেগবান্ সেই নিশিত বাণসমূহ-দ্বারা পীড়িত হইয়া রাম যেন মূর্চ্ছিতপ্রায় হইলেন ॥৩৫॥

ভরতনন্দন! তাহার পর আমি কৃপাবিষ্ট হইয়া আপনাকে আপনি নিন্দা করিয়া 'যুদ্ধ ও ক্ষত্রিয়ধর্ম্মকে ধিক্ ধিক্' এই কথা বলিলাম ॥৩৬॥

রাজা! আমি অপরাধ করিয়াছিলাম বলিয়া শোকবেগে আকুল হইয়া (মনে মনে) বলিলাম—'আমি ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারে যুদ্ধে এই পাপ করিলাম ॥৩৭॥

(৩৭) অসকৃচ্চাব্রুবম্...অহো বত কৃতং পাপম্... বা ব রা নি।

অথাবতপ্য পৃথিবীং পূষা দিবসসংক্ষয়ে।
জগামাস্তং সহস্রাংশুস্ততো যুদ্ধমুপারমৎ ॥৩৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি
অম্বোপাখ্যানে রামভীষ্মযুদ্ধে ঊনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:-০-:———

সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

———:✿:———

ভীষ্ম উবাচ।
আত্মনস্তু ততঃ সূতো হয়ানাঞ্চ বিশাংপতে !।
মম চাপনয়ামাস শল্যান্ কুশলসম্মতঃ ॥১॥
স্নাতাপবৃত্তৈস্তুরগৈর্লব্ধতোয়ৈরবিহ্বলৈঃ।
প্রভাতে চোদিতে সূর্য্যে ততো যুদ্ধমবর্ত্তত ॥২॥

ভারতকৌমুদী

অথেতি। পূষা সূর্য্যঃ। উপারমৎ ন্যবর্ত্তত, অন্ধকারাবরণাদিত্যভিপ্রায়ঃ ॥৩৯॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারত-
কৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে ঊনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

আত্মন ইতি। অপনয়ামাস অপনিনায়, শল্যান্ শরাগ্রাণি ॥১॥
স্নাতেতি। স্নাতাশ্চ তে অপবৃত্তাঃ পরিবৃত্তাশ্চেতি তৈঃ, লব্ধতোয়ৈঃ পীতজলৈঃ ॥২॥

যে হেতু বাণদ্বারা গুরু, ব্রাহ্মণ ও ধর্ম্মাত্মাকে এইভাবে পীড়ন করিলাম'।
ভরতনন্দন ! তাহার পর আমি আর রামকে প্রহার করিলাম না ॥৩৮॥
তাহার পর, দিনের অবসান হইল, সূর্য্য সহস্র কিরণে পৃথিবীকে সন্তপ্ত
করিয়া অস্তাচলে গমন করিলেন। সুতরাং যুদ্ধও বিরত হইল ॥৩৯॥

ভীষ্ম বলিলেন—'নরনাথ ! তাহার পর সর্ব্বকার্য্যে নিপুণ সারথি তাহার
নিজের, অশ্বগুলির এবং আমার অঙ্গ হইতে শল্য সকল তুলিয়া ফেলিল ॥১॥
পরদিন প্রভাতে সূর্য্যোদয় হইলে, আমার ঘোড়াগুলি স্নান ও জলপান
করিল এবং ভ্রমণ করিয়া সুস্থ হইল। তাহার পর আবার যুদ্ধারম্ভ হইল ॥২॥

(৩৯) অথাবতাপ্য...বা ব রা নি। * '...একোনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' রা নি,
'...একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব।

দৃষ্ট্বা মাং তূর্ণমায়ান্তং দংশিতং স্যন্দনে স্থিতম্।
অকরোদ্রথমত্যর্থং রামঃ সজ্জং প্রতাপবান্ ॥৩॥
ততোঽহং রামমায়ান্তং দৃষ্ট্বা সমরকাঙ্ক্ষিণম্।
ধনুঃশ্রেষ্ঠং সমুৎসৃজ্য সহসাবতরং রথাৎ ॥৪॥
অভিবাদ্য তথৈবাহং রথমারুহ্য ভারত!।
যুযুৎসুর্জামদগ্ন্যস্য প্রমুখে বীতভীঃ স্থিতঃ ॥৫॥
ততোঽহং শরবর্ষেণ মহতা সমবাকিরম্।
স চ মাং শরবর্ষেণ বর্ষন্তং সমবাকিরৎ ॥৬॥
সংক্রুদ্ধো জামদগ্ন্যস্তু পুনরেব সুতেজিতান্।
সংপ্রৈষীন্মে শরান্ দীপ্তান্ দীপ্তাস্যানুরগানিব ॥৭॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। দংশিতং সন্নদ্ধম্, স্যন্দনে রথে ॥৩॥
তত ইতি। অবতরম্ অবাতরম্। অড়াগমাভাব আর্ষঃ ॥৪॥
অভীতি। প্রমুখে সম্মুখে, বীতভীঃ ত্যক্তভয়ঃ ॥৫॥
তত ইতি। সমবাকিরৎ রামমাবৃতবান্। স রামশ্চ ॥৬॥
সমিতি। সুতেজিতান্ সুনিশিতান্। সংপ্রৈষীৎ প্রক্ষিপৎ, দীপ্তান্ উজ্জ্বলান্ ॥৭॥

ভারতভাবদীপঃ

আয়ান ইতি ॥১॥ স্বাতাপবৃত্তৈঃ স্বাতৈঃ পরাবৃত্তৈশ্চ ॥২—৮॥ সুতেজিতান্ হৃষ্টতীক্ষ্ণী-কৃতান্ ॥৭—৩৩॥
ইতি উদ্যোগপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭০॥

আমাকে সজ্জিত, রথস্থ ও সত্বর আগমন করিতে দেখিয়া প্রতাপশালী রাম তাঁহার রথখানাকেও সুসজ্জিত করিলেন ॥৩॥

তদনন্তর আমি রামকে যুদ্ধার্থী হইয়া আসিতে দেখিয়া উত্তম ধনু পরিত্যাগ করিয়া তৎক্ষণাৎ রথ হইতে অবতরণ করিলাম ॥৪॥

ভরতনন্দন! তৎপরে আমি পূর্ব্বদিনেরই মত রামকে অভিবাদন করিয়া রথে আরোহণপূর্ব্বক যুদ্ধাভিলাষী হইয়া নির্ভয়ে রামের সম্মুখে রহিলাম ॥৫॥

তাহার পর আমি বিশাল শরবর্ষণদ্বারা রামকে আবৃত করিলাম; রামও শরবর্ষণদ্বারা আমাকে আবৃত করিলেন ॥৬॥

পরে রাম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া আবারও উজ্জ্বলমুখ সর্পের ন্যায় সুশাণিত ও উজ্জ্বল বহুতর শর আমার উপরে নিক্ষেপ করিলেন ॥৭॥

(৬)…মহতা সমবাকিরৎ—পি। (৭)…শরান্ ঘোরান্…বা ব রা নি।

ততোঽহং নিশিতৈর্ভল্লৈঃ শতশোঽথ সহস্রশঃ।
অচ্ছিদং সহসা রাজন্নন্তরীক্ষে পুনঃ পুনঃ ॥৮॥
ততস্ত্বস্ত্রাণি দিব্যানি জামদগ্ন্যঃ প্রতাপবান্।
ময়ি প্রযোজয়ামাস তান্যহং প্রত্যষেধয়ম্ ॥৯॥
অস্ত্রৈরেব মহাবাহো! চিকীর্ষন্নধিকাং ক্রিয়াম্।
ততো দিবি মহানাদঃ প্রাদুরাসীৎ সমন্ততঃ ॥১০॥ (যুগ্মকম্)
ততোঽহমস্ত্রং বায়ব্যং জামদগ্ন্যে প্রযুক্তবান্।
প্রত্যাজঘ্নে চ তদ্রামো গুহ্যকাস্ত্রেণ ভারত! ॥১১॥
ততোঽহমস্ত্রমাগ্নেয়মনুমন্ত্র্য প্রযুক্তবান্।
বারুণেনৈব তদ্রামো বারয়ামাস মে বিভুঃ ॥১২॥
এবমস্ত্রাণি দিব্যানি রামস্যাহমবারয়ম্।
রামশ্চ মম তেজস্বী দিব্যাস্ত্রবিদরিন্দমঃ ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। শতশঃ সহস্রশশ্চ রামশরান্ ॥৮॥
তত ইতি। প্রযোজয়ামাস নিচিক্ষেপ। ক্রিয়াং নৈপুণ্যপ্রদর্শনম্ ॥৯—১০॥
তত ইতি। গুহ্যকাস্ত্রেণ দেবজাতীয়াস্ত্রবিশেষেণ ॥১১॥
তত ইতি। অনুমন্ত্র্য তদস্ত্রমন্ত্রমুচ্চার্য্য ॥১২॥
এবমিতি। দিব্যানি স্বর্গীয়াণি। মমাস্ত্রাণীতি সম্বন্ধঃ ॥১৩॥

রাজা! তাহার পর আমি নিশিত ভল্লদ্বারা আকাশে থাকিতে থাকিতেই রামের সেই শত শত ও সহস্র সহস্র বাণ সত্বর ও বার বার ছেদন করিলাম ॥৮॥

মহাবাহু! তদনন্তর প্রতাপশালী রাম আমার উপরে স্বর্গীয় অস্ত্র সকল নিক্ষেপ করিলেন; আমিও অধিক শিক্ষানৈপুণ্য দেখাইবার ইচ্ছা করিয়া অস্ত্রদ্বারাই সেই অস্ত্রগুলিকে বারণ করিলাম। তৎপরে আকাশে সকল দিক্ হইতেই মহাকোলাহল উত্থিত হইল ॥৯—১০॥

ভরতনন্দন! তাহার পর আমি রামের উপরে বায়ব্যাস্ত্র ক্ষেপ করিলাম; রামও গুহ্যকাস্ত্রদ্বারা তাহা প্রতিহত করিলেন ॥১১॥

তৎপরে আমি মন্ত্র উচ্চারণ করিয়া আগ্নেয়াস্ত্র প্রয়োগ করিলাম, প্রভাবশালী রামও বারুণাস্ত্রদ্বারাই আমার সে অস্ত্র বারণ করিলেন ॥১২॥

এইভাবে আমি রামের দিব্যাস্ত্র সকল বারণ করিতে লাগিলাম; তেজস্বী দিব্যাস্ত্রবিৎ এবং অরিন্দম রামও আমার অস্ত্রগুলি বারণ করিতে থাকিলেন ॥১৩॥

(১০)...মহান্ নাদঃ...বা ব রা নি।

ততো মাং সব্যতো রাজন্ ! রামঃ কুর্ব্বন্ দ্বিজোত্তমঃ ।
উরস্যবিধ্যৎ সংক্রুদ্ধো জামদগ্ন্যঃ প্রতাপবান্ ॥১৪॥
ততোঽহং ভরতশ্রেষ্ঠ ! সংন্যষীদং রথোত্তমে ।
ততো মাং কশ্মলাবিষ্টং সূতস্তূর্ণমুদাবহৎ ।
গ্লায়ন্তং ভরতশ্রেষ্ঠ ! রামবাণপ্রপীড়িতম্ ॥১৫॥
ততো মামপযাতং বৈ ভৃশং বিদ্ধমচেতনম্ ।
রামস্যানুচরা হৃষ্টাঃ সর্ব্বে দৃষ্ট্বা বিচুক্রুশুঃ ।
অকৃতব্রণপ্রভৃতয়ঃ কাশীকন্যা চ ভারত ! ॥১৬॥
ততস্তু লব্ধসংজ্ঞোঽহং জ্ঞাত্বা সূতমথাব্রুবম্ ।
যাহি সূত ! যতো রামঃ সজ্জোঽহং গতবেদনঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তত ইতি। সব্যতো বামতঃ। উরসি বক্ষসি ॥১৪॥

তত ইতি। সংন্যষীদম্ উপাবিশম্। কশ্মলেন মোহেনাবিষ্টম্। উদাবহৎ অপাসারয়ৎ। গ্লায়ন্তম্ অবসীদন্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

তত ইতি। বিচুক্রুশুঃ কোলাহলং চক্রুঃ। অকৃতেত্যাদিপাদে অক্ষরাধিক্যমার্ষম্। কাশীকন্যা কাশীরাজতনয়া অম্বা চ বিচুক্রোশ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৬॥

তত ইতি। জ্ঞাত্বা অপসরণমবগত্য। যতো যত্র ॥১৭॥

রাজা ! তাহার পর ব্রাহ্মণশ্রেষ্ঠ ও প্রতাপশালী জমদগ্নিনন্দন রাম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া একটু দক্ষিণদিকে সরিয়া আমার বক্ষঃস্থল বিদ্ধ করিলেন ॥১৪॥

ভরতশ্রেষ্ঠ ! তদনন্তর আমি উত্তম রথের ভিতরে উপবেশন করিলাম। ভরতশ্রেষ্ঠ ! তৎপরে রামের বাণে প্রপীড়িত, অবসন্ন ও মোহাবিষ্ট অবস্থায় সারথি আমাকে সত্বর অন্যত্র সরাইয়া লইয়া গেল ॥১৫॥

ভরতনন্দন ! তাহার পর অম্বা ও অকৃতব্রণপ্রভৃতি রামের অনুচরেরা সকলে আমাকে অত্যন্ত বিদ্ধ, অচেতন ও অপসৃত দেখিয়া আনন্দিত হইয়া কোলাহল করিয়া উঠিলেন ॥১৬॥

তৎপরে আমি চৈতন্য লাভ করিয়া নিজের অপসরণ বুঝিয়া সারথিকে বলিলাম—'সারথি ! আমার বেদনা গিয়াছে এবং আমি সজ্জিত হইয়াছি। সুতরাং রাম যেখানে আছেন, তুমি সেইখানে যাও' ॥১৭॥

---

(১৫)···তূর্ণমপাহরৎ···পি। (১৬)···বিদ্ধমচেতসম্···বা ব য়া নি। (১৭)··লব্ধসংজ্ঞো হি···পি।

ততো মামবহৎ সূতো হয়ৈঃ পরমশোভিভিঃ।
নৃত্যদ্ভিরিব কৌরব্য! মারুতপ্রতিমৈর্গতৌ ॥১৮॥
ততোঽহং রামমাসাদ্য বাণবর্ষৈশ্চ কৌরব!।
অবাকিরং সুসংরব্ধঃ সংরব্ধঞ্চ জিগীষয়া ॥১৯॥
তানাপতত এবাসৌ রামো বাণানজিহ্মগান্।
বাণৈরেবাচ্ছিনত্তূর্ণমেকৈকং ত্রিভিরাহবে ॥২০॥
ততস্তে সূদিতাঃ সর্বে মম বাণাঃ সুসংশিতাঃ।
রামবাণৈর্দ্বিধা চ্ছিন্নাঃ শতশোঽথ সহস্রশঃ ॥২১॥
ততঃ পুনঃ শরং দীপ্তং সুপ্রভং কালসম্মিতম্।
অসৃজং জামদগ্ন্যায় রামায়াহং জিঘাংসয়া ॥২২॥
তেন ত্বভিহতো গাঢ়ং বাণবেগবশং গতঃ।
মুমোহ সমরে রামো ভূমৌ চ নিপপাত হ ॥২৩॥

ভারতকৌমুদী

তত ইতি। হয়ৈরশ্বৈঃ। গতৌ গমনে, মারুতপ্রতিমৈর্বায়ুতুল্যৈঃ ॥১৮॥
তত ইতি। অবাকিরম্ আবৃতবান্, সুসংরব্ধঃ অতীবক্রুদ্ধঃ ॥১৯॥
তানিতি। অজিহ্মগান্ সরলগামিনঃ। একৈকং বাণম্, ত্রিভিস্ত্রিভির্বাণৈঃ ॥২০॥
তত ইতি। সূদিতা ব্যর্থীকৃতাঃ। দ্বিধা চ্ছিন্নাশ্চ ॥২১॥
তত ইতি। দীপ্তমুজ্জ্বলম্, কালসম্মিতং যমতুল্যম্। অসৃজং ন্যক্ষিপম্ ॥২২॥

কৌরবনন্দন! তদনন্তর সারথির প্রেরণায় পরমশোভিত ও বায়ুর তুল্য বেগবান্ অশ্বগণ নৃত্য করিতে করিতেই যেন আমাকে রামের সম্মুখে লইয়া গেল ॥১৮॥

কৌরব! তৎপরে আমি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া রামের নিকট যাইয়া জয় করিবার ইচ্ছায় বাণবৃষ্টিদ্বারা তাঁহাকে আবৃত করিলাম ॥১৯॥

তখন আমার সেই বাণগুলি যুদ্ধে সরলভাবে রামের দিকে যাইতে লাগিলে, রাম তিন তিনটী বাণদ্বারা তাহার এক একটীকে সত্বরই ছেদন করিয়া ফেলিলেন ॥২০॥

তাহার পর আমার সেই শত শত ও সহস্র সহস্র সুনিশিত বাণগুলি রামের বাণে দুই দুই খণ্ডে ছিন্ন হওয়ায় ব্যর্থ হইয়া গেল ॥২১॥

তৎপরে আমি জমদগ্নিনন্দন রামকে বধ করিবার ইচ্ছায় পুনরায় একটী উজ্জ্বল, সুন্দর ও যমতুল্য বাণ তাঁহার উপরে নিক্ষেপ করিলাম ॥২২॥

(১৮)…পরমশোভিতৈঃ…বা ব রা নি।

ততো হাহাকৃতং সর্বং রামে ভূতলমাশ্রিতে।
জগদ্ভারত! সংবিগ্নং যথার্কপতনে ভবেৎ ॥২৪॥
তত এনং সমুদ্বিগ্নাঃ সর্ব এবাভিদুদ্রুবুঃ।
তপোধনাস্তে সহসা কাশ্যা চ কুরুনন্দন! ॥২৫॥
তত এনং পরিষ্বজ্য শনৈরাশ্বাসয়ংস্তদা।
পাণিভির্জ্জলশীতৈশ্চ জয়াশীর্ভিশ্চ কৌরব! ॥২৬॥
ততঃ স বিহ্বলং বাক্যং রাম উত্থায় চাব্রবীৎ।
তিষ্ঠ ভীষ্ম! হতোঽসীতি বাণং সন্ধায় কার্ম্মুকে ॥২৭॥
স মুক্তো ন্যপতত্তূর্ণং সব্যে পার্শ্বে মহাহবে।
যেনাহং ভৃশমুদ্বিগ্নো ব্যাঘূর্ণিত ইব দ্রুমঃ ॥২৮॥

ভারতকৌমুদী

তেনেতি। তেন শরেণ। বাণবেগবশং গতঃ, অতএব ভূমৌ নিপপাত ॥২৩॥
তত ইতি। হাহাকৃতং হাহারবকারি জাতম্। সংবিগ্নমুদ্বিগ্নং সৎ ॥২৪॥
তত ইতি। অভিদুদ্রুবুঃ দ্রুতমভিমুখং জগ্মুঃ। কাশ্যা কাশীরাজকন্যা ॥২৫॥
তত ইতি। পরিষ্বজ্য আলিঙ্গ্য। পাণিভির্হস্তামর্শৈঃ, জলবৎ শীতৈঃ শীতলৈঃ ॥২৬॥
তত ইতি। বিহ্বলম্ অস্বাভাবিকম্, বেদনার্ত্তত্বাৎ ক্রোধাক্রান্তত্বাচ্চেতি ভাবঃ ॥২৭॥
স ইতি। সব্যে বামে, মহাহবে মহাযুদ্ধে। উদ্বিগ্নঃ অভবমিতি শেষঃ ॥২৮॥

রাম সেই বাণে গুরুতর আহত ও তাহার বেগের বশীভূত হইয়া মূর্চ্ছিত এবং ভূতলে পতিত হইলেন ॥২৩॥

ভরতনন্দন! সূর্য্যের পতন হইলে যেমন হয়, সেইরূপ রাম ভূতলে পতিত হইলে, সমগ্র জগৎটাই উদ্বিগ্ন হইয়া হাহাকার করিতে লাগিল ॥২৪॥

কুরুনন্দন! তাহার পর সেই তপস্বীরা সকলে এবং অম্বা উদ্বিগ্ন হইয়া রামের নিকট দৌড়াইয়া গেলেন ॥২৫॥

কৌরব! তৎপরে তাঁহারা উঁহাকে আলিঙ্গন করিয়া জলের ন্যায় শীতল হস্তস্পর্শদ্বারা এবং জয়াশীর্ব্বাদদ্বারা ধীরে ধীরে আশ্বস্ত করিলেন ॥২৬॥

তদনন্তর রাম উঠিয়া ধনুতে বাণ সন্ধান করিয়া আকুল স্বরে বলিলেন—'ভীষ্ম! দাঁড়া, নিহত হইলি' ॥২৭॥

রামনিক্ষিপ্ত সেই বাণটা সত্বর আসিয়া আমার বামপার্শ্বে পতিত হইল। যাহাতে আমি আঘূর্ণিত বৃক্ষের ন্যায় মহাযুদ্ধে অত্যন্ত বিকল হইয়া পড়িলাম ॥২৮॥

(২৫)…সুসংবিগ্নাঃ…কাশ্যা চ ভৃগুনন্দনম্—পি।

হত্বা হয়াংস্ততো রামঃ শীঘ্রাস্ত্রেণ মহাহবে।
অবাকিরন্মাং বিস্রব্ধো বাণৈস্তৈর্লোমবাহিভিঃ ॥২৯॥
ততোঽহমপি শীঘ্রাস্ত্রং সমরপ্রতিবারণম্।
অবাসৃজং মহাবাহো! তেঽন্তরাধিষ্ঠিতাঃ শরাঃ।
রামস্য মম চৈবাশু ব্যোমাবৃত্য সমন্ততঃ ॥৩০॥
ন স্ম সূর্য্যঃ প্রতপতি শরজালসমাবৃতঃ।
মাতরিশ্বা ততস্তস্মিন্ মেঘরুদ্ধ ইবাভবৎ ॥৩১॥
ততো বায়োঃ প্রকম্পাচ্চ সূর্য্যস্য চ গভস্তিভিঃ।
অভিঘাতপ্রভাবাচ্চ পাবকঃ সমজায়ত ॥৩২॥
তে শরাঃ স্বসমুত্থেন প্রদীপ্তাশ্চিত্রভানুনা।
ভূমৌ সর্বে তদা রাজন্! ভস্মভূতাঃ প্রপেদিরে ॥৩৩॥

ভারতকৌমুদী

হত্বেতি। হয়ান্ মমাশ্বান্। বিস্রব্ধো মম জয়ে বিশ্বস্তঃ ॥২৯॥

তত ইতি। সমরে প্রতিবারণং বিপক্ষনিবর্ত্তকম্। অন্তরা মধ্যে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

নেতি। মাতরিশ্বা বায়ুঃ। তস্মিন্ কালে ॥৩১॥

তত ইতি। প্রকম্পাচ্চালনাৎ। অভিঘাতপ্রভাবাৎ অস্ত্রাণাং পরস্পরাঘাতগুণাৎ ॥৩২॥

ত ইতি। চিত্রভানুনা অগ্নিনা। প্রপেদিরে পেতুঃ ॥৩৩॥

তাহার পর রাম দ্রুত অস্ত্র নিক্ষেপপূর্ব্বক আমার অশ্বগুলিকে বধ করিয়া মহাযুদ্ধে আমাকে জয় করিবার পক্ষে বিশ্বাসী হইয়া লোমবাহী সেইরূপ বাণ-সমূহদ্বারা আমাকে আবৃত করিলেন ॥২৯॥

মহাবাহু! তৎপরে আমিও যুদ্ধে বিপক্ষনিবারক অস্ত্র সকল সত্বর নিক্ষেপ করিতে লাগিলাম। তখন রামের ও আমার সেই সকল বাণ সকল দিকের আকাশ আবৃত করিয়া মধ্যস্থানে থাকিতে লাগিল ॥৩০॥

সেই সময়ে সূর্য্য শরসমূহে আবৃত হইয়া আর তাপ দান করিতে পারিলেন না, বায়ুও যেন মেঘরুদ্ধের ন্যায় হইয়া গেলেন ॥৩১॥

তদনন্তর বায়ুর চালনে, সূর্য্যের কিরণে এবং অস্ত্রগুলির পরস্পর আঘাতে অগ্নি উৎপন্ন হইল ॥৩২॥

রাজা! তখন সেই বাণ সকল আপনা হইতে উৎপন্ন অগ্নিদ্বারা জ্বলিতে থাকিয়া ভস্ম হইয়া ভূতলে পতিত হইল ॥৩৩॥

(৩১)...মাতরিশ্বান্তরে তস্মিন্ প্রাবৃণ্মেঘ ইবানদৎ—পি।

তদা শতসহস্রাণি প্রযুতান্যর্ব্বুদানি চ।
অযুতান্যথ খর্বাণি নিখর্বাণি চ কৌরব।।
রামঃ শরাণাং সংক্রুদ্ধো ময়ি তূর্ণং ন্যপাতয়ৎ ॥৩৪॥
ততোঽহং তানপি রণে শরৈরাশীবিষোপমৈঃ।
সংচ্ছিদ্য ভূমৌ নৃপতেঽপাতয়ং পন্নগানিব ॥৩৫॥
এবং তদভবদ্যুদ্ধং তদা ভরতসত্তম।।
সন্ধ্যাকালে ব্যতীতে তু ব্যপায়াৎ স চ মে গুরুঃ ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে রামভীষ্মযুদ্ধে সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ •

———:-০-:———

ভারতকৌমুদী

তদেতি। প্রযুতানি নিযুতানি। এষাং বহুত্বমাত্রে তাৎপর্য্যম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥

তত ইতি। আশীবিষোপমৈঃ দৈর্ঘ্যে সর্পসদৃশৈঃ। পন্নগান্ সর্পান্ ॥৩৫॥

এবমিতি। ব্যপায়াৎ ন্যবর্ত্তত যুদ্ধং স মে গুরুশ্চ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

•———(::)———

কুরুনন্দন। তাহার পর রাম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া আমার উপরে শত, সহস্র, অযুত, নিযুত, অর্বুদ, খর্ব ও নিখর্ব বাণ সত্বর নিক্ষেপ করিলেন ॥৩৪॥

রাজা। তৎপরে আমি যুদ্ধে সর্পসদৃশ বাণদ্বারা রামের সেই সকল বাণও ছিন্ন করিয়া ভূতলে সর্পের ন্যায় নিপাতিত করিলাম ॥৩৫॥

ভরতশ্রেষ্ঠ। তখন এইভাবে সেই যুদ্ধ হইয়াছিল। তাহার পর সন্ধ্যাকাল অতীত হইলে, আমার গুরু রাম নিবৃত্তি পাইলেন, যুদ্ধও নিবৃত্তি পাইল' ॥৩৬॥

———০:::০-

(৩৪)···তূর্ণমপাতয়ৎ—পি। (৩৫)···নৃপতে। পাতয়েয়ং নগানিব—বা ব রা নি। (৩৬)···ব্যতীতেঽথ···পি। • '···অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' রা নি, '···ষ্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব।

একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

———:*:———

ভীষ্ম উবাচ।

সমাগতস্য রামেণ পুনরেবাতিদারুণম্।
অন্যেদ্যুস্তুমুলং যুদ্ধং তদা ভরতসত্তম! ॥১॥
ততো দিব্যাস্ত্রবিচ্ছূরো দিব্যান্যস্ত্রাণ্যনেকশঃ।
অযোজয়ৎ স ধর্ম্মাত্মা দিবসে দিবসে বিভুঃ ॥২॥
তান্যহং তৎপ্রতীঘাতৈরস্ত্রৈরস্ত্রাণি ভারত!।
ব্যধমং তুমুলে যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা সুদুস্ত্যজান্ ॥৩॥
অস্ত্রৈরস্ত্রেষু বহুধা হতেষেব চ ভারত!।
অক্রুধ্যত মহাতেজাস্ত্যক্তপ্রাণঃ স সংযুগে ॥৪॥
ততঃ শক্তিং প্রাহিণোদ্‌ঘোররূপামস্ত্রে রুদ্ধে জামদগ্ন্যো মহাত্মা।
কালোৎসৃষ্টাং প্রজ্বলিতামিবোল্কাং সংদীপ্তাগ্রাং তেজসা ব্যাপ্য লোকম্ ॥৫॥

ভারতকৌমুদী

সমিতি। রামেণ সহ, সমাগতস্য সম্মিলিতস্য মম। যুদ্ধমভবদিতি শেষঃ ॥১॥
তত ইতি। স রামঃ, অযোজয়ৎ মাং প্রতি প্রক্ষিপৎ ॥২॥
তানীতি। তেষামস্ত্রাণাং প্রতীঘাতৈর্নিবারণযোগ্যৈঃ। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা ॥৩॥
অস্ত্রৈরিতি। ত্যক্তপ্রাণঃ কৃতপ্রাণত্যাগোদ্যমঃ, স রামঃ ॥৪॥

ভীষ্ম বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! পরের দিন আমি রামের সহিত পুনরায় মিলিত হইলে, তখন আবার অতিভয়ঙ্কর ও তুমুল যুদ্ধ হইতে লাগিল ॥১॥

দিব্যাস্ত্রবিৎ, বীর, ধর্ম্মাত্মা ও প্রভাবশালী রাম অন্যান্য দিনের ন্যায় সে দিনও আমার উপরে অনেক অলৌকিক অস্ত্র নিক্ষেপ করিলেন ॥২॥

ভরতনন্দন! আমিও তুমুলযুদ্ধে অতিদুস্ত্যজ-প্রাণ-ত্যাগের উদ্যম করিয়া তাহার নিবারণযোগ্য অস্ত্রদ্বারা সেই অস্ত্রগুলি ব্যর্থ করিলাম ॥৩॥

ভরতনন্দন! যুদ্ধে আমার অস্ত্র রামের অস্ত্রগুলিকে বহুবার বিনষ্ট করিলে, মহাতেজা রামও ক্রুদ্ধ হইয়া প্রাণত্যাগের উদ্যম করিলেন ॥৪॥

নিজের অস্ত্র ব্যর্থ হইলে, মহাত্মা রাম ভয়ঙ্করমূর্ত্তি এবং কালনিক্ষিপ্ত প্রজ্বলিত উল্কার ন্যায় উজ্জ্বলমুখ একটা শক্তি নিক্ষেপ করিলেন; সেই শক্তিটা আপন তেজে লোকদিগকে আলোকিত করিয়া আসিতে লাগিল ॥৫॥

ততোঽহং তামিষুভির্দীপ্যমানৈঃ সমায়ান্তীমন্তকালার্কদীপ্তাম্।
ছিত্ত্বা ত্রিধা পাতয়ামাস ভূমৌ ততো ববৌ পবনঃ পুণ্যগন্ধিঃ ॥৬॥
তস্যাং ছিন্নায়াং ক্রোধদীপ্তোঽথ রামঃ শক্তীর্ঘোরাঃ প্রাহিণোদ্দ্বাদশান্যাঃ।
তাসাং রূপং ভারত ! যে ন শক্যং তেজস্বিত্বাল্লাঘবাচ্চৈব বক্তুম্ ॥৭॥
কিন্ত্বেবাহং বিহ্বলঃ সম্প্রদৃশ্য দিগ্‌ভ্যঃ সর্বাস্তা মহোল্কা ইবাগ্নেঃ।
নানারূপাস্তেজসোগ্রেণ দীপ্তা যথাদিত্যা দ্বাদশ লোকসংক্ষয়ে ॥৮॥
ততো জালং বাণময়ং বিবৃত্তং সংদৃশ্য ভিত্ত্বা শরজালেন রাজন্!।
দ্বাদশেষূন্ প্রাহিনবং রণেঽহং ততঃ শক্তীর্ব্যধমং ঘোররূপাঃ ॥৯॥
ততো রাজন্! জামদগ্ন্যো মহাত্মা শক্তীর্ঘোরা ব্যক্ষিপত্রুক্মদণ্ডাঃ।
বিচিত্রিতাঃ কাঞ্চনপট্টনদ্ধা যথা মহোল্কা জ্বলিতাস্তথা তাঃ ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। রুদ্ধে নিবারিতে। কালেন সময়েন উৎসৃষ্টাং ক্ষিপ্তাম্ ॥৫॥
তত ইতি। ইষুভির্বাণৈঃ। অন্তকালার্কবৎ প্রলয়কালীনসূর্য্যবৎ দীপ্তামুজ্জ্বলাম্ ॥৬॥
তস্যামিতি। ক্রোধেন দীপ্ত উত্তেজিতঃ। প্রাহিণোৎ মাং প্রতি ক্ষিপ্তবান্ ॥৭॥
কিন্ত্বিতি। বিহ্বল এব জাত ইতি শেষঃ। লোকসংক্ষয়ে প্রলয়কালে ॥৮॥
তত ইতি। বিবৃত্তং জাতম্। প্রাহিণবং ক্ষিপ্তবান্। ব্যধমং ব্যর্থীকৃতবান্ ॥৯॥
তত ইতি। রুক্মদণ্ডাঃ স্বর্ণখচিতদণ্ডাঃ। কাঞ্চনপট্টেন নদ্ধা বদ্ধপুঙ্খাঃ ॥১০॥

তখন আমি উজ্জ্বল বাণদ্বারা প্রলয়কালের সূর্য্যের ন্যায় উজ্জ্বল সেই শক্তিটাকে তিন খণ্ড করিয়া ভূতলে পাতিত করিলাম; তাহার পর পবিত্রসৌরভযুক্ত বায়ু বহিত হইতে লাগিল ॥৬॥

ভরতনন্দন! সেই শক্তিটা ছিন্ন হইলে, রাম ক্রোধে উত্তেজিত হইয়া ভয়ঙ্কর অন্য বারটা শক্তি নিক্ষেপ করিলেন। সেগুলি অত্যন্ত তেজস্বী ও দ্রুতগামী ছিল বলিয়া সেগুলির রূপ বলিতে আমি সমর্থ নহি ॥৭॥

কিন্তু প্রলয়কালের বারটা সূর্য্যের ন্যায় ভয়ঙ্কর তেজে উজ্জ্বল, নানারূপ এবং অগ্নির মহাশিখার তুল্য সেই সকল শক্তিকে রামের দিক্ হইতে আসিতে দেখিয়া আমি বিহ্বলই হইয়া পড়িলাম ॥৮॥

রাজা! তাহার পর বাণময় একটা জাল হইয়াছে দেখিয়া, বাণজালদ্বারাই তাহা বিদীর্ণ করিয়া, যুদ্ধে আমিও বারটা বাণ নিক্ষেপ করিলাম, তৎপরে সেই ভয়ঙ্কর শক্তিগুলিকে ব্যর্থ করিয়া দিলাম ॥৯॥

(৬)…ইষুভির্দীপ্যমানাম্…বা ব রা নি। (৭)…ভারত! নোত শক্যম্…বা ব রা নি।
(৯)…ততঃ শক্তীরপ্যধমং ঘোররূপাঃ—বা ব রা নি। (১০)…ব্যক্ষিপদ্ধেমদণ্ডাঃ…বা ব রা নি।

তাশ্চাপ্যুগ্রাশ্চর্ম্মণা বারয়িত্বা খড়্গেনাজৌ পাতয়িত্বা নরেন্দ্র ! ।
বাণৈর্দিব্যৈর্জামদগ্ন্যস্য সংখ্যে দিব্যানশ্বানভ্যবর্ষং সসূতান্ ॥১১॥
নির্মুক্তানাং পন্নগানাং সরূপা দৃষ্ট্বা শক্তীর্হৈমচিত্রা নিকৃত্তাঃ ।
প্রাদুশ্চক্রে দিব্যমস্ত্রং মহাত্মা ক্রোধাবিষ্টো হৈহয়েশপ্রমাথী ॥১২॥
ততঃ শ্রেণ্যঃ শলভানামিবোগ্রাঃ সমাপেতুর্বিশিখানাং প্রদীপ্তাঃ ।
সমাচিনোচ্চাপি ভৃশং শরীরং হয়ান্ সূতং সরথঞ্চৈব মহ্যম্ ॥১৩॥
রথঃ শরৈর্মে নিচিতঃ সর্বতোঽভূত্তথা বাহাঃ সারথিশ্চৈব রাজন্ ! ।
যুগং রথেশা চ তথৈব চক্রে তথৈবাক্ষঃ শরকৃত্তোঽথ ভগ্নঃ ॥১৪॥
ততস্তস্মিন্ বাণবর্ষে ব্যতীতে শরৌঘেণ প্রত্যবর্ষং গুরুং তম্ ।
স বিক্ষতো মার্গণৈর্ব্রহ্মরাশির্দেহাদসক্তং মুমুচে ভূরি রক্তম্ ॥১৫॥

ভারতকৌমুদী

তা ইতি। আজৌ সমরাঙ্গনে। সংখ্যে যুদ্ধে। সসূতান্ সসারথীন্ ॥১১॥
নিরিতি। নিকৃত্তাশ্ছিন্নাঃ। হৈহয়েশপ্রমাথী কার্ত্তবীর্য্যার্জ্জুননিহন্তা ॥১২॥
তত ইতি। শলভানাং পতঙ্গানাম্। বিশিখানাং বাণানাম্। সমাচিনোৎ ব্যাপ্নোৎ ॥১৩॥
রথ ইতি। নিচিতো ব্যাপ্তঃ। যুগং রথেশা চ রথস্যৈব কাষ্ঠবিশেষৌ ॥১৪॥

নরনাথ! তদনন্তর মহাত্মা রাম স্বর্ণখচিতদণ্ড, স্বর্ণপট্টে আবৃতপুচ্ছ, বিচিত্র ও মহোল্কার ন্যায় উজ্জ্বল আরও কতকগুলি ভয়ঙ্কর শক্তি নিক্ষেপ করিলেন ॥১০॥

রাজা! চর্ম্ম-(ঢাল) দ্বারা সেই ভয়ঙ্কর শক্তিগুলিকেও বারণপূর্বক খড়্গদ্বারা ছেদন করিয়া সমরাঙ্গনে পাতিত করিলাম। তৎপরে আমিও যুদ্ধে রামের সারথি ও দিব্য অশ্বগুলির উপরে দিব্য বাণ সকল বর্ষণ করিলাম ॥১১॥

কার্ত্তবীর্য্যার্জ্জুনহন্তা মহাত্মা রাম নির্মুক্ত-সর্পাকৃতি ও স্বর্ণবিচিত্র স্বকীয় শক্তিগুলিকে ছিন্ন দেখিয়া ক্রোধাবিষ্ট হইয়া অলৌকিক অস্ত্র আবিষ্কার করিলেন ॥১২॥

তাহার পর ভয়ঙ্কর ও উজ্জ্বল বাণশ্রেণী আসিয়া পতঙ্গশ্রেণীর ন্যায় পতিত হইতে লাগিল। ক্রমে সেই বাণশ্রেণী পতিত হইয়া আমার শরীর, অশ্ব, রথ ও সারথিকে একেবারে ব্যাপ্ত করিয়া ফেলিল ॥১৩॥

রাজা! তখন রামের বাণে আমার রথ, অশ্ব ও সারথি সকলদিকেই ব্যাপ্ত হইয়া পড়িল। পরে যুগ (রথের কাষ্ঠবিশেষ), ঈশা (রথের কাষ্ঠবিশেষ), চক্রদ্বয় ও অক্ষ (রথের কাষ্ঠবিশেষ) বাণে ছিন্ন হইয়া ভগ্ন হইয়া গেল ॥১৪॥

---

(১৪)···যুগং রথেবাক···বা ব রা নি। (১৫)···দেহাদসকৃৎ···পি।

যথা রামো বাণজালাভিতপ্তস্তথৈবাহং সুভৃশং গাঢ়বিদ্ধঃ।
ততো যুদ্ধং ব্যরমচ্চাপরাহ্ণে ভানাবস্তং প্রতিযাতে মহীধ্রম্ ॥১৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে রামভীষ্মযুদ্ধে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

———:০:———

ভীষ্ম উবাচ।
ততঃ প্রভাতে রাজেন্দ্র! সূর্য্যে বিমল উদ্গতে।
ভার্গবস্য ময়া সার্দ্ধং পুনর্যুদ্ধমবর্ত্তত ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। মার্গণৈর্বাণৈঃ, ব্রহ্মরাশির্বেদপুঞ্জঃ, অসক্তং বিশ্লিষ্টম্ ॥১৫॥

যথেতি। গাঢ়বিদ্ধো বাণজালেনৈব। ভানৌ সূর্য্যে, অস্তং নাম মহীধ্রং গিরিম্ ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তত ইতি। উদ্গতে উদিতে। ভার্গবস্য রামস্য ॥১॥

ভারতভাবদীপঃ

সমাগতস্যেতি ॥১—১১॥ নিকৃত্তাঃ ছিন্নাঃ হৈহয়েশপ্রমাথী কার্ত্তবীর্য্যস্য হন্তা ॥১২—১৩॥ শরকৃত্তঃ বাণৈশ্ছিন্নঃ ॥১৪—১৫॥ অস্তং মহীধ্রম্ অস্তাচলম্ ॥১৬॥

ইতি উদ্যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭১॥

ক্রমে সেই বাণবর্ষণ নিবৃত্ত হইলে, আমিও গুরুদেব রামের উপরে বাণসমূহ বর্ষণ করিলাম। তখন সেই বেদপুঞ্জময় গুরুদেব আমার বাণে ক্ষত-বিক্ষত হইয়া দেহ হইতে বিশ্লিষ্ট প্রচুর রক্ত ক্ষরণ করিতে লাগিলেন ॥১৫॥

তখন আমার বাণসমূহে রাম যেমন সন্তপ্ত হইয়াছিলেন, আমিও তাঁহার বাণসমূহে তেমনই অত্যন্ত তীব্রবিদ্ধ হইয়াছিলাম। সুতরাং সায়াহ্নে সূর্য্য অস্তাচলে গমন করিলে, আমাদের যুদ্ধ বিরত হইল' ॥১৬॥

* '...একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' রা নি, '...দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব।

(১)...সূর্য্যে বিমলতাং গতে...বা ;ব রা নি।

ততোঽভ্রান্তে রথে তিষ্ঠন্ রামঃ প্রহরতাং বরঃ।
ববর্ষ শরজালানি ময়ি মেঘ ইবাচলে ॥২॥
ততঃ সূতো মম সুহৃচ্ছরবর্ষেণ তাড়িতঃ।
অপযাতো রথোপস্থান্মনো মম বিষাদয়ন্ ॥৩॥
ততঃ সূতো মমাত্যর্থং কশ্মলং প্রাবিশন্মহৎ।
পৃথিব্যাঞ্চ শরাঘাতান্নিপপাত মুমোহ চ ॥৪॥
ততঃ সূতো জহৌ প্রাণান্ রামবাণপ্রপীড়িতঃ।
মুহূর্ত্তাদিব রাজেন্দ্র ! মাঞ্চ ভীরাবিশত্তদা ॥৫॥
ততঃ সূতে হতে তস্মিন্ ক্ষিপতস্তস্য মে শরান্।
প্রমত্তমনসো রামঃ প্রাহিণোন্মৃত্যুসম্মিতম্ ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। অভ্রান্তে ভ্রমণহীনে স্থিরে। অচলে গিরৌ মেঘো জলানীব ॥২॥

তত ইতি। অপযাতঃ অপসৃতঃ, রথস্য উপস্থাৎ উপরিদেশাৎ ॥৩॥

তত ইতি। কশ্মলং মোহম্। মুমোহ মোহেন নিস্পন্দো বভূব ॥৪॥

তত ইতি। জহৌ তত্যাজ। ভীর্ভয়ম্, আবিশৎ প্রাপ্নোৎ ॥৫॥

তত ইতি। তস্য সূতস্য সম্বন্ধে, ক্ষিপত আক্ষেপং বিলাপং কুর্বতো মে উপরি। প্রমত্তমনসঃ অসাবধানচিত্তস্য। মৃত্যুসম্মিতং যমতুল্যমপরং শরঞ্চ ॥৬॥

ভীষ্ম বলিলেন—'রাজশ্রেষ্ঠ! তাহার পর প্রভাতকালে নির্ম্মল সূর্য্য উদিত হইলে, আমার সহিত রামের পুনরায় যুদ্ধারম্ভ হইল ॥১॥

তদনন্তর বীরশ্রেষ্ঠ রাম স্থির রথে থাকিয়া—মেঘ যেমন পর্বতের উপরে বারি বর্ষণ করে, সেইরূপ আমার উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥২॥

তৎপরে আমার সুহৃৎ সারথি রামের বাণবর্ষণে তাড়িত হইয়া আমার চিত্ত বিষণ্ণ করিয়া রথের উপর হইতে অপসৃত হইল ॥৩॥

ক্রমে আমার সারথি রামের শরাঘাতে অত্যন্ত মোহাবিষ্ট হইয়া ভূতলে পতিত ও মূর্চ্ছাবশতঃ নিস্পন্দ হইল ॥৪॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর সারথি রামের বাণে প্রপীড়িত হইয়া মুহূর্ত্তমধ্যেই প্রাণত্যাগ করিল; তখন আমার ভয় উপস্থিত হইল ॥৫॥

আমার সেই সারথি নিহত হইলে, আমি তাহার জন্য আক্ষেপ করিতে লাগিলাম এবং তাহাতেই আমার মন অসাবধান হইয়া পড়িল; ইত্যবসরে

(৫) ততঃ সূতোঽজহাৎ প্রাণান্···বা ব রা মি।

ততঃ সূতব্যসনিনং বিপ্লুতং মাং স ভার্গবঃ।
শরেণাভ্যহনদ্‌গাঢ়ং বিকৃষ্য বলবদ্ধনুঃ ॥৭॥
স মে ভুজান্তরে রাজন্! নিপত্য রুধিরাশনঃ।
ময়ৈব সহ রাজেন্দ্র! জগাম বসুধাতলম্ ॥৮॥
মত্বা তু নিহতং রামস্ততো মাং ভরতর্ষভ!।
মেঘবদ্বিননাদোচ্চৈর্জহৃষে চ পুনঃ পুনঃ ॥৯॥
তথা তু পতিতে রাজন্! ময়ি রামো মুদা যুতঃ।
সিংহনাদরবং চক্রে সহ তৈরনুযায়িভিঃ ॥১০॥
মম তত্রাভবন্ যে তু কুরবঃ পার্শ্বতঃ স্থিতাঃ।
আগতা অপি যুদ্ধং তজ্জনাস্তত্র দিদৃক্ষবঃ।
আর্ত্তিং পরমিকাং জগ্মুস্তে তদা পতিতে ময়ি ॥১১॥

ভারতকৌমুদী

তত ইতি। সূতব্যসনিনং সারথিমৃত্যুনা বিপন্নম্, বিপ্লুতমুদ্বেগেনাকুলম্ ॥৭॥
স ইতি। ভুজান্তরে বক্ষসি। রুধিরাশনো রক্তপায়ী শরঃ ॥৮॥
মত্বেতি। জহৃষে জহর্ষ আনন্দেতি যাবৎ ॥৯॥
তথেতি। সিংহনাদ ইব রবস্তম্। তৈস্তাপসৈঃ ॥১০॥
মমেতি। আর্ত্তিং মনঃপীড়াম্, পরমিকাং মহতীম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

রাম আমার উপরে বহুতর শর নিক্ষেপ করিলেন এবং তাহার মধ্যে যমের তুল্য একটা শরও প্রয়োগ করিলেন ॥৬॥

আমি সারথির মৃত্যুতে বিপন্ন ও আকুল হইয়াছিলাম ; সেই সময়ে রাম সুদৃঢ় ধনু আকর্ষণ করিয়া একটা বাণদ্বারা আমাকে তীব্র আঘাত করিলেন ॥৭॥

রাজা! সেই রক্তপায়ী বাণটা আসিয়া আমার বক্ষে পতিত হইয়া আমার সহিতই ভূতলে গমন করিল ॥৮॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর রাম আমাকে নিহত মনে করিয়া আনন্দিত হইলেন এবং মেঘের ন্যায় উচ্চস্বরে বার বার সিংহনাদ করিলেন ॥৯॥

রাজা! আমি সেইভাবে পতিত হইলে, রাম আনন্দিত হইয়া সেই অনুচর তপস্বিগণের সহিতই সিংহনাদ করিয়াছিলেন ॥১০॥

এদিকে যে সকল কৌরব সেখানে আমার পার্শ্বে ছিলেন এবং যে সকল লোক সেই যুদ্ধ দেখিবার জন্য সেখানে আসিয়াছিলেন, তাঁহারা সকলেই আমি পতিত হইলে অত্যন্ত দুঃখ অনুভব করিতে লাগিলেন ॥১১॥

(১০)...উদক্রোশন্মহানাদং সহ তৈঃ ·বা ব রা নি। (১১)...আগতা যে তু যুদ্ধং···পি।

ততোঽপশ্যং পতিতো রাজসিংহ ! দ্বিজানষ্টৌ সূর্য্যহুতাশনাভান্ ।
তে মাং সমন্তাৎ পরিবার্য্য তস্থুঃ স্ববাহুভিঃ পরিধার্য্যাজিমধ্যে ॥১২॥
রক্ষ্যমাণশ্চ তৈর্বিপ্রৈর্নাহং ভূমিমুপাস্পৃশম্ ।
অন্তরীক্ষে ধৃতো হ্যস্মি তৈর্বিপ্রৈর্বান্ধবৈরিব ।
শ্বসনৈরন্তরীক্ষে বৈ জলবিন্দুভিরুক্ষিতঃ ॥১৩॥
ততস্তে ব্রাহ্মণা রাজন্ ! অব্রুবন্ পরিগৃহ্য মাম্ ।
মা ভৈরিতি সমং সর্ব্বে স্বস্তি তেঽস্ত্বিতি চাসকৃৎ ॥১৪॥
ততস্তেষামহং বাগ্‌ভিস্তর্পিতঃ সহসোত্থিতঃ ।
মাতরং সরিতাং শ্রেষ্ঠামপশ্যং রথমাস্থিতাম্ ॥১৫॥
হয়াশ্চ মে সংগৃহীতাস্তয়াসন্ মহানদ্যা সংযতি কৌরবেন্দ্র ! ।
পাদৌ জনন্যাঃ পরিগৃহ্য চাহং তথা পিতৄণাং রথমভ্যরোহম্ ॥১৬॥

ভারতকৌমুদী

তত ইতি। দ্বিজান্ ব্রাহ্মণমূর্ত্তীন্ বস্থূন্। পরিধার্য্য পরিধৃত্য ॥১২॥

রক্ষ্যেতি। শ্বসনৈর্বায়ুভিঃ। উক্ষিতঃ সিক্তঃ। অতএব সুস্থ আসম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

তত ইতি। সমং যুগপৎ, স্বস্তি মঙ্গলম্। অসকৃৎ বারং বারম্ ॥১৪॥

তত ইতি। মাতরং গঙ্গাম্। আস্থিতামারূঢ়াম্ ॥১৫॥

হয়া ইতি। হয়া রথাশ্বাঃ। তয়া গঙ্গয়া। সংযতি যুদ্ধে। পিতৄণাং পাদৌ ॥১৬॥

রাজশ্রেষ্ঠ ! তাহার পর আমি পতিত অবস্থাতেই দেখিলাম—সূর্য্য ও অগ্নির ন্যায় তেজস্বী আট জন ব্রাহ্মণ আসিয়াছেন এবং তাঁহারা যুদ্ধমধ্যে আপন আপন বাহুদ্বারা আমাকে আলিঙ্গন করিয়া ও সকলদিকে বেষ্টন করিয়া রহিয়াছেন ॥১২॥

সেই ব্রাহ্মণেরা আমাকে রক্ষা করিতেছিলেন বলিয়া আমি আর ভূতল স্পর্শ করি নাই ; বন্ধুবর্গের তুল্যই সেই ব্রাহ্মণেরা আমাকে আকাশেই ধরিয়া রাখিয়াছিলেন এবং সেই আকাশে বায়ুকর্ত্তৃক আনীত জলবিন্দুদ্বারা আমি সিক্ত হইতেছিলাম ॥১৩॥

রাজা ! তাহার পর সেই ব্রাহ্মণেরা আমাকে ধরিয়া সকলেই একদা বার বার এই কথা বলিলেন—'তুমি ভীত হইও না, তোমার মঙ্গল হউক' ॥১৪॥

তদনন্তর আমি তাঁহাদের বাক্যে সন্তুষ্ট ও তৎক্ষণাৎ উত্থিত হইয়া দেখিলাম—আমার মাতা নদীশ্রেষ্ঠা গঙ্গাদেবী রথে আরোহণ করিয়াছেন ॥১৫॥

(১৩)…শ্বসনৈরিবান্তরিক্ষে চ…বা ব রাঁ নি।

রররক্ষ সা মাং সরথং হয়াংশ্চোপস্করাণি চ।
তামহং প্রাঞ্জলির্ভূত্বা পুনরেব ব্যসর্জ্জয়ম্ ॥১৭॥
ততোঽহং স্বয়মুদ্যম্য হয়াংস্তান্ বাতরংহসঃ।
অযুধ্যং জামদগ্ন্যেন নিবৃত্তেঽহনি ভারত! ॥১৮॥
ততোঽহং ভরতশ্রেষ্ঠ! বেগবন্তং মহাবলম্।
অমুঞ্চং সমরে বাণং রামায় হৃদয়চ্ছিদম্ ॥১৯॥
ততো জগাম বসুধাং মম বাণপ্রপীড়িতঃ।
জানুভ্যাং ধনুরুৎসৃজ্য রামো মোহবশং গতঃ ॥২০॥
ততস্তস্মিন্ নিপতিতে রামে ভূরিসহস্রদে।
আবব্রুর্জ্জলদা ব্যোম ক্ষরন্তো রুধিরং বহু ॥২১॥

ভারতকৌমুদী

ররক্ষেতি। সা গঙ্গা। উপস্করাণি ধনুস্তূণাদ্যুপকরণানি ॥১৭॥
তত ইতি। উদ্যম্য বল্গায়াং ধৃত্বা। নিবৃত্তে পরিণতে ॥১৮॥
তত ইতি। মহাবলমতিদৃঢ়ম্। অমুঞ্চং ক্ষিপম্ ॥১৯॥
তত ইতি। জানুভ্যাং বসুধাং জগাম রথাৎ পতিত্বা ভূমৌ জানুভ্যাং তস্থৌ ॥২০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১॥ অভ্রান্তে মেঘমণ্ডলসমীপে ॥২—১১॥ দ্বিজান্ ব্রাহ্মণরূপধরান্ বসূন্ ॥১২—২০॥ ভূরিসহস্রদে স্বর্ণসহস্রাণাং দাতরি। "ভূরির্না বাসুদেবে চ হরে চ পরমেষ্ঠিনি।

কৌরবশ্রেষ্ঠ! সেই মহানদী গঙ্গা যুদ্ধমধ্যে আমার অশ্বগুলিকে ধরিয়া রাখিয়াছিলেন। তখন আমি জননী গঙ্গাদেবীর চরণযুগল ধারণ করিয়া এবং পিতৃগণের উদ্দেশে নমস্কার করিয়া পুনরায় রথে আরোহণ করিলাম ॥১৬॥

গঙ্গাদেবী আমাকে, রথখানাকে, অশ্বগুলিকে এবং যুদ্ধের উপকরণসমূহকে রক্ষা করিয়াছিলেন। আমি তখন কৃতাঞ্জলি হইয়া পুনরায় তাঁহাকে বিদায় করিলাম ॥১৭॥

ভরতনন্দন! তাহার পর আমি নিজেই বায়ুর ন্যায় বেগশালী সেই অশ্বগুলির লাগাম ধরিয়া দিবাবসানে রামের সহিত আবার যুদ্ধে প্রবৃত্ত হইলাম ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর আমি বেগবান্, অতিদৃঢ় ও হৃদয়বিদারী একটা বাণ যুদ্ধে রামের উপরে নিক্ষেপ করিলাম ॥১৯॥

তদনন্তর রাম আমার সেই বাণের আঘাতে পীড়িত হইয়া ধনু পরিত্যাগ করিয়া, রথ হইতে ভূতলে পড়িয়া, মূর্চ্ছিত অবস্থায় হাঁটুর উপরে ভর করিয়া রহিলেন ॥২০॥

উল্কাশ্চ শতশঃ পেতুঃ সনির্ঘাতাঃ সকম্পনাঃ।
অর্কঞ্চ সহসা দীপ্তং স্বর্ভানুরভিসংবৃণোৎ ॥২২॥
ববুশ্চ বাতাঃ পরুষাশ্চলিতা চ বসুন্ধরা।
গৃধ্রা বলাশ্চ কঙ্কাশ্চ পরিপেতুর্মুদা যুতাঃ ॥২৩॥
দীপ্তায়াং দিশি গোমায়ুর্দারুণং মুহুরুন্নদৎ।
অনাহতা দুন্দুভয়ো বিনেদুর্ভৃশনিস্বনাঃ ॥২৪॥
এতদৌৎপাতিকং সর্বং ঘোরমাসীদ্ভয়ঙ্করম্।
বিসংজ্ঞকল্পে ধরণীং গতে রামে মহাত্মনি ॥২৫॥
ততো বৈ সহসোত্থায় রামো মামভ্যবর্ত্তত।
পুনর্যুদ্ধায় কৌরব্য! বিহ্বলঃ ক্রোধমূর্চ্ছিতঃ ॥২৬॥

ভারতকৌমুদী

তত ইতি। সুবর্ণানাং ভূরীণি সহস্রাণি দদাতীতি তস্মিন্। অত্রার্থে বনপর্ব্ব দ্রষ্টব্যম্ ॥২১॥

(১৮) চিতাং কৃত্বা সুমহতীং প্রদায় চ হুতাশনম্...বা ব রা নি। (১৯)...জ্যেষ্ঠা কাশিসুতা... বা ব রা নি। * '... সপ্তাশীত্যধিক...' রা নি, '... উননবত্যধিক...' বা ব।

ভীষ্ম উবাচ।

ভার্য্যা তু তস্য রাজেন্দ্র! দ্রুপদস্য মহীপতেঃ।
মহিষী দয়িতা হ্যাসীদপুত্রা চ বিশাংপতে! ॥২॥
এতস্মিন্নেব কালে তু দ্রুপদো বৈ মহীপতিঃ।
অপত্যার্থে মহারাজ! তোষয়ামাস শঙ্করম্ ॥৩॥
অস্মদ্বধার্থং নিশ্চিত্য তপো ঘোরং সমাস্থিতঃ।
ঋতে কন্যাং মহাদেব! পুত্রো মে স্যাদিতি ব্রুবন্ ॥৪॥
ভগবন্! পুত্রমিচ্ছামি ভীষ্মং প্রতি চিকীর্ষয়া।
ইত্যুক্তো দেবদেবেন স্ত্রীপুমাংস্তে ভবিষ্যতি ॥৫॥
নিবর্ত্তস্ব মহীপাল! নৈতজ্জাত্বন্যথা ভবেৎ।
স তু গত্বাথ নগরং ভার্য্যামিদমুবাচ হ ॥৬॥

ভারতকৌমুদী

ভার্য্যেতি। তস্য প্রসিদ্ধস্য। দয়িতা প্রিয়া ॥২॥
এতস্মিন্নিতি। অপত্যার্থে পুত্রার্থে, পরত্র তথৈবাভিধানাৎ ॥৩॥
অস্মদিতি। অস্মদ্বধার্থং চিরবৈরাৎ। সমাস্থিতঃ অবলম্বিতবান্। ঋতে বিনা ॥৪॥
ভগবন্নিতি। চিকীর্ষয়া বৈরনির্য্যাতনস্য। আদৌ স্ত্রী পশ্চাৎ পুমানিতি স্ত্রীপুমান্ ॥৫॥
নিবর্ত্তস্বেতি। জাতু কদাচিৎ। স দ্রুপদঃ ॥৬॥

দুর্য্যোধন বলিলেন—'বীরশ্রেষ্ঠ গঙ্গানন্দন পিতামহ! শিখণ্ডী পূর্ব্বে কন্যা হইয়া পরে কি করিয়া পুরুষ হইল, তাহা আপনি আমার নিকট বলুন' ॥১॥

ভীষ্ম বলিলেন—'নরনাথ রাজশ্রেষ্ঠ! প্রসিদ্ধ দ্রুপদরাজার প্রিয়তমা মহিষী ভার্য্যা অপুত্রা ছিলেন ॥২॥

মহারাজ! সেই সময়ে দ্রুপদরাজা পুত্রলাভের জন্য মহাদেবের আরাধনা করেন ॥৩॥

'মহাদেব! আমার যেন কন্যা ব্যতীত একটী পুত্র হয়' এই কথা বলিয়া দ্রুপদরাজা আমার (ভীষ্মের) বধের জন্য ঘোরতর তপস্যা করিতে থাকেন ॥৪॥

(তিনি আরও বলিতেন—) 'ভগবন্! ভীষ্মের বৈরনির্য্যাতনের জন্য আমি একটী পুত্র লাভ করিবার ইচ্ছা করি'। তাহার পর মহাদেব আসিয়া বলিলেন—'রাজা! আপনার একটী স্ত্রী-পুরুষ সন্তান জন্মিবে ॥৫॥

রাজা! আপনি তপস্যা হইতে নিবৃত্ত হউন, আমার বাক্য কখনও অন্যরূপ হইবে না'। তাহার পর দ্রুপদরাজা রাজধানীতে যাইয়া মহিষীকে এই কথা বলিলেন—॥৬॥

কৃতো যত্নো মহান্ দেবি! পুত্রার্থং তপসা ময়া।
কন্যা ভূত্বা পুমান্ ভাবী ইতি চোক্তোঽস্মি শম্ভুনা ॥৭॥
পুনঃ পুনর্যাচ্যমানো দিষ্টমিত্যব্রবীচ্ছিবঃ।
ন তদন্যচ্চ ভবিতা ভবিতব্যং হি তত্তথা ॥৮॥
ততঃ সা নিয়তা ভূত্বা ঋতুকালে মনস্বিনী।
পত্নী দ্রুপদরাজস্য দ্রুপদং সা জগাম হ ॥৯॥
লেভে গর্ভং যথাকালং বিধিদৃষ্টেন কর্ম্মণা।
পার্ষতস্য মহীপাল! যথা মাং নারদোঽব্রবীৎ ॥১০॥
ততো দধার সা দেবী গর্ভং রাজীবলোচনা।
তাং স রাজা প্রিয়াং ভার্য্যাং দ্রুপদঃ কুরুনন্দন!।
পুত্রস্নেহান্মহাবাহুঃ সুখং পর্য্যচরত্তদা ॥১১॥

ভারতকৌমুদী

কৃত ইতি। হে দেবি! মহিষি! পুত্রার্থং পুত্রলাভার্থম্ ॥৭॥
পুনরিতি। যাচ্যমানো অস্মতঃ পুত্রমেব, দিষ্টম্ ঈদৃশমেব তব দৈবম্ ॥৮॥
তত ইতি। নিয়তা সংযতা। সা প্রসিদ্ধা ॥৯॥
লেভ ইতি। বিধিদৃষ্টেন রতিশাস্ত্রদৃষ্টেন। পার্ষতস্য পৃষতপুত্রস্য দ্রুপদস্য ॥১০॥

ভারতভাবদীপঃ

কথং শিখণ্ডীতি ॥১—৪॥ স্ত্রীপুমান্ পূর্ব্বং স্ত্রী সৈব পশ্চাৎ পুমান্, পূর্ব্বকালৈকসর্ব্বেতি সমাসঃ ॥৫—৮॥ দ্রুপদং প্রবিবেশ হ তেন সহ মিথুনীভাবং জগাম ॥৯॥ বিধিদৃষ্টেন শাস্ত্র-

'মহিষি! আমি পুত্রলাভের জন্য তপস্যাদ্বারা গুরুতর যত্ন করিয়াছি; তাহাতে মহাদেব আসিয়া বলিলেন—'তোমার এমন একটী সন্তান হইবে যে, সে প্রথমে কন্যা হইয়া পরে পুরুষ হইবে' ॥৭॥

আমি জন্মাবধি পুত্রেরই বার বার প্রার্থনা করিলাম; তাহাতে মহাদেব বলিলেন—'তোমার দৈবই এইরূপ'। সুতরাং তাহার অন্যরূপ হইবে না। কারণ, আমার দৈবই সেইরূপ' ॥৮॥

তদনন্তর মনস্বিনী দ্রুপদমহিষী ঋতুকালে সংযতা হইয়া দ্রুপদের নিকট গমন করিলেন ॥৯॥

রাজা! নারদ আমার নিকট যেরূপ বলিয়াছিলেন, আমি সেইরূপই বলিতেছি। পরে, দ্রুপদরাজার সংসর্গে যথাসময়ে মহিষী গর্ভ লাভ করিলেন ॥১০॥

(৭) কৃতো যত্নো মহাদেবস্তপসারাধিতো ময়া···বা ব রা নি। (৮)···ন্ তদন্তর ···পি
(৯)···দ্রুপদং প্রবিবেশ হ—বা ব রা নি।

সর্বানভিপ্রায়কৃতান্ ভার্য্যাঽলভত কৌরব ! ।
অপুত্রস্য ততো রাজ্ঞো দ্রুপদস্য মহীপতেঃ ॥১২॥
যথাকালন্তু সা দেবী মহিষী দ্রুপদস্য হ।
কন্যাং পরমরূপান্ত প্রাজায়ত নরাধিপ ! ॥১৩॥
অপুত্রস্য তু রাজ্ঞঃ সা দ্রুপদস্য মনস্বিনী।
খ্যাপয়ামাস রাজেন্দ্র ! পুত্রো হ্যেষ মমেতি বৈ ॥১৪॥
ততঃ স দ্রুপদো রাজা প্রচ্ছন্নায়া নরাধিপ ! ।
পুত্রবৎ পুত্রকার্য্যাণি সর্বাণি সমকারয়ৎ ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। রাজীবলোচনা পদ্মনয়না। পুত্রস্য ভাবিনঃ স্নেহাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

সর্বানিতি। সর্বান্ পদার্থান্। দ্রুপদস্য সকাশাৎ ॥১২॥

যথেতি। প্রাজায়তেতি সকর্ম্মকত্বমার্যম্, প্রজনয়ামাস ॥১৩॥

অপুত্রস্যেতি। খ্যাপয়ামাস পরিজনবর্গমধ্য ইতি শেষঃ ॥১৪॥

তত ইতি। প্রচ্ছন্নায়া গুপ্তকন্যারূপায়াঃ কন্যায়াঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

দৃষ্টেন কর্ম্মণা গর্ভাধানাখ্যেন পার্থিবস্য গর্ভং দধার ইতি উত্তরেণ সম্বন্ধঃ ॥১০—১১॥ অভিপ্রায়কৃতান্ বাসনানির্ম্মিতান্ দোহদানীত্যর্থঃ ॥১২॥ প্রাজায়ত প্রসূতবতী ॥১৩—১১॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৮॥

কুরুনন্দন! পদ্মনয়না মহিষী যখন গর্ভ ধারণ করিলেন, তদবধি মহাবাহু দ্রুপদরাজা ভাবী পুত্রের স্নেহে যথাসুখে সেই প্রিয়তমা ভার্য্যার পরিচর্য্যা করিতে লাগিলেন ॥১১॥

কৌরব! তাহার পর দ্রুপদমহিষী অপুত্রক দ্রুপদের নিকট হইতে সর্ব্বপ্রকার অভীষ্ট বস্তু লাভ করিতে থাকিলেন ॥১২॥

নরনাথ! তদনন্তর দ্রুপদমহিষী যথাসময়ে একটী পরমরূপবতী কন্যা প্রসব করিলেন ॥১৩॥

রাজশ্রেষ্ঠ! তখন অপুত্রক দ্রুপদরাজার বুদ্ধিমতী মহিষী প্রচার করিলেন যে, 'এটী আমার পুত্র' ॥১৪॥

নরনাথ! তাহার পর দ্রুপদরাজা পুত্রের ভাবে গুপ্তরূপা কন্যাটির সমস্ত পুত্রকার্য্য করাইলেন ॥১৫॥

(১২)...অপুত্রস্য সতো রাজ্ঞঃ...বা ব রা নি। (১৩)...কন্যাং প্রবররূপান্তু...বা ব রা নি। (১৫) ততঃ স রাজা দ্রুপদঃ...বা ব রা নি।

রক্ষণঞ্চৈব মন্ত্রস্য মহিষী দ্রুপদস্য সা।
চকার সর্ব্বযত্নেন ব্রুবাণা পুত্র ইত্যুত।
ন চ তাং বেদ নগরে কশ্চিদন্যত্র পার্ষতাৎ ॥১৬॥
শ্রদ্দধানো হি তদ্বাক্যং দেবস্যাদ্ভুততেজসঃ।
ছাদয়ামাস তাং কন্যাং পুমানিতি চ সোঽব্রবীৎ ॥১৭॥
জাতকর্ম্মাণি সর্বাণি কারয়ামাস পার্থিবঃ।
পুংবদ্বিধানযুক্তানি শিখণ্ডীতি চ তাং বিদুঃ ॥১৮॥
অহমেকস্তু চারেণ বচনান্নারদস্য চ।
জ্ঞাতবান্ দেববাক্যেন অম্বায়াস্তপসা তথা ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে শিখণ্ড্যুৎপত্তৌ অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

রক্ষণমিতি। মন্ত্রস্য গুপ্তবিষয়স্য, রক্ষণং গোপনম্। বেদ জানাতি স্ম। অন্যত্র অন্যো জনঃ, পার্ষতাৎ পৃষতপুত্রাৎ দ্রুপদাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

শ্রদিতি। দেবস্য মহাদেবস্য, তদ্বাক্যং "কন্যা ভূত্বা পুমান্ ভাবী" ইতি বাক্যম্, শ্রদ্দধানো বিশ্বসন্, স দ্রুপদঃ, ছাদয়ামাস গোপয়ামাস ॥১৭॥

জাতেতি। জাতকর্ম্মাণি জাতকর্ম্মাদীনি। পার্থিবো দ্রুপদঃ ॥১৮॥

•অহমিতি। অহং ভীষ্মঃ, চারেণ গুপ্তচরেণ। দেবস্য শিবস্য বাক্যেন ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

এবং দ্রুপদরাজার সেই মহিষীও 'এটী আমার পুত্র' এইরূপ বলিতে থাকিয়া সর্ব্বপ্রযত্নে গুপ্তবিষয়ের গোপন করিতে লাগিলেন। সুতরাং রাজধানীতে একমাত্র দ্রুপদরাজা ব্যতীত অন্য কেহই সেটীকে কন্যা বলিয়া জানিতে পারিল না ॥১৬॥

আর দ্রুপদরাজাও অদ্ভুততেজা মহাদেবের সেই বাক্য বিশ্বাস করিয়া সেই কন্যাটীকে গুপ্ত রাখিলেন এবং 'এটী পুরুষ' এইরূপই বলিতে থাকিলেন ॥১৭॥

ক্রমে দ্রুপদরাজা পুরুষের ন্যায় বিধানযুক্ত জাতকর্ম্মাদি সমস্ত কর্ম্ম করাইলেন এবং সকলেই সেই সন্তানটীকে 'শিখণ্ডী' বলিয়া জানিল ॥১৮॥

কিন্তু একমাত্র আমি (ভীষ্ম) গুপ্তচরের মুখে, নারদের বাক্যে, মহাদেবের

---

(১৬)…নহি:তাং বেদ…পি। (১৭)…দেবস্যাচ্যুততেজসঃ…বা ব রা নি।

• '…অষ্টাশীত্যধিক……' রা নি, '…নবত্যধিক…' বা ব।

ঊনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:০:—

ভীষ্ম উবাচ।

চকার যত্নং দ্রুপদঃ সুতায়াঃ সর্বকর্মসু।
ততো লেখ্যাদিষু তথা শিল্পেষু চ পরন্তপ !।
ইষ্বস্ত্রে চৈব রাজেন্দ্র ! দ্রোণশিষ্যো বভূব হ ॥১॥
তস্য মাতা মহারাজ ! রাজানং বরবর্ণিনী।
চোদয়ামাস ভার্য্যার্থং কন্যায়াঃ পুত্রবত্তদা ॥২॥
ততস্তু পার্ষতো দৃষ্ট্বা কন্যাং সংপ্রাপ্তযৌবনাম্।
স্ত্রিয়ং মত্বা তদা চিন্তাং প্রপেদে সহ ভার্য্যয়া ॥৩॥

দ্রুপদ উবাচ।

কন্যা মমেয়ং সংপ্রাপ্তা যৌবনং শোকবর্দ্ধিনী।
ময়া প্রচ্ছাদিতা চেয়ং বচনাচ্ছূলপাণিনঃ ॥৪॥

ভারতকৌমুদী

চকারেতি। লেখ্যাদিষু লেখশিক্ষাদিষু। ইষ্বস্ত্রে বাণাস্ত্রে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥
তস্যেতি। তস্য ভাবিপুত্রস্য। চোদয়ামাস প্রেরয়ামাস, ভার্য্যার্থং দারসংগ্রহার্থম্ ॥২॥
তত ইতি। পার্ষতো দ্রুপদঃ। প্রপেদে প্রাপ, কন্যায়া এব কন্যাসংগ্রহোক্তমাহ ॥৩॥

বাক্যশ্রবণে এবং অম্বার তপস্যার বিষয় জানায় তাহাকে কন্যা বলিয়া জানিতে পারিয়াছিলাম' ॥১৭॥

ভীষ্ম বলিলেন—'পরন্তপ রাজশ্রেষ্ঠ ! তাহার পর দ্রুপদরাজা কন্যাটির লেখশিক্ষা ও শিল্পশিক্ষাপ্রভৃতি সমস্ত কার্য্যে যত্ন করিতে লাগিলেন এবং সেই কন্যাটী ধনুর্বেদে দ্রোণাচার্য্যের শিষ্য হইল ॥১॥

মহারাজ ! তখন তাহার মাতা বরবর্ণিনী মহিষী পুত্রের ন্যায়ই তাহার বিবাহের জন্য রাজার নিকট অনুরোধ করিলেন ॥২॥

তদনন্তর দ্রুপদরাজা কন্যাটিকে প্রাপ্তযৌবনা দেখিয়া এবং উহাকে স্ত্রী মনে করিয়া ভার্য্যার সহিত চিন্তাযুক্ত হইলেন ॥৩॥

(৩)···স্ত্রিয়ং মত্বা ততশ্চিন্তাম্···বা ব রা নি।

ভার্য্যোবাচ।

ন তন্মিথ্যা মহারাজ! ভবিষ্যতি কথঞ্চন।
ত্রৈলোক্যকর্ত্তা কস্মাদ্ধি বৃথা বক্তুমিহার্হতি ॥৫॥
যদি তে রোচতে রাজন্! বক্ষ্যামি শৃণু মে বচঃ।
শ্রুত্বেদানীং প্রপদ্যেথাঃ স্বাং মতিং পৃষতাত্মজ! ॥৬॥
ক্রিয়তামস্য যত্নেন বিধিবদ্দারসংগ্রহঃ।
ভবিতা তদ্বচঃ সত্যমিতি মে নিশ্চিতা মতিঃ ॥৭॥
ততস্তৌ নিশ্চয়ং কৃত্বা তস্মিন্ কার্য্যেঽথ দম্পতী।
বরয়াঞ্চক্রতুঃ কন্যাং দশার্ণাধিপতেঃ সুতাম্ ॥৮॥
ততো রাজা দ্রুপদো রাজসিংহঃ সর্বান্ রাজ্ঞঃ কুলতঃ সংনিশাম্য।
দাশার্ণকস্য নৃপতেস্তনুজাং শিখণ্ডিনে বরয়ামাস দারান্ ॥৯॥

ভারতকৌমুদী

কন্যেতি। শোকবর্দ্ধিনী কন্যাত্বাদেব। প্রচ্ছাদিতা পুত্রত্বপ্রচারেণাবৃতস্বরূপা। শূলং পণিতুং ব্যবহর্ত্তুং শীলমস্যেতি শূলপাণী তস্য, ব্যবহারার্থকপণতের্ণিন্ ॥৪॥
নেতি। তৎ মহাদেববাক্যম্। ত্রৈলোক্যকর্ত্তা ত্রিভুবনস্রষ্টা, বৃথা মিথ্যা ॥৫॥
যদীতি। প্রপদ্যেথাঃ প্রাপ্নুয়াঃ, স্বাং মতিং স্বমত্যনুসারেণ কার্য্যম্ ॥৬॥
ক্রিয়তামিতি। তদ্বচঃ শিববাক্যম্। নিশ্চিতা নিশ্চয়মাপন্না ॥৭॥
তত ইতি। তস্মিন্ শিখণ্ডিবিবাহে। বরয়াঞ্চক্রতুঃ বরণং স্থিরীচক্রতুঃ ॥৮॥
তত ইতি। রাজসিংহো রাজশ্রেষ্ঠঃ। সংনিশাম্য শ্রুত্বা। বরয়ামাস যযাচে ॥৯॥

ক্রমে দ্রুপদ বলিলেন—'আমার এই শোকবর্দ্ধিনী কন্যাটী যৌবনে পদার্পণ করিয়াছে; অথ চ আমরা শিবের বাক্য অনুসারে উহাকে গুপ্ত রাখিয়াছি' ॥৪॥

মহিষী বলিলেন—'মহারাজ! শিবের সেই বাক্য কোন প্রকারেই মিথ্যা হইবে না। কারণ, ত্রিভুবনের সৃষ্টিকর্ত্তা কেন মিথ্যা বলিবেন ॥৫॥

অতএব পৃষতনন্দন রাজা! আপনার যদি ইচ্ছা হয়, তবে আমি বলি, আপনি আমার কথা শুনুন, শুনিয়া এখন আপন বুদ্ধি অনুসারে কার্য্য করুন ॥৬॥

রাজা! আপনি যত্নপূর্ব্বক যথাবিধানে শিখণ্ডীর বিবাহ সম্পাদন করুন। কারণ, মহাদেবের বাক্য যে সত্য হইবে, এ বিষয়ে আমার নিশ্চিত ধারণা আছে' ॥৭॥

তাহার পর রাজা ও রাজ্ঞী সেই কার্য্য স্থির করিয়া দশার্ণরাজার কন্যাকে পাত্রী স্থির করিলেন ॥৮॥

(৮) ততস্তৌ নিশ্চিতাং কৃত্বা…পি। (৯)…দশার্ণকস্য…পি।

হিরণ্যবর্ম্মেতি নৃপো যোঽসৌ দাশার্ণকঃ স্মৃতঃ।
স চ প্রাদান্মহীপালঃ কন্যাং তস্মৈ শিখণ্ডিনে॥১০॥
স চ রাজা দশার্ণেষু মহানাসীৎ সুদুর্জ্জয়ঃ।
হিরণ্যবর্ম্মা দুর্দ্ধর্ষো মহাসেনো মহামনাঃ॥১১॥
কৃতে বিবাহে তু তদা সা কন্যা রাজসত্তম।।
যৌবনং সমনুপ্রাপ্তা সা চ কন্যা শিখণ্ডিনী॥১২॥
কৃতদারঃ শিখণ্ডী চ কাম্পিল্যং পুনরাগমৎ।
ন চ সা বেদ তাং কন্যাং কঞ্চিৎকালং স্ত্রিয়ং কিল॥১৩॥
হিরণ্যবর্ম্মণঃ কন্যা জ্ঞাত্বা তান্তু শিখণ্ডিনীম্।
ধাত্রীণাঞ্চ সখীনাঞ্চ ব্রীড়মানা ন্যবেদয়ৎ।
কন্যাং পাঞ্চালরাজস্য সুতাং তাং বৈ শিখণ্ডিনীম্॥১৪॥

ভারতকৌমুদী

হিরণ্যেতি। দাশার্ণকঃ দশার্ণদেশাধিপতিঃ। তস্মৈ ভাবিপুরুষায়॥১০॥

স ইতি। মহতী সেনা যস্য সঃ। অতএবাস্য দ্রুপদাক্রমণসম্ভব ইত্যাশয়ঃ॥১১॥

কৃত ইতি। সা হিরণ্যবর্ম্মজাতা। সা চ দ্রুপদজাতা চ॥১২॥

কৃতেতি। কাম্পিল্যং নাম দ্রুপদনগরম্। সা হিরণ্যবর্ম্মকন্যা, বেদ বেত্তি স্ম॥১৩॥

হিরণ্যেতি। ধাত্রীণাং সখীনাঞ্চ পিতৃগৃহাদাগতানাং সমীপে, ব্রীড়মানা লজ্জমানা। নিবেদনপ্রকারমাহ কন্যামিতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ॥১৪॥

অর্থাৎ তদনন্তর রাজশ্রেষ্ঠ দ্রুপদরাজা অন্য সকল রাজার বংশমর্য্যাদা শ্রবণ করিয়া শিখণ্ডীর জন্য দশার্ণরাজার কন্যাকেই পাত্রী স্থির করিয়াছিলেন॥৯॥

'হিরণ্যবর্ম্মা-'নামে দশার্ণদেশের যে রাজা ছিলেন, তিনি শিখণ্ডীকে কন্যা দান করিলেন॥১০॥

সেই দশার্ণদেশের রাজা হিরণ্যবর্ম্মা মহাপ্রভাবশালী, অতিদুর্জ্জয়, দুর্দ্ধর্ষ, বিশালসৈন্যসম্পন্ন ও মহামনা ছিলেন॥১১॥

রাজশ্রেষ্ঠ! তখন বিবাহ হইয়া গেল। ক্রমে সেই দশার্ণরাজার কন্যা এবং সেই দ্রুপদরাজার কন্যা শিখণ্ডিনী, উভয়েই যৌবনে পদার্পণ করিল॥১২॥

শিখণ্ডী বিবাহ করিয়া (ভার্য্যাকে লইয়া) পুনরায় কাম্পিল্যনগরে আসিল। কিন্তু হিরণ্যবর্ম্মার কন্যা কিছু কাল তাহাকে স্ত্রী বলিয়া জানিতে পারিল না॥১৩॥

---

(১১) স চ রাজা দশার্ণেশো মহানাসীন্মহীপতিঃ...মহাসেনো মহাবলঃ—পি। (১৩)...কাম্পিল্যম্...বা ব রা নি, ততঃ সা বেদ তাং কন্যাম্...বা রা। (১৪) যদা স্বেনাঽজ্ঞানাৎ সা স্ত্রিয়মেব নৃপাত্মজা ইতি প্রথমার্দ্ধপাঠঃ নি,...ব্রীড়মানা...বা ব রা নি।

ততস্তা রাজশার্দ্দূল ! ধাত্র্যো দাশার্ণিকাস্তদা ।
জগ্মুরার্ত্তিং পরাং প্রেষ্যাঃ প্রেষয়ামাসুরেব চ ॥১৫॥
ততো দশার্ণাধিপতেঃ প্রেষ্যাঃ সর্ব্বা ন্যবেদয়ন্ ।
বিপ্রলম্ভং যথাবৃত্তং স চ চুক্রোধ পার্থিবঃ ॥১৬॥
শিখণ্ড্যপি মহারাজ ! পুংবদ্রাজকুলে তদা ।
বিজহার মুদা যুক্তঃ স্ত্রীত্বং নৈবাতিরোচয়ন্ ॥১৭॥
ততঃ কতিপয়াহস্য তচ্ছ্রুত্বা ভরতর্ষভ ! ।
হিরণ্যবর্ম্মা রাজেন্দ্র ! রোষাদার্ত্তিং জগাম হ ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। দাশার্ণিকা দশার্ণদেশাদাগতাঃ। প্রেষ্যা দাসীঃ, প্রেষয়ামাসুর্দশার্ণরাজস্য ॥১৫॥
তত ইতি। প্রেষ্যাস্তা দাস্যঃ। বিপ্রলম্ভং দ্রুপদকৃতাং প্রতারণাম্ ॥১৬॥
শিখণ্ডীতি। আত্মনঃ স্ত্রীত্বম্, নৈবাতিরোচয়ন্ নাতিপ্রেমাস্পদং কুর্বন্ স্ত্রীলাভাং ॥১৭॥
তত ইতি। কতিপয়াহস্য অতিক্রমে সতীতি শেষঃ। আর্ত্তিং পীড়াম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

চকারেতি ॥১—৩॥ শূলযুক্তঃ পাণিঃ শূলপাণিঃ সোঽস্যাস্তীতি শূলপাণী তস্য শূলপাণিনঃ স্ত্রীত্বাদিত্বাদ্ব্যর্গীয় ইনিঃ ॥৪—১৩॥ ধাত্রীণাং পিতৃগৃহাদাগতানাং সখীনাঞ্চ ॥১৪॥ তা এব ধাত্র্যঃ স্বাঃ প্রেষ্যা দাসীঃ প্রেষয়ামাসুঃ দশার্ণপতিমিতি শেষঃ ॥১৫॥ বিপ্রলম্ভং বঞ্চনাম্

তাহার পর হিরণ্যবর্ম্মার কন্যা তাহাকে শিখণ্ডিনী জানিয়া লজ্জিত হইয়া পিতৃগৃহ হইতে আগত ধাত্রীগণ ও সখীগণের নিকট জানাইল যে, উনি পাঞ্চাল-রাজের কন্যা শিখণ্ডিনী। ॥১৪॥

রাজশ্রেষ্ঠ! তদনন্তর দশার্ণদেশ হইতে আগত সেই ধাত্রীরা অত্যন্ত দুঃখিত হইল এবং তখনই কয়েক জন দাসীকে দশার্ণরাজের নিকট পাঠাইয়া দিল ॥১৫॥

তৎপরে সেই দাসীরা সকলে যাইয়া যথাযথভাবে সেই দশার্ণরাজকে জানাইল; তাহাতে সে রাজা ক্রুদ্ধ হইলেন ॥১৬॥

মহারাজ। এদিকে শিখণ্ডীও তখন আনন্দিত হইয়া পুরুষেরই ন্যায় রাজগৃহে বিচরণ করিতে লাগিল; কিন্তু নিজের স্ত্রীত্ব তাহার ভাল লাগিতে লাগিল না ॥১৭॥

ভরতপ্রধান রাজশ্রেষ্ঠ। ওদিকে বিবাহের কয়েক দিন পরেই সেই ঘটনা শুনিয়া হিরণ্যবর্ম্মা ক্রোধে উন্মত্ত হইয়া উঠিলেন ॥১৮॥

(১৫) ততস্ত···প্রেষয়ামাসুরেব তাঃ—পি। (১৬)···বিপ্রলব্ধম্···পি। [১৭]··· স্ত্রীত্বমেবাভিরোচয়ন্—পি।

ততো দাশার্ণকো রাজা তীব্রকোপসমন্বিতঃ।
দূতং প্রস্থাপয়ামাস দ্রুপদস্য নিবেশনম্ ॥১৯॥
ততো দ্রুপদমাসাদ্য দূতঃ কাঞ্চনবর্ম্মণঃ।
এক একান্তমুৎসার্য্য রহো বচনমব্রবীৎ ॥২০॥
দশার্ণরাজো রাজংস্ত্বামিদং বচনমব্রবীৎ।
অভিষঙ্গাৎ প্রকুপিতো বিপ্রলব্ধস্ত্বয়ানঘ! ॥২১॥
এবমেব মহারাজ! নূনং দুর্মন্ত্রিতং তথা।
যস্মে কন্যাং স্বকন্যার্থে মোহাদ্‌যাচিতবানসি ॥২২॥
তস্যাদ্য বিপ্রলম্ভস্য ফলং প্রাপ্নুহি দুর্মতে!।
এষ ত্বাং সজনামাত্যমুদ্ধরামি স্থিরো ভব ॥২৩॥

তত ইতি। দাশার্ণকো দশার্ণদেশীয়ঃ। নিবেশনং গৃহম্ ॥১৯॥
তত ইতি। কাঞ্চনবর্ম্মণো হিরণ্যবর্ম্মনঃ। উৎসার্য্য দ্রুপদং নীত্বা, রহো নির্জনে ॥২০॥
দশেতি। বিপ্রলব্ধঃ প্রতারিতঃ, অতএব অভিষঙ্গাৎ তৎপ্রতারণাতঃ প্রকুপিতঃ ॥২১॥
বিপ্রলম্ভমেবাহ এবমিতি। নূনং নিশ্চিতম্, দুর্মন্ত্রিতং মৎপ্রতারণার্থম্ ॥২২॥
তস্যেতি। জনৈঃ পরিজনৈরমাত্যৈশ্চ সহেতি তম্, উদ্ধরামি রাজ্যাদুৎপাটয়ামি ॥২৩॥

ভারতভাবদীপঃ

॥১৮—১৯॥ উৎসার্য্য নীত্বা ॥২০॥ অভিষঙ্গাৎ পরাভবাৎ ॥২১—২২॥ উদ্ধরামি উচ্ছেৎস্যামি ॥২৩—২৪॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৯॥

তাহার পর দশার্ণরাজ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দ্রুপদরাজার গৃহে একজন দূত প্রেরণ করিলেন ॥১৯॥

তদনন্তর হিরণ্যবর্ম্মার দূত দ্রুপদরাজার নিকট যাইয়া তাঁহাকে একপ্রান্তে নিয়া সেই নির্জনস্থানে একাকী এই কথা বলিল—॥২০॥

'রাজা! দশার্ণাধিপতি আপনাকে এই কথা বলিয়াছেন যে, তুমি আমাকে প্রতারণা করিয়াছ এবং সেই প্রতারণাতেই আমি ক্রুদ্ধ হইয়াছি ॥২১॥

মহারাজ! নিশ্চয়ই আপনি এইরূপ কুমন্ত্রণা করিয়াছিলেন; যে হেতু মোহবশতঃ নিজের কন্যার জন্য আমার কন্যা প্রার্থনা করিয়াছিলেন ॥২২॥

দুর্মতি! তুমি এখন সেই প্রতারণার ফল লাভ কর; এই আমি পরিজন ও অমাত্যবর্গের সহিত তোমার উচ্ছেদ করিতেছি। তুমি স্থির থাক ॥২৩॥

---

(১) অবমন্যসে মাং নৃপতে! নূনং দুর্মন্ত্রিতং তব·· বা ব রা নি।

অবমত্য চ বীর্য্যং মে কুলং চারিত্রমেব চ।
বিপ্রলব্ধস্ত্বয়াঽপূর্ব্বো মনুষ্যেষু প্রবর্ত্তিতঃ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে হিরণ্যবর্ম্মদূতাগমনে ঊনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ •

——:•:——

অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

——:•:——

ভীষ্ম উবাচ।

এবমুক্তস্য দূতেন দ্রুপদস্য তদা নৃপ!।
চৌরস্যেব গৃহীতস্য ন প্রাবর্ত্তত ভারতী ॥১॥
স যত্নমকরোত্তীব্রং সম্বন্ধিন্যনুমানবে।
দূতৈর্ম্মধুরসম্ভাবৈর্ন তদস্তীতি সন্দিশন্ ॥২॥

ভারতকৌমুদী

অবেতি। মনুষ্যেষু মধ্যে, অপূর্ব্ব আশ্চর্য্যঃ, বিপ্রলব্ধঃ প্রতারণা ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে ঊনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

এবমিতি। ভারতী বাক্যম্, ন প্রাবর্ত্তত মুখান্ন বহির্গচ্ছৎ, অপরাধিত্বাৎ ॥১॥

স ইতি। স দ্রুপদঃ। সম্বন্ধিনি হিরণ্যবর্ম্মণি, অনুমানবে প্রসাদনে। তৎ কন্যাত্বম্ ॥২॥

তুমি আমার শক্তি, বংশ ও চরিত্রের প্রতি অবজ্ঞা করিয়া মানুষের মধ্যে অপূর্ব্ব প্রতারণা আমার উপরে করিয়াছ' ॥২৪॥

——•:::•——

ভীষ্ম বলিলেন—'রাজা! তখন দূত এইরূপ বলিলে, ধৃত চৌরের যেমন মুখ হইতে কথা বাহির হয় না, সেইরূপ দ্রুপদরাজার মুখ হইতে কথা বাহির হইল না ॥১॥

(২৪) এষ শ্লোকঃ পি বা ব রা নাস্তি। ইতঃ পরকামমধিকঃ শ্লোকঃ—'কুরু সর্ব্বাণি কার্য্যাণি ভুঙ্‌ক্ষ্ব ভোগানহুত্তমান্। অভিযাস্যামি শীঘ্রং ত্বাং সমুদ্ধর্ত্তুং সবান্ধবম্॥' নি।
• '... একোননবত্যধিক...' রা নি, '...একনবত্যধিক...' বা ;ব। (১)...চৌরস্যেব...বা ব রা নি।

স রাজা ভূয় এবাথ জ্ঞাত্বা তত্ত্বমথাগমৎ।
কন্যেতি পাঞ্চালসুতাং ত্বরমাণো বিনির্যযৌ ॥৩॥
ততঃ সম্প্রেষয়ামাস মিত্রাণামমিতৌজসাম্।
দুহিতুর্বিপ্রলম্ভং তং ধাত্রীণাং বচনাত্তদা ॥৪॥
ততঃ সমুদয়ং কৃত্বা বলানাং রাজসত্তমঃ।
অভিযানে মতিং চক্রে দ্রুপদং প্রতি ভারত! ॥৫॥
ততঃ সংমন্ত্রয়ামাস মন্ত্রিভিঃ স মহীপতিঃ।
হিরণ্যবর্ম্মা রাজেন্দ্র! পাঞ্চাল্যং পার্থিবং প্রতি ॥৬॥
তত্র বৈ নিশ্চিতং তেষামভূদ্রাজ্ঞাং মহাত্মনাম্।
তথ্যং ভবতি চেদেতৎ কন্যা রাজন্! শিখণ্ডিনী ॥৭॥
বদ্ধ্বা পাঞ্চালরাজানমানয়িষ্যামহে গৃহম্।
অন্যং রাজানমাধায় পাঞ্চালেষু নরেশ্বরম্।
ঘাতয়িষ্যাম নৃপতিং পাঞ্চালং সশিখণ্ডিনম্ ॥৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। স হিরণ্যবর্ম্মা। পাঞ্চালসুতাং শিখণ্ডিনীম্, কন্যেতি অগমৎ জ্ঞাতবান্ ॥৩॥

তত ইতি। সম্প্রেষয়ামাস হিরণ্যবর্ম্মা। বিপ্রলম্ভং প্রতারণাং তৎসংবাদম্ ॥৪॥

তত ইতি। সমুদয়ং সংগ্রহম্। রাজসত্তমো হিরণ্যবর্ম্মা ॥৫॥

তত ইতি। পাঞ্চাল্যং পার্থিবং দ্রুপদং প্রতি ॥৬॥

তত্রেতি। তথ্যং সত্যম্। আধায় সংস্থাপ্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭—৮॥

তাহার পর দ্রুপদরাজা মধুরভাষী দূতগণদ্বারা 'ও কথা সত্য নহে' এইরূপ সংবাদ পাঠাইয়া বৈবাহিক হিরণ্যবর্ম্মাকে প্রসন্ন করিবার জন্য গুরুতর চেষ্টা করিলেন ॥২॥

কিন্তু হিরণ্যবর্ম্মা পুনরায় সংবাদ লইয়া শিখণ্ডিনীকে কন্যা বলিয়াই জানিলেন। তৎপরে তিনি সত্বরই নির্গত হইবার ইচ্ছা করিলেন ॥৩॥

তদনন্তর হিরণ্যবর্ম্মা ধাত্রীদের বাক্য অনুসারে আপন কন্যার সেই প্রতারণার সংবাদ অমিততেজা মিত্ররাজগণের নিকট প্রেরণ করিলেন ॥৪॥

ভরতনন্দন! তাহার পর রাজশ্রেষ্ঠ হিরণ্যবর্ম্মা সৈন্য সংগ্রহ করিয়া দ্রুপদরাজার প্রতি অভিযানের ইচ্ছাই করিলেন ॥৫॥

রাজশ্রেষ্ঠ! তদনন্তর রাজা হিরণ্যবর্ম্মা মন্ত্রিগণের সহিত মিলিত হইয়া দ্রুপদরাজার বিষয়ে মন্ত্রণা করিলেন ॥৬॥

রাজা তাহাতে সেই মহাত্মা মিত্ররাজাদের ইহাই স্থির হইল যে, 'শিখণ্ডিনী

(৩)…ত্বরমাণোঽভিনির্যযৌ—পি। (৮)…পাঞ্চালেষু জনেশ্বর!—পি।

তত্তথ্যভূতমাজ্ঞায় পুনর্দূতান্ নরাধিপঃ।
প্রাস্থাপয়ৎ পার্ষতায় নিহন্মীতি স্থিরো ভব ॥৯॥

ভীষ্ম উবাচ।

স হি প্রকৃত্যা বৈ ভীতঃ কিল্বিষী চ নরাধিপঃ।
ভয়ং তীব্রমনুপ্রাপ্তো দ্রুপদঃ পৃথিবীপতিঃ ॥১০॥
বিসৃজ্য দূতান্ দাশার্ণে দ্রুপদঃ শোকমূর্চ্ছিতঃ।
সমেত্য ভার্য্যাং রহিতে বাক্যমাহ নরাধিপঃ ॥১১॥
ভয়েন মহতাবিষ্টো হৃদি শোকেন চাহতঃ।
পাঞ্চালরাজো দয়িতাং মাতরং বৈ শিখণ্ডিনঃ ॥১২॥ (যুগ্মকম্)
অভিযাস্যতি মাং কোপাৎ সম্বন্ধী সুমহাবলঃ।
হিরণ্যবর্ম্মা নৃপতিঃ কর্ষমাণো বরূথিনীম্ ॥১৩॥
কিমিদানীং করিষ্যাবো মূঢ়ৌ কন্যামিমাং প্রতি।
শিখণ্ডী কিল পুত্রস্তে কন্যেতি পরিশঙ্কিতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তদিতি। তৎ পাঞ্চালসুতায়াঃ কন্যাত্বম্, তথাভূতং সত্যম্। পার্ষতায় দ্রুপদায় ॥৯॥
স ইতি। প্রকৃত্যা স্বভাবেন, কিল্বিষী কন্যার্থং কন্যাগ্রহণাদপরাধী চ ॥১০॥
বিসৃজ্যেতি। দয়িতাং ভার্য্যামিতি সম্বন্ধঃ। রহিতে নির্জনে। শোকেনোদ্বেগেন ॥১১-১২॥
অভীতি। অভিযাস্যতি আক্রমিষ্যতি সম্বন্ধী বৈবাহিকঃ। বরূথিনীং সেনাম্ ॥১৩॥

যে কন্যা, ইহাই যদি সত্য হয়, তবে আমরা পাঞ্চালরাজ্যে অন্য রাজাকে স্থাপন করিয়া দ্রুপদকে বন্ধনপূর্বক গৃহে আনয়ন করিব এবং শিখণ্ডীর সহিত তাহাকে বধ করাইব' ॥৭—৮॥

হিরণ্যবর্ম্মা শিখণ্ডিনীর কন্যাত্ব সত্য জানিয়া পুনরায় দ্রুপদের নিকট দূত পাঠাইলেন এবং বলিয়া দিলেন যে, 'তোমাকে বধ করিব, স্থির থাক' ॥৯॥

ভীষ্ম বলিলেন—'দ্রুপদরাজা তখন স্বভাবতই ভীত ছিলেন, তাহাতে আবার অপরাধও করিয়াছিলেন। সুতরাং তিনি গুরুতর ভয় পাইলেন ॥১০॥

তাহার পর অত্যন্ত ভয়াবিষ্ট এবং হৃদয়ে উদ্বেগতাড়িত পাঞ্চালরাজ দ্রুপদ হিরণ্যবর্ম্মার নিকটে দূত পাঠাইয়া নির্জনে যাইয়া শিখণ্ডীর মাতা ও আপন প্রিয়তমা ভার্য্যাকে এই কথা বলিলেন—॥১১—১২॥

'অতিমহাবল বৈবাহিক হিরণ্যবর্ম্মা সৈন্য লইয়া ক্রোধে আমাকে আক্রমণ করিতে আসিবেন ॥১৩॥

---

(৯) তত্তথাভূতমাজ্ঞায়...পি।

ইতি সঞ্চিন্ত্য যত্নেন সমিত্রঃ সবলানুগঃ।
বঞ্চিতোঽস্মীতি মন্বানো মাং কিলোচ্ছেত্তুমিচ্ছতি ॥১৫॥
কিমত্র তথ্যং সুশ্রোণি! মিথ্যা কিং ব্রূহি শোভনে!।
শ্রুত্বা ত্বত্তঃ শুভং বাক্যং সংবিধাস্যাম্যহং তথা ॥১৬॥
অহং হি সংশয়প্রাপ্তো বালা চেয়ং শিখণ্ডিনী।
ত্বঞ্চ রাজ্ঞি! মহৎ কৃচ্ছ্রং সংপ্রাপ্তা বরবর্ণিনি! ॥১৭॥
সা ত্বং সর্ববিমোক্ষায় তত্ত্বমাখ্যাহি পৃচ্ছতঃ।
তথা বিদধ্যাং সুশ্রোণি! কৃত্যমাশু শুচিস্মিতে! ॥১৮॥
শিখণ্ডিনি! চ মা ভৈস্ত্বং বিধাস্যে তত্র তত্ত্বতঃ।
কৃপয়াহং বরারোহে! বঞ্চিতঃ পুত্রধর্ম্মতঃ ॥১৯॥

ভারতকৌমুদী

কিমিতি। করিষ্যাবঃ কিং কুর্য্যাব আবাম্। পরিশঙ্কিত উদ্বিগ্নঃ ॥১৪॥
ইতীতি। ইতি প্রতারণাম্। মন্বানো মন্যমানো হিরণ্যবর্ম্মা ॥১৫॥
কিমিতি। তথ্যং সত্যম্। ত্বত্তঃ তব সকাশাৎ। তথা ন্যায্যম্ ॥১৬॥
অহমিতি। ইয়ং বালা শিখণ্ডিনী চ মহৎ কৃচ্ছ্রং সংপ্রাপ্তেতি সম্বন্ধঃ ॥১৭॥
সেতি। তত্ত্বং যাথার্থ্যম্, আখ্যাহি ব্রূহি। কৃত্যং কর্ত্তব্যম্ ॥১৮॥
শিখণ্ডিনীতি। বরারোহে! মহিষি! বঞ্চিতঃ, কন্যায়াঃ পুত্রকার্য্যকরণাৎ ॥১৯॥

তুমি ও আমি আমরা দুই জনই এই কন্যাটার বিষয়ে মোহাবিষ্ট হইয়াছিলাম, এখন কি করিব? তোমার পুত্র শিখণ্ডীও নিজে কন্যা বলিয়া আশঙ্কিত হইয়াছে ॥১৪॥

ওদিকে হিরণ্যবর্ম্মা এই প্রতারণার বিষয় চিন্তা করিয়া 'আমি প্রতারিত হইয়াছি' এইরূপ ধারণার বশবর্ত্তী হইয়া যত্নপূর্ব্বক মিত্র, সৈন্য ও অনুচরগণের সহিত মিলিত হইয়া আমার উচ্ছেদ সাধন করিবার ইচ্ছা করিতেছেন ॥১৫॥

সুন্দরি। সুনিতম্বে। এ বিষয়ে কি সত্য, কি মিথ্যা, তাহা তুমি বল; তোমার মুখে সেই শুভবাক্য শুনিয়া আমি ন্যায়সঙ্গত কার্য্য করিব ॥১৬॥

বরবর্ণিনি! রাজ্ঞি! আমি সংশয়াপন্ন হইয়াছি এবং এই বালিকা শিখণ্ডিনী ও তুমি—তোমরাও গুরুতর কষ্ট ভোগ করিতে বসিয়াছ ॥১৭॥

সুনিতম্বে! সকলের মুক্তির জন্য তুমি সত্য কথা বল; নির্ম্মলহাসিনি! আমি তাহা শুনিয়া সত্বরই কর্ত্তব্য কার্য্য করিব ॥১৮॥

শিখণ্ডিনী! তুমি ভয় করিও না, আমি কৃপা করিয়া সে বিষয়ে ন্যায্য কার্য্য করিব। বরারোহে! মহিষি! তুমি আমাকে পুত্রধর্ম্ম হইতে বঞ্চিত করিয়াছ ॥১৯॥

ময়া দাশার্ণকো রাজা বঞ্চিতঃ স মহীপতিঃ।
তদাচক্ষ্ব মহাভাগে। বিধাস্যে তত্র যদ্ধিতম্ ॥২০॥
জানতা হি নরেন্দ্রেণ খ্যাপনার্থং পরস্য বৈ।
প্রকাশং চোদিতা দেবী প্রত্যুবাচ মহীপতিম্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্বণি অম্বোপাখ্যানে দ্রুপদপ্রশ্নে অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:•:———

ভারতকৌমুদী

ময়েতি। দাশার্ণকো দশার্ণাধিপতিঃ, বঞ্চিতঃ, মৎকন্যার্থং তৎকন্যাগ্রহণাৎ ॥২০॥

নমু দ্রুপদঃ স্বয়মেব সর্ব্বং কুর্ব্বন্ কথমিত্থং রাজ্ঞীং পপ্রচ্ছেত্যাহ জানতেতি। নরেন্দ্রেণ দ্রুপদেন। চোদিতা পৃষ্টা। রাজ্ঞ্যা দোষে সত্যপি স্ত্রীত্বাৎ তত্র হিরণ্যবর্ম্মণো দণ্ডবিধানাসম্ভবাল্লোকমধ্যে স্বদোষপরিহারার্থমিত্থং রাজা চাতুর্য্যং কৃতমিতি ভাবঃ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—২॥ অগমৎ জ্ঞাতবান্ ॥৩—৪॥ সমুদয়ং সমুদায়ম্ ॥৫—১৮॥ ভার্য্যায়া অপরাধং জানন্ স্বস্য নির্দ্দোষতাং খ্যাপয়িতুমুভয়কৃতমপাপরাধং লোকমধ্যে ভার্য্যায়ামেবারোপয়িতুং তামাহ—শিখণ্ডিনীতি। যত্তপ্যহং শিখণ্ড্যর্থে ময়া শিখণ্ডিন্যা চ বঞ্চিতস্তথাঽপি ত্বং মা ভৈঃ শিখণ্ডিনি বিষয়ে বিধাস্যে যুবয়োর্ম্মরণং পোষণঞ্চ করিষ্যে ন তু হিংসিষ্যে ইত্যর্থঃ। যথা হে শিখণ্ডিনি! ত্বং মা ভৈঃ, হে বরারোহে! ভার্য্যে! ত্বঞ্চ মা ভৈরিতি দ্বয়োরপি অভয়ং দত্ত্বা জনমধ্যে পৃচ্ছতি ॥১৯॥ ময়েতি। বিধাস্যে করিষ্যে, পরস্য শত্রোর্লোকস্য চ ॥২০—২১॥

ইতি উদ্যোগপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮০॥

মহাভাগে! আমি দশার্ণদেশের রাজা হিরণ্যবর্ম্মাকে বঞ্চিত করিয়াছি। অতএব সত্য কথা বল; সে বিষয়ে যাহা হিতকর, আমি তাহা করিব' ॥২০॥

দ্রুপদরাজা সমস্ত বিষয় জানিয়াও পরের নিকটে নিজের নির্দ্দোষতা প্রকাশের জন্য প্রকাশ্যে মহিষীর নিকট এইরূপ বলিলে, মহিষী দ্রুপদকে বলিতে লাগিলেন'—॥২১॥

———•(⊙)•———

---

* '...নবত্যধিক...' রা মি, '...দ্বিনবত্যধিক...' বা ব।

একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ।

ভীষ্ম উবাচ ।

ততঃ শিখণ্ডিনো মাতা যথাতত্ত্বং নরাধিপ ! ।
আচচক্ষে মহাবাহো ! ভর্ত্রে কন্যাং শিখণ্ডিনীম্ ॥১॥
অপুত্রয়া ময়া রাজন্ ! সপত্নীনাং ভয়াদিদম্ ।
কন্যা শিখণ্ডিনী জাতা পুরুষো বৈ নিবেদিতা ॥২॥
ত্বয়া চৈব নরশ্রেষ্ঠ ! তন্মে প্রীত্যানুমোদিতম্ ।
পুত্রকর্ম্ম কৃতঞ্চৈব কন্যায়াঃ পার্থিবর্ষভ ! ।
ভার্য্যা চোঢ়া ত্বয়া রাজন্ ! দশার্ণাধিপতেঃ সুতা ॥৩॥
ময়া চ প্রত্যভিহিতং দেববাক্যার্থদর্শনাৎ ।
কন্যা ভূত্বা পুমান্ ভাবীত্যেবঞ্চৈতদুপেক্ষিতম্ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। আচচক্ষে উবাচ, ভর্ত্রে দ্রুপদায় ॥১॥
অপুত্রয়েতি। ইদং কৃতমিতি শেষঃ। নিবেদিতা সর্ব্বেভ্য এব জ্ঞাপিতা ॥২॥
ত্বয়েতি। পুত্রকর্ম্ম জাতকর্ম্মাদিকম্। ঊঢ়া বিবাহিতা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥
ময়েতি। কিং তদ্দেববাক্যমিত্যাহ কন্যেতি। এতৎ বিবাহসম্পাদনম্ ॥৪॥

ভীষ্ম বলিলেন—'মহাবাহু রাজা দুর্য্যোধন! তাহার পর শিখণ্ডীর মাতা দ্রুপদরাজার নিকটে শিখণ্ডিনীকে কন্যাই বলিলেন ॥১॥

'রাজা! আমার পুত্র হয় নাই বলিয়া আমি সপত্নীগণের ভয়ে এইরূপ করিয়াছি; শিখণ্ডিনী কন্যা হইয়াই জন্মিয়াছিল, কিন্তু আমি পুরুষ বলিয়া সকলকে জানাইয়াছি ॥২॥

নরশ্রেষ্ঠ রাজপ্রধান রাজা! আপনিও আমার প্রতি প্রণয়বশতঃ সে বিষয়ে অনুমোদন করিয়া কন্যাটীর পুত্রকর্ম্ম করিয়াছিলেন এবং দশার্ণরাজের কন্যার সহিত উহার বিবাহও দিয়াছেন ॥৩॥

"প্রথমে কন্যা হইয়া পরে পুরুষ হইবে" এইরূপ মহাদেবের বাক্যের উপরে বিশ্বাস করিয়াই আমি ঐরূপ বলিয়াছিলাম এবং উহার বিবাহে উপেক্ষা করিয়াছিলাম' ॥৪॥

(২)…পুরুষো বৈ নিবেদিতঃ—পি।

এতচ্ছ্রুত্বা দ্রুপদো যজ্ঞসেনঃ সর্ব্বং তত্ত্বং মন্ত্রিবিদ্ভ্যো নিবেদ্য।
মন্ত্রং রাজা মন্ত্রয়ামাস রাজন্! যথাযুক্তং রক্ষণে বৈ প্রজানাম্ ॥৫॥
সম্বন্ধকঞ্চৈব সমর্থ্য তস্মিন্ দাশার্ণকে বৈ নৃপতৌ নরেন্দ্র!।
স্বয়ং কৃত্বা বিপ্রলম্ভং যথাবন্মন্ত্রৈকাগ্রো নিশ্চয়ং বৈ জগাম ॥৬॥
স্বভাবগুপ্তং নগরমাপৎকালে তু ভারত!।
গোপয়ামাস রাজেন্দ্র! সর্ব্বতঃ সমলঙ্কৃতম্ ॥৭॥
আর্ত্তিঞ্চ পরমাং রাজা জগাম সহ ভার্য্যয়া।
দশার্ণপতিনা সার্দ্ধং বিরোধে ভরতর্ষভ! ॥৮॥
কথং সম্বন্ধিনা সার্দ্ধং ন মে স্যাদ্বিগ্রহো মহান্।
ইতি সঞ্চিন্ত্য মনসা দেবতামর্চ্চয়ত্তদা ॥৯॥
তন্তু দৃষ্ট্বা তদা রাজন্! দেবী দেবপরং তদা।
অর্চ্চাং প্রযুঞ্জানমথো ভার্য্যা বচনমব্রবীৎ ॥১০॥

ভারতকৌমুদী

এতদিতি। মন্ত্রিবিদ্ভ্যঃ স্বকীয়েভ্যঃ। প্রজানাং রক্ষণে স্বরাজ্যরক্ষা ইত্যর্থঃ ॥৫॥
সম্বন্ধকমিতি। সমর্থ্য কুলাদ্ব্যপদেশেনোপপাদ্য। বিপ্রলম্ভং প্রতারণাম্ ॥৬॥
স্বেতি। স্বভাবেন গুপ্তং রক্ষিতমপি। গোপয়ামাস আধিক্যেন ররক্ষ ॥৭॥
আর্ত্তিমিতি। আর্ত্তিমুদ্বেগপীড়াম্, রাজা দ্রুপদঃ, জগাম প্রাপ ॥৮॥
কথমিতি। সম্বন্ধিনা বৈবাহিকেন হিরণ্যবর্ম্মণা। বিগ্রহো যুদ্ধম্ ॥৯॥
তমিতি। দেবী রাজ্ঞী, দেবপরম্ ইষ্টদেবতাগতচিত্তম্। প্রযুঞ্জানং কুর্বাণম্ ॥১০॥

রাজা! ইহা শুনিয়া যজ্ঞসেন দ্রুপদরাজা সমস্ত সত্য ঘটনা মন্ত্রীদিগকে জানাইয়া রাজ্যরক্ষার বিষয়ে উপযুক্ত মন্ত্রণা করিতে লাগিলেন ॥৫॥

নরনাথ! দ্রুপদরাজা নিজে প্রতারণা করিয়াও দশার্ণরাজের সহিত সেই সম্বন্ধস্থাপনের বিষয় সমর্থন করিয়া একাগ্রচিত্তে মন্ত্রণাপূর্বক কর্ত্তব্য স্থির করিলেন ॥৬॥

ভরতনন্দন রাজশ্রেষ্ঠ! রাজধানীটী স্বভাবতঃ রক্ষিত থাকিলেও সেই বিপদের সময়ে সর্বপ্রকারে অলঙ্কৃত করিয়া আরও সুরক্ষিত করিলেন ॥৭॥

ভরতশ্রেষ্ঠ! ভার্য্যার সহিত দ্রুপদরাজা দশার্ণরাজের সহিত বিরোধে গুরুতর উদ্বেগ ভোগ করিতে লাগিলেন ॥৮॥

কি করিয়া বৈবাহিক হিরণ্যবর্ম্মার সহিত আমার গুরুতর যুদ্ধ না হয় ইহা ভাবিয়া দ্রুপদরাজা মনে মনে তখন ইষ্টদেবতার পূজা করিতে থাকিলেন ॥৯॥

দেবানাং প্রতিপত্তিশ্চ সত্যা সাধুমতা সদা।
কিমু দুঃখার্ণবং প্রাপ্য তস্মাদর্চ্চয়তাং গুরূন্ ॥১১॥
দৈবতানি চ সর্বাণি পূজ্যন্তাং ভূরিদক্ষিণম্।
অগ্নয়শ্চাপি হূয়ন্তাং দাশার্ণপ্রতিষেধনে ॥১২॥
অযুদ্ধেন নিবৃত্তিঞ্চ মনসা চিন্তয় প্রভো!।
দেবতানাং প্রসাদেন সর্বমেতদ্ভবিষ্যতি ॥১৩॥
মন্ত্রিভির্মন্ত্রিতং সার্দ্ধং ত্বয়া পৃথুললোচন!।
পুরস্যাস্যাবিনাশায় যচ্চ রাজংস্তথা কুরু ॥১৪॥

ভারতকৌমুদী

দেবানামিতি। সাধুমতা মঙ্গলযুক্তেনাপি জনেন, সদা, সত্যা সত্যফলিকা, দেবানাং প্রতিপত্তিঃ পূজা কর্ত্তব্যেতি শেষঃ। দুঃখার্ণবং প্রাপ্য স্থিতানাং জনানাং সম্বন্ধে কিমু বক্তব্যমস্তি। তস্মাৎ দেবান্ গুরূংশ্চ ভবানর্চ্চয়তাম্, বিপন্নিবারণায় ॥১১॥

দৈবতানীতি। ভূরির্দক্ষিণা যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা। দাশার্ণো হিরণ্যবর্ম্মা ॥১২॥

অযুদ্ধেনেতি। নিবৃত্তিং হিরণ্যবর্ম্মণঃ। প্রসাদেন পূজনিবন্ধনানুগ্রহেণ ॥১৩॥

মন্ত্রিভিরিতি। হে পৃথুললোচন! বিশালনয়ন! তথা তাদৃশং কার্য্যম্ ॥১৪॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৫॥ সম্বন্ধকং সমর্থ্য যুক্তমেব সাম্বন্ধিকং ময়া কৃতং ন প্রতারণা কৃতেতি উপপাদ্য ॥৬—৯॥ দেবী রাজ্ঞী ॥১০॥ সাধুমতা কল্যাণবতাপি দেবানাং প্রতিপত্তিঃ পূজা নিত্যং কর্ত্তব্যেতি শেষঃ। কিমু দুঃখার্ণবং প্রাপ্য কর্ত্তব্যেতি তস্মাৎ ভবান্ গুরূন্ দেবারাধনার্থং ব্রাহ্মণান্ অর্চ্চয়তাং পূজয়তু ॥১১॥ ভূরিদক্ষিণং যথা স্যাত্তথা প্রতিষেধনে পরাবৃত্ত্যর্থম্

রাজা! তখন দ্রুপদকে দেবতাপরায়ণ ও দেবপূজা করিতে দেখিয়া তাঁহার মহিষী এই কথা বলিলেন—॥১০॥

'যিনি মঙ্গলে আছেন, তাঁহারও সর্ব্বদা যথার্থফলজনক দেবতাপূজা করা কর্ত্তব্য; তাহাতে দুঃখসাগরে পতিত ব্যক্তিদের কথা আর কি বলিব। অতএব আপনি দেবপূজা ও গুরুপূজা উভয়ই করুন ॥১১॥

দশার্ণরাজের নিবারণের জন্য আপনি প্রচুর দক্ষিণা দিয়া দেবপূজা করুন এবং অগ্নিতে হোম করুন ॥১২॥

আর রাজা! আপনি মনে মনে চিন্তা করুন যে, দশার্ণরাজ বিনা যুদ্ধে ফিরিয়া যান। সে যাহা হউক, দেবতাদের অনুগ্রহে এ সমস্তই আপনার হইবে ॥১৩॥

---

(১১)…সত্যং সাধুমতা সতাম্…বা ব রা নি। (১২)…ভূরিদক্ষিণৈঃ…পি। (১৪)…পুরস্যাস্যাবিনাশার্থম্…পি।

দৈবং হি মানুষোপেতং ভৃশং সিধ্যতি পার্থিব !।
পরস্পরবিরোধাদ্ধি সিদ্ধিয়ন্তি ন চৈতয়োঃ ॥১৫॥
তস্মাদ্বিধায় নগরে বিধানং সচিবৈঃ সহ।
অর্চ্চয়স্ব যথাকামং দৈবতানি বিশাংপতে ! ॥১৬॥
এবং সম্ভাষমাণৌ তৌ দৃষ্ট্বা শোকপরায়ণৌ।
শিখণ্ডিনী তদা কন্যা ব্রীড়িতেব তপস্বিনী ॥১৭॥
ততঃ সা চিন্তয়ামাস মৎকৃতে দুঃখিতাবুভৌ।
ইমাবিতি ততশ্চক্রে মতিং প্রাণবিনাশনে ॥১৮॥
এবং সা নিশ্চয়ং কৃত্বা ভৃশং শোকপরায়ণা।
নির্জগাম গৃহং ত্যক্ত্বা গহনং নির্জনং বনম্ ॥১৯॥
যক্ষেণর্দ্ধিমতা রাজন্ ! স্থূণাকর্ণেন পালিতম্।
তদ্ভয়াদেব চ জনো বিসর্জয়তি তদ্বনম্ ॥২০॥

ভারতকৌমুদী

দৈবমিতি। মানুষোপেতং পুরুষকারযুক্তম্। এতয়োঃ পৃথক্ কৃতয়োঃ ॥১৫॥
তস্মাদিতি। বিধানং রক্ষায়াঃ। বিশাং প্রজানাম্ ॥১৬॥
এবমিতি। ব্রীড়িতা লজ্জিতেবাভবৎ, তপস্বিনী শোচ্যা ॥১৭॥
তত ইতি। মৎকৃতে মন্নিমিত্তে। ইমৌ মাতাপিতরৌ ॥১৮॥
এবমিতি। সা শিখণ্ডিনী। গহনং নিবিড়ম্ ॥১৯॥

বিশালনয়ন রাজা! এই রাজধানীরক্ষার জন্য আপনি মন্ত্রিগণের সহিত যে মন্ত্রণা করিয়াছেন, তদনুসারে কার্য্য করুন ॥১৪॥

রাজা! পুরুষকারযুক্ত হইলেই দৈব সিদ্ধি লাভ করে, কিন্তু দৈব ও পুরুষকার পৃথক্ পৃথক্ ভাবে করিলে, পরস্পর বিরোধবশতঃ কার্য্যসিদ্ধি হয় না ॥১৫॥

অতএব নরনাথ! আপনি মন্ত্রিগণের সহিত মিলিত হইয়া রাজধানীর রক্ষাবিধান করিয়া ইচ্ছানুসারে দেবপূজা করুন' ॥১৬॥

রাজা ও রাণী উদ্বিগ্ন হইয়া পরস্পর এইরূপ কথোপকথন করিতেছেন দেখিয়া তখন শোচনীয়া কন্যা শিখণ্ডিনী যেন লজ্জিতা হইল ॥১৭॥

তাহার পর সে চিন্তা করিল যে, 'আমার জন্যই ইহারা দুইজন দুঃখ ভোগ করিতেছেন'। সেই জন্যই সে প্রাণত্যাগে ইচ্ছা করিল ॥১৮॥

অত্যন্ত শোকপরায়ণা শিখণ্ডিনী এইরূপ নিশ্চয় করিয়া গৃহত্যাগপূর্ব্বক নিবিড় নির্জন বনে গমন করিল ॥১৯॥

তত্র চ স্থূণভবনং সুধামৃত্তিকলেপনম্।
লাজোল্লাপিতধূপাঢ্যমুচ্চপ্রাকারতোরণম্ ॥২১॥
তৎ প্রবিশ্য শিখণ্ডী সা দ্রুপদস্যাত্মজা নৃপ।।
অনশ্নানা বহুতিথং শরীরমুদশোষয়ৎ ॥২২॥
দর্শয়ামাস তাং যক্ষঃ স্থূণো মার্দ্দবসংযুতঃ।
কিমর্থোঽয়ং তবারম্ভঃ করিষ্যে ব্রূহি মা চিরম্ ॥২৩॥

ভারতকৌমুদী

যক্ষেণেতি। ঋদ্ধিমতা ধনিনা, স্থূণাকর্ণেন তদাখ্যেন যক্ষেণ পালিতং তদ্বনং তদ্ভয়াদেব চ জনঃ বিসর্জয়তি পরিহরতি ॥২০॥

তত্রেতি। তত্র চ বনে, সুধা চূর্ণং মৃত্তিকা চ বালুকা তয়োর্মিশ্রিতয়োর্লেপ ইতি সুধা-মৃত্তিকো লেপস্তস্য লেপনং যস্মিংস্তৎ, লাজং বীরণমূলম্ উল্লাপিতং ঘৃষ্টচন্দনং ধূপঃ সর্জ্জরসশ্চ তৈরাঢ্যং তত্তৎসৌরভপূর্ণমিত্যর্থঃ, তথা উচ্চানি প্রাকারতোরণানি যস্য তত্তাদৃশঞ্চ, স্থূণস্য স্থূণাকর্ণস্য ভবনমাসীদিতি শেষঃ। "লাজং পুনরুশীরকে" ইতি হেমচন্দ্রঃ, "উল্লাপিতং ভবেদ্-গন্ধঃ" ইতি ব্যাড়িঃ ॥২১॥

তদিতি। তদ্ভবনম্। শিখণ্ডীতি ভাবিপুরুষত্বাৎ পুংস্ত্বমিতি প্রাগপ্যুক্তম্ ॥২২॥

ভারতভাবদীপঃ

॥১২—২০॥ সুধামৃত্তিকলেপনং সুধাচূর্ণং সৈব মৃত্তিকা তয়া লেপনং যস্য। লাজোল্লাপিকঃ লাজানি উশীরাণি উল্লাপয়তি সূচয়তীতি লাজোল্লাপিকঃ উশীরপরিমলযুক্তধূমাঢ্যমিত্যর্থঃ। "উশীরে লাজমুদ্দিষ্ট"মিতি বিশ্বঃ ॥২১—৩০॥

ইতি উদ্যোগপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮১॥

রাজা! 'স্থূণাকর্ণ'-নামক একজন সম্পত্তিশালী যক্ষ সেই বনটাকে রক্ষা করিত; সুতরাং তাহার ভয়েই মানুষ এখনও সেই বন পরিত্যাগ করিয়া থাকে ॥২০॥

সেই বনের ভিতরে স্থূণাকর্ণের একটী বাড়ী ছিল; চূণ ও বালি দিয়া তাহা লেপা ছিল, তাহার প্রাচীর ও তোরণ উচ্চ ছিল এবং তাহা হইতে বিল্লার মূল, চন্দন ও ধূপের গন্ধ বাহির হইতেছিল ॥২১॥

রাজা। দ্রুপদকন্যা শিখণ্ডিনী সেই বাড়ীতে প্রবেশ করিয়া বহুদিন যাবৎ ভোজন না করিয়া শরীরটাকে শুষ্ক করিয়া ফেলিল ॥২২॥

একদিন দয়ালু স্থূণাকর্ণ আসিয়া শিখণ্ডিনীকে দর্শন দান করিল (এবং বলিল—) 'তোমার এই উদ্যম কিসের জন্য? আমি তোমার উদ্দেশ্য সম্পাদন করিব, বল, বিলম্ব করিও না' ॥২৩॥

(২১)···লাজোল্লাপিকধূমাঢ্যম্···বা ব রা নি।

অশক্যমিতি সা যক্ষং পুনঃ পুনরুবাচ হ।
করিষ্যামীতি বৈ ক্ষিপ্রং প্রত্যুবাচাথ গুহ্যকঃ ॥২৪॥
ধনেশ্বরস্যানুচরো বরদোঽস্মি নৃপাত্মজে।।
অদেয়মপি দাস্যামি ব্রূহি যত্তে বিবক্ষিতম্ ॥২৫॥
ততঃ শিখণ্ডী তৎসর্বমখিলেন ন্যবেদয়ৎ।
তস্মৈ যক্ষপ্রধানায় স্থূণাকর্ণায় ভারত! ॥২৬॥

শিখণ্ড্যুবাচ।

আপন্নো মে পিতা যক্ষ! ন চিরান্নাশমেষ্যতি।
অভিযাস্যতি সক্রোধো দশার্ণাধিপতির্হি তম্ ॥২৭॥
মহাবীর্যো মহোৎসাহঃ সহেমকবচো নৃপঃ।
তস্মাদ্রক্ষস্ব মাং যক্ষ! মাতরং পিতরঞ্চ মে ॥২৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দর্শেতি। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ। করিষ্যে তব কার্য্যম্ ॥২৩॥

অশক্যমিতি। মৎকার্য্যং ভবতা কর্তুমশক্যমিত্যর্থঃ। গুহ্যকো যক্ষঃ স্থূণঃ ॥২৪॥

ধনেতি। ধনেশ্বরস্য কুবেরস্য, বরদো বরদানসমর্থঃ, যক্ষত্বাদেব ॥২৫॥

তত ইতি। অখিলেন অপ্রহতেন অবাধেনেত্যর্থঃ, "খিলমপ্রহতে ক্লীবং সারসংক্ষিপ্ত-বেধসোঃ" ইতি মেদিনী ॥২৬॥

আপন্ন ইতি। আপন্ন আপদং প্রাপ্তঃ। সহেমকবচঃ স্বর্ণবর্ম্মাবৃতঃ ॥২৭—২৮॥

তখন শিখণ্ডিনী বার বার সেই যক্ষকে বলিল—'আপনি আমার উদ্দেশ্য সম্পাদন করিতে সমর্থ হইবেন না'। তাহাতে যক্ষ বলিল—'আমি সত্বরই করিব' ॥২৪॥

রাজকন্যা! আমি কুবেরের অনুচর; তাই বর দান করিতেও সমর্থ। অতএব আমি অদেয় বস্তুও তোমাকে দান করিব। সুতরাং তোমার যাহা বলিবার ইচ্ছা হয়, তাহা বল' ॥২৫॥

ভরতনন্দন! তাহার পর শিখণ্ডী সেই যক্ষশ্রেষ্ঠ স্থূণাকর্ণের নিকট অবাধে সেই সমস্ত বৃত্তান্ত জানাইল ॥২৬॥

শিখণ্ডী বলিল—'যক্ষ! আমার পিতা বিপদাপন্ন হইয়াছেন। সুতরাং তিনি অচিরকালমধ্যেই ধ্বংস প্রাপ্ত হইবেন। কারণ, অত্যন্ত উৎসাহশালী, স্বর্ণকবচধারী ও ক্রুদ্ধ দশার্ণদেশাধিপতি রাজা হিরণ্যবর্ম্মা আমার নিমিত্তই

(২৭) অপুত্রো মে পিতা যক্ষ!...পি বা ব রা। (২৮) মহাবলো মহোৎসাহঃ...পি ব ব রা।

প্রতিজ্ঞাতো হি ভবতা দুঃখপ্রতিশমো মম।
ভবেয়ং পুরুষো যক্ষ! ত্বৎপ্রসাদাদনিন্দিতঃ ॥২৯॥
যাবদেব স রাজা বৈ নোপযাতি পুরং মম।
তাবদেব মহাযক্ষ! প্রসাদং কুরু গুহ্যক! ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে স্থূণাকর্ণসমাগমে একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

———:*:———

ভীষ্ম উবাচ।
শিখণ্ডিবাক্যং শ্রুত্বা তু স যক্ষো ভরতর্ষভ! ।
প্রোবাচ মনসা চিন্ত্য দৈবেনোপনিপীড়িতঃ ॥১॥

ভারতকৌমুদী

বরদোঽস্মীতি শ্রবণাদ্বরং প্রার্থয়তে প্রতীতি। দুঃখস্য প্রতিশমো নিবৃত্তিঃ ॥২৯॥

যাবদিতি। স রাজা হিরণ্যবর্ম্মা, নোপযাতি আক্রমিতুং নাগচ্ছতি ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

শিখণ্ডীতি। পরত্র কৌরবেতি সম্বোধনাৎ যুগ্মকমেবেদম্। চিন্ত্য চিন্তয়িত্বা। উপ-

---

তাঁহাকে আক্রমণ করিতে আসিবেন। অতএব যক্ষ! আপনি আমাকে, আমার মাতাকে ও পিতাকে রক্ষা করুন ॥২৭—২৮॥

যক্ষ! আপনি আমার দুঃখনিবারণ করিবেন বলিয়া প্রতিজ্ঞা করিয়াছেন। অতএব আমি আপনার অনুগ্রহে অনিন্দিত পুরুষ হইতে চাই ॥২৯॥

মহাযক্ষ! গুহ্যকশ্রেষ্ঠ! সেই দশার্ণরাজ যেপর্য্যন্ত আমাদের রাজধানী আক্রমণ করিতে না আইসেন, তাহার মধ্যেই আপনি আমার প্রতি অনুগ্রহ করুন' ॥৩০॥

———০:::০———

ভীষ্ম বলিলেন—'ভরতশ্রেষ্ঠ কৌরবনন্দন! দৈববিড়ম্বিত সেই যক্ষ শিখণ্ডীর

---

* '...একনবত্যধিক...' রা নি, '...ত্রিনবত্যধিক...' বা ব। (১)...প্রবাধ...বা ব রা নি।

ভবিতব্যং তথা তদ্ধি মম দুঃখায় কৌরব ।।
ভদ্রে ! কামং করিষ্যামি সময়স্তু নিবোধ মে ॥২॥ (যুগ্মকম্)
কিঞ্চিৎ কালান্তরং দাস্যে পুংলিঙ্গং স্বমিদং তব ।
আগন্তব্যং ত্বয়া কালে সত্যঞ্চৈব বদস্ব মে ॥৩॥
প্রভুঃ সঙ্কল্পসিদ্ধোঽস্মি কামচারী বিহঙ্গমঃ ।
মৎপ্রসাদাৎ পুরঞ্চৈব ত্রাহি বন্ধূংশ্চ কেবলম্ ॥৪॥
স্ত্রীলিঙ্গং ধারয়িষ্যামি তবেদং পার্থিবাত্মজে ।।
সত্যং মে প্রতিজানীহি করিষ্যামি প্রিয়ং তব ॥৫॥

শিখণ্ড্যুবাচ ।

প্রতিদাস্যামি ভগবন্ ! পুংলিঙ্গং তব সুব্রত ।।
কিঞ্চিৎ কালান্তরং স্ত্রীত্বং ধারয়স্ব নিশাচর ! ॥৬॥

ভারতকৌমুদী

নিপীড়িতঃ কুবেরশাপবিষয়তাপ্রাপ্তেরিতি ভাবঃ। তৎ ত্বদীয়ং স্ত্রীত্বম্। কামং তবাভীষ্টং স্বৎপুংস্ত্বম্, সময়ং পরস্পরলিঙ্গবিনিময়ে নিয়মম্ ॥১—২॥

সময়মেবাহ কিঞ্চিদিতি। কিঞ্চিৎকালান্তরং কিয়ৎকালার্থম্, "অন্তরমবকাশাবধিপরিধানান্তর্দ্ধিভেদতাদর্থ্যে" ইত্যাঽমরঃ। কালে হিরণ্যবর্ম্মপ্রস্থানানন্তরম্ ॥৩॥

নন্থ লিঙ্গবিনিময়ে কথং ত্বং প্রভবিষ্যসীত্যাহ প্রভুরিতি। প্রভুঃ লিঙ্গবিনিময়ে সমর্থোঽহম্, যেন সঙ্কল্পসিদ্ধোঽস্মি দেবযোনিত্বাৎ। বিহঙ্গমঃ খেচরশ্চ কেবলমিত্যনেন ন পুনশ্চিরং ভার্য্যায়াং রন্তুং শক্যাসীতি সূচিতম্ ॥৪॥

স্ত্রীতি। স্ত্রিয়া লিঙ্গং চিহ্নং ভগমিতি যাবৎ। প্রিয়ং লিঙ্গবিনিময়ম্ ॥৫॥

বাক্য শুনিয়া মনে মনে চিন্তা করিয়া বলিল—'আমার দুঃখের জন্য তাহাই হইবে। ভদ্রে ! আমি তোমার অভীষ্ট সম্পাদন করিব ; কিন্তু আমার নিয়ম শোন ॥১—২॥

আমি কিছু কালের জন্য আমার এই পুংচিহ্ন তোমাকে দান করিব। কিন্তু তুমি যথাসময়ে আবার এখানে আসিবে, ইহা আমার নিকট সত্য বল ॥৩॥

দেখ, আমি লিঙ্গবিনিময় করিতে সমর্থ হইব। কেন না, আমি সঙ্কল্পসিদ্ধ, কামচারী ও আকাশগামী। সুতরাং তুমি আমার অনুগ্রহে কেবল রাজধানী ও বন্ধুগণকে রক্ষা কর ॥৪॥

রাজকন্যে ! আমি তোমার এই স্ত্রীচিহ্ন ধারণ করিব। অতএব তুমি সত্য প্রতিজ্ঞা কর ; তাহা হইলে আমি তোমার প্রিয় কার্য্য করি' ॥৫॥

(৩) কিঞ্চিৎকালান্তরে···বা ব রা, কিঞ্চিৎকালন্তু তে···নি।

প্রতিযাতে দশার্ণে তু পার্থিবে হেমবর্ম্মণি।
কন্যৈব হি ভবিষ্যামি পুরুষত্বং ভবিষ্যসি ॥৭॥

ভীষ্ম উবাচ।

ইত্যুক্ত্বা সময়ং তত্র চক্রাতে তাবুভৌ নৃপ!।
অথান্যোন্যস্যাভিপ্রেতে তৌ সংক্রাময়তাং ততঃ ॥৮॥
স্ত্রীলিঙ্গং ধারয়ামাস স্থূণো যক্ষোঽথ ভারত!।
যক্ষরূপঞ্চ তদ্দীপ্তং শিখণ্ডী প্রত্যপদ্যত ॥৯॥
ততঃ শিখণ্ডী পাঞ্চাল্যঃ পুংস্ত্বমাসাদ্য পার্থিব!।
বিবেশ নগরং হৃষ্টঃ পিতরঞ্চ সমাসদৎ ॥১০॥

ভারতকৌমুদী

প্রতিযানীতে প্রতীতি। ভগবন্! অষ্টবিধৈশ্বর্য্যশালিন্!। কিঞ্চিৎকালান্তরং কিয়ৎকালার্থম্ ॥৬॥

প্রতীতি। হেমবর্ম্মণি হিরণ্যবর্ম্মণি। কন্যেতি লিঙ্গবিনিময়াদিত্যাশয়ঃ ॥৭॥

ইতীতি। সময়ং শপথম্। অভিপ্রেতে লিঙ্গে। সংক্রাময়তামিত্যাড়াগমাভাব আর্ষঃ ॥৮॥

স্ত্রীতি। স্থূণঃ স্থূণাকর্ণঃ। দীপ্তমুজ্জ্বলম্, প্রত্যপদ্যত প্রাপ্নোৎ ॥৯॥

তত ইতি। নগরং কাম্পিল্যম্। সমাসদৎ উপাগমৎ ॥১০॥

ভারতভাবদীপঃ

শিখণ্ডীতি। চিন্ত্য চিন্তয়িত্বা ॥১—৩॥ বিহঙ্গমঃ আকাশগামী ॥৪—৭॥ সময়ং শপথং সম্বেহে লিঙ্গে সম্যগ্‌দিষ্টেতে উপচীয়েতে রতিকালে প্রথেতে ইতি ব্যুৎপত্তেঃ। অভি-

শিখণ্ডী বলিল—'ভগবন্! সুব্রত! আমি আপনার পুংচিহ্ন ফিরাইয়া দিব। অতএব নিশাচর! আপনি কিছুকালের জন্য আমার এই স্ত্রীচিহ্ন ধারণ করুন' ॥৬॥

তা'র পর দশার্ণাধিপতি রাজা হিরণ্যবর্ম্মা ফিরিয়া গেলে, আমি আবার স্ত্রী হইব এবং আপনিও পুরুষ হইবেন' ॥৭॥

ভীষ্ম বলিলেন—'রাজা! এই কথা বলিয়া তাহারা দুই জনই সে বিষয়ে শপথ করিল এবং তৎপরে পরস্পরের অভীষ্ট লিঙ্গবিনিময় করিল ॥৮॥

ভরতনন্দন! তাহার পর যক্ষ স্থূণাকর্ণ স্ত্রীচিহ্ন সকল ধারণ করিল এবং শিখণ্ডী সেই উজ্জ্বল যক্ষরূপ প্রাপ্ত হইল ॥৯॥

রাজা! তদনন্তর পাঞ্চালরাজপুত্র শিখণ্ডী পুরুষত্ব লাভ করিয়া আনন্দিত হইয়া যাইয়া আপন রাজধানীতে প্রবেশ করিল এবং পিতার নিকট যাইয়া উপস্থিত হইল ॥১০॥

(৮)...অন্যোন্যস্যাভিসন্দেহে...ব ব ম,...অন্যোন্যস্যানভিদ্রোহে...নি।

যথাবৃত্তন্তু তৎ সর্বমাচখ্যৌ দ্রুপদস্য তৎ।
দ্রুপদস্তস্য তচ্ছ্রুত্বা হর্ষমাহারয়ৎ পরম্ ॥১১॥
সভার্য্যস্তচ্চ সস্মার মহেশ্বরবচস্তদা।
ততঃ সংপ্রেষয়ামাস দশার্ণাধিপতের্নৃপঃ ॥১২॥
পুরুষোঽয়ং মম সুতঃ শ্রদ্ধত্তাং মে ভবানিতি।
অথ দাশার্ণকো রাজা সহসাভ্যাগমত্তদা ॥১৩॥
পাঞ্চালরাজং দ্রুপদং দুঃখশোকসমন্বিতঃ।
ততঃ কাম্পিল্লমাসাদ্য দশার্ণাধিপতিস্ততঃ ॥১৪॥
প্রেষয়ামাস সংকৃত্য দূতং ব্রহ্মবিদাং বরম্।
ব্রূহি মদ্বচনাতদ্দূ! পাঞ্চাল্যং তং নৃপাধমম্ ॥১৫॥ (বিশেষকম্)
যন্মে কন্যাং স্বকন্যার্থে বৃতবানসি দুর্মতে!।
ফলং তস্যাবলেপস্য দ্রক্ষ্যস্যদ্য ন সংশয়ঃ ॥১৬॥

ভারতকৌমুদী

যথেতি। আহারয়ৎ অধারয়ৎ, পরমত্যন্তম্ ॥১১॥
সভার্য্য ইতি। তচ্চ "কন্যা ভূত্বা পুমান্ ভাবী" ইতি। নৃপো দ্রুপদঃ ॥১২॥
পুরুষ ইতি। শ্রদ্ধত্তাং বাক্যং বিশ্বসিতু। ততঃ পরম্, কাম্পিলং তদাখ্যং দ্রুপদনগরম্। ততঃ স্থানাৎ। ব্রহ্মবিদাং বরং ব্রাহ্মণশ্রেষ্ঠম্ ॥১৩—১৫॥
যদিতি। বৃতবান্ গৃহীতবান্। অবলেপস্য প্রতারণায়াঃ ॥১৬॥

তৎপরে শিখণ্ডী দ্রুপদরাজার নিকটে যথাযথভাবে সেই সমস্ত বৃত্তান্ত বলিল; দ্রুপদও তাহার নিকট সেই সকল বৃত্তান্ত শুনিয়া অত্যন্ত আনন্দ লাভ করিলেন ॥১১॥

তখন দ্রুপদরাজা মহিষীর সহিত সেই মহাদেবের কথা স্মরণ করিলেন এবং দশার্ণরাজের নিকটে সংবাদ পাঠাইলেন—॥১২॥

'দশার্ণরাজ! আমার এই সন্তান পুরুষ এবং আমার এই কথা আপনি বিশ্বাস করুন'। তখন দুঃখ ও শোকযুক্ত দশার্ণরাজ সত্বর দ্রুপদের অভিমুখে প্রস্থান করিলেন। তৎপরে তিনি কাম্পিল্লনগরের নিকটে যাইয়া সে স্থান হইতে এক জন শ্রেষ্ঠ ব্রাহ্মণকে সম্মানিত করিয়া তাঁহাকে প্রেরণ করিলেন (এবং বলিলেন—) 'দূত! আপনি আমার বাক্যানুসারে সেখানে যাইয়া সেই রাজাধম দ্রুপদকে বলুন—॥১৩—১৫॥

'দুর্মতি! তুমি নিজের কন্যার জন্য যে আমার কন্যা গ্রহণ করিয়াছ, আজ সেই প্রতারণার ফল দেখিতে পাইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥১৬॥

এবমুক্তশ্চ তেনাসৌ ব্রাহ্মণো রাজসত্তম!।
দূতঃ প্রয়াতো নগরং দশার্ণনৃপচোদিতঃ ॥১৭॥
তত আসাদয়ামাস পুরোধা দ্রুপদং পুরে।
তস্মৈ পাঞ্চালকো রাজা গামর্ঘ্যঞ্চ সুসংকৃতম্ ॥১৮॥
প্রাপয়ামাস রাজেন্দ্র! সহ তেন শিখণ্ডিনা।
তাং পূজাং নাভ্যনন্দৎ স বাক্যঞ্চেদমুবাচ হ ॥১৯॥ (যুগ্মকম্)
যদুক্তং তেন বীরেণ রাজ্ঞা কাঞ্চনবর্ম্মণা।
যত্তেঽহমধমাচার! দুহিত্রাস্ম্যভিবঞ্চিতঃ ॥২০॥
তস্য পাপস্য করণাৎ ফলং প্রাপ্নুহি দুর্ম্মতে!।
দেহি যুদ্ধং নরপতে! মমাদ্য রণমূর্দ্ধনি ॥২১॥ (যুগ্মকম্)
উদ্ধরিষ্যামি ত্বাং সদ্যঃ সামাত্যসুতবান্ধবম্।
তদুপালম্ভসংযুক্তং শ্রাবিতঃ কিল পার্থিবঃ ॥২২॥

ভারতকৌমুদী

এবমিতি। দশার্ণনৃপেণ চোদিতঃ প্রেরিতঃ ॥১৭॥

তত ইতি। আসাদয়ামাস প্রাপ, পুরোধাঃ পুরোহিতো দূতঃ। প্রাপয়ামাস উপস্থাপয়ামাস। শিখণ্ডিনঃ প্রেরণং তৎপুংস্বদর্শনার্থম্। নাভ্যনন্দৎ নাগৃহ্ণাৎ ॥১৮—১৯॥

যদিতি। যদুক্তং তচ্ছৃণ্বিতি শেষঃ। কাঞ্চনবর্ম্মণা হিরণ্যবর্ম্মণা। করণাদ্বিধানাৎ ॥২০ ২১॥

রাজশ্রেষ্ঠ! হিরণ্যবর্ম্মা এইরূপ বলিলে, সেই দূত ব্রাহ্মণ তাঁহার আদেশে রাজধানীর মধ্যে গমন করিলেন ॥১৭॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর সেই পুরোহিত নগরের ভিতরে দ্রুপদের নিকট উপস্থিত হইলেন। তখন দ্রুপদরাজা সম্মান করিয়া সেই ব্রাহ্মণের নিকটে শিখণ্ডীর সহিত একটী গরু ও অর্ঘ্য নিয়া উপস্থিত করিলেন; কিন্তু সে ব্রাহ্মণ সেই পূজা গ্রহণ করিলেন না এবং এই কথা বলিলেন—॥১৮—১৯॥

'বীর ও রাজা হিরণ্যবর্ম্মা যাহা বলিয়া দিয়াছেন, তাহা আপনি শ্রবণ করুন—হে জঘন্যাচার! তুমি কন্যাদ্বারা আমাকে যে বঞ্চিত করিয়াছ, এখন সেই পাপের ফল লাভ কর। দুর্মতি রাজা! অদ্যই সমরাঙ্গনে আমার সহিত যুদ্ধ কর ॥২০—২১॥

আমি তোমাকে সদ্যই অমাত্য, পুত্র ও বন্ধুবর্গের সহিত উৎখাত করিব'। দশার্ণরাজের উক্ত তিরস্কারযুক্ত এইরূপ অনেক বাক্যই পুরোহিত দ্রুপদ-

(১৭)···দাশার্ণনৃপচোদিতঃ—বা ব রা নি। (২২)···তে সদ্যঃ···বা ব রা নি।

দশার্ণপতিনা চোক্তো মন্ত্রিমধ্যে পুরোধসা।
অভবদ্ভরতশ্রেষ্ঠ! দ্রুপদঃ প্রণয়ানতঃ ॥২৩॥ (যুগ্মকম্)
যদাহ মাং ভবান্ ব্রহ্মন্! সম্বন্ধিবচনাদ্বচঃ।
অস্যোত্তরং প্রতিবচো দূতো রাজ্ঞে বদিষ্যতি ॥২৪॥
ততঃ সংপ্রেষয়ামাস দ্রুপদোঽপি মহাত্মনে।
হিরণ্যবর্ম্মণে দূতং ব্রাহ্মণং বেদপারগম্ ॥২৫॥
তমাগম্য তু রাজানং দশার্ণাধিপতিং তদা।
তদ্বাক্যমাদদে রাজন্! যদুক্তং দ্রুপদেন হ ॥২৬॥
আগমঃ ক্রিয়তাং ব্যক্তঃ কুমারোঽয়ং সুতো মম।
মিথ্যৈতদুক্তং কেনাপি তদশ্রদ্ধেয়মিত্যুত ॥২৭॥
ততঃ স রাজা দ্রুপদস্য শ্রুত্বা বিমর্শযুক্তো যুবতীর্বরিষ্ঠাঃ।
সংপ্রেষয়ামাস সুচারুরূপাঃ শিখণ্ডিনং স্ত্রীপুমান্ বেতি বেত্তুম্ ॥২৮॥

ভারতকৌমুদী

উদিতি। উপানহৃত্তিরস্কারঃ। পুরোধসা শ্রাবিত ইতি সম্বন্ধঃ ॥২২—২৩॥
যদিতি। উত্তরম্ উত্তমম্, দূতো মদীয়ঃ, রাজ্ঞে হিরণ্যবর্ম্মণে ॥২৪॥
তত ইতি। ব্রাহ্মণদূতস্য বিপৎসম্ভাবনা নাস্তীতি তৎপ্রেরণম্ ॥২৫॥
তমিতি। আদদে জগ্রাহ উবাচেত্যর্থঃ, স ব্রাহ্মণদূত ইতি শেষঃ ॥২৬॥
আগম ইতি। আগমঃ পরীক্ষা, ব্যক্তঃ প্রকাশঃ। এতদস্য কন্যাত্বম্ ॥২৭॥

রাজাকে শুনাইলেন। ভরতশ্রেষ্ঠ! তখন দ্রুপদরাজা সৌহার্দ্দবশতই অবনত হইলেন (এবং বলিলেন—) ॥২২—২৩॥

'ব্রাহ্মণ! আপনি বৈবাহিকমহাশয়ের বাক্য অনুসারে আমাকে যে সকল কথা বলিলেন, ইহার উৎকৃষ্ট উত্তর আমার দূত যাইয়া আপনাদের রাজাকে বলিবে' ॥২৪॥

তাহার পর দ্রুপদরাজাও মহাত্মা হিরণ্যবর্ম্মার নিকটে একজন বেদপারদর্শী ব্রাহ্মণকে দূতরূপে পাঠাইলেন ॥২৫॥

রাজা! তখন সেই ব্রাহ্মণ দশার্ণরাজের নিকট যাইয়া—দ্রুপদ যাহা বলিয়া দিলেন, সেই কথা বলিলেন—॥২৬॥

'রাজা! আপনি প্রকাশ্যভাবে পরীক্ষা করুন, আমার এই সন্তান পুরুষ। সুতরাং ইহার স্ত্রীত্বের বিষয় কেহ আপনার নিকট মিথ্যা বলিয়াছে। অতএব তাহা বিশ্বাস করিবেন না' ॥২৭॥

(২৫)···মহাত্মবান্···পি।

তাঃ প্রেষিতাস্তত্র ভাবং বিদিত্বা প্রীত্যা রাজ্ঞে তচ্ছশংসুর্হি সর্বম্।
শিখণ্ডিনং পুরুষং কৌরবেন্দ্র ! দশার্ণরাজায় মহানুভাবম্ ॥২৯॥
ততঃ কৃত্বা তু রাজা স আগমং প্রীতিমানথ।
সম্বন্ধিনা সমাগম্য হৃষ্টো বাসমুবাস হ ॥৩০॥
শিখণ্ডিনে চ মুদিতঃ প্রাদাদ্বিত্তং জনেশ্বরঃ।
হস্তিনোঽশ্বাংশ্চ গাশ্চৈব দাসীর্বহুশতাস্তথা।
পূজিতশ্চ প্রতিযযৌ নির্ভৎর্স্য তনয়াং কিল ॥৩১॥
বিনীতকিল্বিষে প্রীতে হেমবর্ম্মণি পার্থিবে।
প্রতিযাতে দশার্ণে তু হৃষ্টরূপা শিখণ্ডিনী ॥৩২॥

ভারতকৌমুদী

তত ইতি। বিমর্শযুক্তো বিবেকশালী, যুবতীর্বেশ্যাভূতাঃ ॥২৮॥

তা ইতি। ভাবং শিখণ্ডিনঃ পুরুষত্বম্। মহানুভাবঃ প্রভাবো রমণশক্তির্যস্য তম্ ॥২৯॥

তত ইতি। আগমং পরীক্ষাম্। সম্বন্ধিনা বৈবাহিকেন দ্রুপদেন। উবাস চকার ॥৩০॥

শিখণ্ডিন ইতি। জনেশ্বরো হিরণ্যবর্ম্মা। নির্ভৎর্স্য মিথ্যাভিধানাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

তদনন্তর বুদ্ধিমান্ হিরণ্যবর্ম্মা, দ্রুপদরাজার বাক্য শুনিয়া, শিখণ্ডী স্ত্রী না পুরুষ ইহা জানিবার জন্য কতকগুলি সুন্দরী ও চতুরা যুবতিকে শিখণ্ডীর নিকট পাঠাইয়া দিলেন ॥২৮॥

কৌরবশ্রেষ্ঠ ! শিখণ্ডীর নিকটে প্রেরিত সেই যুবতিরা যাইয়া শিখণ্ডীর পুরুষত্ব ও অতিশয় রমণশক্তির বিষয় জানিয়া আসিয়া আনন্দ সহকারে দশার্ণরাজের নিকট সে সমস্ত বিষয়ই বলিল ॥২৯॥

তাহার পর হিরণ্যবর্ম্মা সেই পরীক্ষার বিষয় শুনিয়া আনন্দিত হইলেন এবং বৈবাহিক দ্রুপদরাজার সহিত মিলিত হইয়া তাঁহার গৃহে কয়েক দিন বাস করিলেন ॥৩০॥

তৎপরে হিরণ্যবর্ম্মা আনন্দ সহকারে শিখণ্ডীকে প্রচুর ধন, হস্তী, অশ্ব, গো ও দাসী দান করিলেন ; তাহার পর সম্মানিত হইয়া আপন কন্যাকে তিরস্কার করিয়া চলিয়া গেলেন ॥৩১॥

দশার্ণরাজ হিরণ্যবর্ম্মা ক্রোধশূন্য ও সন্তুষ্ট হইয়া চলিয়া গেলে, শিখণ্ডী অত্যন্ত আনন্দিত হইল ॥৩২॥

(২৯)...তত্ত্বভাবম্... দাশার্ণরাজায়...বা ব বা নি। (৩০) ততঃ হৃষ্ট তু...বা ব বা নি।
(৩১)...আবোঽশ্ব বহুনা...পি। (৩২)...প্রতি প্রয়াতে দাশার্ণে...পি।

কস্যচিত্ত্বথ কালস্য কুবেরো নরবাহনঃ।
লোকযাত্রাং প্রকুর্বাণঃ স্থূণস্যাগান্নিবেশনম্ ॥৩৩॥
স তদ্‌গৃহস্যোপরি বর্ত্তমান আলোকয়ামাস ধনাধিগোপ্তা।
স্থূণস্য যক্ষস্য বিবেশ বেশ্ম স্বলঙ্কৃতং মাল্যগুণৈর্বিচিত্রৈঃ ॥৩৪॥
লাজৈশ্চ গন্ধৈশ্চ তথা বিতানৈরভ্যর্চ্চিতং ধূপস্থধূপিতঞ্চ।
ধ্বজৈঃ পতাকাভিরলঙ্কৃতঞ্চ ভক্ষ্যান্নপেয়ামিষদত্তমোদম্ ॥৩৫॥ (যুগ্মকম্)
তৎ স্থানং তস্য দৃষ্ট্বা তু সর্বতঃ সমলঙ্কৃতম্।
মণিরত্নসুবর্ণানাং মালাভিঃ পরিপূরিতম্ ॥৩৬॥
নানাকুসুমগন্ধাঢ্যং সিক্তসংমৃষ্টশোভিতম্।
অথাব্রবীদ্‌যক্ষপতিস্তান্ যক্ষানমুগাংস্তদা ॥৩৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বিনীতেতি। বিনীতকিল্বিষে তিরোহিতরোষে। হৃষ্টরূপা বভূবেতি শেষঃ ॥৩২॥

কস্যচিদিতি। কালস্য অতিক্রমে সতীতি শেষঃ। লোকযাত্রাং প্রজাপরিদর্শনম্ ॥৩৩॥

স ইতি। আলোকয়ামাস পরং বিবেশঃ চ। ধনাধিগোপ্তা কুবেরঃ। লাজৈরুশীরৈ ভক্ষ্যৈশ্চর্ব্যৈঃ অন্নৈরোদনৈঃ পেয়ৈঃ শর্করাজলাদিভিঃ আমিষৈর্মাংসৈশ্চ দত্তো মোদ আনন্দো যত্র তৎ। আমিষস্য ভক্ষ্যভোজ্যোভয়রূপত্বেন প্রাধান্যাৎ পৃথগুপাদানম্। কুবেরাভিনন্দনার্থমেবেদং ভবনসজ্জাকরণমিতি বোধ্যম্ ॥৩৪—৩৫॥

তদিতি। স্থানং ভবনম্। যক্ষপতিঃ কুবেরঃ, অনুগাননুচরান্ ॥৩৬—৩৭॥

ভারতভাবদীপঃ

সম্মোহে ইতি পাঠেঽপি সংমূঢ়তে প্রজ্ঞা আভ্যামিতি তে এব ॥৮—২৩॥ উত্তরম্ উৎকৃষ্টতরম্ ॥২৪—২৬॥ আগমঃ পরীক্ষা ॥২৭—৩৪॥ লাজৈঃ উশীরৈঃ। পাঠান্তরে লাজৈরুশীরৈঃ ভক্ষ্যং লড্ডুকেক্ষুদণ্ডাদি দন্তব্যাপারগ্রাহ্যম্। অন্নম্ অদনীয়ম্ ওদনপায়সখণ্ডশর্করাদি ভোজ্যং

তদনন্তর কিছু কাল অতীত হইলে, নরবাহন কুবের প্রজা পরিদর্শন করিতে করিতে স্থূণাকর্ণের ভবনে আগমন করিলেন ॥৩৩॥

কুবের আসিয়া স্থূণাকর্ণের ভবনের উপরে আকাশে থাকিয়া দেখিলেন—যক্ষ স্থূণাকর্ণের ভবনখানি বিচিত্র মাল্য, চন্দ্রাতপ, ধ্বজ ও পতাকাদ্বারা সুন্দর অলঙ্কৃত রহিয়াছে; উশীর, চন্দন ও ধূপদ্বারা সৌরভিত করা হইয়াছে এবং চর্ব্য, খাদ্য, পেয় ও মাংস আমোদ বিতরণ করিতেছে; তৎপরে তিনি সেই ভবনে প্রবেশ করিলেন ॥৩৪—৩৫॥

তখন স্থূণাকর্ণের বাড়ীখানি সকল দিকে অলঙ্কৃত, মণি, রত্ন ও সুবর্ণের

(৩৫)···ধূপনধূপিতঞ্চ···বা ব রা নি।

স্বলঙ্কৃতমিদং বেশ্ম স্থূণস্যামিতবিক্রমাঃ!।
নোপসর্পতি মাঞ্চৈব কস্মাদদ্য স মন্দধীঃ ॥৩৮॥
যস্মাজ্জানন্ স মন্দাত্মা মামসৌ নোপসর্পতি।
তস্মাত্তস্মৈ মহাদণ্ডো ধার্য্যঃ স্যাদিতি মে মতিঃ ॥৩৯॥

যক্ষা ঊচুঃ। †

দ্রুপদস্য সুতা রাজন্! রাজ্ঞো জাতা শিখণ্ডিনী।
তস্যা নিমিত্তে কস্মিংশ্চিৎ প্রাদাৎ পুরুষলক্ষণম্ ॥৪০॥
অগ্রহীল্লক্ষণং স্ত্রীণাং স্ত্রীভূতস্তিষ্ঠতে গৃহে।
নোপসর্পতি তেনাসৌ সব্রীড়ঃ স্ত্রীস্বরূপবান্ ॥৪১॥

ভারতকৌমুদী

স্বিতি। হে অমিতবিক্রমা যক্ষাঃ। স মন্দধীঃ স্থূণঃ ॥৩৮॥
যস্মাদিতি। জানন্ মদাগমনমবগচ্ছন্নপি। ধার্য্যো ময়া কর্ত্তব্যঃ ॥৩৯॥
দ্রুপদস্যেতি। পুরুষলক্ষণম্ আত্মনঃ পুংচিহ্নম্, প্রাদাৎ স্থূণঃ ॥৪০॥
অগ্রহীদিতি। স্ত্রীভূতঃ স্থূণঃ। সব্রীড়ঃ সলজ্জঃ ॥৪১॥

ভারতভাবদীপঃ

লেহ্যকৃণম্। পেয়ং সুরাসবাদি, আমিষং মাংসম্ অভ্যাহিতত্বাং অস্য পকাং পৃথক্করণম্। এতাভ্যেব দত্তহোমা দত্তৈর্হুয়ন্ত ইতি বৃংপত্ত্যা অভ্যবহার্য্যাণি যস্মিন্ তম্, ভক্ষ্যান্নপেয়ামিষ-দত্তহোমম্। আমিষমপ্রমেয়মিতি পাঠস্তু মূর্খকল্পিতঃ ॥৩৫—৪০॥ তিষ্ঠতে গৃহে এব স্থিতোঽস্মি

মালায় পরিপূরিত, নানাবিধ পুষ্পের সৌরভে আমোদিত এবং ধৌত, মার্জ্জিত ও শোভিত দেখিয়া কুবের অনুচর যক্ষগণকে বলিলেন—॥৩৬—৩৭॥

'অমিতবিক্রম যক্ষগণ! স্থূণাকর্ণের এই বাড়ীখানি সুন্দর অলঙ্কৃত হইয়াছে; অথ চ সেই মন্দবুদ্ধি স্থূণাকর্ণ এখনও আমার নিকট আসিতেছে না কেন? ॥৩৮॥

আমার আগমন জানিয়াও যখন সেই মন্দমতি আমার নিকট আসিতেছে না, তখন তাহাকে গুরুতর দণ্ড দান করাই উচিত, ইহাই আমার ধারণা' ॥৩৯॥

যক্ষগণ বলিল—'রাজা! দ্রুপদনৃপতির শিখণ্ডিনীনামে একটী কন্যা জন্মিয়াছিল; স্থূণাকর্ণ কোন কারণে তাহাকে নিজের পুংচিহ্ন দান করিয়াছেন ॥৪০॥

এবং তাহার স্ত্রীলক্ষণ সকল গ্রহণ করিয়াছেন। সুতরাং তিনি এখন স্ত্রীর স্বরূপ ধারণ করিয়া স্ত্রী হইয়া গৃহের ভিতরে রহিয়াছেন। অতএব তিনি লজ্জাবশতঃ আপনার নিকট আসিতে পারিতেছেন না ॥৪১॥

(৩৮)··কস্মাদত্ত সুমন্দধীঃ—পি। † যক্ষ উবাচ—পি। (৪১)···স্ত্রীভূতা···নি।

এতস্মাৎ কারণাদ্রাজন্ ! স্থূণস্ত্বাদ্য ন সর্পতি ।
শ্রুত্বা কুরু যথান্যায়ং বিমানমিহ তিষ্ঠতাম্ ॥৪২॥
আনীয়তাং স্থূণ ইতি ততো যক্ষাধিপোঽব্রবীৎ ।
কর্ত্তাস্মি নিগ্রহং তস্য প্রত্যুবাচ পুনঃ পুনঃ ॥৪৩॥
সোঽভ্যগচ্ছত যক্ষেন্দ্রমাহূতঃ পৃথিবীপতে ! ।
স্ত্রীস্বরূপী মহারাজ ! তস্থৌ ব্রীড়াসমন্বিতঃ ॥৪৪॥
তং শশাপাথ সংক্রুদ্ধো ধনদঃ কুরুনন্দন ! ।
এবমেব ভবত্বস্য স্ত্রীত্বং পাপস্য গুহ্যকাঃ ! ॥৪৫॥
ততোঽব্রবীদ্‌যক্ষপতির্মহাত্মা যস্মাদদাস্ত্বমবমন্যেহ যক্ষান্ ।
শিখণ্ডিনে লক্ষণং পাপবুদ্ধে ! স্ত্রীলক্ষণঞ্চাগ্রহীঃ পাপকর্ম্মন্ ! ॥৪৬॥
অপ্রবৃত্তং সুদুর্বুদ্ধে ! যস্মাদেতত্ত্বয়া কৃতম্ ।
তস্মাদদ্য প্রভৃত্যেব স্ত্রী ত্বং সা পুরুষস্তথা ॥৪৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এতস্মাদিতি । ত্বা ত্বাম্ । বিমানং ভবতো ব্যোমযানম্ ॥৪২॥
আনীয়তামিতি । যক্ষাধিপঃ কুবেরঃ । কর্ত্তাস্মি করিষ্যামি, নিগ্রহং দমনম্ ॥৪৩॥
স ইতি । স স্থূণাকর্ণঃ । স্ত্রীস্বরূপী স্তনকেশাদিমান্ ॥৪৪॥
তমিতি । ধনদঃ কুবেরঃ । হে গুহ্যকাঃ ! যক্ষাঃ ! ॥৪৫॥
তত ইতি । অবমন্য যক্ষেষু প্রশ্নাকরণাৎ । লক্ষণং পুংচিহ্নম্ । অপ্রবৃত্তং পূর্ব্বমজাতম্ । এতৎ লিঙ্গপরিবর্ত্তনম্ । ত্বং স্ত্রী স্থাস্যসি, সা শিখণ্ডিনী পুরুষস্তিষ্ঠেৎ ॥৪৬—৪৭॥

রাজা ! এই কারণে স্থূণাকর্ণ এখন আপনার নিকট আসিতেছেন না। ইহা শুনিয়া—যাহা ন্যায্য হয়, তাহা করুন। আপনার বিমানখানা এই খানেই থাকুক' ॥৪২॥

তাহার পর কুবের বলিলেন—'তোমরা স্থূণাকর্ণকে এইখানে আনয়ন কর, আমি তাহাকে দমন করিব'। এই কথা তিনি বার বার বলিয়াছিলেন ॥৪৩॥

মহারাজ দুর্য্যোধন ! স্ত্রীরূপধারী স্থূণাকর্ণ আহূত হইয়া কুবেরের নিকট আগমন করিল এবং লজ্জিত হইয়া দাঁড়াইয়া রহিল ॥৪৪॥

কুরুনন্দন ! তদনন্তর কুবের অত্যন্ত ক্রুদ্ধ হইয়া তাহাকে অভিসম্পাত করিলেন—'যক্ষগণ ! এই পাপাত্মার এইরূপ স্ত্রীত্বই থাকুক' ॥৪৫॥

তাহার পর মহাত্মা কুবের বলিলেন—'পাপবুদ্ধি ও পাপকর্ম্মা স্থূণাকর্ণ।

(৪২)…স্থূণো ন ত্বাভ সর্পতি…বা ব রা নি। (৪৪)…স্ত্রীসরূপী…বা ব রা নি। (৪৫)…ভবত্বস্ত…বা ব রা নি। (৪৬)…শিখণ্ডিনো লক্ষণম্…বা ব রা নি।

ততঃ প্রসাদয়ামাসুর্যক্ষা বৈশ্রবণং কিল।
স্থূণস্যার্থে কুরুষ্বান্তং শাপস্যেতি পুনঃ পুনঃ ॥৪৮॥
ততো মহাত্মা যক্ষেন্দ্রঃ প্রত্যুবাচানুগামিনঃ।
সর্বান্ যক্ষগণাংস্তাত! শাপস্যান্তচিকীর্ষয়া ॥৪৯॥
শিখণ্ডিনি হতে যক্ষাঃ! স্বং রূপং প্রতিপৎস্যতে।
স্থূণো যক্ষো নিরুদ্বেগো ভবত্বিতি মহামনাঃ ॥৫০॥ (যুগ্মকম্)
ইত্যুক্ত্বা ভগবান্ দেবো যক্ষরাজঃ সুপূজিতঃ।
প্রযযৌ সহিতঃ সর্বৈর্নিমেষান্তরচারিভিঃ ॥৫১॥
স্থূণস্তু শাপং সংপ্রাপ্য তত্রৈব ন্যবসত্তদা।
সময়ে চাগমত্তূর্ণং শিখণ্ডী তং ক্ষপাচরম্ ॥৫২॥
সোঽভিগম্যাব্রবীদ্বাক্যং প্রাপ্তোঽস্মি ভগবন্নিতি।
তমব্রবীত্ততঃ স্থূণঃ প্রীতোঽস্মীতি পুনঃ পুনঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

তত ইতি। বৈশ্রবণং কুবেরম্। স্থূণস্য স্থূণাকর্ণস্য ॥৪৮॥

তত ইতি। অন্তচিকীর্ষয়া শেষাবধিকরণেচ্ছয়া। প্রতিপৎস্যতে প্রাপ্স্যতি স্থূণ ইতি সম্বন্ধঃ। ইতি প্রত্যুবাচ। মহামনা যক্ষেন্দ্রঃ কুবেরঃ ॥৪৯—৫০॥

ইতীতি। ভগবান্ অণিমাদ্যৈশ্বর্য্যবান্। অতএব শাপদানাদিসমর্থ ইতি ভাবঃ ॥৫১॥

স্থূণ ইতি। সময়ে পূর্বনির্দিষ্টকালে। ক্ষপাচরং রাত্রিচরং তং স্থূণম্ ॥৫২॥

তুমি যখন যক্ষগণের প্রতি অবজ্ঞা করিয়া শিখণ্ডীকে নিজের পুংচিহ্ন দান করিয়াছ এবং তাহার স্ত্রীচিহ্ন সকল গ্রহণ করিয়াছ, আর অতিদুর্বুদ্ধি! তুমি যখন এই অপূর্ব্ব বিনিময় করিয়াছ, তখন আজ হইতে তুমি স্ত্রী থাকিবে এবং শিখণ্ডী পুরুষ রহিবে' ॥৪৬—৪৭॥

তৎপরে যক্ষেরা স্থূণাকর্ণের জন্য কুবেরকে প্রসন্ন করিল এবং বার বার এই কথা বলিল যে, 'আপনি শাপের অবসান করুন' ॥৪৮॥

বৎস! তদনন্তর মহাত্মা ও মহামনা কুবের শাপের অবসান করিবার ইচ্ছায় অনুচর যক্ষগণকে বলিলেন—'যক্ষগণ! শিখণ্ডী নিহত হইলে, যক্ষ স্থূণাকর্ণ আপন রূপ প্রাপ্ত হইয়া নিরুদ্বেগ হইবে' ॥৪৯—৫০॥

এই কথা বলিয়া যক্ষরাজ কুবের অত্যন্ত সম্মানিত হইয়া নিমেষমাত্রে গমনকারী সমস্ত অনুচরের সহিত চলিয়া গেলেন ॥৫১॥

এদিকে স্থূণাকর্ণ অভিশপ্ত হইয়া সেই বাড়ীতেই তখন বাস করিতে লাগিল। শিখণ্ডীও যথাসময়ে সত্বর সেই স্থূণাকর্ণের নিকট আগমন করিল ॥৫২॥

আর্জবেনাগতং দৃষ্ট্বা রাজপুত্রং শিখণ্ডিনম্।
সর্বমেব যথাবৃত্তমাচচক্ষে শিখণ্ডিনে ॥৫৪॥

যক্ষ উবাচ।

শপ্তো বৈশ্রবণেনাহং ত্বৎকৃতে পার্থিবাত্মজ!।
গচ্ছেদানীং যথাকামং চর লোকান্ যথাসুখম্ ॥৫৫॥
দিষ্টমেতৎ পুরা মন্যে ন শক্যমতিবর্ত্তিতুম্।
গমনং তব চেতো হি পৌলস্ত্যস্য চ দর্শনম্ ॥৫৬॥

ভীষ্ম উবাচ। †

এবমুক্তঃ শিখণ্ডী তু স্থূণযক্ষেণ ভারত!।
প্রত্যাজগাম নগরং হর্ষেণ মহতা বৃতঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

স ইতি। স শিখণ্ডী। হে ভগবন্! অণিমাদ্যৈশ্বর্য্যবন্! স্থূণ! ॥৫৩॥
আর্জবেনেতি। আর্জবেন সারল্যেন। আচচক্ষে স্থূণাকর্ণ ইতি শেষঃ ॥৫৪॥
শপ্ত ইতি। বৈশ্রবণেন কুবেরেণ, ত্বৎকৃতে ত্বন্নিমিত্তে ॥৫৫॥
দিষ্টমিতি। দিষ্টং দৈবম্, পুরা পুরাতনম্। ইতঃ স্থানাৎ, পৌলস্ত্যস্য কুবেরস্য ॥৫৬॥
এবমিতি। বৃতঃ পূর্ণচিত্তঃ, যাবজ্জীবমেব পুরুষত্বলাভাদিত্যাশয়ঃ ॥৫৭॥

শিখণ্ডী স্থূণাকর্ণের নিকটে যাইয়া এই কথা বলিল—'ভগবন্! আমি আসিয়াছি'। তৎপরে স্থূণাকর্ণ শিখণ্ডীকে বার বার বলিল যে, 'আমি সন্তুষ্ট হইয়াছি' ॥৫৩॥

রাজপুত্র শিখণ্ডী সরলভাবে নিজেই আসিয়াছেন দেখিয়া স্থূণাকর্ণ তাহার নিকটে সমস্ত বৃত্তান্তই যথাযথভাবে বলিল ॥৫৪॥

যক্ষ স্থূণাকর্ণ বলিল—'রাজপুত্র! আপনার জন্যই কুবের আমাকে অভিশাপ দিয়া গিয়াছেন। অতএব আপনি এখন ইচ্ছানুসারে গমন করুন এবং যথাসুখে সমস্ত জগতে বিচরণ করুন ॥৫৫॥

আমি মনে করি—এটা পূর্ববর্ত্তী দৈব। সুতরাং ইহাকে অতিক্রম করা আমাদের শক্তিসাধ্য নহে। কারণ, এস্থান হইতে আপনার গমন এবং কুবেরের এখানে আগমন প্রায় একসময়েই হইয়াছিল' ॥৫৬॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন! স্থূণাকর্ণ এইরূপ বলিলে, শিখণ্ডী অত্যন্ত আনন্দিত হইয়া আপন রাজধানীতে ফিরিয়া আসিল ॥৫৭॥

† অয়ং পাঠঃ পি...

পূজয়ামাস বিবিধৈর্গন্ধৈর্মাল্যৈর্মহাধনৈঃ।
দ্বিজাতীন্ দেবতাশ্চৈব চৈত্যানথ চতুষ্পথান্ ॥৫৮॥
দ্রুপদঃ সহ পুত্রেণ সিদ্ধার্থেন শিখণ্ডিনা।
মুদঞ্চ পরমাং লেভে পাঞ্চাল্যঃ সহ বান্ধবৈঃ ॥৫৯॥
শিষ্যার্থং প্রদদৌ চাথ দ্রোণায় কুরুপুঙ্গব!।
শিখণ্ডিনং মহারাজ! পুত্রং স্ত্রীপূর্ব্বিণং তথা ॥৬০॥
প্রতিপেদে চতুষ্পাদং ধনুর্ব্বেদং নৃপাত্মজঃ।
শিখণ্ডী সহ যুষ্মাভির্ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥৬১॥
মম ত্বেতচ্চরাস্তাত! যথাবৎ প্রত্যবেদয়ন্।
জড়ান্ধবধিরাকারা যে মুক্তা দ্রুপদে ময়া ॥৬২॥
এবমেব মহারাজ! স্ত্রীপুমান্ দ্রুপদাত্মজঃ।
স সম্ভূতঃ কুরুশ্রেষ্ঠ! শিখণ্ডী রথসত্তমঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

পূজয়েতি। পূজনমত্র যথাসম্ভবং দানমর্চ্চনং পরিষ্করণঞ্চ। চৈত্যান্ যজ্ঞগৃহান্ ॥৫৮॥
দ্রুপদ ইতি। সিদ্ধার্থেন নিষ্পন্নচিরপুরুষত্বেন। পাঞ্চাল্যঃ পাঞ্চালরাজঃ ॥৫৯॥
শিষ্যেতি। শিষ্যার্থং শিষ্যত্বার্থম্। স্ত্রী স্ত্রীত্বং পূর্ব্বমিতি স্ত্রীপূর্ব্বং তদস্যাস্তীতি তম্ ॥৬০॥
প্রতীতি। প্রতিপেদে প্রাপ, চতুষ্পাদং শিক্ষাভ্যাসপ্রয়োগসংহাররূপচতুরবয়বম্ ॥৬১॥
নম্বু ত্বমেতৎ সর্ব্বং কথং জ্ঞাতবানিত্যাহ মমেতি। মুক্তাঃ প্রেরিতাঃ ॥৬২॥
এবমিতি। আদৌ স্ত্রী পশ্চাৎ পুমানিতি স্ত্রীপুমান্ কৃষ্টমদীকৃত ইত্যাদিবৎ সমাসঃ ॥৬৩॥

তৎপরে শিখণ্ডী নানাবিধ গন্ধ, মাল্য ও প্রচুর ধনদ্বারা দেবতা ও ব্রাহ্মণগণের পূজা এবং যজ্ঞভবন ও চতুষ্পথগুলির শোভা সম্পাদন করিল ॥৫৮॥

এইভাবে পাঞ্চালদেশাধিপতি দ্রুপদরাজা সিদ্ধকাম পুত্র শিখণ্ডী ও বন্ধুবর্গের সহিত পরম আনন্দ লাভ করিলেন ॥৫৯॥

মহারাজ কৌরবশ্রেষ্ঠ। তাহার পর দ্রুপদরাজা শিক্ষালাভ করিবার জন্য স্ত্রীপূর্ব্ব পুত্র শিখণ্ডীকে দ্রোণাচার্য্যের নিকট সমর্পণ করিলেন ॥৬০॥

ক্রমে রাজপুত্র ও পৃষতপৌত্র ধৃষ্টদ্যুম্ন এবং শিখণ্ডী তোমাদের সহিত মিলিত হইয়া চতুষ্পাদ ধনুর্ব্বেদ লাভ করিল ॥৬১॥

বৎস। আমি যে সকল গুপ্তচরকে জড়, অন্ধ ও বধিররূপে দ্রুপদরাজার নিকটে প্রেরণ করিতাম, তাহারা আসিয়া আসিয়া এই সমস্ত বৃত্তান্ত যথাযথভাবে আমাকে জানাইত ॥৬২॥

(৬৩) এবমেব মহারাজ।...বা ব রা নি।

জ্যেষ্ঠা কাশিপতেঃ কন্যা অম্বা নামেতি বিশ্রুতা।
দ্রুপদস্য কুলে জাতা শিখণ্ডী ভরতর্ষভ ! ॥৬৪॥
নাহমেনং ধনুষ্পাণিং যুযুৎসুং সমুপস্থিতম্।
মুহূর্ত্তমপি পশ্যেয়ং প্রহরেয়ং ন চাপ্যুত ॥৬৫॥
ব্রতমেতন্মম সদা পৃথিব্যামপি বিশ্রুতম্।
স্ত্রিয়াং স্ত্রীপূর্বকে চৈব স্ত্রীনাম্নি স্ত্রীস্বরূপিণি ॥৬৬॥
ন মুঞ্চেয়মহং বাণমিতি কৌরবনন্দন !।
ন হন্যামহমেতেন কারণেন শিখণ্ডিনম্ ॥৬৭॥ (যুগ্মকম্)
এতত্তত্ত্বমহং বেদ জন্ম তাত ! শিখণ্ডিনঃ।
ততো নৈনং হনিষ্যামি সমরেষ্বাততায়িনম্ ॥৬৮॥
যদি ভীষ্মঃ স্ত্রিয়ং হন্যাৎ সন্তঃ কুর্য্যুর্বিগর্হণম্।
নৈনং তস্মাদ্ধনিষ্যামি দৃষ্ট্বাপি সমরে স্থিতম্ ॥৬৯॥

ভারতকৌমুদী

উপসংহরতি জ্যেষ্ঠেতি। কাশিপতেঃ কাশীরাজস্য। অয়ং শিখণ্ডী ॥৬৪॥
নেতি। যুযুৎসুং যোদ্ধুমিচ্ছুম্। উত অথবা ॥৬৫॥
ব্রতমিতি। ব্রতং নিয়মঃ। স্ত্রীপূর্বকে পুরুষে। অন্যয়োরপ্যেবম্। মুঞ্চেয়ং ক্ষিপেয়ম্ ॥৬৬—৬৭॥
এতদিতি। তত্ত্বং যথার্থম্, বেদ জানামি। আততায়িনং শস্ত্রপাণিম্ ॥৬৮॥

মহারাজ কৌরবশ্রেষ্ঠ ! দ্রুপদপুত্র শিখণ্ডী এইভাবে প্রথমে স্ত্রী হইয়া পরে পুরুষ হইয়াছিল এবং এখনে সে রথিশ্রেষ্ঠ হইয়াছে ॥৬৩॥

অতএব ভরতশ্রেষ্ঠ ! 'অম্বা-'নামে প্রসিদ্ধা কাশীরাজের জ্যেষ্ঠা কন্যাই দ্রুপদবংশে জন্মিয়া শিখণ্ডী হইয়াছে ॥৬৪॥

অতএব শিখণ্ডী ধনু ধারণ করিয়া যুদ্ধের জন্য উপস্থিত হইলেও, আমি উহাকে মুহূর্ত্তকালও দেখিব না কিংবা প্রহার করিব না ॥৬৫॥

কারণ, আমার এই নিয়ম সর্ব্বদা পৃথিবীতেও বিখ্যাত রহিয়াছে যে, স্ত্রী, স্ত্রীপূর্ব্বক পুরুষ, স্ত্রীনামক পুরুষ এবং স্ত্রীরূপধারী পুরুষের উপরে আমি বাণ ক্ষেপ করি না। অতএব কৌরবনন্দন ! এই কারণে আমি শিখণ্ডীকে বধ করিব না ॥৬৬—৬৭॥

বৎস ! আমি শিখণ্ডীর জন্মবৃত্তান্ত যথার্থই জানি। সেই জন্যই শিখণ্ডী অস্ত্র ধারণ করিয়া যুদ্ধে আসিলেও আমি উহাকে বধ করিব না ॥৬৮॥

(৬৬)···স্ত্রীসরূপিণী—বা ব রা নি।

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা তু কৌরব্যো রাজা দুর্য্যোধনস্তদা।
মুহূর্ত্তমিব স ধ্যাত্বা ভীষ্মে যুক্তমমন্যত ॥৭০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে শিখণ্ডিপুংস্ত্বপ্রাপ্তৌ দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ

———:*:-

সঞ্জয় উবাচ।

প্রভাতায়াস্তু শর্ব্বর্য্যাং পুনরেব সুতস্তব।
মধ্যে সর্বস্য সৈন্যস্য পিতামহমপৃচ্ছত ॥১॥

ভারতকৌমুদী

যদীতি। স্ত্রিয়ং স্ত্রীপূর্ব্বকং পুরুষম্। বিগর্হণং কুর্য্যুঃ, ব্রতভঙ্গাদিতি ভাবঃ ॥৬৯॥

এতদিতি। যুক্তং ন্যায্যম্, শিখণ্ডিনঃ অহননমিতি শেষঃ ॥৭০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

প্রভাতায়ামিতি। তব সুতো দুর্য্যোধনঃ। পিতামহঃ ভীষ্মম্ ॥১॥

ভারতভাবদীপঃ

॥৪১॥ দ্বাঃস্থ দ্বামস্থ ॥৪২—৬০॥ চতুষ্পাদঃ গ্রহণবারণপ্রয়োগপ্রতীকারৈশ্চতুর্ভিঃ পাদৈর্যুক্তম্ ॥৬১—৬৯॥ যুক্তং স্ত্রীষু অযুদ্ধমিতি শেষঃ ॥৭০॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮২॥

ভীষ্ম যদি স্ত্রীপূর্ব্বক পুরুষকে বধ করেন, তবে সজ্জনেরা তাঁহার নিন্দা করিবেন। সেই জন্যই আমি উহাকে যুদ্ধে দেখিয়াও বধ করিব না' ॥৬৯॥

বৈশম্পায়ন বলিলেন—এই সমস্ত শুনিয়া কুরুরাজ দুর্য্যোধন মুহূর্ত্তকাল চিন্তা করিয়া শিখণ্ডীকে বধ না করাই ভীষ্মের পক্ষে উচিত বলিয়া মনে করিলেন ॥৭০॥

---

(৭০)···মুহূর্ত্তমিব চ ধ্যায়···পি। * '···দ্বিনবত্যধিক···' বা নি, '···চতুর্নবত্যধিক···' বা ব। (১) শ্লোকাৎ পরম্ 'দুর্য্যোধন উবাচ' নি।

পাণ্ডবেয়স্য গাঙ্গেয়! যদেতৎ সৈন্যমুদ্যতম্।
প্রভূতনরনাগাশ্বং মহারথসমাকুলম্ ॥২॥
ভীমার্জ্জুনপ্রভৃতিভির্মহেষ্বাসৈর্মহাবলৈঃ।
লোকপালসমৈর্গুপ্তং ধৃষ্টদ্যুম্নপুরোগমৈঃ ॥৩॥
অপ্রধৃষ্যমনাবার্য্যমুদ্ধূতমিব সাগরম্।
সেনাসাগরমক্ষোভ্যমপি দেবৈর্মহাহবে ॥৪॥
কেন কালেন গাঙ্গেয়! ক্ষপয়েথা মহাদ্যুতে!।
আচার্য্যো বা মহেষ্বাসঃ কৃপো বা সুমহাবলঃ ॥৫॥
কর্ণো বা সমরশ্লাঘী দ্রৌণির্বা দ্বিজসত্তমঃ।
দিব্যাস্ত্রবিদুষঃ সর্বে ভবন্তো হি বলে মম ॥৬॥ (কুলকম্)
এতদিচ্ছাম্যহং জ্ঞাতুং পরং কৌতূহলং হি মে।
হৃদি নিত্যং মহাবাহো! বক্তুমর্হসি তন্মম ॥৭॥

ভারতকৌমুদী

পাণ্ডবেয়স্যেতি। উদ্যতং যুদ্ধায়োদ্যুক্তম্। প্রভূতাঃ প্রচুরা নরাঃ পদাতয়ঃ নাগা হস্তিনঃ অশ্বাশ্চ যত্র তৎ। মহেষ্বাসৈর্মহাধনুর্দ্ধরৈঃ। গুপ্তং রক্ষিতম্। উদ্ধূতম্ উদ্বেলিতম্। কেন কিয়তা কালেন, ক্ষপয়েথাঃ ত্বং নাশয়িতুং শক্নুয়াঃ। দ্রৌণিঃ অশ্বত্থামা। দিব্যাস্ত্রবিদুষো দিব্যাস্ত্রবিদ্বাংসঃ। আর্ষমুত্বম্। বলে সৈন্যে ॥২—৬॥

এতদিতি। পরম্ অত্যন্তম্। হি যস্মাৎ। হৃদি নিত্যং বর্ত্ততে ॥৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ ধৃতরাষ্ট্র! রাত্রি প্রভাত হইলে, আপনার পুত্র দুর্য্যোধন সমস্ত সৈন্যের মধ্যে পুনরায় ভীষ্মের নিকট জিজ্ঞাসা করিলেন—॥১॥

'গঙ্গানন্দন! পাণ্ডবগণের এই যে সৈন্য যুদ্ধের জন্য উদ্যত হইয়াছে, ইহার মধ্যে প্রচুর পদাতি, হস্তী ও অশ্ব রহিয়াছে, মহারথেরা ইহাকে ব্যাপ্ত করিয়া আছেন, লোকপালতুল্য ভীম, অর্জ্জুন ও ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি মহাধনুর্দ্ধর ও মহাবলেরা রক্ষা করিতেছেন, এই সৈন্য উদ্বেলিত সমুদ্রের ন্যায় দুর্দ্ধর্ষ ও অনিবার্য্য এবং দেবতারাও মহাযুদ্ধে এই সৈন্যসমুদ্রকে বিক্ষুব্ধ করিতে পারেন না। কিন্তু মহাতেজা গঙ্গানন্দন! আপনি কত কালে ইহাকে ধ্বংস করিতে পারেন? এবং মহাধনুর্দ্ধর দ্রোণাচার্য্য, অতিমহাবল কৃপাচার্য্য, সমরশ্লাঘী কর্ণ, কিংবা ব্রাহ্মণশ্রেষ্ঠ অশ্বত্থামা কত কালে নষ্ট করিতে সমর্থ হন? কারণ, আমার সৈন্যের মধ্যে আপনারা সকলেই দিব্যাস্ত্র জানেন ॥২—৬॥

(৫)...কৃপো বাপ্ত মহাবলঃ—নি। (৬)...রণে মম—পি

ভীষ্ম উবাচ।

অনুরূপং কুরুশ্রেষ্ঠ! তবৈতৎ পৃথিবীপতে!।
বলাবলমমিত্রাণাং তেষাং যদিহ পৃচ্ছসি ॥৮॥
শৃণু রাজন্! মম রণে যা শক্তিঃ পরমা ভবেৎ।
শস্ত্রবীর্য্যং রণে যচ্চ ভুজয়োশ্চ মহাভুজ! ॥৯॥
আর্জবেনৈব যুদ্ধেন যোদ্ধব্য ইতরো জনঃ।
মায়াযুদ্ধেন মায়াবী ইত্যেতদ্ধর্ম্মনিশ্চিতম্ ॥১০॥
হন্যামহং মহাভাগ! পাণ্ডবানামনীকিনীম্।
দিবসে দিবসে কৃত্বা ভাগান্ ভাগান্ নিজান্ মম ॥১১॥
যোধানাং দশসাহস্রং কৃত্বা ভাগং মহাদ্যুতে!।
সহস্রং রথিনামেকমেষ ভাগো মতো মম ॥১২॥

ভারতকৌমুদী

অন্বিতি। অনুরূপং যোগ্যং প্রভুত্বাৎ। অমিত্রাণাং শত্রূণাম্, তেষাং পাণ্ডবানাম্ ॥৮॥
শৃণ্বিতি। ভুজয়োশ্চ বীর্য্যমিত্যর্থঃ ॥৯॥
আর্জবেনেতি। আর্জবেন সারল্যেন। ইতরঃ সরলঃ। মায়াবী কূটযোদ্ধা ॥১০॥
হন্যামিতি। দিবসে দিবসে হন্যামিতি সম্বন্ধঃ। অনীকিনীং সেনাম্ ॥১১॥

ভারতভাবদীপঃ

প্রভাতায়ামিতি ॥১—১০॥ প্রাগাহ্নিকম্ অহ্নঃ পূর্ব্বভাগকার্য্যম্ ॥১১—২২॥
ইতি উদ্‌যোগপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৩॥

মহাবাহু! আমি ইহা জানিতে ইচ্ছা করি। কারণ, ইহা শুনিবার জন্য আমার মনে সর্ব্বদাই কৌতুক রহিয়াছে। অতএব আপনি তাহা আমার নিকট বলুন' ॥৭॥

ভীষ্ম বলিলেন—'কৌরবশ্রেষ্ঠ রাজা! তুমি এখন সেই শত্রুপক্ষের যে বলাবলের বিষয় জিজ্ঞাসা করিতেছ, তাহা তোমার পক্ষে উচিতই বটে ॥৮॥

মহাবাহু রাজা! যুদ্ধে আমার যাহা পরম শক্তি, যত দূর অস্ত্রের তেজ এবং যত বড় বাহুর বল, তাহা শ্রবণ কর ॥৯॥

সরল লোকের সহিত সরলভাবেই যুদ্ধ করিবে এবং কূটযোদ্ধার সঙ্গে কূটযুদ্ধই করিতে হইবে, ইহা ধর্ম্মশাস্ত্রে নির্দ্দিষ্ট আছে ॥১০॥

মহাভাগ! আমি আমার নিজের ভাগ ভাগ কল্পনা করিয়া দিনে দিনে সেই বিভক্ত পাণ্ডবসৈন্য বধ করিব ॥১১॥

---

(৮)…ত্বয্যেতৎ…বা ব রা নি। (৯)…শস্ত্রবীর্য্যে…বা ব রা নি। (১০)…ইত্যেতদ্ধর্ম্ম-নিশ্চয়ঃ—বা ব রা নি। (১১)…ভাগং প্রাগাহ্নিকং মম—পি বা ব রা।

অনেনাহং বিধানেন সন্নদ্ধঃ সততোত্থিতঃ।
ক্ষপয়েয়ং মহৎ সৈন্যং কালেনানেন ভারত ! ॥১৩॥
মুঞ্চেয়ং যদি বাস্ত্রাণি মহান্তি সমরে স্থিতঃ।
শতসহস্রঘাতীনি হন্যাং মাসেন ভারত ! ॥১৪॥

সঞ্জয় উবাচ।

শ্রুত্বা ভীষ্মস্য তদ্বাক্যং রাজা দুর্য্যোধনস্তদা।
পর্য্যপৃচ্ছত রাজেন্দ্র ! দ্রোণমঙ্গিরসাং বরম্ ॥১৫॥
আচার্য্য ! কেন কালেন পাণ্ডুপুত্রস্য সৈনিকান্।
নিহন্যা ইতি তং দ্রোণঃ প্রত্যুবাচ হসন্নিব ॥১৬॥
স্থবিরোঽস্মি মহাবাহো ! মন্দপ্রাণবিচেষ্টিতঃ।
শস্ত্রাগ্নিনা নির্দহেয়ং পাণ্ডবানামনীকিনীম্ ॥১৭॥

ভারতকৌমুদী

অথ তে কীদৃশো দৈনিকো ভাগ ইত্যাহ যোধানামিতি। ঈদৃশং ভাগং হন্মীত্যাশয়ঃ ॥১২॥
অনেনেতি। সন্নদ্ধঃ সজ্জিতঃ, সততোত্থিতঃ প্রত্যহমেবোদ্‌যোগী সন্ ॥১৩॥
মুঞ্চেয়মিতি। মাসেন একেন, হন্যাং পাণ্ডবানামনীকিনীমিত্যনুবৃত্তিঃ ॥১৪॥
শ্রুত্বেতি। অঙ্গিরসাম্ অঙ্গিরোবংশজাতানাম্ ॥১৫॥
আচার্য্যেতি। কেন কিয়তা। নিহন্যা নিহন্তুং শক্নুয়াঃ ॥১৬॥

মহাতেজা ! দশসহস্র যোদ্ধাকে এবং একসহস্র রথীকে এক এক ভাগ করিয়া লইব, ইহাই আমার অভিপ্রেত ভাগ ॥১২॥

ভরতনন্দন ! আমি প্রত্যহ সজ্জিত ও উদ্‌যোগী হইয়া এই নিয়মে এই সময়ে এই বিশাল সৈন্য ক্ষয় করিব ॥১৩॥

অথবা ভরতনন্দন ! আমি যুদ্ধে থাকিয়া যদি শতসহস্রঘাতী মহাস্ত্র সকল নিক্ষেপ করি, তবে একমাসে এই সৈন্য সংহার করিতে পারি' ॥১৪॥

সঞ্জয় বলিলেন—'রাজশ্রেষ্ঠ ! রাজা দুর্য্যোধন ভীষ্মের সেই কথা শুনিয়া তখন অঙ্গিরোবংশশ্রেষ্ঠ দ্রোণের নিকট জিজ্ঞাসা করিলেন—॥১৫॥

'আচার্য্য ! আপনি কত কালে যুধিষ্ঠিরের সৈন্য সংহার করিতে পারেন ?'। ইহার উত্তরে দ্রোণ হাস্য করিয়াই যেন বলিলেন—॥১৬॥

'মহাবাহু ! আমি বৃদ্ধ হইয়াছি। সুতরাং আমার বল ও অঙ্গসঞ্চালনাদির ক্ষমতা কমিয়া গিয়াছে। তথাপি আমার ধারণা এই যে, শান্তনুনন্দন ভীষ্ম

(১৩)…ক্ষময়েয়ং মহাসৈন্যং—পি। (১৪)…যদি শস্ত্রাণি…পি। (১৫)…রাজা দুর্য্যোধনস্ততঃ… বা ব রা নি। (১৬)…প্রত্যুবাচ স্ময়ন্নিব—পি।

যথা ভীষ্মঃ শান্তনবো মাসেনেতি মতির্মম।
এষা মে পরমা শক্তিরেতন্মে পরমং বলম্ ॥১৮॥ (যুগ্মকম্)
দ্বাভ্যামেব তু মাসাভ্যাং কৃপঃ শারদ্বতোঽব্রবীৎ।
দ্রৌণিস্তু দশরাত্রেণ প্রতিজজ্ঞে বলক্ষয়ম্।
কর্ণস্তু পঞ্চরাত্রেণ প্রতিজজ্ঞে মহাস্ত্রবিৎ ॥১৯॥
তচ্ছ্রুত্বা সূতপুত্রস্য বাক্যং সাগরগাসুতঃ।
জহাস সস্বনং হাসং বাক্যঞ্চেদমুবাচ হ ॥২০॥
নহি যাবদ্রণে পার্থং বাণশঙ্খধনুর্দ্ধরম্।
বাসুদেবসমাযুক্তং রথেনায়ান্তমাহবে ॥২১॥
সমাগচ্ছসি রাধেয়! তেনৈবমভিমন্যসে।
শক্যমেবঞ্চ ভূয়শ্চ ত্বয়া বক্তুং যথেষ্টতঃ ॥২২॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে ভীষ্মাদিশক্তিকথনে ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স্থবির ইতি। মন্দে অল্পে প্রাণো বলং বিচেষ্টিতম্ অশ্বসকালনাদিশক্তিশ্চ যস্য সঃ। যথা ভীষ্মস্তথেতি শেষঃ। শক্তিঃ শিক্ষাসামর্থ্যম্, বলং দৈহিকী শক্তিঃ ॥১৭—১৮॥

দ্বাভ্যামিতি। দ্বাভ্যামেব তু মাসাভ্যাং নির্দহেয়মিত্যনুবৃত্তিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

তদিতি। সাগরগাসুতো গঙ্গাপুত্রো ভীষ্মঃ। জহাস চকার, সস্বনং সশব্দম্ ॥২০॥

নহীতি। যাবদ্যদ্বাং, পার্থমর্জ্জুনম্। ভূয়শ্চ ইতোঽধিকঞ্চ ॥২১—২২॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

যেমন একমাসে পারেন, আমিও তেমন অস্ত্রাগ্নিদ্বারা একমাসে পাণ্ডবসৈন্য দগ্ধ করিতে পারি। ইহাই আমার পরম শক্তি এবং ইহাই আমার পরম বল' ॥১৭—১৮॥

শরদ্বানের পুত্র কৃপ বলিলেন—'আমি দুই মাসে পারি'। অশ্বত্থামা কহিলেন —'আমি দশদিনে পাণ্ডবগণের সৈন্য ক্ষয় করিতে পারি'। আর মহাস্ত্রবিৎ কর্ণ প্রতিজ্ঞা করিলেন—'আমি পাঁচ দিনে পারি ॥১৯॥

কর্ণের সেই কথা শুনিয়া ভীষ্ম অট্টহাস্য করিলেন এবং এই কথা বলিলেন—॥২০॥

'কর্ণ! তুমি যখন এযাবৎ বাণ-শঙ্খ-ধনুর্দ্ধারী, কৃষ্ণ-সহচারী এবং রথা-

* '...ত্রিনবত্যধিক...' রা নি, '...পঞ্চনবত্যধিক...' বা ব।

চতুরশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা তু কৌন্তেয়ঃ সর্ব্বান্ ভ্রাতৄনুপহ্বরে।
আহূয় ভরতশ্রেষ্ঠ! ইদং বচনমব্রবীৎ ॥১॥
ধার্ত্তরাষ্ট্রস্য সৈন্যেষু যে চারপুরুষা মম।
তে প্রবৃত্তিং প্রয়চ্ছন্তি মমেমাং ব্যুষিতাং নিশাম্ ॥২॥
দুর্য্যোধনঃ কিলাপৃচ্ছদাপগেয়ং মহাব্রতম্।
কেন কালেন পাণ্ডূনাং হন্যাঃ সৈন্যমিতি প্রভো! ॥৩॥
মাসেনেতি চ তেনোক্তো ধার্ত্তরাষ্ট্রঃ সুদুর্ম্মতিঃ।
তাবতা চাপি কালেন দ্রোণোঽপি প্রতিজজ্ঞিবান্ ॥৪॥

ভারতকৌমুদী

এতদিতি। শ্রুত্বা চারেভ্যঃ, কৌন্তেয়ো যুধিষ্ঠিরঃ। উপহ্বরে নির্জ্জনে ॥১॥
ধার্ত্তেতি। প্রবৃত্তিং বার্ত্তাম্। ব্যুষিতামতীতাং নিশাং প্রাতঃ, অত্যন্তসংযোগে দ্বিতীয়া ॥২॥
দুর্য্যোধন ইতি। আপগেয়ং ভীষ্মম্। কেন কিয়তা ॥৩॥
মাসেনেতি। তাবতা একেন মাসেন। প্রতিজজ্ঞিবান্ প্রতিজ্ঞাতবান্ ॥৪॥

রোহণপূর্ব্বক আগমনকারী অর্জ্জুনের সহিত যুদ্ধে মিলিত হও নাই, তখন এরূপ মনে করিতে পার! এবং ইচ্ছা অনুসারে এইরূপ বা ইহা অপেক্ষা অধিকও বলিতে পার!' ॥২১—২২॥

বৈশম্পায়ন কহিলেন—'ভরতশ্রেষ্ঠ জনমেজয়! যুধিষ্ঠির এই বৃত্তান্ত শুনিয়া সকল ভ্রাতাকে নির্জনে ডাকিয়া নিয়া এই কথা বলিলেন—॥১॥

'দুর্য্যোধনের সৈন্যের মধ্যে আমার যে সকল গুপ্তচর রহিয়াছে, তাহারা আসিয়া প্রাতঃকালে আমার নিকট এই বৃত্তান্ত বলিয়াছে—॥২॥

দুর্য্যোধন মহাব্রত ভীষ্মের নিকট জিজ্ঞাসা করিয়াছিল—'প্রভু! আপনি কত কালে পাণ্ডবসৈন্য ধ্বংস করিতে পারেন?' ॥৩॥

তাহাতে ভীষ্ম অতিদুর্ম্মতি দুর্য্যোধনকে বলিয়াছেন যে, 'আমি একমাসে পারি'। দ্রোণও তত কালে পারেন বলিয়া প্রতিজ্ঞা করিয়াছেন ॥৪॥

---

(১) ইতঃ পরম্ 'যুধিষ্ঠির উবাচ' বা ব রা নি।

গৌতমো দ্বিগুণং কালমুক্তবানিতি নঃ শ্রুতম্।
দ্রৌণিস্তু দশরাত্রেণ প্রতিজজ্ঞে মহাস্ত্রবিৎ ॥৫॥
তথা দিব্যাস্ত্রবিৎ কর্ণঃ সংপৃষ্টঃ কুরুসংসদি।
পঞ্চভির্দিবসৈর্হন্তুং স সৈন্যং প্রতিজজ্ঞিবান্ ॥৬॥
তস্মাদহমপীচ্ছামি শ্রোতুমর্জ্জুন! তে বচঃ।
কালেন কিয়তা শত্রূন্ ক্ষপয়েরিতি ফাল্গুন! ॥৭॥
এবমুক্তো গুড়াকেশঃ পার্থিবেন ধনঞ্জয়ঃ।
বাসুদেবং সমীক্ষ্যেদং বচনং প্রত্যভাষত ॥৮॥
সর্ব্ব এতে মহাত্মানঃ কৃতাস্ত্রাশ্চিত্রযোধিনঃ।
অসংশয়ং মহারাজ! হন্যুরেব বলং তব ॥৯॥
অপৈতু তে মনস্তাপো যথা সত্যং ব্রবীম্যহম্।
হন্যামেকরথেনৈব বাসুদেবসহায়বান্ ॥১০॥

ভারতকৌমুদী

গৌতম ইতি। গৌতমঃ কৃপঃ, দ্বিগুণং কালং মাসদ্বয়ম্ ॥৫॥
তথেতি। সৈন্যম্ অস্মদীয়ম্ ॥৬॥
তস্মাদিতি। শত্রূন্ দুর্য্যোধনসৈন্যান্, ক্ষপয়েঃ ত্বং নাশয়িতুং শক্নুয়াঃ ॥৭॥
এবমিতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো। নিয়ন্তেতি গুড়াকেশঃ সর্ব্বদা সাবধান ইত্যর্থঃ ॥৮॥
সর্ব্ব ইতি। এতে ভীষ্মাদয়ঃ, কৃতাস্ত্রাঃ শিক্ষিতাস্ত্রাঃ। হন্যুরেব যথোক্তকালে ॥৯॥

আমরা শুনিয়াছি—কৃপ বলিয়াছেন—'দুই মাসে পারি'। মহাস্ত্রবিৎ অশ্বত্থামা প্রতিজ্ঞা করিয়াছেন—'দশ দিনে পারি' ॥৫॥

এবং কৌরবসভায় দিব্যাস্ত্রবিৎ কর্ণের নিকট জিজ্ঞাসা করিয়াছিল, তাহাতে কর্ণ প্রতিজ্ঞা করিয়াছেন যে, 'পাঁচ দিনে পাণ্ডবসৈন্য সংহার করিতে পারি' ॥৬॥

অতএব অর্জ্জুন! আমিও তোমার বাক্য শুনিতে ইচ্ছা করি—তুমি কত কালে শত্রুগণকে ধ্বংস করিতে পার?' ॥৭॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে, সর্ব্বদা সাবধান অর্জ্জুন কৃষ্ণের দিকে দৃষ্টিপাত করিয়া এই কথা বলিলেন—॥৮॥

'মহারাজ! ইঁহারা সকলেই মহাত্মা, অস্ত্রে সুশিক্ষিত এবং বিচিত্র যোদ্ধা। অতএব ইঁহারা উক্ত সময়ের মধ্যে যে আপনার সৈন্য সংহার করিতে পারেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৯॥

(৭) তস্মাদহমপীচ্ছামি···পি। (৯)···হন্যুরেব ন সংশয়ঃ—বা ব রা নি।

সামরানপি লোকাংস্ত্রীন্ সর্বান্ স্থাবরজঙ্গমান্।
ভূতং ভব্যং ভবিষ্যচ্চ নিমেষাদিতি মে মতিঃ ॥১১॥ (যুগ্মকম্)
যত্তদ্‌ঘোরং পশুপতিঃ প্রাদাদস্ত্রং মহন্মম।
কৈরাতে দ্বন্দ্বযুদ্ধে তু তদিদং ময়ি বর্ত্ততে ॥১২॥
যদ্‌যুগান্তে পশুপতিঃ সর্বভূতানি সংহরন্।
প্রযুঙ্‌ক্তে পুরুষব্যাঘ্র! তদিদং ময়ি বর্ত্ততে ॥১৩॥
তন্ন জানাতি গাঙ্গেয়ো ন দ্রোণো ন চ গৌতমঃ।
ন চ দ্রোণসুতো রাজন্! কুত এব তু সূতজঃ ॥১৪॥
ন তু যুক্তং রণে হন্তুং দিব্যৈরস্ত্রৈঃ পৃথগ্‌জনম্।
আর্জবেনৈব যুদ্ধেন বিজেষ্যামো বয়ং পরান্ ॥১৫॥

ভারতকৌমুদী

অপৈত্বিতি। মনস্তাপ উদ্বেগঃ। সামরান্ সদেবান্। একস্য বর্ত্তমানকালস্যৈব প্রথমক্ষণে জাতং ভূতম্, দ্বিতীয়ক্ষণে জায়মানং ভব্যম্, তৃতীয়ক্ষণে ভাবি চ ভবিষ্যদ্বস্তু ॥১০—১১॥
নন্ন কুত ঈদৃশী তে শক্তিরিত্যাহ যদিতি। কৈরাতে পশুপতেরেব কিরাতরূপত্বে ॥১২॥
যদিতি। যুগান্তে প্রলয়কালে। প্রযুঙ্‌ক্তে নিক্ষিপতি ॥১৩॥
তদিতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ। গৌতমঃ কৃপঃ। সূতজঃ কর্ণঃ ॥১৪॥
অথ তেনৈব সদ্যঃ সর্বান্ জহীত্যাহ নেতি। পৃথগ্‌জনং তদনভিজ্ঞলোকম্ ॥১৫॥

তবে আপনার উদ্বেগ দূর হউক। কারণ, আমিও সত্য বলিতেছি—কৃষ্ণকে সহায় লইয়া একমাত্র রথে আরোহণ করিয়া আমি একাকীই দেবগণের সহিত স্থাবর ও জঙ্গমাত্মক সমগ্র ত্রিভুবন এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান সমস্ত বস্তু নিমেষকালমধ্যেই সংহার করিতে পারি; ইহাই আমার ধারণা ॥১০—১১॥

কারণ, কিরাতরূপধারী মহাদেব দ্বন্দ্বযুদ্ধের সময়ে আমাকে যে ভয়ঙ্কর মহাস্ত্র দান করিয়াছিলেন, এই তাহা আমার নিকট রহিয়াছে ॥১২॥

পুরুষশ্রেষ্ঠ! মহাদেব প্রলয়কালে সমস্ত ভূত সংহার করিবার জন্য যে অস্ত্র নিক্ষেপ করিয়া থাকেন, এই তাহা আমার নিকট রহিয়াছে ॥১৩॥

রাজা! ভীষ্ম, দ্রোণ, কৃপ বা অশ্বত্থামা তাহা জানেন না; সুতরাং কর্ণ আর জানিবেন কি করিয়া ॥১৪॥

তবে যুদ্ধে দিব্য অস্ত্রদ্বারা সাধারণ লোককে বধ করা উচিত নহে। আমরা সরলভাবে যুদ্ধ করিয়াই শত্রুগণকে জয় করিব ॥১৫॥

(১১)···ভবিষ্যক···বা ব রা নি। (১৫)···আর্জবেন তু যুদ্ধেন হনিষ্যামো বয়ং রিপূন্—পি।

তথেমে পুরুষব্যাঘ্রাঃ সহায়াস্তব পার্থিব!।
সর্ব্বে দিব্যাস্ত্রবিদ্বাংসঃ সর্ব্বে যুদ্ধাভিকাঙ্ক্ষিণঃ ॥১৬॥
বেদান্তাবভৃথস্নাতাঃ সর্ব এতেঽপরাজিতাঃ।
নিহন্যুঃ সমরে সেনাং দেবানামপি পার্থিব! ॥১৭॥
শিখণ্ডী যুযুধানশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
ভীমসেনো যমৌ চোভৌ যুধামন্যূত্তমৌজসৌ ॥১৮॥
বিরাটদ্রুপদৌ চোভৌ ভীষ্মদ্রোণসমৌ যুধি।
শঙ্খশ্চৈব মহাবাহুর্হৈড়িম্বশ্চ মহাবলঃ ॥১৯॥
পুত্রোঽস্যাঞ্জনপর্ব্বা চ মহাবলপরাক্রমঃ।
শৈনেয়শ্চ মহাবাহুঃ সহায়ো রণকোবিদঃ ॥২০॥ ([illegible])

ভারতকৌমুদী

তথেতি। দিব্যানি অলৌকিকানি অস্ত্রাণি বিদন্তীতি তে ॥১৬॥

বেদেতি। বেদো বেদাধ্যয়নং ব্রহ্মচর্য্যং তদন্ত এব অবভৃথস্নাতাঃ [illegible] ॥১৭॥

শিখণ্ডীতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। যমৌ নকুলসহদেবৌ। হৈড়িম্বো ঘটোৎকচঃ। অস্য হৈড়িম্বস্য পুত্রঃ অঞ্জনপর্ব্বা নাম। অঞ্জনপর্ব্বণো মহাবলপরাক্রমত্বশ্রবণেন দ্রোণপর্ব্বণি চাস্যাঞ্জনপর্ব্বণো মহাযুদ্ধদর্শনেন [illegible] ভীমস্য যুদ্ধকালে [illegible] দিত্যস্মন্নিরূপণং সর্ব্বৈরেবাঙ্গীকার্য্যম্ ॥১৮—২০॥

ভারতভাবদীপঃ

এতচ্ছ্রুত্বেতি ॥১॥ ব্যুষিতাং নিশাপ্রভাতকালে ॥২—১০॥ [illegible] অনয়োর্বীজভূতয়োর্নাশে বীজাভাবাত্তবিপ্লবোঽপি নাশো মহৈব কর্ত্তব্য ইত্যর্থঃ ॥১১—১৬॥ বেদান্তাবভৃথস্নাতাঃ বেদগ্রহণান্ত এব দারক্রিয়য়া সহৈব যাগং কৃতবন্ত ইত্যর্থঃ ॥১৭—২২॥

ইতি উদ্‌যোগপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুরশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৪॥

কারণ, রাজা! এই পুরুষশ্রেষ্ঠগণ আপনার সহায়। ইঁহারা সকলেই দিব্যাস্ত্র জানেন এবং যুদ্ধাভিলাষী হইয়া রহিয়াছেন ॥১৬॥

রাজা! ইঁহারা সকলেই বেদাধ্যয়নের পরেই যজ্ঞান্তে স্নান করিয়াছেন এবং কোন যুদ্ধে পরাজিত হন নাই। সুতরাং ইঁহারা যুদ্ধে দেবসৈন্যও সংহার করিতে পারেন ॥১৭॥

শিখণ্ডী, যুযুধান, পৃষতপৌত্র ধৃষ্টদ্যুম্ন, ভীমসেন, নকুল, সহদেব, যুধামন্যু, উত্তমৌজা, যুদ্ধে ভীষ্ম ও দ্রোণের তুল্য বিরাট ও দ্রুপদ, মহাবাহু শঙ্খ, মহাবল

---

(১৬)…সহায়াস্তব পার্থিবাঃ…পি। (১৭)…দেবানামপি পাণ্ডব!—বা ব রা নি।
(১৯)…পর্ব্বা তু…বা ব রা নি,…মহাবাহুঃ সদা যুদ্ধাভিকাঙ্ক্ষিণঃ—পি।

অভিমন্যুশ্চ বলবান্ দ্রৌপদ্যাঃ পঞ্চ চাত্মজাঃ।
স্বয়ঞ্চাপি সমর্থোঽসি ত্রৈলোক্যোৎসাদনেঽপি চ ॥২১॥
ক্রোধাদ্‌যং পুরুষং পশ্যেস্তথা শক্রসমদ্যুতে !।
স ক্ষিপ্রং ন ভবেদ্ব্যক্তমিতি ত্বাং বেদ্মি কৌরব ! ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে অর্জ্জুনবাক্যে চতুরশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

পঞ্চাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

-:*:-

বৈশম্পায়ন উবাচ।

ততঃ প্রভাতে বিমলে ধার্ত্তরাষ্ট্রেণ চোদিতাঃ।
দুর্য্যোধনেন রাজানঃ প্রযযুঃ পাণ্ডবান্ প্রতি ॥১॥
আপ্লাব্য শুচয়ঃ সর্বে স্রগ্বিণঃ শুক্লবাসসঃ।
গৃহীতশস্ত্রা ধ্বজিনঃ স্বস্তি বাচ্য হুতাগ্নয়ঃ ॥২॥

ভারতকৌমুদী

অভীতি। স্বয়ঞ্চাপি ত্বং যুধিষ্ঠিরঃ ॥২১॥

কুতঃ সমর্থোঽস্মীত্যাহ ক্রোধাদিতি। ন ভবেৎ ন তিষ্ঠেৎ ম্রিয়েতেত্যর্থঃ, ত্বত্তপঃ প্রভাবাৎ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারত-কৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে চতুরশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তত ইতি। বিমলে মেঘাদ্যভাবাৎ। চোদিতাঃ প্রেরিতাঃ। আপ্লাব্য জলে দেহং

ঘটোৎকচ, উহার পুত্র মহাবল ও মহাপরাক্রমশালী অঞ্জনপর্বা এবং মহাবাহু ও যুদ্ধনিপুণ সাত্যকি আপনার সহায় ॥১৮—২০॥

আর বলবান্ অভিমন্যু এবং দ্রৌপদীর পঞ্চ পুত্রও আপনার সহায়। তা'র পর আপনি নিজেও ত্রিভুবন উৎসন্ন করিতে সমর্থ ॥২১॥

কারণ, ইন্দ্রতুল্যতেজা কুরুনন্দন। আমি আপনাকে এইরূপই জানি যে, আপনি ক্রোধ করিয়া যাহার দিকে দৃষ্টিপাত করেন, সেই ব্যক্তি নিশ্চয়ই তৎক্ষণাৎ মৃত্যুমুখে পতিত হয়' ॥২২॥

(২১)···ত্রৈলোক্যোৎসাদনেঽপি—পি। * '···চতুর্নবত্যধিক···', বা নি, '···ষন্নবত্যধিক···' বা ব।

সর্বে ব্রহ্মবিদঃ শূরাঃ সর্বে সুচরিতব্রতাঃ।
সর্বে কামকৃতশ্চৈব সর্বে চাহবলক্ষণাঃ ॥৩॥
আহবেষু পরাল্লোঁকান্ জিগীষন্তো মহাবলাঃ।
একাগ্রমনসঃ সর্বে শ্রদ্দধানাঃ পরস্পরম্ ॥৪॥ (কলাপকম্)
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কেকয়া বাহ্লিকৈঃ সহ।
প্রযযুঃ সর্ব এবৈতে ভারদ্বাজপুরোগমাঃ ॥৫॥
অশ্বত্থামা শান্তনবঃ সৈন্ধবোঽথ জয়দ্রথঃ।
দাক্ষিণাত্যাঃ প্রতীচ্যাশ্চ পার্বতীয়াশ্চ যে নৃপাঃ ॥৬॥
গান্ধাররাজঃ শকুনিঃ প্রাচ্যোদীচ্যাশ্চ সর্বশঃ।
শকাঃ কিরাতা যবনাঃ শিবয়োঽথ বসাতয়ঃ ॥৭॥
স্বৈঃ স্বৈরনীকৈঃ সহিতাঃ পরিবার্য্য মহারথম্।
এতে মহারথাঃ সর্বে দ্বিতীয়ে নির্যযুর্বলে ॥৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

নিমজ্জ্য, শুচয়ঃ পবিত্রীভূতাঃ, স্রগ্বিণো মাল্যবন্তঃ। বাচা ব্রাহ্মণৈর্বাচয়িত্বা। ব্রহ্মবিদো বেদজ্ঞাঃ। কামকৃতঃ অভীষ্টভোগকারিণঃ, আহবস্য যুদ্ধস্য লক্ষণং চিহ্নং বর্ম্মধারণাদি যেষু তে। পরান্ শত্রুভূতান্। একাগ্রমনসো জয়ং প্রতি, শ্রদ্দধানাঃ সহযোগিতয়া বন্ধুত্বেন বিশ্বসন্তঃ ॥১—৪॥

বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। ভারদ্বাজো দ্রোণঃ পুরোগমো যেষাং তে ॥৫॥

অশ্বেতি। শান্তনবো ভীষ্মঃ, সৈন্ধবঃ সিন্ধুদেশীয়ঃ। শিবয়ঃ শিবিবংশ্যাঃ। অনীকৈঃ সৈন্যৈঃ। পরিবার্য্য পরিবেষ্ট্য, মহারথং ভীষ্মম্ ॥৬—৮॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর নির্ম্মল প্রভাতকালে সকলেই স্নান করিয়া পবিত্র হইয়া মাল্য, শুক্লবস্ত্র, অস্ত্র ও ধ্বজ ধারণ এবং স্বস্তিবাচন ও অগ্নিতে হোম করিয়া ধার্ত্তরাষ্ট্র দুর্য্যোধনের আদেশে পাণ্ডবগণের প্রতি প্রস্থান করিলেন। তাঁহারা সকলেই বেদজ্ঞ ও বীর, সকলেই ব্রতচারী, সকলেই অভীষ্টভোগকারী এবং সকলেই যুদ্ধচিহ্নধারী ছিলেন। আর সেই রাজারা সকলেই মহাবল, যুদ্ধে শত্রুজিগীষু, একাগ্রচিত্ত এবং পরস্পর বিশ্বাসশালী ছিলেন ॥১—৪॥

অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং বাহ্লিকগণের সহিত কেকয়গণ ইঁহারা সকলেই দ্রোণাচার্য্যকে অগ্রবর্ত্তী করিয়া প্রথমে প্রস্থান করিলেন ॥৫॥

ভীষ্ম, অশ্বত্থামা ও সিন্ধুরাজ জয়দ্রথ এবং দাক্ষিণাত্য, পাশ্চাত্য ও পার্বতীয়

---

(৫)…কৈকেয়া বাহ্লিকৈঃ সহ…পি। (৬)…প্রতীচ্যা দাক্ষিণাত্যাশ্চ পাশ্চাত্যাশ্চৈব যে নৃপাঃ—পি।

কৃতবর্ম্মা সহানীকস্ত্রিগর্ত্তশ্চ মহারথঃ।
দুর্য্যোধনশ্চ নৃপতির্ভ্রাতৃভিঃ পরিবারিতঃ ॥৯॥
শলো ভূরিশ্রবাঃ শল্যঃ কৌশল্যোঽথ বৃহদ্বলঃ।
এতে পশ্চাদনুগতা ধার্ত্তরাষ্ট্রপুরোগমাঃ ॥১০॥ (যুগ্মকম্)
তে সমেত্য যথান্যায়ং ধার্ত্তরাষ্ট্রা মহাবলাঃ।
কুরুক্ষেত্রস্য পশ্চার্দ্ধে ব্যবাতিষ্ঠন্ত দংশিতাঃ ॥১১॥
দুর্য্যোধনস্তু শিবিরং কারয়ামাস ভারত !।
যথৈব হাস্তিনপুরং দ্বিতীয়ং সমলঙ্কৃতম্ ॥১২॥
ন বিশেষং বিজানন্তি পুরস্য শিবিরস্য বা।
কুশলা অপি রাজেন্দ্র ! নরা নগরবাসিনঃ ॥১৩॥

ভারতকৌমুদী

কৃতেতি। অনীকেন স্বকীয়ত্রিগর্ত্তসৈন্যেন সহেতি সহানীকঃ, ত্রিগর্ত্তস্ত্রিগর্ত্তরাজঃ। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ পুরোগমঃ অগ্রবর্ত্তী যেষাং তে ॥৯—১০॥

ত ইতি। পশ্চার্দ্ধে পশ্চিমভাগে, দংশিতাঃ সন্নদ্ধাঃ ॥১১॥

দুর্য্যোধন ইতি। হাস্তিনপুরং হস্তিনানগরম্ ॥১২॥

নেতি। বিশেষং তারতম্যম্। কুশলা বস্তুস্বরূপনির্ণয়নিপুণাঃ ॥১৩॥

যে সকল রাজা তাঁহারা, আর গান্ধাররাজ শকুনি, পূর্বদেশীয় ও উত্তরদেশীয়েরা সকলে, শক, কিরাত, যবন, শিবি ও বসাতি, এই সকল মহারথেরা আপন আপন সৈন্যের সহিত মিলিত হইয়া মহারথ ভীষ্মকে পরিবেষ্টন করিয়া দ্বিতীয় সৈন্যশ্রেণীতে নির্গত হইলেন ॥৬—৮॥

আর স্বকীয়-সৈন্য-সমন্বিত ত্রিগর্ত্তরাজ মহারথ কৃতবর্ম্মা, ভ্রাতৃগণে পরিবেষ্টিত রাজা দুর্য্যোধন, শল, ভূরিশ্রবা, শল্য, কৌশল্য ও বৃহদ্বল, ইঁহারা দুর্য্যোধনকে অগ্রবর্ত্তী করিয়া সকলের পশ্চাদ্ভাগে (তৃতীয় শ্রেণীতে) গমন করিতে লাগিলেন ॥৯—১০॥

যুদ্ধসজ্জায় সজ্জিত সেই মহাবল ধার্ত্তরাষ্ট্রেরা উপস্থিত হইয়া কুরুক্ষেত্রের পশ্চিমভাগে যথানিয়মে অবস্থিত হইলেন ॥১১॥

ভরতনন্দন ! দুর্য্যোধন পূর্বেই নিজের জন্য দ্বিতীয় হস্তিনানগরের ন্যায় সুশোভিত শিবির নির্ম্মাণ করাইয়াছিলেন ॥১২॥

অতএব রাজশ্রেষ্ঠ ! নগরবাসী বিচক্ষণ লোকেরাও নগরের ও সে শিবিরের তারতম্য বুঝিতে পারে নাই ॥১৩॥

---

(১০)···কৌসল্যোঽথ বৃহদ্রথঃ···বা ব রা নি।

তাদৃশান্যেব দুর্গাণি রাজ্ঞামপি মহীপতিঃ।
কারয়ামাস কৌরব্যঃ শতশোঽথ সহস্রশঃ ॥১৪॥
পঞ্চযোজনমুৎসৃজ্য মণ্ডলং তদ্রণাজিরম্।
সেনানিবেশাস্তে রাজন্নাবিশন্ শতসংঘশঃ ॥১৫॥
তত্র তে পৃথিবীপালা যথোৎসাহং যথাবলম্।
বিবিশুঃ শিবিরাণ্যত্র দ্রব্যবন্তি সহস্রশঃ ॥১৬॥
তেষাং দুর্য্যোধনো রাজা সসৈন্যানাং মহাত্মনাম্।
ব্যাদিদেশ সবাহ্যানাং ভক্ষ্যভোজ্যমনুত্তমম্ ॥১৭॥
সনাগাশ্বমনুষ্যাণাং যে চ শিল্পোপজীবিনঃ।
যে চান্যেঽনুগতাস্তত্র সূতমাগধবন্দিনঃ ॥১৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তাদৃশানীতি। তাদৃশান্যেব তৎস্বশিবিরতুল্যান্যেব, দুর্গাণি শত্রূণাং দুর্গমাণি ॥১৪॥

পঞ্চেতি। হে রাজন্! শতসংঘশঃ শতশতশ্রেণীবদ্ধাঃ, তে সেনানিবেশাঃ শিবিরাণি, তদ্রণাজিরং তৎসমরাঙ্গনরূপম্, পঞ্চযোজনং তৎপরিমিতম্, মণ্ডলং ভূমিভাগম্, উৎসৃজ্য সমরব্যাপারসম্পাদনায় বিহায়, আবিশন্ অবাতিষ্ঠন্ত। "মণ্ডলং ভূমিভাগশ্চ মণ্ডলঃ সরমাসুতঃ। মণ্ডলং বর্ত্তুলং প্রোক্তং সংঘাতো মণ্ডলং মতম্।" ইত্যনেকার্থঃ ॥১৫॥

তত্রেতি। দ্রব্যবন্তি খাদ্যাদ্যাবশ্যকবস্তুযুক্তানি ॥১৬॥

তান্যেব দ্রব্যাণি কুত ইত্যাহ তেষামিতি। ব্যাদিদেশ প্রাগেব স্থাপয়িতুমিতি শেষঃ, বাহ্যৈর্বহিঃস্থিতিযোগৈ্যর্ভৃতৈ্যঃ সহেতি তেষাম্। নাগা হস্তিনঃ ॥১৭—১৮॥

ভারতভাবদীপঃ

ততঃ প্রভাতে ইতি ॥১॥ আপ্লাব্য স্নাত্বা ॥২—১৪॥ উৎসৃজ্য উৎকর্ষেণ সৃষ্ট্বা। পঞ্চযোজনং বর্ত্তুলং পরিধিং কৃত্বেত্যর্থঃ সেনানিবেশাঃ সৈনিকা বণিক্শূরাদয়ঃ ॥১৫—১৮॥

ইতি উদ্যোগপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৫॥

কুরুরাজ দুর্য্যোধন অন্যান্য রাজাদের জন্যও আপন শিবিরের তুল্যই শত্রুগণের দুর্গম শত শত ও সহস্র সহস্র শিবির নির্ম্মাণ করাইয়া রাখিয়াছিলেন ॥১৪॥

রাজা। সেই শিবিরগুলি, সম্মুখে পঞ্চযোজনপরিমিত সমরাঙ্গনরূপ ভূমিভাগ পরিত্যাগ করিয়া শত শত শ্রেণিবদ্ধভাগে অবস্থিত ছিল ॥১৫॥

সেই রাজারা উৎসাহ ও শক্তি অনুসারে আবশ্যকদ্রব্যযুক্ত সেই সহস্র সহস্র শিবিরের ভিতরে যাইয়া প্রবেশ করিলেন ॥১৬॥

সৈন্য ও ভৃত্যগণের সহিত রাজগণ, হস্তী, অশ্ব ও পদাতিগণ এবং যে সকল শিল্পজীবী, অনুচর, সূত, মাগধ ও বন্দী আসিয়াছিল, সেই সমস্ত লোক ইহাদের

বণিজো গণিকাশ্চারা যে চৈব প্রেক্ষকা জনাঃ।
সর্বাংস্তান্ কৌরবো রাজা বিধিবৎ প্রত্যবৈক্ষত ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্যোগপর্ব্বণি অশ্বোপাখ্যানে কৌরবসৈন্যনির্যাণে পঞ্চাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—————:•:—————

বৈশম্পায়ন উবাচ।
তথৈব রাজা কৌন্তেয়ো ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
ধৃষ্টদ্যুম্নমুখান্ বীরাংশ্চোদয়ামাস ভারত! ॥১॥
চেদি-কাশি-করূষাণাং নেতারং দৃঢ়বিক্রমম্।
সেনাপতিমমিত্রঘ্নং ধৃষ্টকেতুমথাদিশৎ ॥২॥
বিরাটং দ্রুপদঞ্চৈব যুযুধানং শিখণ্ডিনম্।
পাঞ্চাল্যৌ চ মহেষ্বাসৌ যুধামন্যূত্তমৌজসৌ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বণিজ ইতি। চারাঃ স্বকীয়া গুপ্তচরাঃ। প্রেক্ষকা যুদ্ধপ্রেক্ষণার্থমাগতাঃ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামুদ্যোগপর্ব্বণি অশ্বোপাখ্যানে পঞ্চাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

তথেতি। ধৃষ্টদ্যুম্নমুখান্ ধৃষ্টদ্যুম্নাদীন্, চোদয়ামাস শিবিরেষু প্রেরয়ামাস ॥১॥

চেদীতি। অমিত্রঘ্নং শত্রুহন্তারম্। যুযুধানং সাত্যকিম্ ॥২—৩॥

জন্য রাজা দুর্য্যোধন পূর্ব্বেই উৎকৃষ্ট খাদ্য ও পেয় বস্তু রাখিবার জন্য আদেশ করিয়াছিলেন ॥১৭—১৮॥

বণিক্, বেশ্যা ও গুপ্তচর এবং যে সকল দর্শক লোক আসিয়াছিল, রাজা দুর্য্যোধন যথানিয়মে তাহাদের সকলকেই পর্য্যবেক্ষণ করিতে লাগিলেন ॥১৯॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন জনমেজয়! কুন্তীনন্দন ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠিরও সেইরূপই ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি বীরগণকে প্রেরণ করিলেন ॥১॥

চেদি, কাশী ও করূষদেশীয় সৈন্যগণের নেতা, দৃঢ়বিক্রমশালী ও শত্রুহন্তা

* '…পঞ্চনবত্যধিক…' রা নি, '…সপ্তনবত্যধিক…' বা ব।

তে শূরাশ্চিত্রবর্ম্মাণস্তপ্তকুণ্ডলধারিণঃ।
আজ্যাবসিক্তা জ্বলিতা ধিষ্ণ্যেম্বিব হুতাশনাঃ ॥৪॥
অশোভন্ত মহেষ্বাসা গ্রহাঃ প্রজ্বলিতা ইব।
অথ সৈন্যং যথাযোগং পূজয়িত্বা নরর্ষভঃ ॥৫॥
দিদেশ তান্যনীকানি প্রয়াণায় মহীপতিঃ।
তেষাং যুধিষ্ঠিরো রাজা সসৈন্যানাং মহাত্মনাম্ ॥৬॥
ব্যাদিদেশ সবাহ্যানাং ভক্ষ্যভোজ্যমনুত্তমম্।
সগজাশ্বমনুষ্যাণাং যে চ শিল্পোপজীবিনঃ ॥৭॥ (কলাপকম্)
অভিমন্যুং বৃহন্তঞ্চ দ্রৌপদেয়াংশ্চ সর্বশঃ।
ধৃষ্টদ্যুম্নমুখানেতান্ প্রাহিণোৎ পাণ্ডুনন্দনঃ ॥৮॥
ভীমঞ্চ যুযুধানঞ্চ পাণ্ডবঞ্চ ধনঞ্জয়ম্।
দ্বিতীয়ং প্রেষয়ামাস বলস্কন্ধং যুধিষ্ঠিরঃ ॥৯॥

ভারতকৌমুদী

ত ইতি। চিত্রবর্ম্মাণো বিচিত্রকবচাঃ, তপ্তকুণ্ডলানি স্বর্ণকুণ্ডলানি ধারয়ন্তীতি তে। আজ্যাবসিক্তা ঘৃতসিক্তাঃ, ধিষ্ণ্যেষু হোমস্থানেষু। যথাযোগং যোগ্যতানুসারেণ। দিদেশ আদিদেশ। সবাহ্যানাং সভৃত্যানাম্। অনুত্তমম্ অত্যুত্তমম্ ॥৪—৭॥

অভীতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। প্রাহিণোৎ প্রথমং প্রৈরয়ৎ ॥৮॥

ভীমমিতি। বলস্কন্ধং সৈন্যাংশম্, "স্কন্ধঃ প্রকাণ্ডে সৈন্যাংশে" ইত্যাদি বিশ্বঃ ॥৯॥

সেনাপতি ধৃষ্টকেতুকে এবং বিরাট, দ্রুপদ, সাত্যকি, শিখণ্ডী, আর মহাধনুর্দ্ধর পাঞ্চালদেশীয় যুধামন্যু ও উত্তমৌজাকে প্রস্থানের আদেশ করিলেন ॥২—৩॥

তখন বিচিত্র কবচ ও স্বর্ণকুণ্ডলধারী এবং মহাধনুর্দ্ধর সেই বীরগণ, হোমকুণ্ডে ঘৃতসিক্ত প্রজ্বলিত অগ্নির ন্যায় এবং উজ্জ্বল গ্রহগণের তুল্য শোভা পাইতে লাগিলেন। তাহার পর নরশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠির যোগ্যতা অনুসারে সৈন্যগণের সম্মান করিয়া তাহাদিগকে প্রস্থান করিবার আদেশ করিলেন; তদনন্তর সসৈন্য ও সভৃত্য রাজাদের জন্য এবং হস্তী, অশ্ব, পদাতি ও শিল্পজীবিগণের জন্য উৎকৃষ্ট খাদ্য ও পেয় বস্তু সকল লইয়া যাইবার আদেশ করিলেন ॥৪—৭॥

যুধিষ্ঠির ধৃষ্টদ্যুম্নকে অগ্রবর্ত্তী করিয়া অভিমন্যু, বৃহন্ত ও দ্রৌপদীর পঞ্চ পুত্রকে প্রথমে প্রেরণ করিলেন ॥৮॥

তাহার পর তিনি ভীম, সাত্যকি ও অর্জ্জুনের সহিত দ্বিতীয় সৈন্যাংশ পাঠাইলেন ॥৯॥

(৪) তে শূরাশ্চিত্রকর্ম্মাণঃ···পি।

ভাণ্ডং সমারোপয়তাং চরতাং সম্প্রধাবতাম্।
হৃষ্টানাং তত্র যোধানাং শব্দো দিবমিবাস্পৃশৎ ॥১০॥
স্বয়মেব ততঃ পশ্চাদ্বিরাটদ্রুপদান্বিতঃ।
অথাপরৈর্মহীপালৈঃ সহ প্রায়ান্মহীপতিঃ ॥১১॥
ভীমধন্বায়তী সেনা ধৃষ্টদ্যুম্নেন পালিতা।
গঙ্গেব পূর্ণা স্তিমিতা স্যন্দমানা ব্যদৃশ্যত ॥১২॥
ততঃ পুনরনীকানি ন্যযোজয়ত বুদ্ধিমান্।
মোহয়ন্ ধৃতরাষ্ট্রস্য পুত্রাণাং বুদ্ধিনিশ্চয়ম্ ॥১৩॥
দ্রৌপদেয়ান্ মহেষ্বাসান্ অভিমন্যুঞ্চ পাণ্ডবঃ।
নকুলং সহদেবঞ্চ সর্বাংশ্চৈব প্রভদ্রকান্ ॥১৪॥

ভারতকৌমুদী

ভাণ্ডমিতি। ভাণ্ডং খাদ্যাদিপাত্রম্, সমারোপয়তাং শকটাদাবুত্তোলয়তাম্ ॥১০॥
স্বয়মিতি। মহীপতির্যুধিষ্ঠিরঃ ॥১১॥
ভীমেতি। আয়তী সমরাঙ্গনমাগচ্ছন্তী। স্তিমিতা পূর্ব্বং নিশ্চলা, পরং স্যন্দমানা ॥১২॥
তত ইতি। বুদ্ধিমান্ যুধিষ্ঠিরঃ। বুদ্ধিনিশ্চয়ম্ ঈদৃক্তয়া নিশ্চায়িনীং বুদ্ধিম্ ॥১৩॥
অথ কীদৃশোঽসৌ নিয়োগঃ, যেন ধৃতরাষ্ট্রস্য পুত্রাণাং স্থিরবুদ্ধিমোহো জাত ইত্যাহ

তখন কতকগুলি যোদ্ধা আনন্দিত হইয়া যান ও বাহনে পাত্র সকল তুলিতে লাগিল, অনেকে ইতস্ততঃ বিচরণ করিতে থাকিল এবং বহুতর যোদ্ধা ছুটাছুটি করিতে লাগিল। সুতরাং তাহাদের কোলাহল যেন গগনস্পর্শ করিতে থাকিল ॥১০॥

তৎপরে বিরাট, দ্রুপদ ও অন্যান্য রাজাদের সহিত রাজা যুধিষ্ঠির নিজেই প্রস্থান করিলেন ॥১১॥

ভীষণধনুর্দ্ধারিণী এবং প্রথমে নিশ্চলা ও পরে গমনকারিণী ধৃষ্টদ্যুম্নরক্ষিতা সেই পাণ্ডবসেনা, প্রথম জোয়ারের সময়ে নিশ্চলা ও পরে প্রবহমানা পরিপূর্ণা গঙ্গার ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিল ॥১২॥

তদনন্তর বুদ্ধিমান্ যুধিষ্ঠির ধার্ত্তরাষ্ট্রগণের বুদ্ধিভ্রম জন্মাইবার জন্য পুনরায় অন্যভাবে সৈন্য সন্নিবেশিত করিলেন ॥১৩॥

মহাধনুর্দ্ধর দ্রৌপদীর পঞ্চ পুত্র, অভিমন্যু, নকুল, সহদেব, সমস্ত প্রভদ্রক,

(১০)...পুরতঃ সম্প্রধাবতাম্...পি। (১২) ভীমধন্বায়নী সেনা...বা ব রা। (১৩) ততঃ পূর্বমনীকানি...পি।

দশ চাশ্বসহস্রাণি দ্বিসহস্রাণি দন্তিনাম্।
অযুতঞ্চ পদাতীনাং রথান্ পঞ্চশতাংস্তথা ॥১৫॥
ভীমসেনস্য দুর্দ্ধর্ষং প্রথমং প্রাদিশদ্বলম্।
মধ্যমে চ বিরাটঞ্চ জয়ৎসেনঞ্চ পাণ্ডবঃ ॥১৬॥
মহারথৌ চ পাঞ্চাল্যৌ যুধামন্যূত্তমৌজসৌ।
বীর্য্যবন্তৌ মহাত্মানৌ গদাকার্ম্মুকধারিণৌ ॥১৭॥ (কলাপকম্)
অন্বয়াতাং তদা মধ্যে বাসুদেবধনঞ্জয়ৌ।
তৌ দৃষ্ট্বা পৃথিবীপালা নষ্টমিত্যেব মেনিরে ॥১৮॥
অন্তরিক্ষগতাঃ সর্ব্বে দেবাঃ সেন্দ্রপুরোগমাঃ।
বভূবুরতিসংরব্ধাঃ কৃতপ্রহরণা নরাঃ ॥১৯॥ (যুগ্মকম্)
তেষাং বিংশতিসাহস্রা হয়াঃ শূরৈরধিষ্ঠিতাঃ।
পঞ্চ নাগসহস্রাণি রথবংশাশ্চ সর্ব্বশঃ ॥২০॥

ভারতকৌমুদী

দ্রৌপদেয়ানামিতি। ঈদৃশো নিয়োগস্তেষাং পূর্ব্বং বিদিতো নাসীদিত্যাশয়ঃ। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ প্রাদিশদিতি তৃতীয়শ্লোকক্রিয়য়ান্বয়ঃ। দন্তিনাং হস্তিনাম্। পাঞ্চাল্যৌ পাঞ্চালদেশীয়ৌ, পাণ্ডবো যুধিষ্ঠির এব প্রাদিশদিতি সম্বন্ধঃ ॥১৪—১৭॥

অন্বিতি। পুরোগমশ্চাসৌ ইন্দ্রশ্চেতি ইন্দ্রপুরোগমঃ অগ্নিষ্টোমাদিবদ্বিশেষণস্য পর-নিপাতঃ। ইন্দ্রপুরোগমেন সহেতি সেন্দ্রপুরোগমাঃ, ইন্দ্রপ্রভৃতয়ঃ সর্ব্বে দেবাঃ পৃথিবীপালাশ্চ তৌ দৃষ্ট্বা, নষ্টং কৌরবসৈন্যমিতি শেষঃ। অতিসংরব্ধা অতীবোৎসাহিনঃ, কৃতপ্রহরণাঃ পূর্ব্ব-পূর্ব্বযুদ্ধে শত্রুষু কৃতপ্রহারাঃ ॥১৮—১৯॥

দশসহস্র অশ্বারোহী, দ্বিসহস্র হস্ত্যারোহী, অযুত পদাতি ও পঞ্চশত রথী এই দুর্দ্ধর্ষ সৈন্যকে ভীমের অধীনে থাকিয়া প্রথমে প্রস্থান করিবার জন্য যুধিষ্ঠির আদেশ করিলেন; আর বিরাট, জয়ৎসেন এবং গদা ও কার্ম্মুকধারী, বলবান্, মহাত্মা ও মহারথ পাঞ্চালদেশীয় যুধামন্যু ও উত্তমৌজাকে মধ্যমশ্রেণীতে যাইবার অনুমতি দিলেন ॥১৪—১৭॥

তখন তাহাদের মধ্যে কৃষ্ণ ও অর্জ্জুন গমন করিতে লাগিলেন। এই সময়ে আকাশবর্ত্তী ইন্দ্রপ্রভৃতি সমস্ত দেবতা ও ভূতলবর্ত্তী রাজারা সেই কৃষ্ণ ও অর্জ্জুনকে দেখিয়া কৌরবসৈন্য নষ্ট হইয়াছে বলিয়াই মনে করিলেন; আর বহুযুদ্ধকারী পদাতিরা অত্যন্ত উৎসাহী হইল ॥১৮—১৯॥

(১৫)…রথাঃ পঞ্চশতং তথা—বা ব রা নি। (১৬)…জয়সেনঞ্চ পাণ্ডবঃ—পি। (১৮) অস্য শ্লোকস্য পরার্দ্ধং পরশ্লোকস্য পূর্ব্বার্দ্ধঞ্চ পি বা ব রা নাস্তি।

পদাতয়শ্চ যে শূরাঃ কার্ম্মুকাসিগদাধরাঃ।
সহস্রশোঽম্বযুঃ পশ্চাদগ্রতশ্চ সহস্রশঃ ॥২১॥ (যুগ্মকম্)
যুধিষ্ঠিরো যত্র সৈন্যে স্বয়মেব বলার্ণবে।
তত্র তে পৃথিবীপালা ভূয়িষ্ঠং পর্য্যবস্থিতাঃ ॥২২॥
তত্র নাগসহস্রাণি হয়ানামযুতানি চ।
তথা রথসহস্রাণি পদাতীনাঞ্চ ভারত! ॥২৩॥
চেকিতানঃ স্বসৈন্যেন মহতা পার্থিবর্ষভ!।
ধৃষ্টকেতুশ্চ চেদীনাং প্রণেতা পার্থিবো যযৌ ॥২৪॥
সাত্যকিশ্চ মহেষ্বাসো বৃষ্ণীনাং প্রবরো রথঃ।
বৃতঃ শতসহস্রেণ রথানাং প্রণদন্ বলী ॥২৫॥

ভারতকৌমুদী

তেষামিতি। তেষাং পাণ্ডবানাম্। হয়া অশ্বাঃ। রথবংশা রথসমূহাঃ। সহস্রশ ইতি বীপ্সায়াং শস্। অম্বযুঃ প্রতস্থিরে ॥২০—২১॥

যুধীতি। বলং সৈন্যম্ অর্ণব ইব যত্র তস্মিন্। ব্যক্তিভেদাদুপপত্তিঃ ॥২২॥

তত্রেতি। নাগানাং হস্তিনাং সহস্রাণি। যযুরিতি শেষঃ ॥২৩॥

চেকিতান ইতি। স্বসৈন্যেন সহ। চেদীনাং চেদিদেশীয়সৈন্যানাম্ ॥২৪॥

সাত্যকিরিতি। রথো রথী। প্রণদন্ সিংহনাদং কুর্ব্বন্ যথাবিত্যনুবৃত্তিঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

তথৈবেতি ॥১—৮॥ বলস্কন্ধং সৈন্যসমুদায়ম্ ॥৯॥ ভাণ্ডং যুদ্ধোপকরণম্ ॥১০—১১॥ ভীমধন্বানঃ অগ্নন্তে প্রচরন্ত্যাস্তামিতি ভীমধম্বায়নী ॥১২—১৮॥ কৃতপ্রহরণাঃ কৃতযুদ্ধাঃ ॥১৯—২৬॥

বীরগণাধিষ্ঠিত বিংশতি সহস্র অশ্ব, পঞ্চ সহস্র হস্তী, সর্ব্বপ্রকার রথ এবং ধনু, তরবারি ও গদাধারী যে সকল বীর পদাতি, তাহাদের সহস্র সহস্র পাণ্ডবগণের পিছনে ও সহস্র সহস্র তাঁহাদের অগ্রে গমন করিতে লাগিল ॥২০—২১॥

স্বয়ং যুধিষ্ঠির যে সৈন্যে ছিলেন, সেই সৈন্যে বহুসংখ্যকই রাজা অবস্থান করিতেছিলেন ॥২২॥

ভরতনন্দন! আর সেই সৈন্যে বহুসহস্র হস্তী, বহু অযুত অশ্ব, বহু সহস্র রথ এবং অনেকসহস্র পদাতি ছিল ॥২৩॥

রাজশ্রেষ্ঠ! আপন বিশাল সৈন্যের সহিত চেকিতান এবং চেদিসৈন্যের নায়ক রাজা ধৃষ্টকেতু গমন করিতে লাগিলেন ॥২৪॥

বৃষ্ণিবংশশ্রেষ্ঠ মহাধনুর্দ্ধর ও বলবান্ সাত্যকি রথে আরোহণ করিয়া, শত

(২৫)···প্রণুদন্ বলী···বা ব রা নি।

ক্ষত্রদেবব্রহ্মদেবৌ রথস্থৌ পুরুষর্ষভৌ।
জঘনং পালয়ন্তৌ চ পৃষ্ঠতোঽনুপ্রজগ্মতুঃ ॥২৬॥
শকটাপণবেশাশ্চ যানং যুগ্যঞ্চ সর্বশঃ।
তত্র নাগসহস্রাণি হয়ানামযুতানি চ।
ফল্গু সর্বং কলত্রঞ্চ যৎকিঞ্চিৎ কৃশদুর্বলম্ ॥২৭॥
কোশসঞ্চয়বাহাংশ্চ কোষ্ঠাগারং তথৈব চ।
গজানীকেন সংগৃহ্য শনৈঃ প্রায়াদ্‌যুধিষ্ঠিরঃ ॥২৮॥ (যুগ্মকম্)
তমন্বয়াৎ সত্যধৃতিঃ সৌচিত্তির্যুদ্ধদুর্মদঃ।
শ্রেণিমান্ বসুদানশ্চ পুত্রঃ কাশ্যস্য বা বিভুঃ ॥২৯॥

ভারতকৌমুদী

ক্ষত্রেতি। জঘনং সৈন্যস্য মধ্যভাগম্। পৃষ্ঠতো যুধিষ্ঠিরস্য ॥২৬॥

শকটেতি। শকটানি ধান্যাদিবাহীনি অনাংসি আপণাঃ বণিজাং ক্রয়বিক্রয়গৃহাঃ বেশাঃ বেশ্যানাং পটময়গৃহাশ্চ তে, যানং সাধারণবাহনং গর্দ্দভাদি, যুগ্যং বিশেষবাহনমুষ্ট্রাদি। নাগা হস্তিনঃ। ফল্গু সতীত্ববর্জনাদসারম্, কলত্রং বেশ্যাজনঃ, যৎকিঞ্চিৎ কৃশদুর্বলং লেখকাদিবৃন্দঞ্চ, তৎসর্ব্বং সংগৃহ্যেত্যন্বয়ঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। কোশসঞ্চয়বাহান্ ধনসমূহবাহিনো লোকান্, কোষ্ঠাগারম্ অন্নশস্যাদিরক্ষাপটমণ্ডপঞ্চ, গজানীকেন হস্তিসৈন্যপরিবেষ্টনেন সংগৃহ্য আদায় ॥২৭—২৮॥

তমিতি। কাশ্যস্য কাশীরাজস্য, বাশব্দশ্চার্থে, বিভুর্নাম ॥২৯॥

ভারতভাবদীপঃ

শকটা ভাণ্ডবস্তি অনাংসি আপণো বণিক্‌সমুদায়ঃ বেশো বেশ্যাজনঃ যানং যুদ্ধযোগ্যং বাহনং যুগ্যং কেবলং বাহনং ফল্গু বালাদিকং কলত্রং স্ত্র্যাদিকম্ ॥২৭॥ কোশো ধনং কোষ্ঠো ধান্যাদি-সামগ্রী সংগৃহ্য একীকৃত্য ॥২৮—৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ উদ্‌যোগপর্ব্বণি শ্রীমৎপদবাক্য-প্রমাণমর্য্যাদাধুরন্ধরচতুর্ধুরীণবংশাবতংসগোবিন্দসূরিসূনুশ্রীনীলকণ্ঠবিরচিতে ভারতভাবদীপে উদ্‌যোগপর্ব্বার্থপ্রকাশে ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৮৬॥

সহস্র রথে পরিবেষ্টিত হইয়া, সিংহনাদ করিতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥২৫॥

পুরুষশ্রেষ্ঠ ক্ষত্রদেব ও ব্রহ্মদেব রথে আরোহণ করিয়া সৈন্যের মধ্যভাগ রক্ষা করিতে থাকিয়া যুধিষ্ঠিরের পশ্চাতে গমন করিতে থাকিলেন ॥২৬॥

গাড়ী, দোকান, বেশ্যাদের তাম্বু, গর্দ্দভ ও উষ্ট্রপ্রভৃতি সর্ব্বপ্রকার বাহন, বেশ্যা, লেখকপ্রভৃতি যে কোন কৃশ ও দুর্ব্বল লোক, ধনসমূহবাহী লোক, অন্ন-

---

(২৭) ভক্ষ্যং ভোজ্যঞ্চ যং কিঞ্চিদ্ যানম্…ফল্গু সর্বং কলত্র…পি।

রথা বিংশতিসাহস্রা যে তেষামনুযায়িনঃ।
হয়ানাং দশ কোট্যশ্চ মহতাং কিঙ্কিণীকিনাম্ ॥৩০॥
গজা বিংশতিসাহস্রা ঈষাদন্তাঃ প্রহারিণঃ।
কুলীনা ভিন্নকরটা মেঘা ইব বিসর্পিণঃ ॥৩১॥
ষষ্টিনাগসহস্রাণি দশান্যানি চ ভারত !।
যুধিষ্ঠিরস্য যান্যাসন্ যুধি সেনা মহাত্মনঃ ॥৩২॥
ক্ষরন্ত ইব জীমূতাঃ প্রভিন্নকরটামুখাঃ।
রাজানমন্বয়ুঃ পশ্চাচ্চলন্ত ইব পর্বতাঃ ॥৩৩॥ (কলাপকম্)
এবং তস্য বলং ভীমং কুন্তীপুত্রস্য ধীমতঃ।
যদাশ্রিত্যাথ যুযুধে ধার্ত্তরাষ্ট্রং সুযোধনম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

রথা ইতি। অনুযায়িনঃ পাষ্ণিরক্ষকাদয়ঃ। কোটিশব্দোহত্র বহুপরঃ। কিঙ্কিণীকিনাং কিঙ্কিণীযুক্তানাম্। ঈষা লাঙ্গলপদ্ধতয় ইব দন্তা যেষাং তে। ভিন্নকরটা মদস্রাবিগণ্ডাঃ। বিসর্পিণো বিচরণকারিণঃ। অন্যানি নাগসহস্রাণি। সেনা সেনান্তর্গতানি। ক্ষরন্তো জলং বর্ষন্তঃ, জীমূতা মেঘা ইব, প্রভিন্নকরটামুখা মদস্রাবিগণ্ডোপরিভাগাঃ, "কাকেভগণ্ডৌ করটৌ" ইত্যমরঃ। স্ত্রীত্বমার্ষম্। চলন্তো গচ্ছন্ত ইবেত্যুৎপ্রেক্ষা ॥৩০—৩৩॥

এবমিতি। এবং ভীমং বলং সৈন্যমাসীদিতি শেষঃ। যুযুধে পাণ্ডবপক্ষঃ ॥৩৪॥

শস্ত্রবাহী লোক এবং দুর্বল সহস্র সহস্র হস্তী ও অযুত অযুত অশ্ব এই গুলিকে হস্তিসৈন্যদ্বারা বেষ্টন করিয়া লইয়া যুধিষ্ঠির ধীরে ধীরে গমন করিতে লাগিলেন ॥২৭—২৮॥

তখন সত্যধৃতি, যুদ্ধদুর্দ্ধর্ষ সৌচিত্তি, শ্রেণিমান্, বসুদান ও কাশীরাজের পুত্র বিভু ইহারা যুধিষ্ঠিরের পশ্চাৎ পশ্চাৎ চলিতে থাকিলেন ॥২৯॥

ভরতনন্দন! বিংশতিসহস্র রথ, সেগুলির অনুগামী লোক সকল, বিশাল ও কিঙ্কিণীযুক্ত বহুসংখ্যক অশ্ব এবং লাঙ্গলের ন্যায় বিশালদন্ত, প্রহারনিপুণ, সৎকুলজাত, মদস্রাবী ও মেঘের ন্যায় বিচরণকারী বিংশতিসহস্র হস্তী, আর যুদ্ধবিষয়ে মহাত্মা যুধিষ্ঠিরের আপন সেনার মধ্যে যেগুলি অন্তর্ভুক্ত ছিল, সেই সপ্ততিসহস্র হস্তী যুধিষ্ঠিরের পিছনে পিছনে চলিল। সে হস্তীগুলি, জলবর্ষী মেঘের ন্যায় মদবর্ষী এবং চলনশীল পর্বতের ন্যায় বিশালাকৃতি ছিল ॥৩০—৩৩॥

বুদ্ধিমান্ যুধিষ্ঠিরের এইরূপ ভয়ঙ্কর সৈন্য ছিল; যাহা অবলম্বন করিয়া [illegible] দুর্য্যোধনের সহিত যুদ্ধ করিয়াছিল ॥৩৪॥

ততোঽন্যে শতশঃ পশ্চাৎ সহস্রাযুতশো নরাঃ।
নর্দ্দন্তঃ প্রযযুস্তেষামনীকানি সহস্রশঃ ॥৩৫॥
তত্র ভেরীসহস্রাণি শঙ্খানামযুতানি চ।
ন্যবাদয়ন্ত সংহৃষ্টাঃ সহস্রাযুতশো নরাঃ ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে পাণ্ডবসেনানির্যাণে ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

সমাপ্তঞ্চেদমুদ্‌যোগপর্ব্ব ॥০॥

———(৩)———

ভারতকৌমুদী

তত ইতি। নর্দ্দন্তঃ সিংহনাদং কুর্ব্বন্তঃ অনীকানি সৈন্যানি ॥৩৫॥

তত্রেতি। তত্র সৈন্যমধ্যে। নরা বাদনব্যবসায়িনঃ। অনেনাস্মিমাধ্যায়দ্বয়েন ভাবি ভীষ্মপর্ব্ব সূচিতমিতি বেদিতব্যম্ ॥৩৬॥

অক্ষীযুবম্বিন্দুমিতে শকাব্দে ঊর্জ্জে চ মাসে দশমেঽহ্নি সৌরে।
উদ্‌যোগগা ভারতকৌমুদীয়ং বঙ্গানুবাদেন সমং সমাপ্তা ॥১॥
কোটালিপাড়ে বিষয়ে বিভাতি গ্রামো মহানূনশিয়াভিধানঃ।
তত্রত্য-গঙ্গাধরশর্ম্ম-সূনুঃ কাশ্যপঃ শ্রীহরিদাসশর্ম্মা ॥২॥
চিরমূনশিয়ানিবাসিনা কলিকাতানগরপ্রবাসিনা।
নত্বা তেন শিবপ্রসাদতো রচিতা শ্রীহরিদাসশর্ম্মণা ॥৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারত-কৌমুদীসমাখ্যায়ামুদ্‌যোগপর্ব্বণি অম্বোপাখ্যানে ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

সমাপ্তঞ্চেদমুদ্‌যোগপর্ব্ব ॥০॥

———(::)———

তদ্ভিন্ন শত শত, সহস্র সহস্র ও অযুত অযুত মানুষ এবং সহস্র সহস্র সৈন্য সিংহনাদ করিতে করিতে পাণ্ডবগণের পশ্চাতে পশ্চাতে চলিল ॥৩৫॥

এবং সহস্র সহস্র ও অযুত অযুত মানুষ সেই সৈন্যের মধ্যে থাকিয়া আনন্দিত হইয়া বহুসহস্র ভেরী ও বহু অযুত শঙ্খ বাজাইতে লাগিল ॥৩৬॥

উদ্‌যোগপর্ব্বের বঙ্গানুবাদ সমাপ্ত ॥০॥

———:•:———

* '…ষন্নবত্যধিক…' রা নি, '…অষ্টনবত্যধিক…' বা ব।